শ্রীমদ্ভগবদ্গীতা

२७ 2/174

१.५

Rs. 3/=

শ্রীমদ্ভগবদ্‌গীতা

প্রকাশক ঃ
শ্রীদ্বিজেন্দ্র কুমার নাগ
রাজকমল ভবন
১২৮, রাসবিহারী এভিনিউ,
কলিকাতা-২৯

অগ্রহায়ণী একাদশী
১০ই পৌষ ১৩৭০

মুদ্রাকর ঃ
'মুদ্রণী
১৩১বি, বিপিন বিহারী গাঙ্গুলী ষ্ট্রীট,
কলিকাতা-১২

2/174

প্রস্তাবনা

মহাপ্রান্তর কুরুক্ষেত্র। দিকচক্রবালে ব্যূহবদ্ধ কুরুসৈন্য। এধারে পাণ্ডব পক্ষীয়েরা। মধ্যে স্থগিত-রথপ্রান্তে রোমাঞ্চিত কলেবর চ্যুত-গাণ্ডীব সব্যসাচী। স্বজন অঙ্গে অস্ত্রাঘাত বিমুখ। আত্মীয় হননের চেয়ে বরং তিনি জীবন ভোর কাপুরুষতার দুর্ণাম বহন করবেন। অখ্যাতির কলঙ্ক বরং অনাগত সর্বকাল লেপন করুক তাঁর ও তাঁর ভাই-য়েদের ললাট। অধর্মের গ্লানি অধিকতর কলঙ্কিত করুক ধুলার ধরণীকে। কিন্তু স্নেহমুগ্ধ অর্জুন রেহাই চান।

সভ্যতার তথা ধর্মের সেই সঙ্কট মুহূর্তে স্বয়ং ভগবানকে ফিরে দাঁড়াতে হল। কুরুক্ষেত্র সমরক্ষেত্র মহাধর্মক্ষেত্রে পূর্ণতা পেল। সারা ভারতের আন্তঃ সাধনা বাণীরূপ গ্রহণ করল শ্রী ভগবানের মুখে।

সেদিন ছিল এক অগ্রহায়ণের একাদশী তিথি। মধ্যে যুগ যুগান্তরের ব্যবধান। সূর্য্যসনাথা পৃথিবীর সেদিনের সেই কাল পরিবেশ আজকার থেকে খুব অন্য রকম না থাকারই কথা।

কাম ক্রোধাদি রিপুগণ ঘিরে রয়েছে আমাদের দেহের দুধারে। হানিকর গ্লানিকর জেনেও অভ্যাসের জড়তায় আমরা ভেসে চলি। অন্যায়ের নির্মম প্রতিকারে অক্ষম। যে প্রাণে তখন জাগে বিবেকের বাণী—সে-ইত অর্জুন। আর অন্তরের নিত্য শুদ্ধ মুক্ত বুদ্ধ অমর আত্মাইত পরম আত্মা পরমাত্ম স্বরূপ শ্রীশ্রীকৃষ্ণ।

ভারতের অনেক অংশই তখন গ্লানি সমাকীর্ণ। তাই মহাভারতের মহাপ্রবুদ্ধির জন্য প্রয়োজন

হয়েছিল কুরুক্ষেত্র মহাসমরের। মূর্তিরূপ নিয়ে রথরজ্জু ধারণ করতে হয়েছিল শ্রী ভগবানকে। শত কুরুক্ষেত্রের সহস্র শৌর্য স্তব্ধ হল; মুখর হয়ে রইল শুধু গীতা—শ্রীভগবানের কণ্ঠবাণী—কি আমাদের আন্তর চেতনায়, কিবা ভারত ইতিবৃত্তে।

আজও তাই হেমন্তের প্রভাত শিশির যখন শিহরণ তোলে বিশ্ব প্রকৃতির বুকে, মন স্বভাবতই অপেক্ষা করে সেই একাদশী তিথির যখন ধর্মাশ্রিত রক্ষণে পরম পুরুষ কম্বুকণ্ঠে ঘোষণা করেছিলেন,

পরিত্রাণায় সাধূনাং বিনাশায়চ দুস্কৃতাম্
ধর্ম্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে।

ব্যক্তিগত কথা। কালাতিক্রমে ভাষার পরিবর্তন আসে। সাধারণস্তরে সবাই দেব ভাষার গুরুত্ব উপলব্ধিতে অসুবিধাগ্রস্ত হন। আমি সংস্কৃতে ব্যুৎপন্ন নই। শ্রীশ্রীগীতাবাণীর অর্থ উদ্ধারের জন্য চেষ্টা করে দেখেছি। যখন অর্থ

উদ্ধার হল তখন উপলব্ধির ক্ষেত্র হতে বহুদূরে সরে গিয়েছি। এদিকে জাগতিক কর্মবন্ধ কষি টানছে। সময় প্রশস্ত নয়।

মনে হল শ্রীশ্রীবাণীর সমস্তরে যদি শ্লোকবদ্ধ বঙ্গভাষার পাঠ থাকত ত বেশ হত। মনের এই বাসনার কথা একদিন মায়ের কাছে নিবেদন করলাম। মা বললেন, 'বেশ হয়'। আমার দীন আকাঙ্ক্ষা যখন মাতৃপ্রসাদে ধন্য হল তখনই স্থির জানতাম—সন্তানের বাঞ্ছাপূরণের দায়িত্ব মা-ই নিজ হাতে তুলে নিলেন। সংশয় ছিল ভাষান্তরে পাছে গীতার অর্থ ব্যত্যয় ঘটে। কিন্তু যাঁকে 'ব' কলম দিয়েছি কলমের ব্যবস্থা তিনিই করলেন। সনাতন পণ্ডিত সমাজের দুই দিকপাল এগিয়ে এলেন স্বতঃস্ফূর্ত ভাবে। পণ্ডিত প্রবর শ্রীহরিদাস তর্কসিদ্ধান্ত বললেন,'শ্রীভগবানের

বাণী লোকের উপলব্ধির বিষয় হবে—এ দায়িত্ব আমায় নিতেই হবে।' ভারতের অপর প্রান্ত-বাসী পণ্ডিত কুলতিলক শ্রীগোপীনাথ কবিরাজ বললেন, 'আমার সাহচর্য রইল এর পিছনে।' মাতৃপ্রসাদের আর এক নমুনা প্রত্যক্ষ হল। মুদ্রণের দায়িত্ব নিলেন 'মুদ্রণী'।

বহু ত্রুটী এতে থাকবে আমি জানি। প্রকাশের অতি দ্রুততাই তার জন্য দায়ী। কিন্তু যে উদ্দেশ্যে আমি উদ্বুদ্ধ—পৃথিবীর লক্ষ কোটির ভগ্নাংশ হয়ে যে অভাব বোধ আমার হয়েছিল, কল্পনা করতে পারি আরও কারও সেই অভাব বোধ আছে। তাঁদের যদি বিন্দুমাত্রও সেই অভাবের পূরণ হয়ে থাকে,—তাঁরা যদি বিন্দুমাত্রও গীতাভাবের অনুপ্রেরণায় উদ্বুদ্ধ হন তবেই আমার এ প্রয়াস সার্থক। আমি কৃতার্থ।

সহযোগী সুধীবৃন্দ কাউকেই আমি ধন্যবাদ দেবনা। প্রত্যেকেই তাঁরা কর্তব্যজ্ঞানেই আপন আপন অংশ গ্রহণ করেছেন। গীতার শ্রেষ্ঠ বাণী যদি নিস্কাম কর্মের দ্যোতক হয় তবে তাঁদের সাধুবাদ দেওয়া হবে আমার পক্ষে ধৃষ্টতা মাত্র।

অলমতি বিস্তরেণ।

৯ই কার্ত্তিক ১৩৭০ শ্রীদ্বিজেন্দ্র কুমার নাগ

"রাজকমল ভবন"

উৎসর্গ-বাণী

শ্রীরাজকমল স্তাতঃ
সত্যভামা প্রসূস্তথা
শ্রীশ্রীগীতাসক্তচিত্তৌ
পিতরৌস্বর্গতৌ তয়োঃ -
পরমানন্দ লাভায়
প্রীতয়ে পরমাত্মনঃ
শ্রীশ্রীগীতামৃতময়ী
চামৃতত্বায় কল্পিতা ।

ব্রহ্মার্পণ-ধিয়া শ্রীশ্রী
মাতৃ দেব্যৈ সমর্পিতা
গীতানন্দময়ী তেন
প্রীয়তাঞ্চ জনার্দ্দনঃ ॥

নিবেদনম্

আনন্দ ময্যা শ্চরণাশ্রিতানাম্
নিবেদনং নাগকুলোদ্ভবানাং
গীতা জয়ন্তী দিবসে নতানাং
নিস্তারিকা শ্রীজগদম্বিকা হি নঃ

দীন সেবকানাং
শ্রীক্ষিতীন্দ্র কুমার
শ্রীজিতেন্দ্র কুমার
শ্রীদ্বিজেন্দ্র কুমারাণাম্

প্রাক্ কথন

হিন্দুর ধর্ম সাহিত্যে এমন কি (নিরপেক্ষ বিচার দৃষ্টিতে) দেখিতে গেলে সমগ্র জগতে ধার্মিক সাহিত্যে শ্রীমদ্ভগবদ্গীতার স্থান অতি উচ্চ। এ সম্বন্ধে কোন মতভেদ নাই। কর্ম ভক্তি জ্ঞান প্রভৃতি যাবতীয় সাধনাঙ্গ রূপ যোগ এই গ্রন্থে এরূপ নিপুণতার সহিত আলোচিত হইয়াছে যে ইহাকে একখানা সার্বভৌম ধর্মগ্রন্থ বলিলেও অত্যুক্তি হয় না। ইহা একদিকে যেমন প্রতি

দেশের ও প্রতিযুগের উপযোগী অন্য দিকে তেমনি ধর্মতত্ব জিজ্ঞাসু প্রতি সাধকের আধ্যাত্মিক মার্গের প্রতি পদক্ষেপে উপযোগী। তাই এই দেশে চিরন্তন প্রসিদ্ধি আছে—'গীতা সুগীতা কর্তব্যা কিমন্যৈঃ শাস্ত্র বিস্তরৈঃ।' প্রাচীন কাল হইতে বর্তমান সময় পর্যন্ত রচিত গীতার উপর বিভিন্ন সম্প্রদায়ের বিভিন্ন টীকা ও ব্যাখ্যানাদি আলোচনা করিলে ইহাই প্রতিপন্ন হয় যে গীতা বিভিন্ন সকল দৃষ্টিতেই সমরূপে আদরনীয় গ্রন্থরূপে পরিগণিত হইয়াছে।

এইজন্য সাম্প্রদায়িক ব্যাখ্যাদি হইতে নির্মুক্ত গীতার সরল অনুবাদ সংস্কৃত জ্ঞান রহিত সাধারণ পাঠকের পক্ষে সমধিক উপযোগী। যিনি যে পথের পথিক ও যে ভাবের ভাবুক তিনি উহা হইতে স্বচ্ছন্দে নিজ ব্যক্তিগত ভাব অনুসারে তদ্ উপযোগী অর্থ আবিষ্কার করিয়া লইতে পারিবেন। বস্তুতঃ গীতা স্বয়ংই গীতার ভাষ্য। সমগ্র গীতা হইতে গীতার একদেশ গত শঙ্কার সমাধান হইতে পারে। এইরূপ সমাধান প্রেক্ষাবাণ্পাঠক মাত্রই একটু অভিনিবেশ সহকারে চেষ্টা করিলে করিতে সমর্থ হন।

বর্তমানে প্রকাশিত, পণ্ডিত শ্রীযুক্ত হরিদাস তর্কসিদ্ধান্ত রচিত গীতার এই পদ্যানুবাদটি পাঠ

করিয়া আমি প্রীতি ও আনন্দ লাভ করিয়াছি। অনুবাদকের ভাষা প্রাঞ্জল এবং যথাসম্ভব মূলানুসারিণী হইয়াও গূঢ় ভাবের প্রকাশক। গীতাভক্ত সাধারণ বঙ্গীয় পাঠক সমাজে এই অনুবাদ গ্রন্থখানি সমাদরের সহিত গৃহীত হইবে বলিয়া আমি আশা করি। শ্রীভগবান অনুবাদক পণ্ডিত মহাশয়কে স্বাস্থ্য ও দীর্ঘজীবন প্রদান করুন।

২/এ, সিগ্‌রা
বারাণসী
১০-১১-৬৩

শিবমিতি
শ্রীগোপীনাথ কবিরাজ

ব্রহ্মানন্দময়ী মাতা জগদানন্দ দায়িনী
জগদ্ধিতায় কল্যাণী নিত্যং বিজয়তাংতমাম্।

মা বলেন —

"গুরু গোবিন্দ গীতা

— আশ্রয়"

গীতা সুগীতা কর্তব্যা কিমন্যৈঃ শাস্ত্রবিস্তরৈঃ
যা স্বয়ং পদ্মনাভস্য মুখপদ্মা বিনিঃসৃতা । ১

যে গীতা শ্রীপদ্মনাভ মুখপদ্ম হতে
বিনির্গতা হইলেন কল্যাণ ভারতে—
সে গীতার সুষ্ঠু গীতি করণীয় ভবে
অনন্ত বিস্তৃত শাস্ত্রে কিবা ফল হবে ?

গীতা জ্ঞানমুপাশ্রিত্য

ত্রিলোকীং পালয়াম্যহম্ ।

গীতাপাঠের বিধি

শুদ্ধভাবে, স্থিরচিত্তে আসনে বসিয়া গন্ধপুষ্পাদি দ্বারা গীতাশাস্ত্রের পূজা * করিবে। পরে নিম্নলিখিত ভাবে যথাক্রমেকরন্যাস ও অঙ্গন্যাস করিবে।

শ্রীহয়গ্রীবায় নমঃ

শুক্লাম্বরধরং বিষ্ণুং শশিবর্ণং চতুর্ভুজম্।
প্রসন্নবদনং ধ্যায়েৎ সর্ববিঘ্নোপশান্তয়ে।
নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্।
দেবীং সরস্বতীং চৈব ততোজয়মুদীরয়েৎ॥
ব্যাসং বশিষ্ঠনপ্তারং শক্তেঃ পৌত্রমকল্মষম্।
পরাশরাত্মজং বন্দে শুকতাতং তপোনিধিম্॥
ব্যাসায় বিষ্ণুরূপায় ব্যাসরূপায় বিষ্ণবে।
নমো বৈ ব্রহ্মবিধয়ে বশিষ্ঠায় নমোনমঃ॥
অচতুর্বদনো ব্রহ্মা দ্বিবাহুরপরো হরিঃ।
অভাললোচনঃ শম্ভুর্ভগবান্ বাদরায়ণিঃ॥

ওঁ অস্য (এই) শ্রীমদ্ভগবদ্‌গীতা মালা-মন্ত্রস্য (শ্রীমদ্ভগবদ্-গীতারূপ মন্ত্রমালার) শ্রীভগবান্ বেদব্যাসঃ ঋষিঃ

(ঋষি শ্রীভগবান বেদব্যাস) অনুষ্টুপ ছন্দঃ (ছন্দ—অনুষ্টুপ) শ্রীকৃষ্ণঃ পরমাত্মা দেবতা (দেবতা—পরমাত্মা শ্রীকৃষ্ণ) "অশোচ্যান্ অন্বশোচস্ত্বং প্রজ্ঞাবাদাংশ্চ ভাষসে" (২।১১ শ্লোকের প্রথমার্ধ) ইতি বীজম্ (এই মন্ত্র গীতার বীজ)। "সর্বধর্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ" (১৮।৬৬ শ্লোকের প্রথমার্ধ) ইতি শক্তিঃ (এই মন্ত্র গীতার শক্তি)। অহং ত্বাং সর্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ" (১৮।৬৬ শ্লোকের শেষার্ধ) ইতি কীলকম্ (এই মন্ত্র গীতার কীলক)।

করন্যাস—"নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি

---

* 'যা স্বয়ং পদ্মনাভস্য মুখপদ্মবিনিঃসৃতা' অর্থাৎ যে গীতা শ্রীভগবানের মুখপদ্ম হইতে নিঃসৃতা হইয়াছে, তাহা তাঁহারই বাঙ্ময়ী মূর্তি। নানকপন্থী শিখগণ তাঁহাদের ধর্মগ্রন্থ গ্রন্থসাহেবকে পূজা করেন। আসামের শংকরদেবের ভক্তগণও মন্দিরে কৃষ্ণমূর্তির পরিবর্তে শ্রীকৃষ্ণের বাণীমূর্তি ভাগবতগ্রন্থকে পূজা করেন।

পাবকঃ" (২।২৩ শ্লোকের প্রথমার্ধ) ইতি (এই মন্ত্রে) অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ (উভয় তর্জনীর দ্বারা সেই সেই হস্তের অঙ্গুষ্ঠদ্বয় স্পর্শ করিবে)। "ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুতঃ" (২।২৩ শ্লোকের দ্বিতীয়ার্ধ) ইতি (এই মন্ত্রে) তর্জনীভ্যাং স্বাহা (দুই অঙ্গুষ্ঠ দ্বারা সেই সেই হস্তের তর্জনীদ্বয় স্পর্শ করিবে)। "অচ্ছেদ্যোঽয়ম্ অদাহ্যোঽয়ম্ অক্লেদ্যোঽশোষ্য এব চ" (২।২৪ শ্লোকের প্রথমার্ধ) ইতি (এই মন্ত্রে) মধ্যমাভ্যাং বষট্ (বৃদ্ধাঙ্গুলিদ্বয় দ্বারা সেই হস্তের মধ্যমাঙ্গুলি স্পর্শ করিবে)। "নিত্যঃ সর্বগতঃ স্থাণুরচলোঽয়ং সনাতনঃ" (২।২৪ শ্লোকের শেষার্ধ) ইতি (এই মন্ত্রে) অনামিকাভ্যাং হুম্ (বৃদ্ধাঙ্গুলিদ্বয় দ্বারা স্ব স্ব জাতীয় অনামিকা স্পর্শ করিবে)। "পশ্য মে পার্থরূপাণি শতশোঽথ সহস্রশঃ" (১১।৫ শ্লোকের প্রথমার্ধ) ইতি (এই মন্ত্রে) কনিষ্ঠাভ্যাং বৌষট্ (দুই বৃদ্ধাঙ্গুলি দ্বারা সেই সেই হস্তের কনিষ্ঠাঙ্গুলিদ্বয় স্পর্শ করিবে)। "নানাবিধানি দিব্যানি নানাবর্ণাকৃতীনি চ" (১১।৫ শ্লোকের শেষার্ধ) ইতি করতল-পৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্ (এই মন্ত্র পাঠপূর্বক দক্ষিণ করতল দ্বারা বাম করতল বেষ্টনপূর্বক

বাম করতলের উপর দক্ষিণ করতল দ্বারা আঘাত করিবে) ইতি করন্যাসঃ।

অঙ্গন্যাস—"নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ" ইতি হৃদয়ায় নমঃ (এই মন্ত্রপাঠ করিয়া দক্ষিণ হস্তের তর্জন্যাদি অঙ্গুল্যগ্রত্রয় দ্বারা হৃদয় (বক্ষ) স্পর্শ করিবে)। "ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তিঃ মারুতঃ" ইতি শিরসে স্বাহা (এই মন্ত্রে দক্ষিণ তর্জনী-মধ্যমাগ্র দ্বারা শিরোদেশ স্পর্শ করিবে)। "অচ্ছেদ্যোঽয়ম্ অদাহ্যো-ঽয়ম্ অক্লেদ্যোঽশোষ্য এব চ" ইতি শিখায়ৈ বষট্ (এই মন্ত্রে অঙ্গুষ্ঠাগ্র দ্বারা শিখা স্পর্শ করিবে)। নিত্যঃ সর্বগতঃ স্থাণুরচলোঽয়ং সনাতনঃ" ইতি কবচায় হুম্ (এই মন্ত্র পাঠ করিয়া যথাক্রমে দক্ষিণ করাঙ্গুলিসমূহ দ্বারা বাম বাহুমূল ও বামকরাঙ্গুলিসমূহ দ্বারা দক্ষিণবাহুমূল স্পর্শ করিবে)। "পশ্য মে পার্থ রূপাণি শতশোঽথ সহস্রশঃ" ইতি নেত্রত্রয়ায় বৌষট্ (এই মন্ত্র উচ্চারণপূর্বক দক্ষিণ হস্তের তর্জনী, মধ্যমা ও অনামিকা দ্বারা বাম ও দক্ষিণ নেত্র এবং নাসা-মূল স্পর্শ করিবে)। "নানাবিধানি দিব্যানি নানাবর্ণা-কৃতীনি চ" ইতি করতল-পৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্ (এই মন্ত্র

পাঠপূর্বক দক্ষিণ হস্তের তর্জনী ও মধ্যমাঙ্গুলি দ্বারা বাম করতল বেষ্টনপূর্বক বামকরতলে আঘাত করিবে)। ইতি অঙ্গন্যাসঃ।

'শ্রীকৃষ্ণপ্রীত্যর্থং পাঠে বিনিয়োগঃ' (ভগবান শ্রীকৃষ্ণের প্রীতির নিমিত্ত গীতাপাঠ করিতেছি—এইরূপ সঙ্কল্প করিবে)। সঙ্কল্পান্তে গীতার ধ্যান পাঠ করিবে। শ্রীভগবানকে স্মরণ ও প্রণাম করিয়া গীতার মর্মার্থ হৃদয়ে প্রকাশ করিবার জন্য আন্তরিক প্রার্থনাপূর্বক গীতাপাঠ আরম্ভ করিতে হয়। গীতাপাঠান্তে গীতা-মাহাত্ম্য পাঠ করিবে।

উপনিষদের মত গীতা গ্রন্থখানি গভীর আধ্যাত্মিকভাব পূর্ণ। এক বা একাধিক শ্লোকের যথাক্রমে মূল, ও অনুবাদ পড়িবার পর শ্লোকের ভাবার্থের উপর কিয়ৎক্ষণ ধ্যান করিলে শ্লোকের মর্মার্থ হৃদয়ঙ্গম হয়। গীতার মূলার্থের অর্থবোধ ও ধারণাই সর্বাগ্রে আবশ্যক। এইরূপে গীতাখানি পুনঃ পুনঃ পাঠ করিলে গীতার্থ বুদ্ধিগত হয়।

আংশিক হইলেও গীতার নিত্যপাঠ একান্ত শ্রেয়স্কর। গীতায় সর্বশাস্ত্রের সার নিহিত আছে। "গীতা সুগীতা কর্তব্যা কিমন্যৈঃ শাস্ত্রবিস্তরৈঃ।" অর্থাৎ গীতাধ্যয়নই প্রধান কর্তব্য ; বহু শাস্ত্রপাঠের কি প্রয়োজন ? শ্রীভগবান অর্জুনকে বলিয়াছিলেন, 'গীতা মে হৃদয়ং পার্থ'— হে পার্থ, গীতাই আমার হৃদয়। শ্রীকৃষ্ণ স্বয়ং গীতার শেষে বলিয়াছেন যে গীতাপাঠক তাঁহার প্রিয়জন ; গীতা পাঠ দ্বারা পরাভক্তি লাভ হয়, গীতাপাঠ উৎকৃষ্ট জ্ঞানযজ্ঞ এবং এই জ্ঞানযজ্ঞে শ্রীকৃষ্ণ পূজিত ও প্রীত হন। সুতরাং গীতার নিত্যপাঠ একান্ত আবশ্যক। হরি ওঁ।

গীতার ধ্যান

ওঁ

পার্থায় প্রতিবোধিতাং ভগবতা নারায়ণেন স্বয়ম্
ব্যাসেন গ্রথিতাং পুরাণমুনিনা মধ্যেমহাভারতম্।
অদ্বৈতামৃতবর্ষিণীং ভগবতীমষ্টাদশাধ্যায়িনীম্
অম্ব ত্বামনুসন্দধামি ভগবদ্গীতে ভবদ্বেষিণীম্ ॥ ১

নমোঽস্তু তে ব্যাস বিশাল বুদ্ধে
ফুল্লারবিন্দায়তপত্রনেত্র।
যেন ত্বয়া ভারততৈলপূর্ণঃ
প্রজ্বালিতো জ্ঞানময়ঃ প্রদীপঃ ॥ ২

প্রপন্নপারিজাতায় তোত্রবেত্রৈকপাণয়ে ।
জ্ঞানমুদ্রায় কৃষ্ণায় গীতামৃতদুহে নমঃ॥ ৩
সর্বোপনিষদো গাবো দোগ্ধা গোপালনন্দনঃ ।
পার্থো বৎসঃ সুধীর্ভোক্তা দুগ্ধং গীতামৃতং মহৎ ॥ ৪
বসুদেবসুতং দেবং কংসচানূরমর্দনম্ ।
দেবকীপরমানন্দং কৃষ্ণং বন্দে জগদ্গুরুম্ ।। ৫
ভীষ্মদ্রোণতটা জয়দ্রথজলা গান্ধারনীলোৎপলা
শল্যগ্রাহবতী কৃপেণ বহনী কর্ণেন বেলাকুলা ।
অশ্বত্থামবিকর্ণঘোরমকরা দুর্যোধনাবর্তিনী
সোত্তীর্ণা খলু পাণ্ডবৈ রণনদী কৈবর্তকে কেশবে ॥ ৬
পারাশর্যবচঃ সরোজমমলং গীতার্থগন্ধোৎকটং
নানাখ্যানককেশরং হরিকথাসম্বোধনাবোধিতম ।
লোকে সজ্জনষট্‌পদৈরহরহঃ পেপীয়মানং মুদা
ভূয়াস্তারতপঙ্কজং কলিমলপ্রধ্বংসি নঃ শ্রেয়সে ॥৭
মূকং করোতি বাচালং পঙ্গুং লঙ্ঘয়তে গিরিম্ ।
যৎকৃপা তমহং বন্দে পরমানন্দমাধবম্ ।। ৮

যং ব্রহ্মাবরুণেন্দ্ররুদ্রমরুতঃ স্তুন্বন্তি দিব্যৈঃ স্তবৈ
র্বেদৈঃ সাঙ্গপদক্রমোপনিষদৈর্গায়ন্তি যং সামগাঃ ।
ধ্যানাবস্থিত-তদ্গতেন মনসা পশ্যন্তি যং যোগিনো
যস্যান্তং ন বিদুঃ সুরাসুরগণা দেবায় তস্মৈ নমঃ ।৯

ইতি শ্রীমদ্ভগবদ্গীতা-মঙ্গলধ্যানং সমাপ্তম্ ।



5729

ওঁ নমো ভগবতে বাসুদেবায়।

শ্রীমদ্ভগবদ্গীতা।

প্রথমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ—

ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতা যুযুৎসবঃ।
মামকাঃ পাণ্ডবাশ্চৈব কিমকুর্ব্বত সঞ্জয়॥ ১

ধৃতরাষ্ট্র কহিলেন কহ হে সঞ্জয়,
দিব্য দৃষ্টি তুমি তাহে নাহিক সংশয়।

ধর্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সম্মিলিত যাঁরা
যুদ্ধার্থী আমার পুত্রগণও পাণ্ডবেরা
কি করিল, যথারীতি করহ বর্ণন,
অন্ধ আমি তুমি মম চিরাবলম্বন। ১

সঞ্জয় উবাচ—

দৃষ্ট্বা তু পাণ্ডবানীকং ব্যূঢ়ং দুর্য্যোধনস্তদা ।
আচার্য্যমুপসঙ্গম্য রাজা বচনমব্রবীৎ ॥ ২

পশ্যৈতাং পাণ্ডুপুত্রাণামাচার্য্য মহতীং চমূম্ ।
ব্যূঢ়াং দ্রুপদপুত্রেণ তব শিষ্যেণ ধীমতা ॥ ৩

অত্র শূরা মহেষ্বাসা ভীমার্জ্জুনসমা যুধি ।
যুযুধানো বিরাটশ্চ দ্রুপদশ্চ মহারথঃ ॥ ৪

ধৃষ্টকেতুশ্চেকিতানঃ কাশীরাজশ্চ বীর্য্যবান্ ।
পুরুজিৎ কুন্তিভোজশ্চ শৈব্যশ্চ নরপুঙ্গবঃ ॥ ৫

ধৃতরাষ্ট্র বাক্য শুনি সঞ্জয় তখন
কহিলেন ধীরে ধীরে বিনয় বচন।

সৈন্য সমাবেশ হেরি রাজা দুর্যোধন
কহিলেন দ্রোণাচার্য নিকটে তখন। ২

হে আচার্য, পাণ্ডবের সৈন্য সমাবেশ
তব শিষ্য দ্রৌপদেয় ধীমান বিশেষ
করিয়াছে রচি ব্যূহ যুদ্ধ জয় তরে—
হের দেব যত্ন করি আরব্ধ সমরে। ৩

এ মহতী সেনাদলে মহাধনুর্ধর
ভীমার্জুন সমবলী যুদ্ধে অগ্রসর
যুযুধান মহারথ দ্রুপদ তথায়
বিরাট রাজার সঙ্গে সমবেত হয়। ৪

ধৃষ্টকেতু চেকিতান কাশীরাজ আর
পুরুজিৎ কুন্তিভোজ শৈব্য আগুসার। ৫

যুধামন্যুশ্চ বিক্রান্ত উত্তমৌজাশ্চ বীর্য্যবান্ ।
সৌভদ্রো দ্রৌপদেয়াশ্চ সর্ব্ব এব মহারথাঃ ॥৬

অস্মাকন্তু বিশিষ্টা যে তান্ নিবোধ দ্বিজোত্তম ।
নায়কা মম সৈন্যস্য সংজ্ঞার্থং তান্ ব্রবীমি তে ॥৭

ভবান্ ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ সৌমদত্তির্জ্জয়দ্রথঃ ॥ ৮

অন্যে চ বহবঃ শূরা মদর্থে ত্যক্তজীবিতাঃ ।
নানাশস্ত্রপ্রহরণাঃ সর্ব্বে যুদ্ধবিশারদাঃ ॥ ৯

পরাক্রমী যুধামন্যু উত্তমৌজা বীর
দ্রৌপদেয় সহ সব বীর যুদ্ধে স্থির
সুভদ্রার পুত্র শ্রীমান্ অভিমন্যু সহ
সকলেই মহারথ পূজ্য—আজ্ঞাবহ। ৬

দ্বিজোত্তম, আমাদের বিশিষ্ট যাঁহারা
সৈন্যের নায়করূপে বিখ্যাত তাঁহারা।
বিশেষাবগতি তরে তার পরিচয়
বলিতেছি, যাহা জানা সমুচিত হয়।৭

আপনি ও ভীষ্মদেব কর্ণ কৃপ আর
অশ্বত্থামা ও বিকর্ণ কনিষ্ঠ আমার
ভূরিশ্রবা নাম যার সোমদত্ত সুত
সকলে আমার পক্ষে সহ জয়দ্রথ। ৮

আমার কারণে প্রাণ
প্রস্তুত করিতে দান
বহুবীর বিদ্যমান—আছেন হেথায়,
করিবারে মহারণ
ইহারা সকলে হন
নানা শস্ত্র প্রহরণ—সমর্থ ধরায়। ৯

অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতম্ ।
পর্য্যাপ্তং ত্বিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতম্ ॥১০

অয়নেষু চ সর্ব্বেষু যথাভাগমবস্থিতাঃ ।
ভীষ্মমেবাভিরক্ষন্তু ভবন্তঃ সর্ব্ব এব হি ॥ ১১

তস্য সংজনয়ন্ হর্ষং কুরুবৃদ্ধঃ পিতামহঃ ।
সিংহনাদং বিনদ্যোচ্চৈঃ শঙ্খং দধ্মৌ প্রতাপবান্ ॥ ১২

ভীষ্মাভিরক্ষিত বল মোর সুপ্রচুর
ভীমাভিরক্ষিত বল কিন্তু অপ্রচুর। ১০

সৈন্য ব্যূহ দ্বারদেশে—
স্বস্থানে থাকিয়া শেষে
পিতামহ ভীষ্মদেবে সর্বশক্তি দিয়ে
রক্ষা করিবার তরে—
বীরগণ সর্বন্তরে
প্রস্তুত থাকুন তীব্র মনোযোগ দিয়ে। ১১

এ সময়ে পিতামহ
ভীষ্ম, অপগত মোহ
দুর্যোধন চিত্তে হর্ষ বর্ধন কারণ
সিংহনাদ সহকারে—
উচ্চ শঙ্খধ্বনি ক'রে,
মহানন্দে পূর্ণচিত্ত তাই সুযোধন। ১২

ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানকগোমুখাঃ।
সহসৈবাভ্যহন্যন্ত স শব্দস্তুমুলোঽভবৎ। ১৩

ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ।
মাধবঃ পাণ্ডবশ্চৈব দিব্যৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ॥ ১৪

পাঞ্চজন্যং হৃষীকেশো দেবদত্তং ধনঞ্জয়ঃ।
পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্ম্মা বৃকোদরঃ। ১৫

তারপর বহু শঙ্খ
ভেরীতুরী সমৃদঙ্গ
রণশিঙ্গা সহ ঢক্কা বাজিয়া উঠিল।
বাজে রণবাদ্য যত
সুশিক্ষায় বিধিমত
ক্রমশঃ সে শব্দচয় তুমুল হইল। ১৩

শত্রুসৈন্য বাহিণীর ঘোর রণধ্বনি
বৃহৎ স্যন্দনে রহি নিজ কর্ণে শুনি
যুদ্ধ বিশারদ পার্থ অর্জুন ও মাধব,
শ্বেতাশ্ব যোজিত রথে
অবস্থিত বিধিমতে
বাজাইলা দিব্যশঙ্খবাড়ায়ে গৌরব।১৪

বাজাইলা হৃষীকেশ শঙ্খ পাঞ্চজন্য
অতীব প্রসিদ্ধ যাহা সর্বলোকমান্য
দেবদত্ত নামে খ্যাত শঙ্খ ধনঞ্জয়
ভীম বাজাইলা পৌণ্ড্র ভীমকর্মময়। ১৫

অনন্তবিজয়ং রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
নকুলঃ সহদেবশ্চ সুঘোষমণিপুষ্পকৌ॥ ১৬

কাশ্যশ্চ পরমেষ্বাসঃ শিখণ্ডীচ মহারথঃ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ সাত্যকিশ্চাপরাজিতঃ॥ ১৭

দ্রুপদো দ্রৌপদেয়াশ্চ সর্ব্বশঃ পৃথিবীপতে।
সৌভদ্রশ্চ মহাবাহুঃ শঙ্খান্ দধ্মুঃ পৃথক্ পৃথক্॥ ১৮

কুন্তীপুত্র যুধিষ্ঠির অনন্ত বিজয়
নামেতে প্রসিদ্ধ শঙ্খ, আর ভ্রাতৃদ্বয়
সুঘোষ ও মণিপুষ্প, বাজান উভয়
শ্রী নকুল ও সহদেব শুভ্র শঙ্খদ্বয়। ১৬

হে পৃথিবী-অধীশ্বর, করুন শ্রবণ,
মহা ধনুর্ধর যিনি কাশীপতি হন।
শিখণ্ডী ও ধৃষ্টদ্যুম্ন দ্রুপদ রাজার
পুত্রদ্বয় সহ বিরাটাধিপতি আর। ১৭

বিরাট বাহিনীপতি
অজেয় সাত্যকি অতি
সুভদ্রাতনয় অভিমন্যু রণাঙ্গনে।
প্রত্যেকে পৃথক ভাবে
দৃপ্ত-বীরত্ব বৈভবে
শঙ্খধ্বনি করিলেন, ব্যাপিল গগনে।১৮

স ঘোষো ধার্ত্তরাষ্ট্রাণাং হৃদয়ানি ব্যদারয়ৎ।
নভশ্চ পৃথিবীঞ্চৈব তুমুলোঽভ্যনুনাদয়ন্ ॥ ১৯

অথ ব্যবস্থিতান্ দৃষ্ট্বা ধার্ত্তরাষ্ট্রান্ কপিধ্বজঃ।
প্রবৃত্তে শস্ত্রসম্পাতে ধনুরুদ্যম্য পাণ্ডবঃ।
হৃষীকেশং তদা বাক্যমিদমাহ মহীপতে ॥ ২০

অর্জ্জুন উবাচ—

সেনয়োরুভয়োর্ম্মধ্যে রথং স্থাপয় মেঽচ্যুত ॥ ২১

যাবদেতান্নিরীক্ষেঽহং যোদ্ধুকামানবস্থিতান্।
কৈর্ম্ময়াসহ যোদ্ধব্যমস্মিন্ রণসমুদ্যমে ॥ ২২

তুমুল বিস্ময়কর
সে শব্দ সুভয়ঙ্কর
পৃথিবী ও নভস্থল ধ্বনিত করিয়া
ধৃতরাষ্ট্র বীরেন্দ্রের কাঁপে দুষ্ট হিয়া। ১৯

তারপর হেরি পার্থ
ধৃতরাষ্ট্রসুত যত
রণোদ্যমে ব্যবস্থিত সমর প্রাঙ্গণে,
যুদ্ধের প্রারম্ভক্ষণে,
কি ভাবি অর্জুন মনে
ধনুঃ উত্তোলন করি শোকতপ্ত মনে,—২০

কহে বক্ষ্যমান বাক্য
শ্রীকৃষ্ণে করিয়া লক্ষ্য
উভয় সেনার মধ্যে রাখহে স্যন্দন।২১

যতকাল হেরি আমি
কারা যুদ্ধে অগ্রগামী
সমাগত রণাঙ্গণে আত্মীয় স্বজন। ২২

যোৎস্যমানানবেক্ষেঽহং য এতেঽত্র সমাগতাঃ।
ধার্ত্তরাষ্ট্রস্য দুর্বুদ্ধের্যুদ্ধে প্রিয়চিকীর্ষবঃ॥ ২৩

সঞ্জয় উবাচ—
এবমুক্তো হৃষীকেশো গুড়াকেশেন ভারত।
সেনয়োরুভয়োর্ম্মধ্যে স্থাপয়িত্বা রথোত্তমম্॥ ২৪

ভীষ্মদ্রোণপ্রমুখতঃ সর্ব্বেষাঞ্চ মহীক্ষিতাম্।
উবাচ পার্থ পশ্যৈতান্ সমবেতান্ কুরূনিতি॥ ২৫

প্রস্তাবিত এই রণে
যুদ্ধ কাহাদের সনে
করিতে হইবে তাহা অনুভব করি।
সমাগত বীর কারা
হয়ে বড় মাতোয়ারা
দুর্যোধন পামরের অতি প্রিয়কারী।২৩

সঞ্জয় কহিলা পরে
ধৃতরাষ্ট্র নৃপবরে
হে ভারত অতঃপরে কর অবধান।
অর্জুনের কথা শুনি
কৃষ্ণ কহিলা তখনি
উভয় সেনার মধ্যে রাখিয়া স্যন্দন। ২৪

ভীষ্ম দ্রোণ প্রভৃতির যত মহীপতিবীর
সকলের সম্মুখেতে কহিলা মাধব।
হের পার্থ স্থির নেত্রে
এই মহাযুদ্ধ ক্ষেত্রে
সমবেত কুরুক্ষেত্রে নরপতি সব। ২৫

তত্রাপশ্যৎ স্থিতান্ পার্থঃ পিতৄনথ পিতামহান্।
আচার্য্যান্ মাতুলান্ ভ্রাতৄন্পুত্রান্পৌত্রান্ সখীংস্তথা।
শ্বশুরান্ সুহৃদশ্চৈব সেনয়োরুভয়োরপি ॥ ২৬

তান্ সমীক্ষ্য স কৌন্তেয়ঃ সর্বান্ বন্ধূনবস্থিতান্।
কৃপয়া পরয়াবিষ্টো বিষীদন্নিদমব্রবীৎ ॥ ২৭

অর্জ্জুন উবাচ—

দৃষ্ট্বেমান্ স্বজনান্ কৃষ্ণ ! যুযুৎসূন্ সমবস্থিতান্।
সীদন্তি মম গাত্রাণি মুখঞ্চ পরিশুষ্যতি ॥ ২৮

পিতৃসম গুরু যত
রণক্ষেত্রে সমবেত
পিতামহ বৃদ্ধ সহ আচার্য মাতুল।
পুত্র পৌত্র ভ্রাতৃগণ
শ্বশুর সুহৃদ জন
উভয় সেনার মধ্যে যুদ্ধে অব্যাকুল।২৬

উপস্থিত বন্ধুগণ
যুদ্ধক্ষেত্র নিরীক্ষণ
করি সকরুণ নেত্রে বিষন্ন ভাবেতে
হৃষীকেশ সন্নিধানে
কহিলা ব্যাকুল মনে
বক্ষ্যমান বাক্যাবলী কৃপাবিষ্ট চিতে।
২৭

অর্জুন কহিলা তপ্ত
চিত্তে হয়ে অনুতপ্ত
যেন গুরু অভিশপ্ত হৃদয়ে তখন।
কৃষ্ণ কৃষ্ণ আত্মজনে
হেরি হেথা রনাঙ্গণে
দেহ অবসন্ন মম শুষ্ক এ বদন। ২৮

বেপথুশ্চ শরীরে মে রোমহর্ষশ্চ জায়তে।
গাণ্ডীবং স্রংসতে হস্তাৎ ত্বক্ চৈব পরিদহ্যতে ।। ২৯

ন চ শক্নোম্যবস্থাতুং ভ্রমতীব চ মে মনঃ।
নিমিত্তানি চ পশ্যামি বিপরীতানি কেশব ॥ ৩০

ন চ শ্রেয়োঽনুপশ্যামি হত্বা স্বজনমাহবে।
ন কাঙ্ক্ষে বিজয়ং কৃষ্ণ ন চ রাজ্যং সুখানি চ ॥ ৩১

বিকম্পিত দেহ মম যেন বা কণ্টক সম
রোম হর্ষোদ্‌গম হয়ে ত্রস্ত প্রাণ মন
গাণ্ডীব স্খলিত হায় দেহচর্ম দগ্ধ প্রায়
মরণের বিভীষিকা করি দরশন। ২৯

অসমর্থ অবস্থানে ঘুর্ণীপাক যেন মনে
বিপরীত চিহ্ন সব হেরি এই ক্ষণে
হে কেশব, আর স্থির
থাকিতে না পারি
বিচলিত মন মম অমঙ্গল হেরি। ৩০

যুদ্ধে যদি হত্যা করি স্বজন বান্ধব
কেমনে মঙ্গল হবে বুঝিনা কেশব ;
নাহি রাজ্যলাভ চাহি না চাহি বিজয়
রাজ্য সুখ সম্ভোগাদি চাহিনা নিশ্চয়।
৩১

কিং নো রাজ্যেন গোবিন্দ
কিং ভোগৈর্জীবিতেন বা।
যেষামর্থে কাঙ্ক্ষিতং নো
রাজ্যং ভোগাঃ সুখানি চ ॥ ৩২

ত ইমেঽবস্থিতা যুদ্ধে প্রাণাংস্ত্যক্ত্বা ধনানি চ।
আচার্য্যাঃ পিতরঃ পুত্রাস্তথৈব চ পিতামহাঃ। ৩৩

মাতুলাঃ শ্বশুরাঃ পৌত্রাঃ শ্যালাঃ সম্বন্ধিনস্তথা।
এতান্ ন হন্তুমিচ্ছামি ঘ্নতোঽপি মধুসূদন ॥ ৩৪

হে গোবিন্দ রাজ্যে মোর
কিবা প্রয়োজন
সম্ভোগে বা জীবনের আশা কি কারণ ;
যাদের সুখের হেতু রাজ্য সুখ ভোগ
যুদ্ধে যদি তাহাদের প্রাণের বিয়োগ।
৩২

ধনরত্ন বিসর্জিয়া আত্মীয় স্বজন
আশাস্থান আমাদের প্রিয় জনগণ।
হেথায় আচার্যগুরু
শিষ্যবাঞ্ছা কল্পতরু
পিতৃসম গুরুজন ও পিতামহগণ
মাতুল শ্বশুর পৌত্র শ্যালক স্বজন
মহাযুদ্ধে সমাগত যাদের নন্দন।　৩৩

ত্রিলোকের রাজ্যভোগও
তুচ্ছ মনে করি
ইহারা বধিলে মোরে সে দুঃখ পাশরি;
ইহাদের বধে ইচ্ছা নাহিক আমার
হে মধুসূদন এই কহিলাম সার। ৩৪

অপি ত্রৈলোক্যরাজ্যস্য হেতোঃ কিন্নু মহীকৃতে।
নিহত্য ধার্ত্তরাষ্ট্রান্ নঃ কা প্রীতিঃ স্যাজ্জনার্দ্দন ॥ ৩৫

পাপমেবাশ্রয়েদস্মান্ হত্বৈতানাততায়িনঃ।
তস্মান্নার্হাঃ বয়ং হন্তুং ধার্ত্তরাষ্ট্রান্ স্ববান্ধবান্।
স্বজনং হি কথং হত্বা সুখিনঃ স্যাম মাধব ! ॥ ৩৬

যদ্যপ্যেতে ন পশ্যন্তি লোভোপহতচেতসঃ।
কুলক্ষয়কৃতং দোষং মিত্রদ্রোহে চ পাতকম্ ॥ ৩৭

কথং ন জ্ঞেয়মস্মাভিঃ পাপাদস্মান্নিবর্ত্তিতুম্।
কুলক্ষয়কৃতং দোষং প্রপশ্যদ্ভির্জনার্দ্দন ॥ ৩৮

ধৃতরাষ্ট্র পুত্রগণে বধিয়া কি প্রীতি
লাভ হবে জনার্দন না বুঝি সম্প্রতি।
বরং হইবে পাপ মনে হয় মোর
এই আততায়ী বধে এ নরক ঘোর।৩৫

অতএব অসামর্থ্য জানিবে নিশ্চয়।
ধৃতরাষ্ট্র পুত্রগণ বন্ধু, বধ্য নয়।
স্বজন বধিয়া আমি বুঝিনা কেমনে
সুখী হব হে মাধব ভেবে দেখ মনে।
৩৬

যদিও ইহারা রাজ্য লোভে অভিভূত
কুলক্ষয় কৃত আর মিত্রদ্রোহ জাত
সর্বনাশী পাপরাশি দর্শন বিমুখ
এ দুর্বুদ্ধি না ত্যজিলে না হইবে সুখ।
৩৭

আমরা বিশুদ্ধ জ্ঞানে কেননা বুঝিব
হেন পাপ হতে কেন বিরত না হব।
৩৮

কুলক্ষয়ে প্রণশ্যন্তি কুলধর্ম্মাঃ সনাতনাঃ
ধর্ম্মে নষ্টে কুলং কৃৎস্নমধর্ম্মোঽভিভবত্যুত ॥ ৩৯

অধর্ম্মাভিভবাৎ কৃষ্ণ । প্রদুষ্যন্তি কুলস্ত্রিয়ঃ ।
স্ত্রীষু দুষ্টাসু বার্ষ্ণেয় ! জায়তে বর্ণসঙ্করঃ ॥ ৪০

সঙ্করো নরকায়ৈব কুলঘ্নানাং কুলস্য চ ।
পতন্তি পিতরো হ্যেষাং লুপ্তপিণ্ডোদকক্রিয়াঃ ॥ ৪১

বংশ নাশে চিরাগত ধর্মের বিনাশ
তার ফলে অনাচার অধর্ম বিকাশ । ৩৯

অধর্মাভিভূত বংশে কুলস্ত্রী দূষণ
তার ফলে পাপবর্ণ সঙ্করোৎপাদন ।
৪০

(মনু-সংহিতার মতে ত্রিবিধ সঙ্কর
অবেষ্ঠ বেদন আর বর্ণ ব্যভিচার ।
স্বকর্মের পরিত্যাগ এ তিন কারণে
বর্ণ সঙ্করের পাপ ঘটিবে সেখানে ।)

সঙ্কর নরক হেতু যে কুল নাশক
সবংশে নরকগতি নাহি নিস্তারক ।
পিণ্ডহীন পিতৃগণ মহাপাপফলে
ভীষণ নরকে পড়ে ইহা শাস্ত্রে বলে ।
৪১

(নারদ সংহিতা মতে বর্ণ সঙ্করের
উৎপত্তি সকল বর্ণে অনুলোম হেতু
বৈধ পুত্র জন্মে বংশ হয় সমুজ্জল
প্রতিলোমে মহাপাপ সঙ্করের ফল ।)
নারদ সংহিতা ।১২।১০

কুলক্ষয়ে প্রণশ্যন্তি কুলধর্ম্মাঃ সনাতনাঃ
ধর্ম্মে নষ্টে কুলং কৃৎস্নমধর্ম্মোঽভিভবত্যুত ॥ ৩৯

অধর্ম্মাভিভবাৎ কৃষ্ণ ! প্রদুষ্যন্তি কুলস্ত্রিয়ঃ ।
স্ত্রীষু দুষ্টাসু বার্ষ্ণেয় ! জায়তে বর্ণসঙ্করঃ ॥ ৪০

সঙ্করো নরকায়ৈব কুলঘ্নানাং কুলস্য চ ।
পতন্তি পিতরো হ্যেষাং লুপ্তপিণ্ডোদকক্রিয়াঃ ॥ ৪১

বংশ নাশে চিরাগত ধর্মের বিনাশ
তার ফলে অনাচার অধর্ম বিকাশ ।৩৯

অধর্মাভিভূত বংশে কুলস্ত্রী দূষণ
তার ফলে পাপবর্ণ সঙ্করোৎপাদন ।
৪০

(মনু-সংহিতার মতে ত্রিবিধ সঙ্কর
অবেদ্য বেদন আর বর্ণ ব্যভিচার ।
স্বকর্মের পরিত্যাগ এ তিন কারণে
বর্ণ সঙ্করের পাপ ঘটিবে সেখানে ।)

সঙ্কর নরক হেতু যে কুল নাশক
সবংশে নরকগতি নাহি নিস্তারক ।
পিণ্ডহীন পিতৃগণ মহাপাপফলে
ভীষণ নরকে পড়ে ইহা শাস্ত্রে বলে ।
৪১

(নারদ সংহিতা মতে বর্ণ সঙ্করের
উৎপত্তি সকল বর্ণে অনুলোম হেতু
বৈধ পুত্র জন্মে বংশ হয় সমুজ্বল
প্রতিলোমে মহাপাপ সঙ্করের ফল ।)
নারদ সংহিতা ।১২।১০

দোষৈরেতৈঃ কুলঘ্নানাং বর্ণসঙ্করকারকৈঃ।
উৎসাদ্যন্তে জাতিধর্ম্মাঃ কুলধর্ম্মাশ্চ শাশ্বতাঃ॥ ৪২

উৎসন্নকুলধর্ম্মাণাং মনুষ্যাণাং জনার্দ্দন।
নরকে নিয়তং বাসো ভবতীত্যনুশুশ্রুম॥ ৪৩

অহোবত মহৎ পাপং কর্ত্তুং ব্যবসিতা বয়ম্।
যদ্রাজ্যসুখলোভেন হন্তুং স্বজনমুদ্যতাঃ॥ ৪৪

যদি মাম প্রতীকারমশস্ত্রং শস্ত্রপাণয়ঃ।
ধার্ত্তরাষ্ট্রা রণে হন্যুস্তন্মে ক্ষেমতরং ভবেৎ॥ ৪৫

বর্ণ সঙ্করের হেতু দোষরাশি হতে
জাতিধর্ম নাশ হয় সত্য ধর্মমতে। ৪২

পাপ পথে কুলধর্ম হয় উৎসাদিত
কুলধর্ম বিহীনের নরক নিয়ত। ৪৩

হায় হায় মহাপাপে লিপ্ত আজি মোরা
স্বজন বিনাশি রাজ্য সুখে আত্মহারা।
৪৪

প্রতিকার বিরহিত,
করিলে আমারে হত
সশস্ত্র বিপক্ষে যত ধার্তরাষ্ট্রগণ ;
তাহাও মঙ্গলকর
মনে করি নিরন্তর।
স্বজন হত্যার পাপ হবেনা তখন। ৪৫

সঞ্জয় উবাচ—

এবমুক্ত্বার্জ্জুনঃ সঙ্খ্যে রথোপস্থ উপাবিশৎ।
বিসৃজ্য সশরং চাপং শোকসংবিগ্নমানসঃ॥ ৪৬

ইতি শ্রীমহাভারতে শত সহস্র্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং ভীষ্ম পর্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূ
পনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদে অর্জ্জুনবিষাদ
যোগো নাম প্রথমোঽধ্যায়ঃ।

সঞ্জয় কহিলা ধৃতরাষ্ট্র সন্নিধানে
এইরূপে চিন্তাক্লিষ্ট বিষণ্ণ বদনে ;
ত্যজিয়া সশরধনু রথের উপরে
উপবিষ্ট হইলেন ব্যথিত অন্তরে। ৪৬

গীতাই পরম তত্ত্ব গীতাই পরম সত্য
শ্রীশ্রীমহাভারতের লক্ষ শ্লোকাত্মক
বেদব্যাস সুভাষিত ভীষ্মপর্ব অন্তর্গত
ভগবদ্গীতা রূপ জ্ঞান কাণ্ডস্থিত।
উপনিষদের বাণী যোগীন্দ্র হৃদয়মণি
প্রত্যেক অধ্যায়ে ইথেযোগ সুকথিত।
কৃষ্ণার্জুন সুসংবাদে
খ্যাত অর্জুন বিষাদে
প্রথমাধ্যায়ের শেষ হইল বর্ণিত।
কৃষ্ণপদে সমর্পিত পদ্যগীতাবাণী -
প্রভাবে হউক মুক্ত ভারতের গ্লানি।

ওঁ তৎ সৎ॥

দ্বিতীয়োঽধ্যায়ঃ

সাংখ্য-যোগঃ

সঞ্জয় উবাচ—

তং তথা কৃপয়াবিষ্টমশ্রুপূর্ণাকুলেক্ষণম্ ।
বিষীদন্তমিদং বাক্যমুবাচ মধুসূদনঃ ॥ ১

শ্রীভগবানুবাচ—

কুতস্ত্বা কশ্মলমিদং বিষমে সমুপস্থিতম্ ।
অনার্য্যজুষ্টমস্বর্গ্যমকীর্ত্তিকরমর্জ্জুন ॥ ২

সাংখ্য যোগে সুপ্রসিদ্ধ দ্বিতীয় অধ্যায়
ধৃতরাষ্ট্র প্রশ্নোত্তরে কহিলা সঞ্জয়।

পূর্বোক্ত প্রকারে অতি বিষণ্ণ হৃদয়
অশ্রুপূর্ণ ব্যাকুলতা পূর্ণ নেত্র দ্বয়
অর্জুনের বাক্য শুনি শ্রীমধুসূদন
ভগবান কহিলেন অর্জুনে তখন। ১

কোথা হতে এ বিষম সঙ্কটে ক্রমণ
স্বর্গগতি বিরোধক বিজ্ঞানাবরণ
হে অর্জুন হেন মোহ আসিল কখন
আর্যোচিত নহে যাহা এ বুদ্ধি কেমন।
মোহ কোথা হতে আজি
তোমাতে আসিল ?
এবেনাশি যশোরাশি
কেমনে ব্যাপিল ? ২

ক্লৈব্যং মাস্ম গমঃ পার্থ নৈতৎ ত্বয্যুপপদ্যতে।
ক্ষুদ্রং হৃদয়দৌর্ব্বল্যং ত্যক্ত্বোত্তিষ্ঠ পরন্তপ ॥ ৩

অর্জ্জুন উবাচ—

কথং ভীষ্মমহং সংখ্যে দ্রোণঞ্চ মধুসূদন।
ইষুভিঃ প্রতিযোৎস্যামি পূজার্হাবরিসূদন ॥ ৪

গুরূনহত্বা হি মহানুভাবান্
শ্রেয়ো ভোক্তুং ভৈক্ষ্যমপীহ লোকে।
হত্বার্থকামাংস্তু গুরূনিহৈব
ভুঞ্জীয় ভোগান্ রুধিরপ্রদিগ্ধান্ ॥ ৫

হে অর্জুন ক্লীব ভাব ক'রোনা আশ্রয়
ইহা কভু তোমাসম ব্যক্তিযোগ্য নয় ;
শত্রুসন্তাপন তুমি, দুর্বলতা ত্যজি
ধর্মযুদ্ধে অগ্রসর হও বীর আজি। ৩

অর্জুন শ্রীকৃষ্ণপ্রতি সবিনয়ে কহে
পূজ্যজন সহ যুদ্ধে প্রাণ নাহি চাহে।
পুজ্যতম পিতামহ ভীষ্ম দেব সনে
অস্ত্রাচার্য দ্রোণাচার্য সঙ্গে বা কেমনে
প্রাণান্তক অস্ত্র দিয়া যুঝি কি প্রকারে।
উভয়ে পরম পূজ্য হে মধুসূদন
কেমনে করিব যুদ্ধ বিচার কেমন ? ৪

গুরুজনে নাহি বধি
যদি আমি নিরবধি
ভিক্ষান্নে জীবনযাত্রা—করিবা নির্বাহ
শ্রেয়স্কর সে জীবন, না হবে দুর্বহ।
নহেত শোণিত সম
ভোগ্যরাশি অনুপম
ভুঞ্জিব একথা নহে—কভু যুক্তি সহ।
গুরুজন রুধিরাক্ত ভোগ্য সুদুঃসহ। ৫

ন চৈতদ্ বিদ্মঃ কতরন্নো গরীয়ো
    যদ্‌বা জয়েম যদি বা নো জয়েয়ুঃ।
যানেব হত্বা ন জিজীবিষাম-
    স্তেঽবস্থিতাঃ প্রমুখে ধার্ত্তরাষ্ট্রাঃ ।। ৬

কার্পণ্য-দোষোপহতস্বভাবঃ
    পৃচ্ছামি ত্বাং ধর্ম্মসংমূঢ়চেতাঃ।
যচ্ছ্রেয়ঃ স্যান্নিশ্চিতং ব্রূহি তন্মে
    শিষ্যস্তেঽহং শাধি মাং ত্বাং প্রপন্নম্ ।। ৭

এই যুদ্ধে যদি মোরা জয়লাভ করি
কিংবা ইহাদের হাতে আমরাই মরি ;
উভয় পক্ষের মধ্যে কিবা শ্রেয়স্কর
বুঝিতে পারিনা কৃষ্ণ হে বান্ধব বর।
যাদের বধিয়া মোরা ইচ্ছুক বাঁচিতে
ধৃতরাষ্ট্র পক্ষীয়েরা রহে সম্মুখেতে। ৬

ইহাদের বধ করি
কেমনে জীবন ধরি
এ দীনতা দোষে মম বীর্য অভিভূত।
স্বধর্মে বিমূঢ় চিত
আমি কৃষ্ণ জ্ঞানহত
প্রার্থনা সরল চিত্তে করি সবিনয়ে।
প্রকৃত মঙ্গল কর
যাহা উপদেশ কর
শিষ্য ও শরণাগত শিষ্য প্রবোধিয়ে। ৭

শত্রুহীন রাজ্য কিংবা স্বর্গরাজ্য লাভ
ঘটিলেও নাহি যাবে দেহেন্দ্রিয় তাপ।
এমন উপায় কৃষ্ণ না পাই দেখিতে
মনেতে প্রকৃত শান্তি
পাবো কোন মতে। ৮

সঞ্জয় কহিলা পরে রাজ সন্নিধানে
পূর্বোক্ত বলিয়া যাহা ঘটিল সেখানে ;
জিতেন্দ্রিয় জিতনিদ্র শত্রু-সন্তাপন
'যুদ্ধ না করিব কৃষ্ণ' এ আমার পণ ;
ইহা গোবিন্দকে বলি নীরব যখন
শুনি অর্জুনেরে কৃষ্ণ কহিলা তখন।
৯

সহাস্য বদনে কৃষ্ণ বলিলেন পরে
উভয় সেনার মধ্যে খিন্ন অর্জুনেরে।
১০

ন হি প্রপশ্যামি মমাপনুদ্যাৎ
যচ্ছোকমুচ্ছোষণমিন্দ্রিয়াণাম্ ।
অবাপ্য ভূমাবসপত্নমৃদ্ধং
রাজ্যং সুরাণামপি চাধিপত্যম্ ॥ ৮

সঞ্জয়উবাচ —

এবমুক্ত্বা হৃষীকেশং গুড়াকেশঃ পরন্তপঃ ।
ন যোৎস্য ইতি গোবিন্দমুক্ত্বা তূষ্ণীং বভূব হ ॥৯

তমুবাচ হৃষীকেশঃ প্রহসন্নিব ভারত ।
সেনয়োরুভয়োর্মধ্যে বিষীদন্তমিদং বচঃ ॥ ১০

শ্রীভগবানুবাচ—

অশোচ্যানন্বশোচস্ত্বং প্রজ্ঞাবাদাংশ্চ ভাষসে।
গতাসূনগতাসূংশ্চ নানুশোচন্তি পণ্ডিতাঃ॥ ১১

ন ত্বেবাহং জাতু নাসং ন ত্বং নেমে জনাধিপাঃ।
ন চৈব ন ভবিষ্যামঃ সর্ব্বে বয়মতঃ পরম্॥ ১২

হে অর্জুন যারা মোটে শোক যোগ্য নয়
এদের উদ্দেশে শোক উচিত না হয়।
কিন্তু বিজ্ঞোচিত কথা বল যে নিয়ত
মৃতে বা জীবিতে শোক না করে
পণ্ডিত। ১১

আমি তুমি পূর্বে নাহি ছিলাম কখন
কিম্বা এই নৃপগণ না ছিল এমন।
ধারণা কখনো সত্য বলি বুঝিও না
দেহ ধারণের পূর্বে আত্মরূপে জানা।
নিশ্চয় আমরা ছিনু পরে রহিবনা
এ কথাও সত্য নহে করিও ভাবনা।
যেমন এখন আছি, দেহের বিনাশে
পরেও অমর আত্মা রহিবে, কে নাশে ?
১২

দেহিনোঽস্মিন্ যথা দেহেকৌমারং যৌবনং জরা।
তথা দেহান্তরপ্রাপ্তির্ধীরস্তত্র ন মুহ্যতি ॥ ১৩

মাত্রাস্পর্শাস্তু কৌন্তেয় শীতোষ্ণসুখদুঃখদাঃ
আগমাপায়িনোঽনিত্যাস্তাংস্তিতিক্ষস্ব ভারত॥১৪

যং হি ন ব্যথয়ন্ত্যেতে পুরুষং পুরুষর্ষভ।
সমদুঃখসুখং ধীরং সোঽমৃতত্বায় কল্পতে ॥ ১৫

দেহের মালিক আত্মা
অমর সে পরমাত্মা
কৌমার যৌবন জরা—যেমন দেহের ;
অবস্থার ভেদ মাত্র
দেহান্তর সম গোত্র
স্থিতধী মানব নহে—অধীন মোহের । ১৩

ইন্দ্রিয়ের সঙ্গে যেথা বিষয় সংযোগ
শীত উষ্ণ সুখ দুঃখ দ্বন্দ্বাদি সম্ভোগ ।
উৎপত্তি বিনাশ শীল বিষয় সকল
অপ্রমত্ত চিত্তে সহ্য কর-অবিরল । ১৪

আত্মার নিত্যত্ব জ্ঞানে স্থির বুদ্ধি যিনি
অমৃতত্বে একমাত্র অধিকারী তিনি ।
পুরুষ প্রবর পার্থ জান যিনি জ্ঞানী
শীতোষ্ণাদি দ্বন্দ্বদুঃখে স্থিরধী আপনি।
কোন অবস্থাতে তার না ঘটে বিকার
যিনি আত্ম-তত্ত্ব-চিন্তা করেন বিচার । ১৫

নাসতো বিদ্যতে ভাবো নাভাবো বিদ্যতে সতঃ।
উভয়োরপি দৃষ্টোঽন্তস্ত্বনয়োস্তত্ত্বদর্শিভিঃ ।। ১৬

অবিনাশি তু তদ্ বিদ্ধি যেন সর্ব্বমিদং ততম্ ।
বিনাশমব্যয়স্যাস্য ন কশ্চিৎ কর্ত্তুমর্হতি ।। ১৭

অন্তবন্ত ইমে দেহা নিত্যস্যোক্তাঃ শরীরিণঃ ।
অনাশিনোঽপ্রমেয়স্য তস্মাদ্ যুধ্যস্ব ভারত ।। ১৮

প্রকৃত আত্মিক দৃষ্টি সম্পন্ন যাঁহারা
যথার্থই আত্মজ্ঞানে অধিকারী তাঁরা।
সদসৎ বিচারেতে উভয় পক্ষের
যথার্থ স্বরূপজ্ঞান হয় সুবিজ্ঞের।
অতএব অসৎ বস্তু কভু ভাব নহে
সৎ পদার্থের নাশ বিজ্ঞে নাহি কহে।
তত্ত্বদর্শী ঋষিগণ উভয়ের শেষ
উপলব্ধি করিবারে পারেন বিশেষ।
১৬

যাহাদ্বারা এই বিশ্ব ব্রহ্মাণ্ড সকল
পরিব্যাপ্ত অবিনাশী সে আত্মা কেবল।
জানিবে নিশ্চয় তার নাশ না সম্ভবে
ইহা স্থির সিদ্ধমত সুপ্রসিদ্ধ ভবে।
১৭

সে নিত্য আত্মার এই জড় দেহ সব
নশ্বর বিনাশ শীল অস্থির বিভব।
জড় দেহে আস্থা ত্যজি হে প্রিয় অর্জুন
ধর্ম যুদ্ধে স্থিরমতি করহ অর্জন। ১৮

য এনং বেত্তি হন্তারং যশ্চৈনং মন্যতে হতম্ ।
উভৌ তৌ ন বিজানীতো
নায়ং হন্তি ন হন্যতে । ১৯

ন জায়তে ম্রিয়তে বা কদাচি-
ন্নায়ং ভূত্বা ভবিতা বা ন ভূয়ঃ ।
অজো নিত্যঃ শাশ্বতোহয়ং পুরাণো
ন হন্যতে হন্যমানে শরীরে ॥ ২০

বেদাবিনাশিনং নিত্যং য এনমজমব্যয়ম্ ।
কথং স পুরুষঃ পার্থ কং ঘাতয়তি হন্তি কম্॥ ২১

আত্মার নিহন্তা বলি যে করে ভাবনা,
আত্মা বিনিহত হয় এরূপ ধারণা
যাদের উভয়ে তারা না জানে কখন
অবিনাশীআত্মানাশ চির অঘটন। ১৯

আত্মা কভু নাহি জন্মে মরণ বিহীন
জন্ম মৃত্যু বিরহিত অপক্ষয় হীন ;
বৃদ্ধি বিবর্জিত দেহ নাশে অমলিন
অবিনাশী একরূপ রহে চির দিন।
শাশ্বত পুরাণ আত্মা, দেহ নাশ হলে
আত্মার বিনাশ নাই
জেন কোন কালে। ২০

অবিনাশী এই আত্মা অব্যয় অক্ষয়
জন্ম বিরহিত যার নাহি অপক্ষয় ;
এরূপ জানেন যিনি তার পক্ষে হায়
কাকে বা সে হত্যা করে
অথবা করায়। ২১

বাসাংসি জীর্ণানি যথা বিহায়
নবানি গৃহ্ণাতি নরোঽপরাণি।
তথা শরীরাণি বিহায় জীর্ণা-
ন্যন্যানি সংযাতি নবানি দেহী।। ২২

নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ।
ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুতঃ ॥২৩

অচ্ছেদ্যোঽয়মদাহ্যোঽয়মক্লেদ্যোঽশোষ্য এব চ।
নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণুরচলোঽয়ং সনাতনঃ। ২৪

জীর্ণ বস্ত্র পরিহার
করে নর যে প্রকার
অপর নূতন বস্ত্র করে পরিধান
যেমনে, তেমনি ভবে
দেহ জীর্ণ হলে তবে
অন্য দেহ পরিগ্রহ করে দেহবান।
২২

কোন অস্ত্র এ আত্মাকে করিতে ছেদন
পারে না, দহিতে তায় বহ্নি কদাচন ;
জলে আর্দ্র নাহি হয় বায়ুতে না শুষ্ক
বুঝিবেনা এই তথ্য ইহা বড় দুঃখ। ২৩

অপ্রত্যক্ষ আত্মা এই ছেদন অযোগ্য—
অদাহ্য অক্লেদ্য সর্বব্যাপ্ত কি মনোজ্ঞ
অশোষ্য ও চিরস্থির ধীর চিত্ত নর—
সনাতন অবিচল ভাবে নিরন্তর। ২৪

বাসাংসি জীর্ণানি যথা বিহায়
নবানি গৃহ্লাতি নরোঽপরাণি।
তথা শরীরাণি বিহায় জীর্ণা-
ন্যন্যানি সংযাতি নবানি দেহী।। ২২

নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ।
ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুতঃ ॥২৩

অচ্ছেদ্যোঽয়মদাহ্যোঽয়মক্লেদ্যোঽশোষ্য এব চ।
নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণুরচলোঽয়ং সনাতনঃ। ২৪

জীর্ণ বস্ত্র পরিহার
করে নর যে প্রকার
অপর নূতন বস্ত্র করে পরিধান
যেমনে, তেমনি ভবে
দেহ জীর্ণ হলে তবে
অন্য দেহ পরিগ্রহ করে দেহবান। ২২

কোন অস্ত্র এ আত্মাকে করিতে ছেদন
পারে না, দহিতে তায় বহ্নি কদাচন ;
জলে আদ্র্র নাহি হয় বায়ুতে না শুষ্ক
বুঝিবেনা এই তথ্য ইহা বড় দুঃখ। ২৩

অপ্রত্যক্ষ আত্মা এই ছেদন অযোগ্য—
অদাহ্য অক্লেদ্য সর্ব ব্যাপ্ত কি মনোজ্ঞ
অশোষ্য ও চিরস্থির ধীর চিত্ত নর—
সনাতন অবিচল ভাবে নিরন্তর। ২৪

অব্যক্তোঽয়মচিন্ত্যোঽয়মবিকার্য্যোঽয়মুচ্যতে
তস্মাদেবং বিদিত্বৈনং নানুশোচিতুমর্হসি ॥ ২৫

অথ চৈনং নিত্যজাতং নিত্যং বা মন্যসে মৃতম্।
তথাপি ত্বং মহাবাহো নৈনং শোচিতুমর্হসি ॥২৬

জাতস্য হি ধ্রুবো মৃত্যু ধ্রুবং জন্ম মৃতস্য চ।
তস্মাদপরিহার্য্যেঽর্থে ন ত্বং শোচিতুমর্হসি ॥২৭

অব্যক্ত চিন্তায় যারে নাহি ধরা যায়
অধিকারী বলি পরিচিত এ ধরায়—
সনাতন রূপ ইহা মনেতে ভাবিয়া
অনুশোচনার কথা যাও গো ভুলিয়া।
এ তত্ত্ব বুঝিয়া এই আত্ম নাশ তরে
হয়োনা দুঃখিত ব্যর্থ অনুশোক ভরে।
২৫

আর যদি মনে কর আত্মা দেহ সহ
নিত্য জাত তথা মৃত হয় দেহ সহ ;
তাহাতেও মহাবাহু দেখহ তোমার
অনুচিত শোক করা, না করি বিচার।
২৬

জন্মিলে মরিতে হবে
অতি সুনিশ্চিত
মৃতের অবশ্য জন্ম সর্ব্বদা স্বীকৃত ;
পরিহারহীন এই নিশ্চিত বিষয়ে
শোক করা অনুচিত ভাবহ হৃদয়ে।
২৭

অব্যক্তাদীনি ভূতানি ব্যক্তমধ্যানি ভারত।
অব্যক্তনিধনান্যেব তত্র কা পরিদেবনা ॥ ২৮

আশ্চর্য্যবৎ পশ্যতি কশ্চিদেন-
মাশ্চর্য্যবদ্ বদতি তথৈব চান্যঃ।
আশ্চর্য্যবচ্চৈনমন্যঃ শৃণোতি
শ্রুত্বাপ্যেনং বেদ ন চৈব কশ্চিৎ। ২৯

দেহী নিত্যমবধ্যোঽয়ং দেহে সর্ব্বস্য ভারত।
তস্মাৎ সর্ব্বাণি ভূতানি ন ত্বং শোচিতুমর্হসি ॥৩০

স্বধর্ম্মমপি চাবেক্ষ্য ন বিকম্পিতুমর্হসি।
ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাচ্ছ্রেয়োঽন্যৎ ক্ষত্রিয়স্য ন বিদ্যতে ॥৩১

উৎপত্তির পূর্ব্বে নহে যাহা প্রকাশিত
মধ্যভাগে প্রকাশিত হয় সুনিশ্চিত।
নিধন সময়ে পুনঃ অব্যক্ত যে হয়
তার তরে শোক কিহে সমুচিত হয় ?
২৮

আশ্চর্য বলিয়া আত্মা কারো মনে হয়
আশ্চর্য রূপেতে কেহ বলেন তাহায়
কেহ বা আশ্চর্যরূপে করেন শ্রবণ
কিন্তু আত্মতত্ত্বতারা জানেনা কখন।
২৯

সর্বদা অবধ্য আত্মা দেহে অবস্থিত
প্রাণীদেহ বিনাশনে শোক অনুচিত।
৩০

নিজধর্ম লক্ষ্য করি ভীতির সঞ্চার
ইহাত তোমার পক্ষে আশ্চর্য ব্যাপার।
ক্ষত্রিয়ের ইতোধিক মঙ্গল বারতা
ধর্ম যুদ্ধ হতে পার্থ নাহি সত্য কথা।
৩১

যদৃচ্ছয়া চোপপন্নং স্বর্গদ্বারমপাবৃতম্।
সুখিনঃ ক্ষত্রিয়াঃ পার্থ লভন্তে যুদ্ধমীদৃশম্॥ ৩২

অথ চেৎ ত্বমিমং ধর্ম্ম্যং সংগ্রামং ন করিষ্যসি।
ততঃ স্বধর্ম্মং কীর্ত্তিঞ্চ হিত্বা পাপমবাপ্স্যসি॥৩৩

অকীর্ত্তিঞ্চাপি ভূতানি কথয়িষ্যন্তি তেঽব্যয়াম্।
সম্ভাবিতস্য চাকীর্ত্তির্ম্মরণাদতিরিচ্যতে॥ ৩৪

অনায়াস লব্ধ হেন
বীর ধর্ম্ম মতে জেন,
উন্মুক্ত স্বর্গের দ্বার সম এ প্রকার ;
অতি সুখী, যোদ্ধা যাঁরা
জীবনে লভেন তাঁরা
হেন উৎসাহের কার্যে বিমুখতা কার?
৩২

আর যদি এই ধর্ম যুদ্ধ নাহি কর
স্বধম ত্যাগের পাপ চির ভোগ কর।
নিজ ধর্ম কুলোচিত কীর্তিরাশি নাশি
দুর্বুদ্ধির বশ্যতায় ভুঞ্জ পাপ রাশি।
৩৩

এর ফলে জনগণ অখ্যাতি ঘোষিবে
মরনের বেশী ইহা নিশ্চয় জানিবে।
৩৪

ভয়াদ্রণাদুপরতং মংস্যন্তে ত্বাং মহারথাঃ।
যেষাঞ্চ ত্বং বহুমতো ভূত্বা যাস্যসি লাঘবম্ ॥৩৫

অবাচ্যবাদাংশ্চ বহূন্ বদিষ্যন্তি তবাহিতাঃ।
নিন্দন্তস্তবসামর্থ্যং ততো দুঃখতরং নু কিম্ ॥ ৩৬

হতো বা প্রাপ্স্যসি স্বর্গং জিত্বা বা
ভোক্ষ্যসে মহীম্।
তস্মাদুত্তিষ্ঠ কৌন্তেয় যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ ॥ ৩৭

এ সংসারে মানী-গুনী জনের নিকট
মরণ অধিক এই অকীর্তি প্রকট।
সুপ্রসিদ্ধ মহারথ সকলে ভাবিবে
ভীত তুমি, লাঘবতা নিশ্চয় লভিবে।
যাদের নিকটে ছিল অতীব সম্মান
হে অর্জুন, ইথে তাহা হবে নাকি ম্লান?
৩৫

বিপক্ষে আগত যারা
অবাচ্য বলিবে তারা
তোমার সামর্থ্যে নিন্দা করিবে নিশ্চয়।
সু বিপুল কীর্তিরাশি
লভিয়াছ রাশি রাশি
এ বড় দুঃখের কথা নাহিক সংশয়।
৩৬

ক্ষত্র তুমি এই যুদ্ধে যদি হও হত
শাস্ত্র মতে স্বর্গ লাভ অতি সুনিশ্চিত।
যদিবা বিজয়ী তুমি হও ধনঞ্জয়
ভুঞ্জিবে এ মহী, উঠ, যুদ্ধে সুনিশ্চয়।
৩৭

সুখদুঃখে সমে কৃত্বা লাভালাভৌ জয়াজয়ৌ।
ততো যুদ্ধায় যুজ্যস্ব নৈবং পাপমবাপ্স্যসি ॥ ৩৮

এষা তেঽভিহিতা সাংখ্যে বুদ্ধির্যোগে ত্বিমাং শৃণু।
বুদ্ধ্যা যুক্তো যয়া পার্থ কর্ম্মবন্ধং প্রহাস্যসি ॥ ৩৯

নেহাভিক্রমনাশোঽস্তি প্রত্যবায়ো ন বিদ্যতে।
স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য ত্রায়তে মহতো ভয়াৎ ॥ ৪০

তুমি ক্ষত্র বংশ জাত।
যুদ্ধই ক্ষত্রিয় ব্রত
সুখ দুঃখ জয়াজয়ে সমজ্ঞান করি,
ধর্ম যুদ্ধে হও রত।
গুরুজন বধ জাত
পাপলেশ স্পর্শিবেনা ইহা মনে করি।
৩৮

অর্জুন এই আত্মতত্ত্ব
আবিষ্কৃত মহাসত্য।
শোকাকুল তুমি তাই বলিনু তোমায়।
কর্ম যোগ জ্ঞান যোগ
যোগে কর্ম বন্ধভোগ
নিশ্চিত বিনষ্ট হয় শোন বলি তায়।
৩৯

নিস্কাম এই কর্মযোগ না হয় বিফল
বৈগুন্য বিহীন কর্ম প্রসবে সুফল।
অতি অল্প ধর্ম-কর্ম মহাভয় হতে
করে ত্রাণ সজ্জনেরে শাস্ত্র-বিধিমতে।
৪০

ব্যবসায়াত্মিকা বুদ্ধিরেকেহ কুরুনন্দন।
বহুশাখা হ্যনন্তাশ্চ বুদ্ধয়োঽব্যবসায়িনাম্॥ ৪১

যামিমাং পুষ্পিতাং বাচং প্রবদন্ত্যবিপশ্চিতঃ।
বেদবাদরতাঃ পার্থ নান্যদস্তীতিবাদিনঃ॥ ৪২

কামাত্মানঃ স্বর্গপরা জন্মকর্ম্মফলপ্রদাম্।
ক্রিয়াবিশেষবহুলাং ভোগৈশ্বর্য্যগতিং প্রতি॥৪৩

হে পার্থ নিষ্কাম কর্ম যোগে সুনিশ্চয়
নরের নিশ্চয়াত্মিকা বুদ্ধি স্থির হয়।
অস্থিরের বুদ্ধি কিন্তু কামনার ফলে
বহুশাখা অন্তহীন শাস্ত্রজ্ঞেরা বলে।৪১

গূঢ়তত্ত্বে অজ্ঞ যারা
বেদবাদরত তারা,
আপাতত মনোরম স্বর্গ কর্ম ফলে।
প্রকৃতি বিধান তরে
বেদে অনুরাগ ভরে
স্বর্গের অধিক সুখ কিছু নাহি বলে।৪২

স্বর্গ যোগ্য কর্মবাদে
শিক্ষা দিতে নির্বিবাদে
ঐহিক সুখের হেতু বৈশ্য অর্থবাদে।
সম্ভোগে ঐশ্বর্য লাভে
কেহ পরমার্থ ভাবে
রম্য সুখে মগ্ন চিত্ত হয় নির্বিবাদে।৪৩

ভোগৈশ্বর্য্যপ্রসক্তানাং তয়াপহৃতচেতসাম্ ।
ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ সমাধৌ ন বিধীয়তে ॥৪৪

ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন ।
নির্দ্বন্দ্বো নিত্যসত্ত্বস্থো নির্যোগক্ষেম আত্মবান্ ॥৪৫

ভোগৈশ্বর্যে হৃতমন বিষয়ী যে জনগন
সমাহিত চিত্ত কভু হইতে না পারে।
ব্যবসায়াত্মিক কিম্বা নিশ্চয়াত্ম মতি
নিজান্তঃকরণে কভু নাহি করেস্থিতি।

৪৪

পূর্ব্ব মীমাংসোক্ত বেদ ত্রিগুণ সাধক
বেদোক্ত সে কর্মকাণ্ড কামনা মূলক।
যে হয় কামনাশূণ্য
জগতে সে জন ধন্য
কর্মফল ত্যাগী যোগী দ্বন্দ্ব বিবর্জিত।
নিস্ত্রৈগুণ্য হও পার্থ
ত্যজি ব্যক্তিগত স্বার্থ
যোগক্ষেম বিবর্জিত আত্মসমাহিত।

৪৫

যাবানর্থ উদপানে সর্ব্বতঃ সংপ্লুতোদকে।
তাবান্ সর্ব্বেষু বেদেষু ব্রাহ্মণস্য বিজানতঃ ॥৪৬

কর্ম্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন।
মা কর্ম্মফলহেতুর্ভূর্ম্মা তে সঙ্গোঽস্ত্বকর্ম্মণি ॥ ৪৭

সবত্র প্লাবিত জলে প্রয়োজন যত
কূপাদি হইতে কিন্তু পূর্ণ হয় তত।
এ দৃষ্টান্ত ব্রহ্মানন্দে অন্তর্ভাব কর
জীবের বাসনা পূর্ণ ঘটে নিরন্তর।
অতিরিক্ত জলঘটে ধরে যে প্রকার
ব্রহ্মবিদ ব্রাহ্মণ বিজ্ঞ মুক্তিমার্গ যাঁর
তথাপিও ক্ষুদ্রানন্দ অন্তর্ভূত তাঁর।
এই মতে কর্ম জ্ঞান কাণ্ডের বিচার।
৪৬

কর্মে অধিকার তব কর্মফলে নয়—
কভু যেন তরে তার আকাঙ্খা না হয়।
কর্মফল হেতু তুমি না হও কখন
কর্মেতে আসক্তি নাহি হয় কদাচন।
৪৭

যোগস্থঃ কুরু কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা ধনঞ্জয় ।
সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা সমত্বং যোগউচ্যতে ॥৪৮

দূরেণ হ্যবরং কর্ম্ম বুদ্ধিযোগাদ্ ধনঞ্জয় ।
বুদ্ধৌ শরণমন্বিচ্ছ কৃপণাঃ ফলহেতবঃ ॥ ৪৯

বুদ্ধিযুক্তো জহাতীহ উভে সুকৃত-দুষ্কৃতে
তস্মাদ্ যোগায় যুজ্যস্ব যোগঃকর্ম্মসু কৌশলম্ ॥৫০

যোগস্থ হইয়া কর্ম কর অনুষ্ঠান
সর্ব সঙ্গ পরিহরি ভারত প্রধান।
সিদ্ধি কিংবা অসিদ্ধিতে হয়ে সম জ্ঞান
বৈধ কর্ম কর পার্থ যাতে আত্মজ্ঞান।
সর্বত্র সমতা যোগ কহে মুনিগণে।
যোগের লক্ষণ ইহা বিজ্ঞ জন জানে।
৪৮

যেহেতু কামনাযুক্ত কর্ম সমুদয়
সমবুদ্ধি কর্মাপেক্ষা অপকৃষ্ট হয়।
বুদ্ধির আশ্রয় লও নিঃসংশয় মনে
ফলাকাঙ্খী জনগণ দীনহীন মনে।
৪৯

কামনা বিহীন যোগী কর্মফল ময়
পাপপুণ্য কর্মদ্বয় ত্যজে নিঃসংশয়।
সুতরাং যোগ কর ধীর স্থির মনে
কর্মের কৌশল যোগ বিজ্ঞ জনে গণে।
৫০

কর্ম্মজং বুদ্ধিযুক্তা হি ফলং ত্যক্ত্বা মনীষিনঃ।
জন্মবন্ধবিনির্ম্মুক্তাঃ পদং গচ্ছন্ত্যনাময়ম্॥ ৫১

যদা তে মোহকলিলং বুদ্ধির্ব্যতিতরিষ্যতি।
তদা গন্তাসি নির্ব্বেদং শ্রোতব্যস্য শ্রুতস্য চ॥৫২

শ্রুতিবিপ্রতিপন্না তে যদা স্থাস্যতি নিশ্চলা।
সমাধাবচলা বুদ্ধিস্তদা যোগমবাপ্স্যসি॥ ৫৩

কামনা বিহীন কর্ম্মী মনীষি সকল
কর্ম্মফল পরিত্যজি সংসার বন্ধন
সর্ব দোষ মুক্ত ব্রহ্ম পদ প্রাপ্ত হন।
৫১।

মোহময় অবিবেক পাপ পরিহরি
যখন তোমার মন দেখিবে বিচারি।
শ্রোতব্য ও শ্রুতফল লাভেতে বৈরাগ্য
নিশ্চয় লভিবে পার্থ আসিবে সৌভাগ্য
৫২।

কর্ম্মফল শুনিয়া বিক্ষিপ্ত চিত্ত তব
যখন সমাধি বশে হইবে সুস্থির।
তখনই প্রকৃত যোগ তত্ত্বের বৈভব
তোমাতে হইবে ব্যক্ত বুঝহ সুধীর।
৫৩।

অর্জ্জুন উবাচ—

স্থিতপ্রজ্ঞস্য কা ভাষা সমাধিস্থস্য কেশব।
স্থিতধীঃ কিং প্রভাষেত কিমাসীত ব্রজেত কিম্ ॥৫৪

শ্রীভগবানুবাচ—

প্রজহাতি যদা কামান্ সর্ব্বান্ পার্থ মনোগতান্।
আত্মন্যেবাত্মনা তুষ্টঃ স্থিতপ্রজ্ঞস্তদোচ্যতে ॥ ৫৫

অর্জুন জিজ্ঞাসা করে
নিতান্ত আবেগ ভরে
বলহ কেশব মোরে কি ভাষা তাঁহার!
যিনি স্থিত প্রজ্ঞ বটে
সংসার সমুদ্রতটে
কেমনে বুঝিব তায় কি লক্ষণ তাঁর।

স্থিত বুদ্ধি মহাজন
কি ভাবে বা বিচরণ
অবস্থিতি কি প্রকার কিবা ব্যবহার?
৫৪।

বলিলেন ভগবান
শোন পার্থ সে বিধান
যিনি স্থিতপ্রজ্ঞ খ্যাত কেমন সে জন।
মানস কামনা যত
যদি হয় ব্যপগত
অমরতা আসে, তার ব্রহ্মাত্মক মন।
বাহ্য সুখ নিরপেক্ষ
ব্রহ্ম বিচিন্তন দক্ষ
প্রত্যগাত্ম পরিতুষ্ট স্থিত প্রজ্ঞ হন।
৫৫

দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ সুখেষু বিগতস্পৃহঃ।
বীতরাগভয়ক্রোধঃ স্থিতধীর্মুনিরুচ্যতে ॥ ৫৬

যঃ সর্ব্বত্রানভিস্নেহস্তত্তৎ প্রাপ্য শুভাশুভম্।
নাভিনন্দতি ন দ্বেষ্টি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥৫৭

যদা সংহরতে চায়ং কূর্ম্মোঽঙ্গানীব সর্ব্বশঃ।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৫৮

দুঃখে অনুদ্বিগ্ন ভাব
সুখেতে স্পৃহার অভাব
বীতরাগ ভয় ক্রোধ স্থির বুদ্ধি জন।
মুনি বলি বিবেচিত
ইহা সুশিষ্ট সম্মত
চিরদিন সংসারেতে সুপূজিত হন।
৫৬

নিখিল বস্তুতে যিনি স্নেহাদি বর্জিত
প্রিয় বা অপ্রিয়াগমে দ্বন্দ্ব বিরহিত
প্রজ্ঞা প্রতিষ্ঠিত তার
রাগ দ্বেষ নাহি যার
সদয় সরল ভাবে সমাজে পূজিত।
৫৭

যথা কূর্ম নিজ অঙ্গ নিজেতে লুকায়
এবম্বিধ প্রায় নর সদানন্দ ময়
নিজের ইন্দ্রিয়গণে
শব্দাদি বিষয় বনে
প্রত্যাহৃত সঞ্চরণে—করেন নিশ্চয়।
জ্ঞান নিষ্ঠে যোগিশ্রেষ্ঠে
স্থিত প্রজ্ঞ কয়। ৫৮

বিষয়া বিনিবর্ত্তন্তে নিরাহারস্য দেহিনঃ।
রসবর্জ্জং রসোঽপ্যস্য পরং দৃষ্ট্বা নিবর্ততে ॥ ৫৯

যততো হ্যপি কৌন্তেয় পুরুষস্য বিপশ্চিতঃ।
ইন্দ্রিয়াণি প্রমাথীনি হরন্তি প্রসভং মনঃ ॥ ৬০

তানি সর্ব্বাণি সংযম্য যুক্ত আসীত মৎপরঃ।
বশে হি যস্যেন্দ্রিয়াণি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥৬১

বিষয় গ্রহণাসক্ত
যিনি ব্রহ্মাসক্তচিত্ত
ইন্দ্রিয় বিষয় রস বিনিবৃত্ত বটে—
পরব্রহ্ম দরশন
ঘটিলে বিষয়ী মন
যথার্থ বিষয় ত্যাগ ঘটনায় ঘটে। ৫৯

শাস্ত্রজ্ঞ পুরুষ মন প্রমাথি ইন্দ্রিয় গণ
যত্নশীল থাকিলেও করয়ে হরণ।
তাতেই বর্ণিত হয় ভীষণ ইন্দ্রিয়চয়
ব্রহ্ম দরশন বিনা নাহি যার ক্ষয়।
৬০

আমাতে অর্পিত মন
আত্মস্থ যোগীন্দ্রগণ
ইন্দ্রিয় সংযত করি থাকেন সতত।
ইন্দ্রিয় যাহার বশে
নিশ্চয় সে হেতু বশে
তার প্রজ্ঞা প্রতিষ্ঠিতা হয় সুনিশ্চিত।
৬১

ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ সঙ্গস্তেষূপজায়তে।
সঙ্গাৎ সঞ্জায়তে কামঃ কামাৎ
ক্রোধোঽভিজায়তে ॥৬২

ক্রোধাদ্ভবতি সম্মোহঃ সম্মোহাৎ স্মৃতিবিভ্রমঃ।
স্মৃতিভ্রংশাদ্ বুদ্ধিনাশো বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি ॥৬৩

রাগদ্বেষবিযুক্তৈস্তু বিষয়ানিন্দ্রিয়ৈশ্চরন্।
আত্মবশ্যৈর্বিধেয়াত্মা প্রসাদমধিগচ্ছতি ॥ ৬৪

বিষয় সমূহ চিন্তা করিতে করিতে
আসক্তি নিশ্চয় জন্মে তীব্র বিষয়েতে।
সঙ্গফলে জন্মে মনে অশেষ কামনা
কাম হতে ক্রোধোৎপত্তি চিরদিন জানা।।

৬২

ক্রোধ রিপু হতে মোহ বিজ্ঞান বাধক
স্মৃতিভ্রংশ দুঃখমূল বুদ্ধি বিনাশক।
বুদ্ধি বা বিবেক নাশে হয় সর্বনাশ
এই তত্ত্বে দৃঢ়চিত্তে রাখিও বিশ্বাস।

৬৩

বিষয়ে আসক্তি কিংবা বিদ্বেষ বর্জিত
চিত্ত বশীভুত জন সর্বেন্দ্রিয় দিয়া
বিচরণ করিলেও যেহেতু সংযত
চির প্রসন্নতা লভে, শুদ্ধ তার হিয়া।

৬৪

প্রসাদে সর্ব্বদুঃখানাং হানিরস্যোপজায়তে।
প্রসন্নচেতসো হ্যাশু বুদ্ধিঃ পর্য্যবতিষ্ঠতে॥ ৬৫

নাস্তি বুদ্ধিরযুক্তস্য ন চাযুক্তস্য ভাবনা।
ন চাভাবয়তঃ শান্তিরশান্তস্য কুতঃ সুখম্॥ ৬৬

ইন্দ্রিয়াণাং হি চরতাং যন্মনোঽনুবিধীয়তে।
তদস্য হরতি প্রজ্ঞাং বায়ুর্নাবমিবাম্ভসি॥ ৬৭

চিত্ত প্রসন্নতা লাভে সর্ব দুঃখ ক্ষয়
স্বস্থ বুদ্ধি আত্মরূপে সুনিশ্চল হয়।
৬৫

অপ্রসন্ন বুদ্ধি যেবা তার আত্মজ্ঞান
থাকেনা কখনো পার্থ সে চির অজ্ঞান।
সমাহিত চিত্ত নহে যেই নর ভবে
পরমার্থ-জ্ঞান তার কেমনে সম্ভবে ?
পরমাত্ম জ্ঞানহীনে শান্তি কোথা রয়
বিষয় সতৃষ্ণ জনই অসুখ নিলয়। ৬৬

বিষয়ে ধাবিত সেই ইন্দ্রিয় নিচয়
যার প্রতি মন নিত্য সমাকৃষ্ট হয়
অসংযত যেই জন, বিবেক হরণ—
বিষয় বিষাক্ত চিত্ত সে উদাহরণ—
বায়ু যথা নৌকা বেগে বিপথে চালায়
ইন্দ্রিয় আবেগ হায় বিপদে
ফেলায়। ৬৭

তস্মাদ্ যস্য মহাবাহো নিগৃহীতানি সর্ব্বশঃ ।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৬৮

যা নিশা সর্ব্বভূতানাং তস্যাং জাগর্ত্তি সংযমী ।
যস্যাং জাগ্রতি ভূতানি
সা নিশা পশ্যতো মুনেঃ ॥ ৬৯

আপূর্য্যমাণমচলপ্রতিষ্ঠং
সমুদ্রমাপঃ প্রবিশন্তি যদ্বৎ ।
তদ্বৎ কামা যং প্রবিশন্তি সর্ব্বে
স শান্তিমাপ্নোতি ন কামকামী ॥ ৭০

স্থিত প্রজ্ঞ তিনি হন নাহিক সংশয়
ইন্দ্রিয় বিষয় যাঁর বিনিবৃত্ত হয় ।৬৮ ।

সকল ভূতের যাহা রাত্রি মনে হয়
স্থিতপ্রজ্ঞ সাধু তায় জাগরিত রয় ।
যে ক্ষণে নিখিল ভূত রহে জাগরিত
স্থিতপ্রজ্ঞ সবিশেষ সেথায় নিদ্রিত ।
৬৯ ।

পার্থ, যথা জল রাশি
মিলে' সমুদ্রেতে আসি
নির্বিকারে বেলা নাহি
অতিক্রম করে ।
ব্রহ্মে প্রতিষ্ঠিত যিনি
জিতেন্দ্রিয় মহাজ্ঞানী—
বিষয়েও অবিকৃত রণ চিরতরে ।
শান্তি অধিকারী তিনি
সুখ দুঃখ সমজ্ঞানী
ব্রহ্মানন্দ লাভ ঘটে নিশ্চয় তাঁহার ।
বিষয় কামনা যার
সে শান্তি কোথায় তার
বিষয় বিষম বিষে দগ্ধ চিত্ত তার ।
৭০ ।

বিহায় কামান্ যঃ সর্ব্বান্ পুমাংশ্চরতি নিঃস্পৃহঃ ।
নির্ম্মমো নিরহঙ্কারঃ স শান্তিমধিগচ্ছতি ॥ ৭১

এষা ব্রাহ্মী স্থিতিঃ পার্থ নৈনাং প্রাপ্য বিমুহ্যতি ।
স্থিত্বাঽস্যামন্তকালেঽপি ব্রহ্মনির্ব্বাণমৃচ্ছতি ॥ ৭২

ইতি শ্রীমহাভারতে শত সাহস্র্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং ভীষ্ম পর্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূ
পনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদে সাংখ্য
যোগো নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ ।

যে মানব সর্ব কাম্য করিয়া বর্জন
নির্মম নিরহঙ্কার তৃষ্ণাহীন হন।
চিরস্থির শান্তি লাভে তিনি অধিকারী
শাস্ত্র সিদ্ধ মত ইহা বুঝহ বিচারি।

৭১।

ব্রাহ্মীস্থিতি ইহা পার্থ লভিলে নিশ্চয়
মোহগর্ত্তে নিপাতিত সে মানব নয়।
আজীবন জ্ঞানীজন জ্ঞান মার্গে গতি
সুচির নির্ব্বাণ লাভ করেন সুমতি।
৭২।

সাংখ্যযোগ উপদেশ
এস্থানে হইল শেষ
মহাযুদ্ধ পরিবেশ অনুকূল কারী—
সর্বশান্তি কর হরি অধর্ম বিনাশকারী—
দুর্বলতা পরিহরি কহিলা বিচারি।

তৃতীয়োঽধ্যায়ঃ

কর্ম্ম-যোগ

অর্জ্জুন উবাচ—

জ্যায়সী চেৎ কর্ম্মণস্তে মতা বুদ্ধির্জ্জনার্দ্দন।
তৎ কিং কর্ম্মণি ঘোরে মাং নিয়োজয়সি কেশব॥১

ব্যামিশ্রেণেব বাক্যেন বুদ্ধিং মোহয়সীব মে।
তদেকং বদ নিশ্চিত্য যেন শ্রেয়োঽহমাপ্নুয়াম্॥২

অর্জুন কহিলা কই ওহে জনার্দন
কর্ম্মাপেক্ষা জ্ঞান শ্রেষ্ঠ বুঝিনু যখন
কেন মোরে ঘোর কর্ম্মে নিয়োজিত কর
হে কেশব, কর্ম্মবাদ অতি ভয়ঙ্কর ।১

মনে হয় মিশ্র বাক্যে বুদ্ধি-মোহ আনি
বিভ্রান্ত করিছ মোরে তাই হেন গ্লানি ।
পরীক্ষা করো না কৃষ্ণ কহ কৃপা করি
এক পথ, যাতে সত্য
তথ্য পেতে পারি ।২

শ্রীভগবানুবাচ—

লোকেঽস্মিন্ দ্বিবিধা নিষ্ঠা পুরা প্রোক্তা ময়ানঘ
জ্ঞানযোগেন সাংখ্যানাং কর্ম্মযোগেন
যোগিনাম্ ॥ ৩

ন কর্ম্মণামনারম্ভান্নৈষ্কর্ম্ম্যং পুরুষোঽশ্নুতে।
ন চ সংন্যাসনাদেব সিদ্ধিং সমধিগচ্ছতি ॥ ৪

শুনি অর্জ্জুনের বাণী
কৃষ্ণ কহিলা তখনি
হে নিস্পাপ দুই পথ বলিয়াছি বটে।
অধিকারী ভেদে যাহা
পুর্ব বিনির্দিষ্ট তাহা
সাংখ্যবিধ জ্ঞানী পক্ষে জ্ঞানমার্গ ভাল।
কর্মযোগে অধিকারী
অন্যপথ পরিহরি
কর্মপথে যাবে তরি পার্থ চিরকাল।৩

কর্মের সাধন হীন
কেহ নাহি কোন দিন
কর্মত্যাগ করিবারে সমর্থ ধরায়।
কর্মত্যাগ না ঘটিলে
সিদ্ধিলাভ কোন কালে
কেহ না করিতে পারে।
বলিনু তোমায়।৪

নহি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্ম্মকৃৎ।
কার্য্যতেহ্যবশঃ কর্ম্ম সর্ব্বঃ প্রকৃতিজৈর্গুণৈঃ ।। ৫

কর্ম্মেন্দ্রিয়াণি সংযম্য য আস্তে মনসা স্মরন্।
ইন্দ্রিয়ার্থান্ বিমূঢ়াত্মা মিথ্যাচারঃ স উচ্যতে ।। ৬

যস্ত্বিন্দ্রিয়াণি মনসা নিয়ম্যারভতেহর্জ্জুন।
কর্ম্মেন্দ্রিয়ৈঃ কর্ম্মযোগমসক্তঃ স বিশিষ্যতে ।। ৭

কভু কেহ ক্ষণকাল
জান পার্থ চিরকাল
কর্ম্ম না করিয়া ভবে থাকিতেনাপারে।
প্রাকৃতিক গুণাধীন
জনগণ চিরদিন
অবশ হইয়া পার্থ হয় কর্মে লীন।৫

সংসারে যে মূঢ়জন
কর্মেন্দ্রিয় সংযমন
করিয়া করয়ে মনে বিষয় চিন্তন।
সেই কিন্তু মিথ্যাচারী
বুঝহ মনে বিচারি
ইতোভ্রষ্টস্ততোনষ্ট ভাগ্যহীন জন।৬

কিন্তু কর্মে অনাসক্ত হৃদয়ে পরমভক্ত
কর্মদক্ষ কর্মেন্দ্রিয়ে কর্ম অনুষ্ঠান
করেন তাদৃশ জন মিথ্যাচারী কভু নন
বৈধ কর্মনিষ্ঠ, শিষ্ট বিবেচিত হন।৭

নিয়তং কুরু কর্ম্ম ত্বং কর্ম্ম জ্যায়ো হ্যকর্ম্মন :।
শরীরযাত্রাপি চ তে ন প্রসিধ্যেদকর্ম্মণঃ ।। ৮

যজ্ঞার্থাৎ কর্ম্মণোঽন্যত্র লোকোঽয়ং কর্ম্মবন্ধনঃ।
তদর্থং কর্ম্ম কৌন্তেয় মুক্তসঙ্গঃ সমাচর ।। ৯

সহযজ্ঞাঃ প্রজাঃ সৃষ্ট্বা পুরোবাচ প্রজাপতিঃ।
অনেনপ্রসবিষ্যধ্বমেষ বোঽস্ত্বিষ্টকামধুক্ ।। ১০

শাস্ত্রাদিষ্ট নিত্য কর্ম কর অনুষ্ঠান
অকর্ম হইতে সৎ কর্মে শ্রেষ্ঠ স্থান।
কর্ম বিনা দেহ রক্ষা সম্ভব না হয়
বৈধ কর্ম ধর্ম মার্গে সুপ্রসিদ্ধ রয়।৮

যজ্ঞার্থে যে অনুষ্ঠেয় কর্মশাস্ত্র মতে।
কর্মের বন্ধন কিন্তু না ঘটে তাহাতে
যজ্ঞ ভিন্ন সর্ব কর্ম বন্ধের কারণ
মুক্ত সঙ্গ হয়ে কর্ম কর আহরণ। ৯

সৃষ্টির প্রারম্ভে সেই বৈরাজ পুরুষ
যজ্ঞসৃষ্টি সহকারে
ব্রাহ্মণাদি সৃষ্টি করে
প্রজার কল্যাণ তরে বৈদিক বচন
কহিলেন যজ্ঞযোগে
নিখিল সমৃদ্ধি ভোগে
তোমাদের হবে ইথে অভীষ্ট পূরণ।
বর্ণাশ্রমোচিত কর্ম
দানিবে নিখিল শর্ম
শাস্ত্র মর্ম অনুসারে চল অনুক্ষণ।১০

দেবান্ ভাবয়তানেন তে দেবা ভাবয়ন্তু বঃ।
পরস্পরং ভাবয়ন্তঃ শ্রেয়ঃ পরমবাপ্স্যথ ।। ১১

ইষ্টান্ ভোগান্হি বো দেবা দাস্যন্তে যজ্ঞভাবিতাঃ।
তৈর্দ্দত্তানপ্রদায়ৈভ্যো যো ভুঙ্‌ক্তে স্তেন এব সঃ ॥ ১২

যজ্ঞশিষ্টাশিনঃ সন্তো মুচ্যন্তে সর্ব্বকিল্বিষৈঃ।
ভুঞ্জতে তে ত্বঘং পাপা যে পচন্ত্যাত্মকারণাৎ।। ১৩

অন্নাদ্ভবন্তি ভূতানি পর্জ্জন্যাদন্নসম্ভবঃ।
যজ্ঞাদ্ভবতি পর্জ্জন্যো যজ্ঞঃ কর্ম্মসমুদ্ভবঃ।। ১৪

বৈধ যজ্ঞ বলে কর দেবতা ভাবনা
তোমাদের ভাবনাও দৈবের ঘটনা !
পরস্পর ভাবনায় উভয় লোকের
পরম মঙ্গল লাভ হবে সকলের ।১১

যজ্ঞেতে অর্চিত হয়ে পূজ্য দেবগণ
অভীষ্ট বাঞ্ছিত ভোগ্য করেন অর্পণ ।
দৈব হ'তে প্রাপ্ত ভোজ্য উৎসর্গ না ক'রে
ভোগ করে অকৃতজ্ঞ পুষ্ট চৌর্য করে ।১২

দৈবযজ্ঞে অন্নাদির শেষ ভোজী যাঁরা
পরম ধার্মিক সর্ব পাপ মুক্ত তাঁরা
যাঁরা আত্মম্ভরি মাত্র নিজ প্রয়োজনে
অন্ন পাক করে তারা শক্ত পাপাশনে ।১৩

অন্ন হতে ভূত দেহ জন্মে নিরন্তর
অন্নের উৎপত্তি হয় বর্ষণের পর
যজ্ঞাহুতি দান ফলে মেঘের জনম
সে পর্জন্যে যজ্ঞকর্ম সমুদ্ভূত হন । ১৪

কর্ম্ম ব্রহ্মোদ্ভবং বিদ্ধি ব্রহ্মাক্ষরসমুদ্ভবম্।
তস্মাৎ সর্ব্বগতং ব্রহ্ম নিত্যং যজ্ঞে প্রতিষ্ঠিতম্ ॥ ১৫

এবং প্রবর্ত্তিতং চক্রং নানুবর্ত্তয়তীহ যঃ।
অঘায়ুরিন্দ্রিয়ারামো মোঘং পার্থ স জীবতি। ১৬

যস্ত্বাত্মরতিরেব স্যাদাত্মতৃপ্তশ্চ মানবঃ।
আত্মন্যেব চ সন্তুষ্টস্তস্য কার্য্যং ন বিদ্যতে। ১৭

নৈব তস্য কৃতেনার্থো নাকৃতেনেহ কশ্চন।
ন চাস্য সর্ব্বভূতেষু কশ্চিদর্থব্যপাশ্রয়ঃ॥ ১৮

শাস্ত্রোক্ত যজ্ঞাদি কর্ম জন্মেবেদ হতে
ব্রহ্মাত্মক বেদ জন্মে অক্ষর হইতে।
অতএব সর্বগত বেদ নিত্যাস্থিত
যজ্ঞাত্রয়ে ব্রহ্মবেদ শুদ্ধ অবস্থিত।১৫

এইরূপ কর্ম চক্রের নাহি আচরণ
করে যারা ইন্দ্রিয়ের দাসত্ব বরণ।
পাপময় এ জীবন ভারমাত্র হয়
ব্যর্থ সে জীবনভবে বিবেচিত হয়।১৬

পরমার্থে প্রীতিমান আত্মতৃপ্ত জন
আত্মাতেই পরিতুষ্ট ধার্মিক সজ্জন
বৈধাবৈধ কোন কর্ম তাঁর নাহি রহে
শাস্ত্রজ্ঞ সুপণ্ডিতেরা এইমত কহে। ১৭

এরূপ আত্মজ্ঞ জনের এ মর জগতে
অনুষ্ঠানে প্রয়োজন নাই বিধিমতে।
কর্ম না করিলে তারে
স্পর্শে না পাপেতে
সর্বভূতে তার কর্ম না পারে আসিতে।
১৮

তস্মাদসক্তঃ সততং কার্য্যং কর্ম্ম সমাচর।
অসক্তো হ্যাচরন্ কর্ম্ম পরমাপ্নোতি পূরুষঃ॥ ১৯

কর্ম্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতা জনকাদয়ঃ।
লোকসংগ্রহমেবাপি সম্পশ্যন্ কর্ত্তুমর্হসি॥ ২০

যদ্‌যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনঃ।
স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদনুবর্ত্ততে॥ ২১

অতএব অনাসক্ত ভাবে করণীয়
নিত্যকর্ম অনুষ্ঠানে হও স্মরণীয়
নিস্কাম কর্মের যারা অনুষ্ঠান করে
আসক্তি বিহীন যেবা, মুক্তি
তার তরে। ১৯

জনকাদি মহাজ্ঞানী কর্মপথ ধরি
আদর্শ সে মতে রহি মুক্তি অধিকারী।
সংসারে আদর্শবাদে জন উপকার
কর্তব্য অবশ্য পার্থ জানিবে
তোমার।২০

শ্রেষ্ঠ জন আচরণ করেন যেমন
সাধারণে করে কিন্তু তদনুগমন।
শ্রেষ্ঠের প্রমাণ মানি
সংসারে সকল জ্ঞানী
আদর্শ রক্ষায় নিত্য যত্নশীল হন। ২১

তস্মাদসক্তঃ সততং কার্য্যং কর্ম্ম সমাচর।
অসক্তো হ্যাচরন্ কর্ম্ম পরমাপ্নোতি পূরুষঃ॥ ১৯

কর্ম্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতা জনকাদয়ঃ।
লোকসংগ্রহমেবাপি সম্পশ্যন্ কর্ত্তুমর্হসি॥ ২০

যদ্‌যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনঃ।
স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদনুবর্ত্ততে॥ ২১

অতএব অনাসক্ত ভাবে করণীয়
নিত্যকর্ম অনুষ্ঠানে হও স্মরণীয়
নিস্কাম কর্মের যারা অনুষ্ঠান করে
আসক্তি বিহীন যেবা, মুক্তি
তার তরে। ১৯

জনকাদি মহাজ্ঞানী কর্ম্মপথ ধরি
আদর্শ সে মতে রহি মুক্তি অধিকারী।
সংসারে আদর্শবাদে জন উপকার
কর্তব্য অবশ্য পার্থ জানিবে
তোমার।২০

শ্রেষ্ঠ জন আচরণ করেন যেমন
সাধারণে করে কিন্তু তদনুগমন।
শ্রেষ্ঠের প্রমাণ মানি
সংসারে সকল জ্ঞানী
আদর্শ রক্ষায় নিত্য যত্নশীল হন। ২১

ন মে পার্থাস্তি কর্ত্তব্যং ত্রিষু লোকেষু কিঞ্চন।
নানবাপ্তমবাপ্তব্যং বর্ত্ত এব চ কর্ম্মণি॥ ২২

যদি হ্যহং ন বর্ত্তেয়ং জাতু কর্ম্মণ্যতন্দ্রিতঃ।
মম বর্ত্মানুবর্ত্তন্তে মনুষ্যাঃ পার্থ সর্ব্বশঃ॥ ২৩

উৎসীদেয়ুরিমে লোকা ন কুর্য্যাং কর্ম্ম চেদহম্।
সঙ্করস্য চ কর্ত্তা স্যামুপহন্যামিমাঃ প্রজাঃ॥ ২৪

হে অর্জুন ত্রিভুবনে কর্তব্য আমার
কিছুমাত্র নাহি ইহা জেন অনিবার।
প্রাপ্য বা অপ্রাপ্য কিছু নাহি
কোনদিন
তথাপি এ কর্মযোগে রহি চিরদিন ।২২

অনলস ভাবে কর্ম যদি নাহি করি
সকল মানব তবে আমাকেই ধরি
আমার আদর্শে অনুপ্রাণিত হইবে
এ তথ্য অতীব সত্য হে পার্থ
জানিবে। ২৩

কর্মহীন মোরে হেরি
জগতের নর নারী
করিবে নিশ্চয় কর্ম বর্জন সকলে।
উৎসন্ন হইবে লোক
এ বড় দারুন শোক
নিস্কর্মা আমার দ্বারা হবে দুর্ঘটন।
সঙ্করের একমাত্র হইব কারণ
উৎসন্ন হইবে এই সর্ব জনগণ। ২৪

সক্তাঃ কর্ম্মণ্যবিদ্বাংসো যথা কুর্ব্বন্তি ভারত।
কুর্য্যাদ্ বিদ্বাংস্তথাসক্তশ্চিকীর্ষুর্লোকসংগ্রহম্॥ ২৫

ন বুদ্ধিভেদং জনয়েদজ্ঞানাং কর্ম্মসঙ্গিনাম্।
যোজয়েৎ সর্ব্বকর্ম্মাণি বিদ্বান্ যুক্তঃ সমাচরন্। ২৬

প্রকৃতেঃ ক্রিয়মাণানি গুণৈঃ কর্ম্মাণি সর্ব্বশঃ।
অহঙ্কারবিমূঢ়াত্মা কর্ত্তাহহমিতি মন্যতে॥ ২৭

অর্জুন, অজ্ঞানিগণ
আসক্তি বশে যেমন
কর্ম করে না বুঝিয়া ভাবালুতা বশে।
যে জন প্রকৃত জ্ঞানী
লোকশিক্ষা তরে তিনি
অনাসক্ত ভাবে ভবে রন কর্ম্মবশে।২৫

সংসারে প্রকৃত জ্ঞানী অজ্ঞানীর মন
বুদ্ধিভেদে যাহা নাহি চাঞ্চল্য প্রবণ
হতে পারে, যেপ্রকারে ভাবিয়া চিন্তিয়া
অবহিত চিত্তে কর্ম যাবেন করিয়া।
২৬

প্রকৃতির মায়াগুণে ক্রিয়মান কর্ম
নিষ্পন্দিত হয় স্বতঃ এটা স্থূল মর্ম।
অহঙ্কারে মূঢ়চিত্ত সদা মনে করে
আমিই কর্ম্মের কর্তা হই এ সংসারে।
২৭

তত্ত্ববিত্তু মহাবাহো গুণকর্ম্মবিভাগয়োঃ।
গুণা গুণেষু বর্ত্তন্ত ইতি মত্বা ন সজ্জতে ॥ ২৮

প্রকৃতের্গুণসংমূঢ়াঃ সজ্জন্তে গুণকর্ম্মসু।
তানকৃৎস্নবিদো মন্দান্ কৃৎস্নবিন্ন বিচালয়েৎ ॥ ২৯

ময়ি সর্ব্বাণি কর্ম্মাণি সংন্যস্যাধ্যাত্মচেতসা।
নিরাশীর্নির্ম্মমো ভূত্বা যুধ্যস্ব বিগতজ্বরঃ ॥ ৩০

প্রকৃত তত্ত্বজ্ঞ যিনি
গুণকর্ম ভেদ মানি
আত্মলিপ্ত নহে কর্মে মনে মনে জানি।
কর্তৃত্বের অভিমান
হৃদয়ে না দিয়ে স্থান
কর্মেতে আসক্ত কভু না হন বিদ্বান।২৮
প্রকৃতির গুণমুগ্ধ জনে ভ্রান্তিবশে
কর্মাসক্ত চিরদিন দম্ভের আবেশে।
মন্দ বুদ্ধি, জ্ঞান হারা
এ কথা বুঝে না যারা
জ্ঞানিগণ সে অজ্ঞানে চঞ্চল না করি
সর্বদা আদর্শবাদে
রহি স্থির পদে পদে
সর্বদা করেন কর্ম শাস্ত্র মর্ম স্মরি। ২৯
ভগবৎ কার্যবোধে
ভৃত্যসমআত্মবোধে
আমাতে নিখিল কর্ম করি সমর্পণ।
ত্যজি ফল অভিসন্ধি
নিজে হয়ে আত্মানন্দী
নির্মম ও নিরাশ ভাবে যুদ্ধে দেহ মন।
৩০

যে মে মতমিদং নিত্যমনুতিষ্ঠন্তি মানবাঃ ।
শ্রদ্ধাবন্তোঽনসূয়ন্তো মুচ্যন্তে তেঽপি কর্ম্মভিঃ ।।৩১

যে ত্বেতদভ্যসূয়ন্তো নানুতিষ্ঠন্তি মে মতম্ ।
সর্ব্বজ্ঞানবিমূঢ়াংস্তান্ বিদ্ধি নষ্টানচেতসঃ ।।৩২

সদৃশং চেষ্টতে স্বস্যাঃ প্রকৃতের্জ্ঞানবানপি ।
প্রকৃতিং যান্তি ভূতানি নিগ্রহঃ কিং করিষ্যতি ।।৩৩

যাঁহারা নিষ্কাম কর্মে শ্রদ্ধাবান রহি
অসূয়া বিহীন মনে হয়ে আজ্ঞাবাহী
আমার নির্দিষ্ট সর্ব কর্ম অনুষ্ঠান
করেন, বন্ধন হতে পরিত্রান পান। ৩১

শ্রদ্ধাহীন যাঁরা মম বাক্য নিন্দাকারী
আমার মতের সদা প্রতিকূলাচারী
বিবেক বিহীন বলি জানিও নিশ্চয়
নষ্ট চিত্ত অতি মূঢ় তারা নিঃসংশয়।৩২

জ্ঞানীজন ও প্রকৃতির অনুরূপ কাজ
করিতে প্রযত্ন-পর নাহি তায় ব্যাজ।
জগতের প্রাণীগণ প্রকৃতির বশে
থাকিয়া স্বকর্ম করে মূঢ়তা পরশে।
শাসন বিধানে কিছু ফলোদয় নাই
প্রবল প্রকৃতি তথ্য জানিবে ইহাই।
৩৩

ইন্দ্রিয়স্যেন্দ্রিয়স্যার্থে রাগদ্বেষৌ ব্যবস্থিতৌ।
তয়োর্ন বশমাগচ্ছেৎ তৌ হ্যস্য পরিপন্থিনৌ ॥৩৪

শ্রেয়ান্ স্বধর্ম্মো বিগুণঃ পরধর্ম্মাৎ স্বনুষ্ঠিতাৎ।
স্বধর্ম্মে নিধনং শ্রেয়ঃ পরধর্ম্মো ভয়াবহঃ ॥৩৫

অর্জ্জুন উবাচ—

অথ কেন প্রযুক্তোহয়ং পাপঞ্চরতি পূরুষঃ।
অনিচ্ছন্নপি বার্ষ্ণেয় বলাদিব নিয়োজিতঃ। ৩৬

নিখিল ইন্দ্রিয় গত আসক্তি বিদ্বেষ
অবশ্যম্ভাবী জানি ভাবিয়া বিশেষ।
রাগদ্বেষ বশীভূত না হবে কখন
মুক্তির বিরোধী হয় এই দুই জন। ৩৪

দোষযুক্ত নিজধর্ম ভাল শতগুণে
সুষ্ঠু পর ধর্ম হতে ভেবে দেখ মনে।
পরধর্ম ভয়াবহ জানিবে সুস্থির
স্বধর্মে নিধনও ভাল বিধান বিধির।
৩৫

অর্জুন কহেন কৃষ্ণ বল দয়া করে
জেনে শুনে কেন লোকে গুরু
পাপ করে।
যন্ত্র চালিতের ন্যায় কোন শক্তি বলে
অনিচ্ছায়ও পাপ পথে নরগণ চলে ?
৩৬

শ্রীভগবানুবাচ—

কাম এষ ক্রোধ এষ রজোগুণসমুদ্ভবঃ।
মহাশনো মহাপাপ্মা বিদ্ধ্যেনমিহ বৈরিণম্ ॥৩

ধূমেনাব্রিয়তে বহ্নির্যথাদর্শো মলেন চ।
যথোল্বেনাবৃতো গর্ভস্তথা তেনেদমাবৃতম্ ॥ ৩৮

আবৃতং জ্ঞানমেতেন জ্ঞানিনো নিত্যবৈরিণা।
কামরূপেণ কৌন্তেয় দুষ্পূরেণানলেন চ ॥ ৩৯

ভগবান কহিলেন শুনহ অর্জুন
এর মূল হেতুরূপে রহে রজোগুণ।
কাম ক্রোধ দুই রিপু রজোগুণ জাত
মহাশত্রু এই দুয়ে হও পরিজ্ঞাত। ৩৭

ধূম দ্বারা বহ্নি যথা থাকে সমাবৃত
মালিন্য যেমন থাকে দর্পণে জড়িত।
গর্ভের বেষ্টন চর্মে সন্তান যেমন
সমাবৃত থাকে জ্ঞান কামেতে তেমন।
৩৮

জ্ঞানীর পরম শত্রু কামনা বশত
যথার্থ বিজ্ঞান ঢাকা থাকয়ে সতত।
দুষ্পূর অনল দিয়া বিবেকীর জ্ঞান
সমাবৃত হয়ে থাকে জানহ সন্ধান।
৩৯

ইন্দ্রিয়াণি মনো বুদ্ধিরস্যাধিষ্ঠানমুচ্যতে।
এতৈর্বিমোহয়ত্যেষ জ্ঞানমাবৃত্য দেহিনম্॥ ৪০

তস্মাৎ ত্বমিন্দ্রিয়াণ্যাদৌ নিয়ম্য ভরতর্ষভ।
পাপ্মানং প্রজহি হ্যেনং জ্ঞানবিজ্ঞান-নাশনম্॥ ৪১

ইন্দ্রিয়াণি পরাণ্যাহুরিন্দ্রিয়েভ্যঃ পরং মনঃ।
মনসস্তু পরা বুদ্ধির্যো বুদ্ধেঃ পরতস্তু সঃ॥ ৪২

সমস্ত ইন্দ্রিয়গণ সাংকল্পিক মন
বুদ্ধি সুনিশ্চয়াত্মিকা, কামনার ধন
এহেন তুর্জয় কাম দেহাভিমানীকে
অজ্ঞানতা আবরণে নিজবশে রাখে।

৪০

হে ভারত-বংশশ্রেষ্ঠ পার্থ প্রিয়তম
প্রথমে ইন্দ্রিয় গণে করহ সংযম।
জ্ঞান ও বিজ্ঞান নাশ কারক দুর্দম
পাপ কাম কর ধ্বংস সে বড় বিষম।৪১

ভূতদেহ হতে শ্রেষ্ঠ ইন্দ্রিয় সকল
ইন্দ্রিয় সমূহ হতে শ্রেষ্ঠ মনোবল
মন হতে বুদ্ধি শ্রেষ্ঠ শাস্ত্রজ্ঞ সম্মত
বুদ্ধি হতে উর্ধ্বে আত্মা পণ্ডিতের মত।

৪২

এবং বুদ্ধেঃ পরং বুদ্ধ্বা সংস্তভ্যাত্মানমাত্মনা ।
জহি শত্রুং মহাবাহো কামরূপং দুরাসদম্ ॥ ৪৩

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি শ্রীমদ্ভগবদ্গীতা-
সূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জুনসংবাদে কর্মযোগো
নাম তৃতীয়োঽধ্যায়ঃ ।

শুদ্ধ বুদ্ধি দিয়া মন সমাহিত করি
করহ বিনাশ সেই কামরূপ অরি।
আত্মমন সংযমনে বুদ্ধি স্থির হয়
বুদ্ধির সাক্ষাৎ দ্রষ্টা আত্মাই নিশ্চয়।

৪৩

তৃতীয় অধ্যায় হয় কামনা নাশক
এখানে সমাপ্ত হল বহ্নি বেদাত্মক
শ্লোক যোগে, ভগবান কহিলেন সার
কর্মযোগে অবসান হোক কামনার ॥

চতুর্থোঽধ্যায়ঃ

জ্ঞানযোগ

শ্রীভগবানুবাচ—

ইমং বিবস্বতে যোগং প্রোক্তবানহমব্যয়ম্ ।
বিবস্বান্ মনবে প্রাহ মনুরিক্ষ্বাকবেঽব্রবীৎ ॥১

এবং পরম্পরাপ্রাপ্তমিমং রাজর্ষয়ো বিদুঃ ।
সকালেনেহ মহতা যোগো নষ্টঃ পরন্তপ ॥২

এই জ্ঞান যোগবার্তা শ্রীশ্রীভগবান
অর্জুনেরে কহিলেন, কর অবধান
এই অবিনাশী যোগ কল্পের প্রথমে
আমি নিজে বলিয়াছি সূর্যসন্নিধানে।
পরে সূর্য নিজ পুত্র মনুর সকাশে
ইক্ষ্বাকুকে বলিলেন মনু অবশেষে।
১

পরম্পরা সম্বন্ধেতে যোগ এ প্রকার
জানেন রাজর্ষি যত
করিয়া বিচার
মহাকাল প্রভাবেতে বিনষ্ট সে যোগ
পরন্তপ পার্থ তাই এত দুঃখ ভোগ।২

স এবায়ং ময়া তেঽদ্য যোগঃ প্রোক্তঃ পুরাতনঃ।
ভক্তোঽসি মে সখা চেতি রহস্যং হ্যেতদুত্তমম্ ॥৩

অর্জ্জুন উবাচ—

অপরং ভবতো জন্ম পরং জন্ম বিবস্বতঃ।
কথমেতদ্বিজানীয়াং ত্বমাদৌ প্রোক্তবানিতি ॥৪

শ্রীভগবানুবাচ—

বহূনি মে ব্যতীতানি জন্মানি তব চার্জ্জুন।
তান্যহং বেদ সর্ব্বাণি ন ত্বং বেত্থ পরন্তপ ॥৫

অজোঽপি সন্নব্যয়াত্মা ভূতানামীশ্বরোঽপি সন্।
প্রকৃতিং স্বামধিষ্ঠায় সম্ভবাম্যাত্মমায়য়া ॥৬

পুরাতন সেই যোগ বলিনু তোমায়
ভক্ত সখা তুমি তাই এ রহস্য ময় ॥ ৩

শুনিয়া শ্রীকৃষ্ণবাণী
অর্জুন প্রকৃষ্ট জ্ঞানী
কহিলা বিস্ময় ভরে সে কেমন কথা,
তোমার জনম পরে সূর্য আদিমন্বন্তরে
কেমনে বলিলে আগে সূর্য্যের গোচরে ?
৪

শ্রীকৃষ্ণ কহেন পার্থ এ মর সংসারে
আমার ও তোমার বহু জন্ম জন্মান্তরে
অতীত হইল কত তাহা আমি অবগত
তুমি তাহা নাহি জান সে হেতু বিব্রত।
৫

অব্যয়াত্মা আমি বটে জন্ম নাহি মম
নিখিল ভূতের হই অধীশ নির্মম।
তথাপি এপ্রকৃতির অধীনতা বশে
স্বমায়ায় সৃষ্টি তরে যাই জন্মবশে। ৬

যদা যদা হি ধর্ম্মস্য গ্লানির্ভবতি ভারত।
অভ্যুত্থানমধর্ম্মস্য তদাত্মানং সৃজাম্যহম্ ॥৭

পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম্।
ধর্ম্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে ॥৮

জন্ম কর্ম্ম চ মে দিব্যমেবং যো বেত্তি তত্ত্বতঃ।
ত্যক্ত্বা দেহং পুনর্জন্ম নৈতি মামেতি সোঽর্জ্জুন ॥৯

যখন ধর্মের গ্লানি হয় সৃষ্টি মাঝে
আবির্ভূত হই আমি অভিনব সাজে
অধর্মের অভ্যুত্থান করি প্রশমিত
এইত প্রকৃতি মোর জানিও ভারত।

৭

সাধু পরিত্রাণ আর অধর্ম বিনাশ
কারণেই যুগে যুগে আমার প্রকাশ
ধর্মের স্থাপন তরে নানা অবতারে
অজ আমি লভি জন্ম ধর্ম রক্ষা তরে।

৮

যথার্থ ভাবেতে যিনি তত্ত্ব অবগত
আমার এ জন্ম কর্ম তত্ত্বজ্ঞ সম্মত।
দেহান্তে অর্জুন তার পুনর্জন্ম নাই
আমাকেই প্রাপ্ত হনতিনিজেন তাই।

৯

বীতরাগভয়ক্রোধা মন্ময়া মামুপাশ্রিতাঃ।
বহবো জ্ঞানতপসা পূতা মদ্ভাবমাগতাঃ ॥১০

যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্।
মম বর্ত্মানুবর্ত্তন্তে মনুষ্যাঃ পার্থ সর্ব্বশঃ ॥১১

কাঙ্ক্ষন্তঃ কর্ম্মণাং সিদ্ধিং যজন্ত ইহ দেবতাঃ।
ক্ষিপ্রং হি মানুষে লোকে সিদ্ধির্ভবতি কর্ম্মজা ॥১২

ভয়াসক্তি ক্রোধ মুক্ত আমার আশ্রিত
জ্ঞানের সাধক বহু সু পবিত্র চিত ;
মুক্তি মার্গে অগ্রসর হইয়া আমাতে
স্বরূপত সম্মিলিত হন বিধি মতে।
১০

ত্যাগী ভোগী উদাসীন রুচি অনুসারে
অভীষ্ট সাধনে মগ্ন উপাসনা করে।
আমি কিন্তু তার সেই অভিপ্রায় মত
কাম্য ফল করি দান সংসারে নিয়ত।
হে পার্থ সকলে স্বার্থ সিদ্ধিলাভ তরে
থাকিয়া আমার পথে উপাসনা করে।
১১

শ্রুতি স্মৃতি বিধিমতে
রহি শুদ্ধ ধর্ম পথে
ইষ্ট সিদ্ধি তরে নানা দেবতা পূজায়,
করেন অর্চনা যজ্ঞ
এ বিধিও দেবযোগ্য
অতিক্ষিপ্র, সিদ্ধিলাভ ঘটে সর্ব্বদায়।
১২

চাতুর্ব্বর্ণ্যং ময়া সৃষ্টং গুণকর্ম্মবিভাগশঃ।
তস্য কর্ত্তারমপি মাং বিদ্ধ্যকর্ত্তারমব্যয়ম্ ॥১৩

ন মাং কর্ম্মাণি লিম্পন্তি ন মে কর্মফলে স্পৃহা।
ইতি মাং যোঽভিজানাতি কর্ম্মভির্ন স বধ্যতে ॥ ১৪

এবং জ্ঞাত্বা কৃতং কর্ম্ম পূর্ব্বৈরপি মুমুক্ষুভিঃ।
কুরু কর্ম্মৈব তস্মাৎ ত্বং পূর্ব্বৈঃ পূর্ব্বতরং কৃতম্ ॥ ১৫

গুণ কর্ম বিভাগেতে বর্ণ চতুষ্টয়
আমার কর্তৃত্বে সৃষ্ট জগতে নিশ্চয়-
তার সৃষ্টি কর্তা আমি হলেও ধরায়
অকর্তা বলিয়া জেন আমি যে অব্যয়।
১৩

কিন্তু কর্ম কভু মোরে স্পর্শ নাহি করে
কর্ম ফলে বাঞ্ছা মোর
থাকিতে না পারে
এরূপ জানেযিনি সরল সজ্জন
কোন কর্মফলে বদ্ধ নহে তাঁর মন।
১৪

কর্মফলে স্পৃহাশূণ্য অকর্তা, তাঁহার
পরমাত্মজ্ঞানে মুক্তিকামীর বিচার,
আচরি নিস্কাম কর্ম আদর্শ স্থাপন
করিলেন, পূর্ব হতে সুপ্রাচীনগণ॥
অতএব কর্মত্যাগ না কর অর্জুন
বিশুদ্ধ নিস্কাম কর্ম কর আচরণ।
১৫

কিং কর্ম্ম কিমকর্ম্মেতি কবয়োঽপ্যত্র মোহিতাঃ।
তত্তে কর্ম্ম প্রবক্ষ্যামি যজ্‌জ্ঞাত্বা
মোক্ষ্যসেঽশুভাৎ ॥ ১৬

কর্ম্মণো হ্যপি বোদ্ধব্যং বোদ্ধব্যঞ্চ বিকর্ম্মণঃ।
অকর্ম্মণশ্চ বোদ্ধব্যং গহনা কর্ম্মণো গতিঃ ॥ ১৭

কর্ম্মণ্যকর্ম্ম যঃ পশ্যেদকর্ম্মণি চ কর্ম্ম যঃ।
স বুদ্ধিমান্ মনুষ্যেষু স যুক্তঃ কৃৎস্নকর্ম্মকৃৎ ॥ ১৮

কিবা কর্ম কি অকর্ম করিতে বিচার
সুপণ্ডিত কবিগণও মুগ্ধ নিরন্তর।
আমিই প্রকৃত কর্ম বলিব তোমায়
জানিয়া অশুভ হতে মুক্তি পাবে তায়।
১৬

শাস্ত্রবিধি সিদ্ধ কর্ম
কিম্বা অবিহিত কর্ম
অকর্ম বা কর্মভাব তত্ত্ব সমুদায়।
অবশ্য বুঝিতে হবে
কর্ম গতি এই ভবে
অতীব গহন বুঝা সহজে না যায়।
১৭

সাধারণ কর্মে যার অকর্ম দর্শন
কর্মাভাবে বা অকর্মে কর্মত্ব মনন
যাঁহার, তিনিই কিন্তু ভবে বুদ্ধিমান
যোগযুক্ত তিনি সর্ব কর্মীর প্রধান।
১৮

যস্য সর্ব্বে সমারম্ভাঃ কামসংকল্পবর্জিতাঃ।
জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মাণং তমাহুঃ পণ্ডিতং বুধাঃ॥ ১৯

ত্যক্ত্বা কর্ম্মফলাসঙ্গং নিত্যতৃপ্তো নিরাশ্রয়ঃ।
কর্ম্মণ্যভিপ্রবৃত্তোঽপি নৈব কিঞ্চিৎ করোতি সঃ॥ ২০

সর্ব কর্ম সমারম্ভ, ভুবনে বর্জ্জিত দম্ভ
সেইজন কামশূণ্য পুণ্যকর্ম্ম।
জ্ঞান রূপ অগ্নিদগ্ধ
কর্ম যার, সে বিদগ্ধ
প্রকৃত পণ্ডিত বলি পরিচিত হয়।

১৯

আসক্তি ত্যজিয়া কর্ম করে যেইজন
নিত্যতৃপ্ত নিরাশ্রয় নিরবলম্বন—
অর্থাৎ ঈশ্বর বিনা অপর আশ্রয়
নাহি তার ইহ পর কালের উপায়।
তথাবিধি আত্মজ্ঞানী কর্ম লিপ্ত হয়ে
কর্মজন্য ফলশূণ্য তীর্থ ভবভয়ে।

২০

নিরাশীর্যতচিত্তাত্মা ত্যক্তসর্ব্বপরিগ্রহঃ।
শারীরং কেবলং কর্ম্ম কুর্ব্বন্নাপ্নোতি কিল্বিষম্ ।। ২১

যদৃচ্ছালাভসন্তুষ্টো দ্বন্দ্বাতীতো বিমৎসরঃ।
সমঃ সিদ্ধাবসিদ্ধৌ চ কৃত্বাপি ন নিবধ্যতে ।। ২২

গতসঙ্গস্য মুক্তস্য জ্ঞানাবস্থিতচেতসঃ।
যজ্ঞায়াচরতঃ কর্ম্ম সমগ্রং প্রবিলীয়তে ।। ২৩

সর্বভোগ্য বস্তুত্যাগী
আত্মজ্ঞ পরম যোগী
অভিমানশূণ্য যিনি কর্মনিষ্ঠ রন।
দেহ রক্ষা তরে মাত্র
মহান সংযত পাত্র
জ্ঞান নিষ্ঠ পাপ পুণ্য অতিক্রান্ত হন।
২১

যদৃচ্ছা লাভেতে তুষ্ট অবিষণ্ণ চিত্ত শিষ্ট
মাৎসর্য বিহীন হর্ষ বিষাদ বর্জিত—
বৈধ কর্মফলে বদ্ধ নাহি হন স্ব-প্রবুদ্ধ
সিদ্ধি কিম্বা অসিদ্ধিতে বৈষম্য রহিত।
২২

আসক্তি বর্জিত মুক্ত জ্ঞাননিষ্ঠ জন
যজ্ঞ হেতু কর্মলিপ্ত হলেও কখন
তার কর্ম ব্রহ্মময় ব্রহ্মে লীন হয়
আত্মজ্ঞানী চিরদিনই কর্ম লিপ্ত নয়।
২৩

ব্রহ্মার্পণং ব্রহ্ম হবির্ব্রহ্মাগ্নৌ ব্রহ্মণাহুতম্।
ব্রহ্মৈব তেন গন্তব্যং ব্রহ্মকর্ম্মসমাধিনা ॥ ২৪

দৈবমেবাপরে যজ্ঞং যোগিনঃ পর্য্যুপাসতে।
ব্রহ্মাগ্নাবপরে যজ্ঞং যজ্ঞেনৈবোপজুহ্বতি ॥ ২৫

শ্রোত্রাদীনীন্দ্রিয়াণ্যন্যে সংযমাগ্নিষু জুহ্বতি।
শব্দাদীন্ বিষয়ানন্য ইন্দ্রিয়াগ্নিষু জুহ্বতি ॥ ২৬

ব্রহ্মকর্ম সমাহিত চিত্ত ব্রহ্মবিৎ
ব্রহ্মাগ্নিতে ব্রহ্ম হবি প্রদানে সম্বিত ।
ব্রহ্মরূপে লভি ব্রহ্ম পদপ্রাপ্ত হন
ব্রহ্মকর্ম সমাধিতে ব্রহ্মার্পিত মন । ২৪

কোন কোন যোগিগণ
ব্রহ্মবোধে দেবার্চন
করেন ব্রহ্মাগ্নি যোগে যজ্ঞ আচরণ ।
যজ্ঞে যজ্ঞ সমর্পণ ।
অপর যোগীন্দ্রগণ
পরব্রহ্মে জীবব্রহ্ম আত্মসমর্পণ । ২৫

কর্মাদি ইন্দ্রিয়গণে
কোন কোন যোগিগণে
সংযম বহ্নিতে নিত্য আহুতি প্রদানে,
কেহ শব্দ বিষয়াদি ইন্দ্রিয়াগ্নিযোগে
করেন আহুতি দান বীতস্পৃহ ভোগে ।
২৬

সর্বাণীন্দ্রিয়কর্ম্মাণি প্রাণকর্ম্মাণি চাপরে ।
আত্মসংযমযোগাগ্নৌ জুহ্বতি জ্ঞানদীপিতে ।। ২৭

দ্রব্যযজ্ঞাস্তপোযজ্ঞা যোগযজ্ঞাস্তথাঽপরে ।
স্বাধ্যায়জ্ঞানযজ্ঞাশ্চ যতয়ঃ সংশিতব্রতাঃ ।। ২৮

অপানে জুহ্বতি প্রাণং প্রাণেঽপানং তথাঽপরে ।
প্রাণাপানগতী রুদ্ধা প্রাণায়ামপরায়ণাঃ ।। ২৯

কোন কোন যোগিগণ
করি আত্মসংযমন
তাদৃশযোগাগ্নিযোগে বিজ্ঞানদীপ্তিতে
নিখিল ইন্দ্রিয় কর্ম প্রাণাদি বায়ুর ধর্ম
করেন আহুতি দান যোগ শাস্ত্র মতে।
২৭

আরও কোন যোগিবৃন্দ
লভেন পরমানন্দ
দ্রব্যাহুতি দানে ইষ্ট—করি আরাধন।
দৃঢ়ব্রত যতিগণে
প্রাণায়াম সমাধানে
স্বাধ্যায়াদি অনুষ্ঠানে আত্মতৃপ্ত হন।
২৮

অপান বায়ুতে প্রাণ
প্রাণে কখনও অপান
কেহ বা আহুতি দান করেন নিয়ত।
প্রাণাপান বদ্ধ করি
কখনও কুম্ভক করি
প্রাণায়াম পরায়ণ রহেন সতত।
২৯

অপরে নিয়তাহারাঃ প্রাণান্ প্রাণেষু জুহ্বতি ।
সর্ব্বেঽপ্যেতে যজ্ঞবিদো যজ্ঞক্ষয়িত-কল্মষাঃ ॥৩০

যজ্ঞশিষ্টামৃতভুজো যান্তি ব্রহ্ম সনাতনম্ ।
নায়ং লোকোঽস্ত্যযজ্ঞস্য কুতোঽন্যঃ কুরুসত্তম ॥৩১

এবং বহুবিধা যজ্ঞা বিততা ব্রহ্মণো মুখে ।
কর্ম্মজান্ বিদ্ধি তান্ সর্ব্বানেবং
জ্ঞাত্বা বিমোক্ষ্যসে ॥ ৩২

অপর যোগীন্দ্রগণ আহারাদি সংযমন
করিয়া প্রাণেই প্রাণ আহুতি প্রদান।
এরা বিজ্ঞতম সবে ভিন্নপথে এই ভবে
বিভিন্ন যজ্ঞ মাধ্যমে ক্ষীণপাপ হন।
৩০

যজ্ঞশেষামৃতভোজী যাজ্ঞিক সজ্জন
পরব্রহ্ম সনাতন
পার্থ নিত্য প্রাপ্ত হন
যজ্ঞহীন ব্রহ্মলোকে না করে গমন।
ইহলোকও নাই তার করিও মনন।
৩১

বেদ ব্রহ্ম মুখে খ্যাত বহু যজ্ঞ কথা
সমস্তই কর্মজাত জানিবে সর্বথা।
কায় মন বাক্য যোগে এ তথ্য জানিলে
বিমুক্তি নিশ্চয় তার রহে করতলে।
৩২

শ্রেয়ান্ দ্রব্যময়াদ্‌যজ্ঞাজ্‌ জ্ঞানযজ্ঞঃ পরন্তপ।
সর্ব্বং কর্ম্মাখিলং পার্থ জ্ঞানে পরিসমাপ্যতে ॥ ৩৩

তদ্‌বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া।
উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ ॥ ৩৪

যজ্‌জ্ঞাত্বা ন পুনর্ম্মোহমেবং যাস্যসি পাণ্ডব।
যেন ভূতান্যশেষাণি দ্রক্ষ্যস্যাত্মন্যথো ময়ি ॥ ৩৫

দ্রব্য সাধ্য যজ্ঞ হতে শ্রেষ্ঠ জ্ঞানযাগ.
হউক তোমার পার্থ তাতে অনুরাগ।
নিখিল কর্মের পরিণতি হয় জ্ঞানে
ব্রহ্ম তত্ব উদ্ভাসিত প্রাণে মনে ধ্যানে।
৩৩

তাহাকে জানিবে পার্থ প্রণিপাতকরে
সেও জানে আত্মতত্ব জিজ্ঞাসা যে করে।
কায় মন বাক্যে যেবা সেবা পরায়ণ
জ্ঞানী গুরু করে তায় জ্ঞান বিতরণ।
৩৪

হে পার্থ সমুপদিষ্ট ব্রহ্মজ্ঞান লাভ
করিলে আর মূঢ়তার না রবে প্রভাব।
যে জ্ঞানের ফলে সত্য প্রত্যক্ষ করিবে
আব্রহ্মস্তম্ভ পর্যন্ত আমাতে দেখিবে।
৩৫

অপি চেদসি পাপেভ্যঃ সর্বেভ্যঃ পাপকৃত্তমঃ।
সর্বং জ্ঞান-প্লবেনৈব বৃজিনং সন্তরিষ্যসি ॥ ৩৬

যথৈধাংসি সমিদ্ধোঽগ্নির্ভস্মসাৎ কুরুতেঽর্জ্জুন।
জ্ঞানাগ্নিঃ সর্বকর্ম্মাণি ভস্মসাৎ কুরুতে তথা ॥ ৩৭

ন হি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিদ্যতে।
তৎ স্বয়ং যোগসংসিদ্ধঃ কালেনাত্মনি বিন্দতি ॥ ৩৮

শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানং তৎপরঃ সংযতেন্দ্রিয়ঃ।
জ্ঞানং লব্ধ্বা পরাং শান্তিমচিরেণাধিগচ্ছতি ॥ ৩৯

সমস্ত পাপিষ্ঠ হতে নিজেকে অধিক
পাপী যদি মনে কর, জানিবে সঠিক
জ্ঞানপ্লব যোগে সর্ব পাপের সাগর
উত্তীর্ণ হইবে পার্থ তুমি নিরন্তর ।৩৬

যথা প্রজ্বলিত বহ্নি কাষ্ঠ ভস্ম করে
তথা ব্রহ্মজ্ঞানাগ্নিতে কাম দগ্ধ করে ।
অগ্নি দগ্ধ কাম কোন ফল না প্রসবে
প্রারব্ধ কর্ম ভোগেতে সত্যময় হবে ।
৩৭

জ্ঞান নিষ্ঠ শ্রদ্ধাবান সুসংহত চিত
জ্ঞান লাভ করিবেন ইহা সুনিশ্চিত ।
জ্ঞান লাভ করিলেই অচিরে তাহার
পরম প্রশান্তি লাভে হয় অধিকার ।৩৮

গুরু ও বেদান্তবাদে
শ্রদ্ধাশীলনির্বিবাদে
ইন্দ্রিয় সংযমী জ্ঞান লভিবে নিশ্চয় ।
অচিরে পরম শান্তি
হবে লাভ যবে প্রাপ্তি
জ্ঞাননিষ্ঠ যোগিশ্রেষ্ঠ সেই জন হয় ।
৩৯

অজ্ঞশ্চাশ্রদ্দধানশ্চ সংশয়াত্মা বিনশ্যতি।
নায়ং লোকোঽস্তি ন পরো ন সুখং সংশয়াত্মনঃ। ৪০

যোগসংন্যস্তকর্ম্মাণং জ্ঞানসংচ্ছিন্নসংশয়ম্।
আত্মবন্তং ন কর্ম্মাণি নিবধ্নন্তি ধনঞ্জয় ॥ ৪১

তস্মাদজ্ঞানসম্ভূতং হৃৎস্থং জ্ঞানাসিনাত্মনঃ।
ছিত্ত্বৈনং সংশয়ং যোগ মাতিষ্ঠোত্তিষ্ঠ ভারত ॥ ৪২

অজ্ঞ যেই শ্রদ্ধাহীন সর্ব্বদা সংশয়
বিনাশ নিশ্চিত তার নাহিক সংশয়।
ইহ পরকালে সুখ তার কোন কালে
না ঘটিবে এই তত্ত্ব জান সত্য বলে।
৪০

হে অর্জ্জুন নিজ চিত বিশ্বস্ত হইলে
আত্মজ্ঞ পুরুষ যিনি ইহ পর কালে
মহাশান্তি অনুভব করেন নিশ্চয়
কর্মফল তাহা হতে অতি দূরে রয়।
৪১

অতএব অজ্ঞানতা সম্ভূত সংশয়
জ্ঞানঅসি দ্বারা ছেদি হও নিঃসংশয়।
হইয়া নিশ্চিত সত্য যোগাবলম্বনে
পরম বিবেকানন্দে যুদ্ধাবলম্বনে
বধ কর্তা নহে কেহ আত্মার বিনাশ
কোন কালে নাহি ঘটে করহ বিশ্বাস।
৪২

ইতি শ্রীমহাভারতে শত সাহস্র্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং ভীষ্ম পর্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূ—
পনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদে জ্ঞান
যোগো নাম চতুর্থোঽধ্যায়ঃ।

পঞ্চ বেদ শ্লোক যোগে জ্ঞানযোগ সার
কৃষ্ণার্জুন সংবাদেতে বিচিত্র বিচার।
চতুর্থে এই জ্ঞান যোগ সব যোগ সার
ব্রহ্মার্পণমস্তু ক্ষুদ্র অনুবাদ তার।

পঞ্চমোঽধ্যায়ঃ

কর্ম্ম-সন্ন্যাস-যোগঃ

অর্জ্জুন উবাচ—

সন্ন্যাসং কর্ম্মণাং কৃষ্ণ পুনর্যোগঞ্চ শংসসি।
যচ্ছ্রেয় এতয়োরেকং তন্মে ব্রূহি সুনিশ্চিতম্ ॥ ১

শ্রীভগবান্ উবাচ—

সন্ন্যাসঃ কর্ম্মযোগশ্চ নিঃশ্রেয়সকরাবুভৌ।
তয়োস্তু কর্ম্মসন্ন্যাসাৎ কর্ম্মযোগো বিশিষ্যতে ॥ ২

অর্জ ন বলেন পরে
সখা শ্রীকৃষ্ণ গোচরে

এবড় সংশয় কৃষ্ণ বুঝিব কেমনে।
কর্মত্যাগ ও অনুষ্ঠান ঘটে এক ক্ষণে।
যুগপৎ দুই কর্ম
কেমনে দানিবে শর্ম
উভয়ের কেবা শ্রেষ্ঠ নির্দ্দেশ এখনে।
১

পুর্বোক্ত প্রশ্নের পরে অর্জুনে কহিলা
শ্রীশ্রীভগবান যাঁর অত্যদ্ভুত লীলা।

কর্মের সংন্যাস আর
কর্ম যোগ দুই
মুক্তির নিদান বলে অবগত হই।
এ দুয়ের মধ্যে কিন্তু কর্ম যোগ সখে
বিশিষ্ট বলিয়া জানি তত্বজ্ঞের মুখে।২

জ্ঞেয়ঃ স নিত্যসন্ন্যাসী যো ন দ্বেষ্টি ন কাঙ্ক্ষতি।
নির্দ্বন্দ্বো হি মহাবাহো সুখং বন্ধাৎ প্রমুচ্যতে ।। ৩

সাংখ্যযোগৌ পৃথগ্‌বালাঃ প্রবদন্তি ন পণ্ডিতাঃ।
একমপ্যাস্থিতঃ সম্যগুভয়োর্ব্বিন্দতে ফলম্‌ ।। ৪

যৎ সাংখ্যৈঃ প্রাপ্যতে স্থানং
তদ্‌যোগৈরপি গম্যতে।
একং সাংখ্যঞ্চ যোগঞ্চ যঃ পশ্যতি স পশ্যতি ।। ৫

যার প্রাণে নাহি দ্বেষ
অথবা আশঙ্কা লেশ
দ্বন্দ্বহীন সেই জন সন্ন্যাসী প্রধান,
সংসার বন্ধন তার হয় অবসান।৩

বালকেই বলে ভিন্ন
যারা হয় মতিচ্ছন্ন
সাংখ্য ও যোগের কিছু আছে ব্যবধান।
প্রকৃত পণ্ডিত মতে উভয়ে সমান।
অভীষ্ট যে কোন পথে চলিয়া মানব
উভয়ের ফল লাভ করে সাধু সব।৪

সাংখ্যাবলম্বনে লভ্য হয় যেই স্থান
যোগীন্দ্রের লভ্য তাহা আছে তা প্রমাণ।
জ্ঞান ও নিস্কাম কর্মে সম দরশন
যাঁর আছে তার কিন্তু যথার্থ দর্শন।৫

সন্ন্যাসস্তু মহাবাহো দুঃখমাপ্তুমযোগতঃ।
যোগযুক্তো মুনির্ব্রহ্ম ন চিরেণাধিগচ্ছতি ॥ ৬

যোগযুক্তো বিশুদ্ধাত্মা বিজিতাত্মা জিতেন্দ্রিয়ঃ।
সর্বভূতাত্মভূতাত্মা কুর্বন্নপি ন লিপ্যতে ॥ ৭

নিষ্কাম কর্মের যোগ সহজ সাধন
কর্মত্যাগ মাত্রে সাধু কষ্টে সিদ্ধ হন।
ভগবৎ রূপধ্যান
ধারণা যোগে মনন
কামনা বিহীন হয়ে করে যেই জন,
পরব্রহ্ম জ্ঞান সার
সহজেই ঘটে তার
এই কথা সত্য সার ভাব অনুক্ষণ।৬

ইন্দ্রিয় বিজয়ী বীর বিজিতাত্ম জন
যোগযুক্ত যোগীন্দ্রের সর্বদা মনন।
সর্বভূতে আত্মজ্ঞান অপূর্ব সাধন
তাদৃশ নিষ্কাম কর্মী কর্মে লিপ্ত নন। ৭

নৈব কিঞ্চিৎ করোমীতি যুক্তো মন্যেত তত্ত্ববিৎ।
পশ্যন্ শৃণ্বন্ স্পৃশন্ জিঘ্রন্নশ্নন্ গচ্ছন্ স্বপন্ শ্বসন্ ॥ ৮

প্রলপন্ বিসৃজন্ গৃহ্নন্নুন্মিষন্নিমিষন্নপি।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেষু বর্ত্তন্ত ইতি ধারয়ন্ ॥ ৯

ব্রহ্মযুক্ত যোগিগণ
সর্বদা করে মনন
তার ফলে বাহ্য কর্ম দেহীর যেমন,
তত্ত্বজ্ঞ সেই যুক্ত যোগী
কর্ম লিপ্ত যেন ভোগী
কিন্তু সর্ব কর্ম ত্যাগী সেই যোগী হন।
নিষ্কাম সে কর্ম যোগী আত্ম তত্ত্ব জ্ঞানে
দর্শনে শ্রবণে ঘ্রাণে স্পর্শনে গমনে
নিদ্রাযোগে কিম্বা নিত্য নিঃশ্বাস গ্রহণে
বাক্য ব্যবহারে মল মূত্র বিসর্জনে
দ্রব্যাদি গ্রহণে চক্ষুর উন্মেষে নিমেষে
ইন্দ্রিয় বিষয়ে কিছু আমাকে পরশে।
প্রবৃত্ত থাকিয়া কিন্তু স্থির জ্ঞানবান
'আমি কর্তা নহি' এইমতে মতিমান।৮।৯

ব্রহ্মণ্যাধায় কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা করোতি যঃ।
লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবাম্ভসা॥ ১০

কায়েন মনসা বুদ্ধ্যা কেবলৈরিন্দ্রিয়ৈরপি।
যোগিনঃ কর্ম্ম কুর্বন্তি সঙ্গং ত্যক্ত্বাত্মশুদ্ধয়ে॥ ১১

যুক্তঃ কর্ম্মফলং ত্যক্ত্বা শান্তিমাপ্নোতি নৈষ্ঠিকীম্।
অযুক্তঃ কামকারেণ ফলে সক্তো নিবধ্যতে॥ ১২

মুক্তি ইচ্ছু জ্ঞান যোগী আসক্তি বর্জিত
পরমেশ্বরের কার্যে বৈধ কর্মে ব্রত।
নলিনীর দলগত জল সম তারে
পাপ পুণ্য স্পর্শ কভু
করিতে নাপারে।১০

আত্ম শুদ্ধি কামনায় কর্মফলাসক্ত
কর্ম আচরণ করে যত কর্মী ভক্ত।
কায় মন বাক্য যোগে কর্মবন্ধ ভাবে
জ্ঞানী কিন্তু বিপরীত অধ্যাত্ম বৈভবে।
১১

কামনা বিহীন সেই কর্ম যোগিগণ
ত্যজি কর্ম ফলরাশি আনন্দ মগন।
কামনার বশবর্তী যে সাধক জন
নিজ কর্মে দীর্ঘকাল ভোগাবদ্ধ হন।
১২

সর্ব্ব কর্ম্মাণি মনসা সংন্যস্যাস্তে সুখং বশী।
নবদ্বারে পুরে দেহী নৈব কুর্ব্বন্ ন কারয়ন্॥ ১৩

ন কর্ত্তৃত্বং ন কর্ম্মাণি লোকস্য সৃজতি প্রভুঃ।
ন কর্ম্মফলসংযোগং স্বভাবস্তু প্রবর্ত্ততে॥ ১৪

নাদত্তে কস্যচিৎ পাপং ন চৈব সুকৃতং বিভুঃ।
অজ্ঞানেনাবৃতং জ্ঞানং তেন মুহ্যন্তি জন্তবঃ॥ ১৫

যিনি পরমার্থ দর্শী
সন্ন্যাসী অপাপস্পর্শী
নিত্যাদি নিখিল কর্ম করি পরিহার।
নবদ্বার দেহ গেহে
সংযমী না পড়ি মোহে
সুখী ও প্রসন্ন চিত্তে করেন বিহার। ১৩

আত্মরূপী পরেশ্বর কখনও এ ভবে
কর্তৃত্ব বা কর্ম কিছু না করেন তবে।
অবিদ্যা রূপিনী মায়া কর্তৃত্বাদি রূপে
আত্মায় আরোপ ঘটে মায়িক স্বরূপে। ১৪

বাস্তবিক পক্ষে আত্মা কারও পাপ রাশি
অথবা যজ্ঞাদি জাত পুণ্য রাশি রাশি
আদান প্রদানে সক্ত না হন কখন
মুগ্ধ নর মোহ বশে ভ্রমান্ধ তখন। ১৫

জ্ঞানেন তু তদজ্ঞানং যেষাং নাশিতমাত্মনঃ।
তেষামাদিত্যবজ্‌ জ্ঞানং প্রকাশয়তি তৎপরম্‌॥ ১৬

তদ্‌বুদ্ধয়স্তদাত্মানস্তন্নিষ্ঠাস্তৎপরায়ণাঃ।
গচ্ছন্ত্যপুনরাবৃত্তিং জ্ঞাননির্ধূতকল্মষাঃ॥ ১৭

বিদ্যা বিনয়-সম্পন্নে ব্রাহ্মণে গবি হস্তিনি।
শুনি চৈব শ্বপাকে চ পণ্ডিতাঃ সমদর্শিনঃ॥ ১৮

আত্মজ্ঞান বশে যার অনাদি অজ্ঞান
বিনাশ হইয়া যায় স্বপ্রকাশ ভান।
তাদৃশ বিশুদ্ধ সত্ব বোধ এ সংসারে
সূর্য সম বস্তু জাত প্রকাশিত করে।১৬

ব্রহ্মনিষ্ঠ বুদ্ধি যার
ব্রহ্মে আত্ম ভাব তার
ব্রহ্মে স্থিতি বশে পাপ বিনষ্ট যাদের।
পুনর্জন্ম জিনি তারা
সমবুদ্ধি জীবে তারা
ব্রহ্মানন্দে মগ্ন চিত্ত যেন আত্মহারা।
১৭

সমদর্শী বিজ্ঞজন সর্বত্র সমদর্শন
ব্রাহ্মণ চণ্ডালে ভেদ না থাকে কখন।
বিদ্যা বিনয়াদি যুক্ত ব্রাহ্মণ যেমন
গো হস্তী বা কুক্কুরেতে সম দরশন।১৮

ইহৈব তৈর্জিতঃ সর্গো যেষাং সাম্যে স্থিতং মনঃ।
নির্দ্দোষং হি সমং ব্রহ্ম তস্মাদ্ ব্রহ্মণি তে স্থিতাঃ॥ ১৯

ন প্রহৃষ্যেৎ প্রিয়ংপ্রাপ্য নোদ্‌বিজেৎ প্রাপ্যচাপ্রিয়ম্।
স্থিরবুদ্ধিরসংমূঢ়ো ব্রহ্মবিদ্ ব্রহ্মণি স্থিতঃ॥ ২০

বাহ্যস্পর্শেষ্বসক্তাত্মা বিন্দত্যাত্মনি যৎ সুখম্।
স ব্রহ্মযোগযুক্তাত্মা সুখমক্ষয়মশ্নুতে॥ ২১

যে হি সংস্পর্শজা ভোগা দুঃখ-যোনয় এব তে।
আদ্যন্তবন্তঃ কৌন্তেয় ন তেষু রমতে বুধঃ॥ ২২

ব্রহ্মাত্মক সর্বভূতে মন যাঁহাদের
স্থির ভাবে অবস্থিত এই জীবনেই
জন্ম জয় সু সম্ভব হয় তাহাদের
সর্বদা ভাবনা সেই পরমাত্মাতেই ।১৯

নির্গুণ ব্রহ্মই সর্ব ভূতে অবস্থিত
এ প্রকার স্থিরবুদ্ধি ব্রহ্মময় চিত ।
প্রিয় লাভে নাহি হন পরম হর্ষিত
অপ্রিয় সংযোগে নহে চিত্ত বিষাদিত ।
২০

আত্মবাহ্য শব্দাদিতে তত্ত্ব লক্ষ্য ভূতে
সর্বদা শাশ্বত সুখে আত্মভাব ময় ।
ব্রহ্মযোগ সমাধিতে সমাহিত চিতে
ব্রহ্মানন্দ ময় সুখ লভেন স্বচিতে ।২১

যে সকল বিষয়জ সুখভোগ তারা
দুঃখের নিদান বটে ক্ষনিকত্ব ভরা ।
সংস্পর্শে সংজাত তার দুঃখ রাশি রাশি
আদি অন্ত যুক্ত তাতে তত্ত্বজ্ঞ উদাসী ।
২২

শক্নোতীহৈব যঃ সোঢ়ুং প্রাক্ শরীর-বিমোক্ষণাৎ।
কামক্রোধোদ্ভবং বেগং স যুক্তঃ স সুখী নরঃ।। ২৩

যোঽন্তঃসুখোঽন্তরারামস্তথান্তর্জ্যোতিরেব যঃ।
স যোগী ব্রহ্মনির্ব্বাণং ব্রহ্মভূতোঽধিগচ্ছতি ।। ২৪

লভন্তে ব্রহ্মনির্ব্বাণমৃষয়ঃ ক্ষীণকল্মষাঃ।
ছিন্নদ্বৈধা যতাত্মানঃ সর্ব্বভূতহিতে রতাঃ ।। ২৫

কামক্রোধবিমুক্তানাং যতীনাং যতচেতসাম্।
অভিতো ব্রহ্মনির্ব্বাণং বর্ত্ততে বিদিতাত্মনাম্ ।। ২৬

শরীর নাশের পূর্বে কাম ক্রোধ বেগে
সহজে সমর্থ সুখী সংসার আবেগে ।২৩

আত্মাতেই আত্মসুখ যাঁর অনুভব
আত্মাই যাঁহার জ্যোতি ব্রহ্ম যাঁর সব
সেই জ্ঞানী ব্রহ্মরূপে সদানন্দ ঘন
আনন্দ নির্বাণ লভি আনন্দ মগন ।২৪

ক্ষীণ পাপ দ্বিধা শূন্য জিতেন্দ্রিয়গণ-
জগৎ কল্যাণে রত স্বস্থ যোগীজন ।
যখনই হয় স্থূল দেহ অবসান
লভেন নিশ্চয় মোক্ষ পরম নির্বাণ ।২৫

কাম ক্রোধ হতে মুক্ত
আত্মজ্ঞ সংযত চিত্ত
জীবনে মরণে ব্রহ্ম নির্বাণ নিশ্চিত ।
তাদৃশ জীবন মুক্ত যুক্ত যোগিগণে
"ন পুনরাবর্ত্ততে" প্রত্যক্ষ প্রস্থানে ।
২৬

স্পর্শান্ কৃত্বা বহির্বাহ্যাংশ্চক্ষুশ্চৈবান্তরে ভ্রুবোঃ।
প্রাণাপানৌ সমৌ কৃত্বা নাসাভ্যন্তর-চারিণৌ ॥ ২৭

যতেন্দ্রিয়-মনোবুদ্ধির্মুনির্মোক্ষপরায়ণঃ।
বিগতেচ্ছাভয়ক্রোধো যঃ সদা মুক্ত এব সঃ ॥ ২৮

ভোক্তারং যজ্ঞতপসাং সর্ব্বলোকমহেশ্বরম্।
সুহৃদং সর্ব্বভূতানাং জ্ঞাত্বা মাং শান্তিমৃচ্ছতি ॥ ২৯

বাহ্য ইন্দ্রিয়ের গ্রাহ্য বিষয় নিচয়
সাধক মানস হতে দুর করে তায়।
ভ্রূদ্বয়ের মধ্যস্থলে দৃষ্টি তার রয়
নাসিকাভ্যন্তর গত প্রাণাপান তায়।
কুম্ভক যোগেতে ঊর্ধ্ব মুখেতে থাকিয়া
ইন্দ্রিয় ও মন বুদ্ধি সংযত করিয়া
মোক্ষ পরায়ণ যত সাধক সজ্জন
ইচ্ছাভয় ক্রোধ ত্যজি সত্মুক্ত হন।

২৭|২৮

সমাহিত চিত্ত বিজ্ঞ যোগাবলম্বীর
প্রকৃত জ্ঞাতব্য কিবা এই প্রশ্নটির
উত্তরে কহেন শ্রীশ্রীভগবান নিজে
চরম সিদ্ধান্ত ইহা যোগীন্দ্র সমাজে।

আমাতে পরম ব্রহ্ম সত্য যার জ্ঞান
আমি যজ্ঞ তপস্যার সর্বত্র প্রমাণ।

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু
ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জুনসংবাদে
সন্ন্যাসযোগো নাম পঞ্চমোঽধ্যায়ঃ ।

ভোক্তা আমি আমি স্বামী
নিখিল বিশ্বের
মহেশ্বর সর্বেশ্বর মিত্র ত্রিলোকের
হেন জ্ঞান সপ্রমান আছে যাহাদের
স্বীয় আত্মা স্বরূপেতে মোক্ষ
তাহাদের ।২৯

লক্ষ শ্লোকী ভারতের ভীষ্ম পর্বগত
গীতোপনিষদ গ্রন্থে
ব্রহ্মজ্ঞ সম্মত
কৃষ্ণার্জুন সংবাদীয়
সন্ন্যাস যোগেতে
পঞ্চম অধ্যায় শেষ
যোগীন্দ্রের মতে ।

ষষ্ঠোঽধ্যায়ঃ

ধ্যানযোগ

শ্রীভগবানুবাচ—

অনাশ্রিতঃ কর্ম্মফলং কার্য্যং কর্ম্ম করোতি যঃ।
স সন্ন্যাসী চ যোগী চ ন নিরগ্নির্ন চাক্রিয়ঃ ॥১

যং সন্ন্যাসমিতি প্রাহুর্যোগং তং বিদ্ধি পাণ্ডব।
ন হ্যসংন্যস্তসঙ্কল্পো যোগী ভবতি কশ্চন ॥ ২

শ্রীকৃষ্ণ বলেন পার্থ শুন মনদিয়া
ধ্যান যোগ তত্ত্ব হেথা বলি বিস্তারিয়া
প্রত্যাশা না করি যিনি কর্মজন্য ফলের
অবশ্য কর্তব্যজ্ঞানে কর্ম সমূহের
বিধিমত অনুষ্ঠানে নিয়ত নিরত
কর্মী তিনি যোগী তিনি
সুবিজ্ঞ সম্মত।
শ্রৌত অগ্নি পরিত্যাগি নিরগ্নি নহেন
কিম্বা স্মার্ত ক্রিয়াচার পরিত্যাগী নয়।১

সন্ন্যাস বলিয়া যাহা শাস্ত্রেতে বর্ণিত
কর্মযোগ বলি তারে জানিও নিশ্চিত
কর্মফলে বাসনার ত্যাগ না ঘটিলে
কর্মযোগী কেহ নাহি হয় কোন
কালে।২

আরুরুক্ষোর্মুনের্যোগং কর্ম্ম কারণমুচ্যতে।
যোগারূঢ়স্য তস্যৈব শমঃ কারণমুচ্যতে ॥ ৩

যদা হি নেন্দ্রিয়ার্থেষু ন কর্ম্মস্বনুষজ্যতে।
সর্ব্বসঙ্কল্প-সন্ন্যাসী যোগারূঢ়স্তদোচ্যতে ॥ ৪

উদ্ধরেদাত্মনাত্মানং নাত্মানমবসাদয়েৎ।
আত্মৈব হ্যাত্মনো বন্ধুরাত্মৈব রিপুরাত্মনঃ ॥ ৫

ধ্যান যোগে আরোহণে ইচ্ছুক মুনির
প্রধান কারণ কর্ম অভীষ্ট গতির
ধ্যান যোগে সমারূঢ় হইলে যোগীর
সর্ব কর্ম বিনিবৃত্ত হবে এটা স্থির ।৩।

কিন্তু যিনি যে সময়ে সর্বাভীষ্ট ত্যাগী
ইন্দ্রিয়ের ভোগাদিতে অনাসক্ত যোগী
নিত্য নৈমিত্তিক কর্মে আসক্তি বিহীন
যোগারূঢ় বলি তায় বলেন প্রবীণ ।৪

বিবেকী মনের দ্বারা জীবাত্মা উদ্ধার
করিবে, সংসাররূপ ভীম পারাবার
হইতে, না অবসাদ আনিবে আত্মায়
জীবাত্মার বদ্ধ আত্মা মুক্তির সহায় ।
অবিশুদ্ধ মনরূপ আত্মাই জীবের
মুক্তির বিরোধী ইহা সিদ্ধ সকলের । ৫

বন্ধুরাত্মাত্মনস্তস্য যেনাত্মৈবাত্মনা জিতঃ।
অনাত্মনস্তু শত্রুত্বে বর্তেতাত্মৈব শত্রুবৎ।। ৬

জিতাত্মনঃ প্রশান্তস্য পরমাত্মা সমাহিতঃ।
শীতোষ্ণসুখদুঃখেষু তথা মানাপমানয়োঃ।। ৭

জ্ঞানবিজ্ঞানতৃপ্তাত্মা কূটস্থো বিজিতেন্দ্রিয়ঃ।
যুক্ত ইত্যুচ্যতে যোগী সমলোষ্ট্রাশ্মকাঞ্চনঃ।। ৮

জিতেন্দ্রিয় সুপ্রশান্ত যোগারূঢ় যিনি
তাঁহার আত্মায় ব্রহ্ম ভাবাভাস জানি।
এহেন জীবন্মুক্ত শীতোষ্ণাদি ভোগে
সম্মানে বা অপমানে সুখ দুঃখ যোগে।
(সমজ্ঞানী মহাধ্যানী যোগচর্য্যা ফল
সমবুদ্ধি চিত্ত শুদ্ধি লভিয়া সফল)।৭

শাস্ত্রজ্ঞান সহায়র তত্ত্বানু সন্ধান
পূর্ণভাবে করিয়াছে আত্মতৃপ্তি দান।
কূটস্থ বা নির্বিকার ইন্দ্রিয় বিজয়ী
মাটি সোনা প্রস্তরেতে দৃষ্টি ব্রহ্মময়ী
যখন সাধক এই ভাব প্রাপ্ত হন
যোগারূঢ় বলি তিনি পরিচিত হন।৮।

সুহৃন্মিত্রার্য্যুদাসীন মধ্যস্থ-দ্বেষ্য-বন্ধুষু।
সাধুষ্বপি চ পাপেষু সমবুদ্ধির্বিশিষ্যতে ॥ ৯

যোগী যুঞ্জীত সততমাত্মানং রহসি স্থিতঃ।
একাকী যতচিত্তাত্মা নিরাশীরপরিগ্রহঃ ॥ ১০

শুচৌ দেশে প্রতিষ্ঠাপ্য স্থিরমাসনমাত্মনঃ।
নাত্যুচ্ছ্রিতং নাতিনীচং চৈলাজিনকুশোত্তরম্ ॥ ১১

অত্যাগ-সহন-বন্ধু অভিন্ন হৃদয়
সুহৃদ অথবা শত্রু সমান পর্যায়
যার কাছে উদাসীন মধ্যস্থ বান্ধব
দ্বেষ্য বলি কিছু নাই আত্মজ্ঞানে সব।
একীভূভ মনে হয় সাধু পাপীজনে
সমজ্ঞানী সবিশেষ বলে বিজ্ঞ জনে।৯

ধ্যানযোগী নির্জনেতে থাকিয়া
একাকী
দেহ মন সংযমনে সচেষ্ট বিবেকী।
পরিগ্রহ শূণ্য হয়ে সংযমিত মন
করিবেন সমাহিত সদন্তঃকরণ। ১০

শুদ্ধস্থানে শুদ্ধাসনে অচঞ্চল মন
কুশাসন চৈলবস্ত্র রচিত আসন
মধ্যে চর্মাসন যাহা শাস্ত্র সিদ্ধ হয়
যোগাসন নির্ধারিত শাস্ত্রে যাহা রয়।
১১

তত্রৈকাগ্রং মনঃ কৃত্বা যতচিত্তেন্দ্রিয়ক্রিয়ঃ।
উপবিশ্যাসনে যুঞ্জ্যাদ্ যোগমাত্মবিশুদ্ধয়ে ॥ ১২

সমং কায়শিরোগ্রীবং ধারয়ন্নচলং স্থিরঃ।
সংপ্রেক্ষ্য নাসিকাগ্রং স্বং দিশশ্চানবলোকয়ন্ ॥ ১৩

প্রশান্তাত্মা বিগতভীর্ব্রহ্মচারিব্রতে স্থিতঃ।
মনঃ সংযম্য মচ্চিত্তো যুক্ত আসীত মৎপরঃ ॥ ১৪

যুঞ্জন্নেবং সদাত্মানং যোগী নিয়তমানসঃ।
শান্তিং নির্ব্বাণপরমাং মৎ-সংস্থামধিগচ্ছতি ॥ ১৫

এরূপ আসনে যোগী আত্মশুদ্ধি তরে
কর্মেন্দ্রিয় জ্ঞানেন্দ্রিয় সংযমিত করে
একাগ্র মনেতে যোগ অভ্যাস করিবে
শাস্ত্র মতে যোগাভ্যাস এরূপ
জানিবে। ১২

শরীর মস্তক গ্রীবা সরল নিশ্চল
মেরুদণ্ড স্থির রাখি মন অচঞ্চল।
অন্যদিকে চাহিবেনা যোগাভ্যাস স্থলে
নাসিকাগ্রে দৃষ্টি রাখ শিক্ষালাভ
কালে।১৩

নির্ভয় প্রশান্ত চিত ব্রহ্মচারী ব্রত-স্থিত
আমাতে অর্পিত চিত্ত আমাগত প্রাণ
সংযত করিয়া মন যুক্ত ভাবে অনুক্ষণ
যোগারূঢ় ভাবে তার হয় অবস্থান।১৪

সংযত ভাবেতে মন সমাহিত করি
যোগিগণ মুক্তিপদে হন অধিকারী।১৫

নাত্যশ্নতস্তু যোগোঽস্তি ন চৈকান্তমনশ্নতঃ।
ন চাতিস্বপ্নশীলস্য জাগ্রতো নৈব চার্জ্জুন ॥ ১৬

যুক্তাহারবিহারস্য যুক্তচেষ্টস্য কর্ম্মসু ।
যুক্তস্বপ্নাববোধস্য যোগো ভবতি দুঃখহা ॥ ১৭

যদাবিনিয়তং চিত্ত-মাত্মন্যেবাবতিষ্ঠতে।
নিঃস্পৃহঃ সর্ব্বকামেভ্যো যুক্ত ইত্যুচ্যতে তদা ॥ ১৮

অতি ভোজনের ফলে ধ্যান নাহি হয়
অনাহারে একই কথা সুপ্রযুক্ত রয় ।
অতি নিদ্রাপ্রিয়কিম্বা অনিদ্রিত জন
যোগাভ্যাসে ব্যর্থ হন শাস্ত্রের
শাসন । ১৬ ।

পরিমিত ভাবে যার আহার বিহার
কর্ম চেষ্টা পরিমিত সংযত আচার ।
পরিমাণ মত নিদ্রা কিম্বা জাগরণ
নিয়ত অভ্যাসে হয় দুঃখ নিবারণ ।১৭।

যখন সংযত চিত্ত আত্মায় সংস্থিত
ঐহিক বা পারত্রিকে স্পৃহা বিবর্জিত
যুক্ত বলি বলে তারে শাস্ত্র অনুসারে
যোগাভ্যাসে উপকার আহারে
বিহারে । ১৮ ।

যথা দীপো নিবাতস্থো নেঙ্গতে সোপমা স্মৃতা।
যোগিনো যতচিত্তস্য যুঞ্জতো যোগমাত্মনঃ॥ ১৯

যত্রোপরমতে চিত্তং নিরুদ্ধং যোগসেবয়া।
যত্র চৈবাত্মনাত্মানং পশ্যন্নাত্মনি তুষ্যতি॥ ২০

সুখমাত্যন্তিকং যত্তদ্ বুদ্ধি গ্রাহ্যমতীন্দ্রিয়ম্।
বেত্তি যত্র ন চৈবায়ং স্থিতশ্চলতি তত্ত্বতঃ॥ ২১

বায়ুহীন স্থানস্থিত প্রদীপ যেমন
কম্পহীন থাকে মন যোগীরও তেমন।
এরূপ উপমা দিয়া বুঝিবে যোগের
একাগ্রতা আবশ্যক নিত্য অভ্যাসের।
১৯

যোগের সেবায় যথা চিত্ত উপরক্ত
যেথা শুদ্ধ মন দিয়া আত্মদর্শীযুক্ত
অক্ষর [illegible] আত্ম দরশন
তাহাতেই সিদ্ধ যোগী পরিতুষ্ট হন।
২০

এইরূপ যোগীজন যেবা অবস্থায়
অতীন্দ্রিয় সুখ ভোগ করেন তথায়।
আত্মস্থিত সেই যোগী নহেন চঞ্চল
আত্মাতেই আত্মতুষ্ট থাকি অবিকল।
২১

যং লব্ধ্বা চাপরং লাভং মন্যতে নাধিকং ততঃ।
যস্মিন্ স্থিতো ন দুঃখেন গুরুণাপি বিচাল্যতে ॥ ২২

তং বিদ্যাদ্দুঃখসংযোগ-বিয়োগং যোগ-সংজ্ঞিতম্।
স নিশ্চয়েন যোক্তব্যো যোগোঽনির্ব্বিণ্ণ-চেতসা ॥ ২৩

সঙ্কল্পপ্রভবান্ কামাংস্ত্যক্ত্বা সর্ব্বানশেষতঃ।
মনসৈবেন্দ্রিয়গ্রামং বিনিয়ম্য সমন্ততঃ ॥ ২৪

যাহা লাভে যোগী অন্য লাভে সমধিক
না করেন মনে কিন্তু, যেন সবই ঠিক।
গুরু দুঃখে অচঞ্চল থাকি যোগ বলে
আত্ম তত্ত্বে অবস্থিত শাস্ত্রমতে চলে।

২২

নিখিল দুঃখের নাশে ব্রাহ্মীস্থিতি হয়
তাহাকে সমাধি বলি জানিবে নিশ্চয়।
নির্বেদ রহিত চিত্তে যে যোগ অভ্যাস
অবশ্য কর্ত্তব্য বলি শাস্ত্রের বিশ্বাস।

২৩

সংকল্প হইতে জাত সকল কামনা
ত্যজিয়া সম্পূর্ণ ভাবে মনের ভাবনা।
ইন্দ্রিয় নিচয় জয় অভ্যাসে করিয়া
অন্তরঙ্গ সাধনায় যোগযুক্ত হিয়া।

২৪

শনৈঃ শনৈরুপরমেদ্ বুদ্ধ্যা ধৃতিগৃহীতয়া ।
আত্মসংস্থং মনঃ কৃত্বা ন কিঞ্চিদপি চিন্তয়েৎ ॥ ২৫

যতো যতো নিশ্চলতি মনশ্চঞ্চলমস্থিরম্ ।
ততস্ততো নিয়ম্যৈতদাত্মন্যেব বশং নয়েৎ ॥ ২৬

প্রশান্তমনসং হ্যেনং যোগিনং সুখমুত্তমম্ ।
উপৈতি শান্তরজসং ব্রহ্মভূতমকল্মষম্ ॥ ২৭

যুঞ্জন্নেবং সদাত্মানং যোগী বিগতকল্মষঃ ।
সুখেন ব্রহ্মসংস্পর্শমত্যন্তং সুখমশ্নুতে ॥ ২৮

ধৈর্যযুক্ত বুদ্ধিবলে আত্মাতে বিলীন
হয় মন, এইমত সন্দেহ বিহীন।
ইহা অন্তরঙ্গ কার্য মুখ্য সমাধির
যার ফলে কালে হয় অন্তর সুস্থির।
২৫

যে সব বিষয়ে মনে ঘটে আকর্ষণ
তা হতে নিবৃত্ত কর অনাসক্ত মন।
যোগাভ্যাসে মানিলেই অস্থিরতা নানা
সুনিশ্চিত হইবেই চির স্থির জানা।
২৬

আত্মস্থিত পাপশূণ্য যোগীন্দ্র সজ্জন
অনায়াসে স্থির চিত্তে শান্তি প্রাপ্ত হন।
২৭

এ প্রকারে আত্মমন যোগস্থ করিয়া
পাপহীন যোগিশ্রেষ্ঠ আয়াস বর্জিয়া
ব্রহ্মপ্রাপ্তি জন্য সুখ আত্যন্তিক ভাবে
লভিতে পারেন পার্থ বিজ্ঞান প্রভাবে।
২৮

সর্ব্বভূতস্থমাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি ।
ঈক্ষতে যোগযুক্তাত্মা সর্ব্বত্র সমদর্শনঃ ॥ ২৯

যো মাং পশ্যতি সর্ব্বত্র সর্ব্বঞ্চ ময়ি পশ্যতি ।
তস্যাহং ন প্রণশ্যামি স চ মে ন প্রণশ্যতি ॥ ৩০

সর্ব্বভূতস্থিতং যো মাং ভজত্যেকত্বমাস্থিতঃ ।
সর্ব্বথা বর্ত্তমানোঽপি স যোগী ময়ি বর্ত্ততে ॥ ৩১

সর্বভূতে অবস্থিত আত্মার দর্শন
নিজাত্মার ঘটে তার তাত্ত্বিক ঈক্ষণ।
যোগযুক্ত সর্বক্ষণে সম দরশন
জ্ঞান কাণ্ডে ভেদজ্ঞান বর্জ্জিত অর্জ্জুন
২৯

সর্বত্র আমাকে যিনি দেখেন সতত
আমাতে নিখিল বিশ্ব রহে ওতপ্রোত।
এমন জ্ঞানীকে আমি না করি বিনাশ
সেও কিন্তু নাহি সহে ধর্মের প্রনাশ।
৩০

সর্বভূতে যেই করে আমাকে দর্শন
না হই তাহার কাছে অদৃশ্য কখন।
বর্তমান সমভাবে সে যোগি প্রধান
করেন আমাতে তিনি চির অবস্থান।
৩১

আত্মৌপম্যেন সর্বত্র সমং পশ্যতি যোঽর্জ্জুন।
সুখং বা যদি বা দুঃখং স যোগী পরমো মতঃ ॥ ৩২

অর্জ্জুন উবাচ—

যোঽয়ং যোগস্ত্বয়া প্রোক্তঃ সাম্যেন মধুসূদন।
এতস্যাহং ন পশ্যামি চঞ্চলত্বাৎ স্থিতিং স্থিরাম্॥ ৩৩

চঞ্চলং হি মনঃ কৃষ্ণ প্রমাথি বলদ্দৃঢ়ম্।
তস্যাহং নিগ্রহং মন্যে বায়োরিব সুদুষ্করম্॥ ৩৪

হে অর্জুন যিনি ভবে
দৃষ্টি দানি সমভাবে
নিজের উপমা মত সুখ দুঃখ যত
অনুভব করিবারে
যত্নশীল এ সংসারে
তিনিই পরম যোগী ভাবিও সতত।

৩২

অর্জুন কহেন শুনি
কৃষ্ণের সমতা বাণী
হে মধুসূদন তথ্য বলিলে যেমন
চঞ্চলতা বশে তাহা
না বুঝিতে পারি যাহা
এ সিদ্ধান্ত যে অভ্রান্ত বুঝিনা তেমন।

৩৩

হে কৃষ্ণ যেহেতু মন অতীব চঞ্চল
দেহ মন ক্ষুব্ধ করি দুরন্ত অনল
তার বিনিগ্রহ সাধ্য মনে নাহি হয়
বায়ুকে বন্ধন যথা কঠিনতা ময়।

৩৪

শ্রীভগবানুবাচ—

অসংশয়ং মহাবাহো মনো দুর্নিগ্রহং চলম্।
অভ্যাসেন তু কৌন্তেয় বৈরাগ্যেণ চ গৃহ্যতে ॥ ৩৫

অসংযতাত্মনা যোগো দুষ্প্রাপ ইতি মে মতিঃ।
বশ্যাত্মনা তু যততা শক্যোঽবাপ্তুমুপায়তঃ ॥ ৩৬

অর্জ্জুন উবাচ—

অযতিঃ শ্রদ্ধয়োপেতো যোগাচ্চলিতমানসঃ।
অপ্রাপ্য যোগসংসিদ্ধিং কাং গতিং কৃষ্ণ গচ্ছতি ॥ ৩৭

অর্জুন বলেন তবে সুপ্রসন্ন মনে
সংশয় কিছুই নাই এরূপ চিন্তনে—
ধ্যানের অভ্যাস বশে
বৈরাগ্যে মন আসে বশে
বিহিত উপায়ে মন নিগৃহীত হয়
অভ্যাস যোগের এই রহস্য নিশ্চয়। ৩৫

অসংযত মানবের দুষ্প্রাপ্য এ যোগ
ইন্দ্রিয়ের অসংযমে নিশ্চয় দুর্ভোগ
যত্নশীল সুসংযত উপায় জানিলে
সমাধির অধিকারী হয় সর্বকালে। ৩৬

অভ্যাসের কথা শুনি কহেন অর্জুন
শ্রদ্ধাবান কালে যত্ন করিয়া বর্জন
যোগচ্যুত ব্যর্থ যোগীর
কি থাকে উপায়
এ যথার্থ তত্ত্ব কৃষ্ণ কহ দয়াময়। ৩৭

কচ্চিন্নোভয়বিভ্রষ্টশ্ছিন্নাভ্রমিব নশ্যতি।
অপ্রতিষ্ঠো মহাবাহো বিমূঢ়ো ব্রহ্মণঃ পথি ॥ ৩৮

এতন্মে সংশয়ং কৃষ্ণ ছেত্তুমর্হস্যশেষতঃ।
ত্বদন্যঃ সংশয়স্যাস্য ছেত্তা ন হ্যুপপদ্যতে ॥ ৩৯

শ্রীভগবানুবাচ—

পার্থ নৈবেহ নামুত্র বিনশস্তস্য বিদ্যতে।
ন হি কল্যাণকৃৎ কশ্চিদ্ দুর্গতিং তাত গচ্ছতি ॥ ৪০

কর্ম মার্গ ধ্যান মার্গ ভ্রষ্ট যেই জন
ছিন্ন মেঘ খণ্ড সম বিনষ্ট কি হন ?
আশ্রয় বিহীন যারা
কি গতি লভেন তারা
ব্রহ্মজ্ঞান লাভে আশা থাকে কি কখন ?
৩৮

একমাত্র তুমি প্রভো এ সংশয় নাশে
সমর্থ, নাহিক অন্য দেখি অনায়াসে।
অতএব কৃপা করি করগো বিনাশ
পুঞ্জীভূত মনোরাজ্যে
সন্দিগ্ধ বিশ্বাস।
৩৯

অর্জুনের প্রশ্নোত্তরে
কৃষ্ণ কহিলেন তারে
ইহ পরকালে সেই যোগভ্রষ্ট জন
প্রকৃত বিজ্ঞের কাছে নিন্দিত না হন।
যথার্থ কল্যাণকারী দুর্গতি না পায়
এই সত্য এই তথ্য বলিনু তোমায়।
৪০

প্রাপ্য পুণ্যকৃতাং লোকানুষিত্বা শাশ্বতীঃ সমাঃ।
শুচীনাং শ্রীমতাং গেহে যোগভ্রষ্টোঽভিজায়তে ॥৪১

অথবা যোগিনামেব কুলে ভবতি ধীমতাম্।
এতদ্ধি দুর্লভতরং লোকে জন্ম যদীদৃশম্ ॥৪২

তত্র তং বুদ্ধিসংযোগং লভতে পৌর্বদেহিকম্।
যততে চ ততো ভূয়ঃ সংসিদ্ধৌ কুরুনন্দন ॥ ৪৩

এই রূপ যোগভ্রষ্ট ইতোভ্রষ্ট স্ততোনষ্ট
নাহি হয় বলি পার্থ করহ শ্রবণ ।
সংযম নিয়ম বশে
কিছুটা অভ্যাস বশে
শুভ কার্য ফল ভোগ করেন সজ্জন ।
পুণ্য ময় লোকে বাস
করিয়া পুরায়ে আশ
শুদ্ধাচারী ধনীগৃহে তারা জন্ম লন ।
৪১

কিম্বা যোগভ্রষ্টজন পুণ্যভোগ ক্ষয়ে
জন্মান্তরে দৃঢ়চিত্ত হন জন্ম জয়ে
আত্মজ্ঞানি-যোগিকুলে লভেন জনম
অতীব দুর্লভ হেন জনম গ্রহণ ।
৪২

পার্থ সেই জন্ম লভি সংস্কার বশতঃ
বুদ্ধি যুক্ত সে মানব তীব্র যত্নপর
হইয়া করেন চেষ্টা সশ্রদ্ধ সতত
জন্মান্তরে সাধুকৃত্য সুফল নিয়ত ।
৪৩

পূর্বাভ্যাসেন তেনৈব হ্রিয়তে হ্যবশোঽপি সঃ।
জিজ্ঞাসুরপি যোগস্য শব্দব্রহ্মাতিবর্ত্ততে ॥ ৪৪

প্রযত্নাদ্‌যতমানস্তু যোগী সংশুদ্ধকিল্বিষঃ।
অনেকজন্মসংসিদ্ধস্ততো যাতি পরাং গতিম্‌ ॥ ৪৫

তপস্বিভ্যোঽধিকো যোগীজ্ঞানিভ্যোঽপিমতোঽধিকঃ।
কার্ম্মভ্যশ্চাধিকো যোগী তস্মাদ্‌যোগী ভবার্জ্জুন ॥ ৪৬

পূর্বজন্মাভ্যাস বসে
তারা কিন্তু অবশেষে
অনিচ্ছায়ও যোগাভ্যাসে সমাকৃষ্ট হন।
শব্দব্রহ্ম জন্য ফল অতিক্রান্ত রন
যোগতত্ত্ব জিজ্ঞাসাও জনমে তখন।

৪৪

নিষ্পাপ ঐহিক কর্মে যত্ন পরায়ণ
পূর্বজন্ম হতে যেন সমধিক মন।
পূর্ব পূর্ব জন্মগত সাধনার ফলে
সুনিশ্চিত সিদ্ধিলাভ করে অবহেলে।

৪৫

দেহক্লেশে বেদধর্মে কৃচ্ছ্র সাধনে
অভ্যাসে জ্ঞানের লাভ শাস্ত্র জ্ঞরা জানে
তা হতে অধিক লাভ যোগাবলম্বনে
হে অর্জুন হও যোগী সর্বান্তঃকরণে।

৪৬

যোগিনামপি সর্ব্বেষাং মদ্গতেনান্তরাত্মনা।
শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমো মতঃ॥ ৪৭

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে ধ্যানযোগোনাম ষষ্ঠোধ্যায়ঃ।

যেই জন শ্রদ্ধাভরে
আমার ভজনা করে
যোগযুক্তগণ মধ্যে সে অতি প্রধান।
ইহাতে সন্দেহ নাই
হে অর্জুন বলি তাই
যোগাবলম্বনে লভ পরমার্থ জ্ঞান॥

৪৭

ষষ্ঠ অধ্যায়ের কথা সমাপ্ত হইল হেথা।
কৃষ্ণার্জুন সম্বাদেতে ধ্যান যোগে তথা॥
ধ্যান যোগে কবে দেখা
দিবেন অর্জুন সখা
দাস দাস সেই আশা করিয়া পোষণ,
তব ধ্যানে হে কেশব
দামোদর হে মাধব
কবে তব শ্রীচরণে অর্পিব জীবন।

সপ্তমোঽধ্যায়ঃ

জ্ঞান-বিজ্ঞান-যোগ

শ্রীভগবানুবাচ—

ময্যাসক্তমনাঃ পার্থ যোগং যুঞ্জন্মদাশ্রয়ঃ।
অসংশয়ং সমগ্রং মাং যথা জ্ঞাস্যসি তচ্ছৃণু ॥ ১

জ্ঞান বিজ্ঞান যোগে
অতিশয় অনুরাগে
অর্জ্জুনের প্রাণে শক্তি সঞ্চার কারণ
ভগবান কহিলেন
শ্রদ্ধাভরে শুনিলেন
অতি ভক্ত অনুরক্ত শ্রীপার্থ তখন।
"সর্ব কর্ম ফল ত্যজি
কেমনে মিলিবে আজি
বৈরাজ এ বিশ্বরূপে, বীরেন্দ্র প্রধান,
সে তত্ত্ব বলিব তোমা
যার নাহি আছে সীমা
অবহিত চিত্তে তাহা করহ শ্রবণ"। ১

জ্ঞানং তেঽহং সবিজ্ঞানমিদং বক্ষ্যাম্যশেষতঃ।
যজ্‌জ্ঞাত্বা নেহ ভূয়োঽন্যজ্‌জ্ঞাতব্যমবশিষ্যতে ॥২

মনুষ্যাণাং সহস্রেষু কশ্চিদ্‌ যততি সিদ্ধয়ে।
যততামপি সিদ্ধানাং কশ্চিন্মাং বেত্তি তত্ত্বতঃ ॥৩

ভূমিরাপোঽনলো বায়ুঃ খং মনো বুদ্ধিরেব চ।
অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা ॥৪

অপরেয়মিতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্‌।
জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্য্যতে জগৎ ॥৫

বিজ্ঞানের তত্ত্ব সহ মুক্তি তত্ত্ব জ্ঞান
অবশেষে যে কথার বলিব সন্ধান।
যে তত্ত্ব জানিলে আর জ্ঞাতব্য না থাকে
হে অর্জ্জুন সেই তত্ত্ব বলিব তোমাকে।২

সহস্র মানব মধ্যে কোন একজন
প্রকৃত সিদ্ধির চেষ্টা করয়ে যতন
তাদৃশ সহস্র সিদ্ধ যোগীন্দ্রের মাঝে
কোন এক জন আছে তত্ত্বজ্ঞ সমাজে।৩

ভূমি জল বায়ু অগ্নি আকাশ ও মন
বুদ্ধি অহঙ্কার এই আটটি কারণ
আমার ঐশ্বরী মায়া চেতনা-চেতন
জগৎ প্রপঞ্চ রূপে প্রকটিত হন। ৪

এহেন প্রকৃতি সব বন্ধন কারণ
নিকৃষ্ট বলিয়া এরা পরিচিত হন।
ইহা হতে শ্রেষ্ঠা মম পরমা প্রকৃতি
জগদ্ধাত্রী রূপে যার সত্য পরিচিতি।

এতদ্‌যোনীনি ভূতানি সর্ব্বাণীত্যুপধারয় ।
অহং কৃৎস্নস্য জগতঃ প্রভবঃ প্রলয়স্তথা ॥৬

মত্তঃ পরতরং নান্যৎ কিঞ্চিদস্তি ধনঞ্জয় ।
ময়ি সর্ব্বমিদং প্রোতং সূত্রে মণিগণা ইব ॥৭

রসোঽহমপ্সু কৌন্তেয় প্রভাস্মি শশিসূর্য্যয়োঃ ।
প্রণবঃ সর্ব্ববেদেষু, শব্দঃ খে পৌরুষং নৃষু ॥৮

জগৎ প্রপঞ্চ যাতে নিয়ত বিধৃত
জীব ভূতা সে প্রকৃতি হও অবগত ।৫।

উভয় প্রকৃতি হতে জড় ও চেতন
সর্বভূত সমুদ্ভূত বুঝ দিয়া মন ।
সৃষ্টি ও লয়ের হেতু একমাত্র আমি
জগৎ কারণ রূপে আত্মা অন্তর্যামী । ৬

সূত্রেতে গ্রথিত মণি সমূহ যেমন
মদাত্মক সূত্র যোগে জগৎ তেমন ।
সুতরাং আমা হতে পরম কারণ
অন্য কিছু কোন ক্ষেত্রে
না রহে কখন ।　৭

রস আমি জলতত্ত্বে তেজে প্রভারূপ
বেদাদি প্রণব রূপে ব্রহ্মের স্বরূপ
আকাশের গুণ শব্দ আমি তাহা হই
মানবে পুরুষকার ভিন্ন কিছু নাই । ৮

পুণ্যো গন্ধঃ পৃথিব্যাঞ্চ তেজশ্চাস্মি বিভাবসৌ।
জীবনং সর্ব্বভূতেষু তপশ্চাস্মি তপস্বিষু॥ ৯

বীজং মাং সর্ব্বভূতানাং বিদ্ধি পার্থ সনাতনম্।
বুদ্ধির্বুদ্ধিমতামস্মি তেজস্তেজস্বিনামহম্॥১০

বলং বলবতামস্মি কামরাগবিবর্জ্জিতম্।
ধর্ম্মাবিরুদ্ধো ভূতেষু কামোঽস্মি ভরতর্ষভ॥ ১১

পার্থিবে পবিত্র গন্ধ বহ্নিতে প্রদীপ্তি
সর্ব ভূতে আমিপ্রাণ
তপোরূপে ব্যাপ্তি। ৯

স্থাবর জঙ্গমাত্মক ভৌতিক সৃষ্টির
মুখ্য হেতু আমি বীজ স্বরূপ কৃষ্টির
বেদোজ্জ্বলা বুদ্ধি আমি বুদ্ধিমান মাঝে
তেজস্বীর তেজ আমি তপস্বী সমাজে।
১০

শাস্ত্রের বিরোধ হীন কামনা স্বরূপ
বলবান মধ্যে আমি হই বলরূপ
দেহিগণ মাঝে আমি তপস্যাপ্রবণ
হে ভারত-শ্রেষ্ঠ তাহা কর অবধান।
১১

যে চৈব সাত্ত্বিকা ভাবা রাজসাস্তামসাশ্চ যে।
মত্ত এবেতি তান্ বিদ্ধি ন ত্বহং তেষু তে ময়ি। ১২

ত্রিভির্গুণময়ৈর্ভাবৈরেভিঃ সর্ব্বমিদং জগৎ।
মোহিতং নাভিজানাতি মামেভ্যঃ পরমব্যয়ম্ ॥১৩

দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে ॥১৪

সাত্ত্বিক বা রাজসিক কিম্বা তামসিক
ভাবগুলি জীবদেহে যাহা স্বাভাবিক
কর্মফল রূপে পার্থ কর বিবেচনা
আমা হতে সেগুলির হয় সম্ভাবনা।
আমি নহি প্রভাবিত সে ভাব প্রভাবে
সেগুলি অধীন মম বুঝ এই ভাবে।
১২

সাত্ত্বিকাদি ভাবাবেগে সুখ দুঃখ মোহে
ভ্রান্ত যত প্রাণিগণ আসক্তি ব্যামোহে
এ সকল ভাবাতীত পরমাত্মারূপ
না জানিত্তেপারে সবে যথার্থ স্বরূপ।
১৩

অঘটন ঘটনেতে পটীয়সী মায়া
আপ্রাণ চেষ্টায় যাহা হয় দুরত্যয়া
একান্ত ভাবেতে যাঁরা
প্রাপ্ত হন মোরে
তাদৃশ সাধকগণ এ মায়া উপরে। ১৪

ন মাং দুষ্কৃতিনো মূঢ়াঃ প্রপদ্যন্তে নরাধমাঃ।
মায়য়াপহৃতজ্ঞানা আসুরং ভাবমাশ্রিতাঃ ॥১৫

চতুর্ব্বিধা ভজন্তে মাং জনাঃ সুকৃতিনোঽর্জ্জুন।
আর্ত্তো জিজ্ঞাসুরর্থার্থী জ্ঞানী চ ভরতর্ষভ ॥১৬

তেষাং জ্ঞানী নিত্যযুক্ত একভক্তির্বিশিষ্যতে।
প্রিয়ো হি জ্ঞানিনোঽত্যর্থমহং স চ মম প্রিয়ঃ ॥১৭

মূঢ় নরাধমগণে
আমাকে কভু না জানে
মায়াবশে হৃতজ্ঞান আসুরভাবেতে
আশ্রয় না করে মোরে
অতিশয় দম্ভভরে
পাপবশে মোহাবেশে
পার্থ কোনমতে। ১৫

চারি প্রকারেতে লোক করে যে ভজন
আর্তি বশে নিপীড়িত বা জিজ্ঞাসু মন
কিম্বা অর্থকামী যারা কামণা প্রবণ
অপর প্রকার ভক্ত বিজ্ঞ জ্ঞানী জন।১৬

এ চারি প্রকার মধ্যে সর্বশ্রেষ্ঠ তিনি
আমাতেই একনিষ্ঠ সত্য তত্ত্বজ্ঞানী।
জ্ঞানীর অতীত প্রিয় আমি চিরদিন
আমার অধিক প্রিয় জ্ঞানে যে প্রবীন।
১৭

উদারাঃ সর্ব্ব এবৈতে জ্ঞানী ত্বাত্মৈব মে মতম্ ।
আস্থিতঃ স হি যুক্তাত্মা মামেবানুত্তমাং গতিম্ ॥১৮

বহূনাং জন্মনামন্তে জ্ঞানবান্ মাং প্রপদ্যতে
বাসুদেবঃ সর্ব্বমিতি স মহাত্মা সুদুর্লভঃ ॥১৯

কামৈস্তৈস্তৈর্হৃতজ্ঞানাঃ প্রপদ্যন্তেহন্যদেবতাঃ
তং তং নিয়মমাস্থায় প্রকৃত্যা নিয়তাঃ স্বয়া ॥২০

ভক্তরা সকলে মহান প্রিয়ত্বে সমান
আত্ম জ্ঞানী কিন্তু মম অতি প্রিয় হন।
সমাহিত চিত্ত হয়ে পরমাত্ম জ্ঞানে
নিয়ত নিরত জ্ঞানী আমারই সন্ধানে।
১৮

বহু জন্ম অন্তে সেই সত জ্ঞানবান
আমার স্বরূপে সত্য সুপ্রবিষ্ট হন
সর্ব দেবময় বসুদেবত্বে আমার
তাদৃশ মহাত্মা কিন্তু দুর্লভ সবার। ১৯

পুত্র বিত্ত অন্য ভোগ্য দ্রব্য কামনায়
হৃতজ্ঞান জন ভিন্ন ভিন্ন দেবতায়
স্বকীয় স্বভাব বশে
নিয়মিত রহি শেষে
উপাসনা রত তারা কৃচ্ছ্রসাধনায়
ব্রহ্মজ্ঞানে অর্চনাদি না করে আমায়।
২০

যো যো যাং যাং তনুং ভক্তঃ শ্রদ্ধয়ার্চ্চিতুমিচ্ছতি ।
তস্য তস্যাচলাং শ্রদ্ধাং তামেব বিদধাম্যহম্ ॥২১

স তয়া শ্রদ্ধয়া যুক্তস্তস্যারাধনমীহতে ।
লভতে চ ততঃ কামান্ ময়ৈব বিহিতান্ হিতান্ ॥২২

অন্তবত্তু ফলং তেষাং তদ্ভবত্যল্পমেধসাম্ ।
দেবান্ দেবযজো যান্তি মদ্ভক্তা যান্তি মামপি ॥২৩

যে যে ভক্ত শ্রদ্ধাভরে যে মূর্তি ভজন
করেন তাতেই করি ভক্তি সঞ্চারণ।
এটা শুধু সংসারীর কাম্য ফল লাভে
উপকার করে তাই নিষ্ঠার প্রভাবে।২১

শ্রদ্ধাযুক্ত সেই ভক্ত আরাধ্য হইতে
অভীষ্ট সিদ্ধির পথে আমারি ইংগিতে
প্রত্যক্ষ কামনা ফল নিশ্চয় লভেন
এটা নহে পরমার্থ বিজ্ঞেরা কহেন।২২

বহু কাম্য ফল লাভে আসক্ত যাহারা
অল্পজ্ঞতা বশে কিন্ত বঞ্চিত তাহারা।
নানা দেব হতে নানা অস্থির ফলের
অধিকার ঘটে বটে অজ্ঞ মানবের।
জ্ঞানী যিনি আমাকেই একান্ত নিষ্ঠায়
ভজিয়া নিষ্কাম ভাবে লভেন আমায়।
২৩

অব্যক্তং ব্যক্তিমাপন্নং মন্যন্তে মামবুদ্ধয়ঃ।
পরং ভাবমজানন্তো মমাব্যয়মনুত্তমম্ ॥২৪

নাহং প্রকাশঃ সর্ব্বস্য যোগমায়াসমাবৃতঃ।
মূঢ়োহয়ং নাভিজানাতি লোকো মামজমব্যয়ম্ ॥২৫

বেদাহং সমতীতানি বর্ত্তমানানি চার্জ্জুন।
ভবিষ্যাণি চ ভূতানি মাস্তু বেদ ন কশ্চন ॥২৬

প্রকৃত বিবেকহীন
আমার সে অন্তহীন
না বুঝি প্রপঞ্চাতীত পরমাস্বরূপ।
লীলা বিগ্রহধারণে
কামনার আকর্ষণে
চাহেনা তাত্ত্বিক ভাবে আমার স্বরূপ। ২৪

মম মায়া দুরত্যয়া গুণত্রয় ময়ী
যোগমায়া সমাবৃত পার্থ লোকত্রয়ী
সবার নিকটে আমি প্রকাশিত নহি
অজ্ঞ মোরে নাহি জানে
ইহা সত্য কহি। ২৫

অতীত ও ভবিষ্যৎ মধ্যে বর্তমান
ত্রিকালে সমস্ত ভূতে আছে মমজ্ঞান
এ ভাবে আমারে কেহ
না জানে অর্জন
ইহাই মায়ার কার্যজানে তা সজ্জন। ২৬

ইচ্ছাদ্বেষসমুত্থেন দ্বন্দ্বমোহেন ভারত।
সর্ব্বভূতানি সংম্মোহং সর্গে যান্তি পরন্তপ ॥২৭

যেষাং ত্বন্তগতং পাপং জনানাং পুণ্যকর্ম্মণাম্।
তে দ্বন্দ্বমোহনির্মুক্তা ভজন্তে মাং দৃঢ়ব্রতাঃ ॥২৮

জরামরণমোক্ষায় মামাশ্রিত্য যতন্তি যে।
তে ব্রহ্ম তদ্বিদুঃ কৃৎস্নমধ্যাত্মং কর্ম্ম চাখিলম্ ॥২৯

ইচ্ছা দ্বেষ হতে জাত দ্বন্দ্ব মোহ বশে
সর্ব প্রাণী বশীভুত সৃষ্টির বিকাশে।
অনুকূল প্রতিকূল বাসনাদি হতে
সুখ দুঃখ দ্বন্দ্ব বোধ হয় মানবেতে।
২৭

পুণ্যশীল যাহাদের পাপ নষ্ট হয়
দ্বন্দ্ব মোহ হতে তারা বিনির্মুক্ত রয়।
তাদৃশ সুদৃঢ়ব্রত বিজ্ঞজনগণ
সর্বভাবে আমাকেই করেন ভজন।২৮

জরা ও মরণ হতে চিরমুক্তি তরে
আমার আশ্রয়ে সাধ্য সাধনা যে করে।
সনাতন তত্ত্ব জ্ঞান ঘটে সাধকের
প্রত্যগাত্ম তত্ত্ব বোধ হয় সজ্জনের।২৯

সাধিভূতাধিদৈবং মাং সাধিযজ্ঞঞ্চ যে বিদুঃ।
প্রয়াণকালেঽপি চ মাং তে বিদুর্যুক্তচেতসঃ॥৩০

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি শ্রীমদ্ভগবদ্গীতা-
সূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জুনসংবাদে জ্ঞান বিজ্ঞানযোগো
নাম সপ্তমোঽধ্যায়ঃ।

সাধিভূত সাধিদৈব সাধিযজ্ঞ কথা:
অনুধ্যান করি উপাসনা সার্থকতা
লভেন স সারে তারা,
সমাহিত চিত্ত যারা
মৃত্যুকালে সুপ্রত্যক্ষ করে সত্য কথা
সগুণ নির্গুণ ভেদ নাহি থাকে তথা
অভ্যাস যোগেতে সমাহিত চিত্তগুণ
দেহান্ত কালেতে সত্য তত্ত্বজ্ঞানী হন।
৩০

ইতি শ্রীশ্রীমহাভারতের অন্তর্গত
শ্রীমদ্ভগবদ্গীতার জ্ঞান বিজ্ঞানযোগ
নামক সপ্তম অধ্যায়ের পদ্যানুবাদ
সমাপ্ত।

নিবেদন।

কিছু মাত্র অধিকারী
নহি আমি হরি হরি
কেমনে যাইব তরি ভব পারাবার
দেহ জ্ঞান এ অজ্ঞানে যেতে পরপার
দামোদর বিশ্বম্ভর তুমি কৃপা পারাবার।
জ্ঞান বিজ্ঞানের সার সপ্তমে বর্ণিত
দামোদর পাদপদ্মে হউক অর্পিত।

অষ্টমোঽধ্যায়ঃ

অক্ষর ব্রহ্মযোগ

অর্জ্জুন উবাচ—

কিং তদ্‌ব্রহ্ম কিমধ্যাত্মং কিং কর্ম্ম পুরুষোত্তম ।
অধিভূতঞ্চ কিং প্রোক্তমধিদৈবং কিমুচ্যতে ॥১

অধিযজ্ঞঃ কথং কোঽত্র দেহেঽস্মিন্ মধুসূদন ।
প্রয়াণকালে চ কথং জ্ঞেয়োঽসি নিয়তাত্মভিঃ ॥২

অর্জুন শ্রীকৃষ্ণ কাছে নিবেদন করে
অক্ষর ব্রহ্মযোগ জিজ্ঞাসু অন্তরে
অধ্যাত্ম কাহাকে বলে ?
কি বুঝিব ব্রহ্ম ব'লে ?
কিবা কর্ম বলে দাও ওহে দয়াময়।
অধিভূত নাম কার ?
অধিদেব কি আকার
কৃপা করে এই তত্ত্ব বুঝাও আমায়। ১

এই দেহে অধিযজ্ঞ কাহাকে বলিব
কিরূপে বা অবস্থিত কেমনে বুঝিব ?
মহাপ্রয়াণের কালে সংযমী প্রধান
কি প্রকারে আত্মতত্ত্বে হন জ্ঞানবান ?
২

শ্রীভগবানুবাচ—

অক্ষরং পরমং ব্রহ্ম স্বভাবোঽধ্যাত্মমুচ্যতে।
ভূতভাবোদ্ভবকরো বিসর্গঃ কর্ম্মসংজ্ঞিতঃ ॥৩

অধিভূতং ক্ষরো ভাবঃ পুরুষশ্চাধিদৈবতম্।
অধিযজ্ঞোঽহমেবাত্র দেহে দেহভৃতাং বর ॥৪

অর্জুনের প্রশ্নগুলির ক্রমশ নির্ণয়
করিতে কহেন শ্রীকৃষ্ণদয়াময় ।
বিনশ্বর নহে যাহা অক্ষয় অব্যয়
ব্রহ্মবলি বুঝ তাহা শুদ্ধ ব্রহ্মময় ।
প্রতিদেহে প্রত্যগাত্ম ভাবই স্বভাব
সেই ভাবে অবাঞ্ছিত আধ্যাত্মিকতার
সর্বভূতোদ্ভব কর দেবোদ্দেশ্যেত্যাগ
যজ্ঞাদিকে কর্ম বলে তাহে অনুরাগ ।৩

ওহে দেহধারিশ্রেষ্ঠমানব প্রধান
দেহাদি নশ্বর দ্রব্য অধিভূত জান ।
সূর্যমণ্ডলান্তর্গত বৈরাজ পুরুষ
অধিদৈব নাম ইহা সত্য অপৌরুষ ।
আমি সেই জীবদেহে অধিগত হই
আমি পার্থ পরমার্থ ব্রহ্ম ভিন্ন নই । ৪

অন্তকালে চ মামেব স্মরন্ মুক্ত্বা কলেবরম্ ।
যঃ প্রয়াতি স মদ্ভাবং যাতি নাস্ত্যত্রসংশয়ঃ ॥৫

যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরম্ ।
তং তমেবৈতি কৌন্তেয় সদা তদ্ভাবভাবিতঃ ॥৬

তস্মাৎ সর্ব্বেষু কালেষু মামনুস্মর যুধ্য চ ।
ময্যর্পিতমনোবুদ্ধির্মামেবৈষ্যস্যসংশয়ম্ ॥৭

অভ্যাস যোগযুক্তেন চেতসা নান্যগামিনা ।
পরমং পুরুষং দিব্যং যাতি পার্থানুচিন্তয়ন্ ॥৮

আমাকে স্মরণ করি অন্তে যেই জন
করিবেন এ নশ্বর দেহ বিসর্জন
আমাকেই লাভ তিনি করিবেন সত্য
নাহিক সংশয় এটা বুঝ পরমার্থ। ৫

যে ভাব ভাবিয়া নর দেহ ত্যাগ করে
পর জন্মে সেই ভাব সেই রূপ ধরে।৬

অতএব সর্বকালে আমাকেই স্মর
জন্মগত বর্ণ-ধর্মে ধর্ম যুদ্ধ কর—
আমাকে অর্পিত মন বুদ্ধির প্রভাবে
নিঃসন্দেহে আমাতেই যুক্ত
হয়ে যাবে। ৭

অভ্যাস যোগের যোগে যে অনন্য মনে
অনুধ্যান করে, মিশে জ্যোতির্ময় সনে।
৮

কবিং পুরাণমনুশাসিতার-মণোরণীয়াংসমনুস্মরেদ্ যঃ।
সর্বস্য ধাতারমচিন্ত্যরূপমাদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ ॥৯

প্রয়াণকালে মনসাঽচলেন
ভক্ত্যা যুক্তো যোগবলেন চৈব।
ভ্রুবোর্মধ্যে প্রাণমাবেশ্য সম্যক্
স তং পরং পুরুষমুপৈতি দিব্যম্ ॥১০

যদক্ষরং বেদবিদো বদন্তি
বিশন্তি যদ্যতয়ো বীতরাগাঃ।
যদিচ্ছন্তো ব্রহ্মচর্যং চরন্তি
তৎ তে পদং সংগ্রহেন প্রবক্ষ্যে ॥১১

এদেহের অন্তকালে
একনিষ্ঠ যোগবলে
ধ্যানাভ্যাসে স্থির চিত্ত অবিচল ভাবে
ভ্রূযুগের মধ্যে প্রাণ
আবিষ্ট রাখিতে চান
তিনিই পুরাণ কবি সর্বজ্ঞের ভাবে।
নিশ্চয় মিলিত হন
যে সাধক অনুক্ষণ
আদিত্য সমান বর্ণ তমঃ পর পারে।
নিত্য যাঁর অধিষ্ঠান অনুস্মৃতিবলে পান
সে দিব্য পুরুষ ব্রহ্ম জ্যোতির্ময় পারে।
৯-১০

যথার্থ বৈদিকগণ অক্ষর রূপে বর্ণন
করেছেন জ্ঞান মার্গে করি নিরীক্ষণ।
নিঃস্পৃহ সন্ন্যাসিগণ
ব্রহ্ম পদ প্রাপ্ত হন
ব্রহ্মচারী যে আশায় সুব্রত পালন

সর্ব্বদ্বারাণি সংযম্য মনো হৃদি নিরুধ্য চ।
মূর্ধ্ন্যাধায়াত্মনঃ প্রাণ-মাস্থিতো যোগধারণাম্ ॥১২

ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম ব্যাহরন্ মামনুস্মরন্।
যঃ প্রয়াতি ত্যজন্ দেহং স যাতি পরমাং গতিম্ ॥১৩

অনন্যচেতাঃ সততং যো মাং স্মরতি নিত্যশঃ।
তস্যাহং সুলভঃ পার্থ নিত্যযুক্তস্য যোগিনঃ ॥১৪

করিয়া অমর হন
বলিব তা অনুক্ষণ
অক্ষর বিজ্ঞান তথ্য সংজ্ঞার কারণ।১১

নিখিল ইন্দ্রিয় দ্বার সংযত করিয়া
হৃদয় পঙ্কজে মন নিত্য নিবোদিয়া
ভ্রূযুগের মধ্যস্থলে প্রাণন্যাস করি
যোগাভ্যাসে অন্য চিন্তা
নিত্য পরিহরি। ১২

ওঙ্কার প্রণব মন্ত্র মুখে উচ্চারিয়া
দেহ ত্যাগ করে যেই আমাকে স্মরিয়া
তাহার পরমা গতি শাস্ত্র সিদ্ধ বটে
পরম যোগের ফলে শ্রেষ্ঠ গতি ঘটে।
১৩

একাগ্র মনেতে তবে
আমারই স্মরণ লবে
আজীবন শ্রদ্ধাভরে করিবে মনন।
আমাতেই নিত্যযুক্ত

মামুপেত্য পুনর্জ্জন্ম দুঃখালয়মশাশ্বতম্ ।
নাপ্নুবন্তি মহাত্মানঃ সংসিদ্ধিং পরমাং গতাঃ ॥১৫

আব্রহ্মভুবনাল্লোকাঃ পুনরাবর্ত্তিনোঽর্জ্জুন ।
মামুপেত্য তু কৌন্তেয় পুনর্জ্জন্ম ন বিদ্যতে ॥১৬

সেই মোর চির ভক্ত
যোগীন্দ্র জনের হই সুলভ্য রতন। ১৪

মহাজ্ঞানী মহাজন
যাঁরা সিদ্ধি প্রাপ্ত হন
হইয়া পরমানন্দ সাগরে মগন
বন্ধন ও মোহের হাতে
মুক্ত হন বিধিমতে
পুনর্জন্ম জন্য ভোগ না ঘটে কখন। ১৫

ভূবাদি এ সপ্তলোকে
সংসারার্ত দুঃখ শোকে
পুনঃ পুনঃ আবর্তনে নিত্য সুখহীন।
আমাকে লভিলে আর
জন্ম নাহি হয় তার
ইহাই পরম তত্ত্ব বুঝিবে প্রবীণ। ১৬

সহস্রযুগপর্য্যন্তমহর্যদ্ব্রহ্মণো বিদুঃ।
রাত্রিং যুগসহস্রান্তাং তেঽহোরাত্রবিদো জনাঃ ॥১৭

অব্যক্তাদ্ব্যক্তয়ঃ সর্ব্বাঃ প্রভবন্ত্যহরাগমে।
রাত্র্যাগমে প্রলীয়ন্তে তত্রৈবাব্যক্তসংজ্ঞকে ॥১৮

ভূতগ্রামঃ স এবায়ং ভূত্বা ভূত্বা প্রলীয়তে।
রাত্র্যাগমেঽবশঃ পার্থ প্রভবত্যহরাগমে ॥১৯

চারি হাজার যুগে ব্রহ্মার হয় একদিন
নিশামানও এই ভাবে হয় চিরদিন
এই ভাবে গণনায় বর্ষ শত হয়
ব্রহ্মার নিয়ত আয়ু, শাস্ত্রজ্ঞেরা কয়।
সত্য ত্রেতা দ্বাপর কলিযুগ যাহা
অহোরাত্র পরিজ্ঞানে গণনীয় তাহা
যে সকল যোগসিদ্ধ এ তত্ত্ব জানেন
অহোরাত্র বিদ বলে সকলে মানেন।
১৭

অব্যক্ত হইতে ব্যক্ত হয় ব্যক্তিগণ
ব্রহ্মার দিবস কালে বলে সিদ্ধগণ
রাত্রির আগমে তার হয় কিন্তু লয়
এই তথ্য চিরসত্য শাস্ত্র সিদ্ধ হয়। ১৮

পূর্ব কল্পে যারা ছিল তারা বর্তমানে
পুনঃ পুনঃ সমুৎপন্ন হয় দিন মানে।
রাত্রিতে প্রসুপ্ত হয় কর্মহীনতায়
দৈনন্দিন সৃষ্টি লয়, এ রহস্যময়। ১৯

পরস্তস্মাত্তু ভাবোঽন্যোঽব্যক্তোঽব্যক্তাৎ সনাতনঃ।
যঃ স সর্ব্বেষু ভূতেষু নশ্যৎসু ন বিনশ্যতি ॥২০

অব্যক্তোঽক্ষর ইত্যুক্তস্তমাহুঃ পরমাং গতিম্।
যং প্রাপ্য ন নিবর্ত্তন্তে তদ্ধাম পরমং মম ॥২১

ভূতগ্রামের বীজভূত, অব্যক্ত হইতে
বিলক্ষণ ও ব্যতিরিক্ত ইন্দ্রিয় গোচর
স্বতন্ত্র অক্ষর ব্রহ্ম নহেক নশ্বর
সমস্ত বিনাশে যাহা অজয় অমর। ২০

বাহু শির ন্যায়ে পার্থ
বুঝিবে সে পরমার্থ
(তদ্বিষ্ণোঃ পরমং পদং) শাস্ত্র অনুসারে।
ইন্দ্রিয়ের অগোচর
যে সত্তা নহে নশ্বর
শ্রেষ্ঠ গতি সে অক্ষর ব্যাপ্ত চরাচরে।
যাহাকে লভিয়া জীব
কর্ম ক্ষয়ে হলে শিব
সংসারেতে যাতায়াত ঘুচে চিরতরে।
আমার পরম পদ
বুঝ পার্থ বিমুক্তিদ
"সা কাষ্ঠা যা পরা গতিঃ"
শাস্ত্র অনুসারে।
২১

পুরুষঃ স পরঃ পার্থ ভক্ত্যা লভ্যস্ত্বনন্যয়া।
যস্যান্তঃস্থানি ভূতানি যেন সর্ব্বমিদং ততম্ ॥২২

যত্র কালে ত্বনাবৃত্তিমাবৃত্তিঞ্চৈব যোগিনঃ।
প্রয়াতা যান্তি তং কালং বক্ষ্যামি ভরতর্ষভ ॥২৩

অগ্নির্জ্যোতিরহঃ শুক্লঃ ষণ্মাসা উত্তরায়ণম্।
তত্র প্রয়াতা গচ্ছন্তি ব্রহ্ম ব্রহ্মবিদো জনাঃ ॥২৪

যাঁর মধ্যে অবস্থিত যদ্দারা নিখিল ব্যাপ্ত
সেই পরমার্থ তত্ত্ব শ্রদ্ধাভক্তি ভরে
যথার্থ লভিতে পারে
অনন্য ভক্তি গোচরে—
যোগমার্গে ভূত সর্গে
তত্ত্বজ্ঞ বিচারে। ২২

যে কালে মরণ হলে
সুভক্ত স্বকর্ম ফলে
মুক্তি বা পুনরাবৃত্তি লভেন তাহার
তত্ত্বার্থ বলিব তোমা
কালবৃত্তিমনোরমা
দক্ষিণ ও উত্তর ভেদে
যাহার বিচার। ২৩

সগুণ ব্রহ্মের যারা করে উপাসনা
দেব যান গতি পথে লভয়ে সান্ত্বনা
অগ্নি জ্যোতিঃ দিবা আর শুক্লপক্ষ সনে
দেহ ত্যজি উত্তরায়ণ ইষ্ট ভাবি মনে।

ধূমো রাত্রিস্তথা কৃষ্ণঃ ষণ্মাসা দক্ষিণায়নম ।
তত্র চান্দ্রমসং জ্যোতির্যোগী প্রাপ্য নিবর্ত্ততে ॥২৫

শুক্লকৃষ্ণে গতী হ্যেতে জগতঃ শাশ্বতে মতে ।
একয়া যাত্যনাবৃত্তিমন্যয়াবর্ত্ততে পুনঃ ॥২৬

ব্রহ্মলোকে গতি লাভে
অধিকারী যারা
সাধনার ফল লভে সে স্থান তাহারা।
কিন্তু সদ্যোমুক্ত যোগী জীবিত কালেই
ব্রহ্মত্ব লভেন ইহা জ্ঞাত অনেকেই। ২৪

ধূম রাত্রি কৃষ্ণ পক্ষ পর ছয় মাস
দক্ষিণায়ন রূপে যাহার প্রকাশ
পিতৃ যান মার্গে কর্মী অতিক্রম করে
চন্দ্রলোক কর্মোচিত ফল ভোগ করে।
ভোগ অবসানে তারা মর্ত্যলোকে আসে
চান্দ্রী জ্যোতি করি লাভ
নিজ কর্ম বশে। ২৫

দেবযান পিতৃ যান রূপ গতিদ্বয়
সনাতন সত্য ইহা শাস্ত্রে উক্ত হয়
শুক্লমার্গ গতি ফলে মোক্ষ প্রাপ্তি ঘটে
কৃষ্ণ মার্গে পুনঃ পুনঃ মর্তে গতি বটে। ২৬

নৈতে সৃতী পার্থ জানন্ যোগী মুহ্যতি কশ্চন।
তস্মাৎ সর্ব্বেষু কালেষু যোগযুক্তো ভবার্জ্জুন ॥২৭

বেদেষু যজ্ঞেষু তপঃসু চৈব
দানেষু যৎ পুণ্যফলং প্রদিষ্টম্।
অত্যেতি তৎ সর্ব্বমিদং বিদিত্বা
যোগী পরং স্থানমুপৈতি চাদ্যম্ ॥২৮

এই দুই গতি মার্গ
জানি লভে অপবর্গ
এ তত্ত্ব জানিয়া নরে মোহমুক্ত হয়।
তাই তোমা বলি পার্থ
বুঝিয়া প্রকৃত স্বার্থ
সর্বকালে যোগ বলে লভহ বিজয়।

২৭

স্বাধ্যায়ের অধ্যয়নে,
কিম্বা যজ্ঞ অনুষ্ঠানে
তপস্যায় দান কর্মে, যে যে পুণ্য হয়,
মদুক্ত এই সত্যতথ্য
অবগত হয়ে পার্থ
যোগীজন সর্ব কর্ম অতিক্রান্ত হয়।
এই সপ্ত প্রশ্নোত্তরে গুরু অনুরাগ ভরে
ধ্যান নিষ্ঠ মহাযোগী ব্রহ্মপ্রাপ্ত হন॥

২৮

ইতি শ্রীমহাভারতে শত সহস্র্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং ভীষ্ম পর্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূ—
পনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদে অক্ষর ব্রহ্ম-
যোগো নাম অষ্টমোঽধ্যায়ঃ।

লক্ষ শ্লোকী ভারতের অমৃত
বেদব্যাসের—
তার মধ্যগত ভীষ্ম পর্বের সম্মত
গীতোপনিষৎগত ব্রহ্মবিদ্যাদি সম্মত
যোগ শাস্ত্রে কৃষ্ণ পার্থ সম্বাদ সঙ্গত।
এ অক্ষর ব্রহ্মযোগ যাতে নাশে ভবরোগ
পাদপদ্ম মকরন্দ কামনার দাস
ভগবদগীতাবাণী পদ্য অনুবাদে আনি
অষ্টম অধ্যায় শেষ করে দীনদাস।
সত্যতত্ত্ব জ্ঞান শূণ্য অলব্ধ ধর্মজ পুণ্য
মনে হয় অদৃষ্টের যেন পরিহাস॥

নবমোঽধ্যায়ঃ

রাজবিদ্যা রাজগুহ্যযোগ

শ্রীভগবানুবাচ—

ইদন্তু তে গুহ্যতমং প্রবক্ষ্যাম্যনসূয়বে।
জ্ঞানং বিজ্ঞানসহিতং যজ্ জ্ঞাত্বা
মোক্ষ্যসেঽশুভাৎ ॥১

রাজবিদ্যা রাজগুহ্যং পবিত্রমিদমুত্তমম্।
প্রত্যক্ষাবগমং ধর্ম্ম্যং সুসুখং কর্ত্তুমব্যয়ম্ ॥২

অতঃপর অর্জুনেরে অতি যত্ন করি
পরম আদরে কিন্তু কহিলা শ্রীহরি।
দোষ দৃষ্টি শূণ্য এবে অসূয়া বিহীন
হয়েছ অর্জুন তুমি ভকত প্রবীণ।
জ্ঞান ও বিজ্ঞান যুত এই রাজ যোগ
গুহ্যতম ইহা, এতে সবার সংযোগ
ঘটেনা যত্তপি তাহা বলিব তোমারে
যাহা পরিজ্ঞাত হয়ে যাবে ভব পারে।
১

সর্ব বিদ্যা শ্রেষ্ঠ ইহা পবিত্র উত্তম
প্রকৃষ্ট ধর্ম সঙ্গত সহজ ও সুগম।
প্রত্যক্ষ বোধক এই রাজ বিদ্যা যোগ
সহজ সাধন যোগ্য দাও মনোযোগ।
২

অশ্রদ্দধানাঃ পুরুষা ধর্ম্মস্যাস্য পরন্তপ।
অপ্রাপ্য মাং নিবর্ত্তন্তে মৃত্যুসংসারবর্ত্মনি ॥৩

ময়া ততমিদং সর্ব্বং জগদব্যক্তমূর্ত্তিনা।
মৎস্থানি সর্ব্বভূতানি ন চাহং তেষ্ববস্থিতঃ ॥৪

ন চ মৎস্থানি ভূতানি পশ্য মে যোগমৈশ্বরম্।
ভূতভৃন্ন চ ভূতস্থো মমাত্মা ভূতভাবনঃ ॥৫

ব্রহ্মজ্ঞান ধর্মরূপে সত্যশ্রদ্ধাহীন
আমাকে পায়না তাই কর্মবাদে লীন।
পুনঃ পুনঃ যাতায়াতে সংসারের পথে
তাপত্রয় প্রপীড়িত হয় ভ্রান্ত পথে। ৩

ইন্দ্রিয়ের অগোচর অব্যক্ত মূরতি
আমার এরূপে ব্যাপ্ত এ বিশ্ব সংহতি
আব্রহ্মস্তম্ভ পর্য্যন্ত বিশ্ব চরাচর
আমাতেই স্থিত আমি নহি তদন্তর। ৪

এ এক অদ্ভুত তথ্য
ঐশ্বর যোগ মাহাত্ম্য
আত্মগত এ যাথার্থ্য কর নিরীক্ষণ।
ব্রহ্মাদি নিখিল সত্ত্ব
আমাতে নহেক সত্য
সর্ব সঙ্গ বিবর্জিত আমি অমলিন।
এ অদ্ভুত গূঢ় তথ্য
সকলে বুঝেনা সত্য
আমি কিন্তু সর্বভূত-হেতু চিরদিন। ৫

যথাকাশস্থিতো নিত্যং বায়ুঃ সর্ব্বত্রগো মহান্ ।
তথা সর্ব্বাণি ভূতানি মৎস্থানীত্যুপধারয় ॥৬

সর্ব্বভূতানি কৌন্তেয় প্রকৃতিং যান্তি মামিকাম্ ।
কল্পক্ষয়ে পুনস্তানি কল্পাদৌ বিসৃজাম্যহম্ ॥৭

প্রকৃতিং স্বামবষ্টভ্য বিসৃজামি পুনঃ পুনঃ ।
ভূতগ্রামমিমং কৃৎস্নমবশং প্রকৃতের্বশাৎ ॥৮

বায়ু ও আকাশ গত দৃষ্টান্ত দর্শনে
প্রবেশ কর এ তত্ত্বে পার্থ শুদ্ধ মনে।
সর্বত্রগ মহাবায়ু আকাশে যেমন
অসংস্পৃষ্ট ভাবে থাকে আমিও তেমন।
সেইরূপ অসংস্পৃষ্ট সর্বত্র আমাতে
সর্ব ভূতে অবস্থিত সত্য তথ্য মতে। ৬

প্রলয় কালেতে পার্থ আমার মাথায়
গুণ ত্রয়াত্মিকা যাহা স্বরূপত তায়
সর্বভূত হয় লীন এ চির বিধান
আমা হতে জন্ম আদি দেখ সপ্রমানে।
৭

অবিদ্যা স্বরূপ মায়া বশীভূত করি
প্রাকৃতিক ভূতগণে পুনঃ সৃষ্টি করি। ৮

ন চ মাং তানি কর্ম্মাণি নিবধ্নন্তি ধনঞ্জয় ।
উদাসীনবদাসীনমসক্তং তেষু কর্ম্মসু ॥৯

ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ সূয়তে সচরাচরম্ ।
হেতুনানেন কৌন্তেয় জগদ্‌বিপরিবর্ত্ততে ॥১০

অবজানন্তি মাং মূঢ়া মানুষীং তনুমাশ্রিতম্ ।
পরং ভাবমজানন্তো মম ভূতমহেশ্বরম্ ॥১১

অধ্যক্ষতা মম বটে
কিন্তু রহি সর্বঘটে
দুরত্যয়া মায়া করে সংসার সৃজন।
সকলেরই স্রষ্টা আমি জানে সর্বজন
এর অনির্বাচ্য তত্ত্ব বুঝে অল্প জন।
সাক্ষীরূপে অবস্থিত আমি সর্ব কালে
ব্যক্ত ও অব্যক্ত সব
এই মায়া বশে চলে। ৯

নিত্যশুদ্ধ বুদ্ধ মুক্ত স্বভাব বশতঃ
জগদন্তরাত্মরূপে তত্ত্বমসি স্বতঃ
মূল তত্ত্ব মূঢ়তার বশে অজ্ঞজন
মানুষ বুদ্ধিতে ভাবে অবজ্ঞা ভাজন।
১০

বৃথাশা নিষ্ফল কর্মা বিবেক বর্জিত
সর্বাত্মকে অবজ্ঞার ফলে পাপার্জিত
রাক্ষসী তামসী বুদ্ধি সহ জন্ম লভে
ত্রিতাপ পীড়িত হয়ে দুঃখ পায় ভবে।১১

মোঘাশা মোঘকর্ম্মাণো মোঘজ্ঞানা বিচেতসঃ।
রাক্ষসীমাসুরীঞ্চৈব প্রকৃতিং মোহিনীং শ্রিতাঃ ॥১২

মহাত্মানস্তু মাং পার্থ দৈবীং প্রকৃতিমাশ্রিতাঃ।
ভজন্ত্যনন্যমনসো জ্ঞাত্বা ভূতাদিমব্যয়ম্ ॥১৩

বিজ্ঞান বর্জিত যারা
প্রকৃত বিবেকহারা
ব্যর্থ কর্মে ব্যর্থকাম শূন্য মনোবল।
আত্মতত্ত্বে অপ্রবিষ্ট
যারা নহে কভু শিষ্ট
আসুরী প্রকৃতি বশে হারায় সকল।
আত্ম গ্লানি দুঃখ কষ্ট তাদের সম্বল। ১২

পক্ষান্তরে দেখ পার্থ
অবগত পরমার্থ
শম দম দয়া শ্রদ্ধা সত্ত্ব ভাবাশ্রয়ে
সর্ব কারণ কারণে
আমাতে পরম জ্ঞানে
নিত্য যুক্ত হয়ে থাকে
আমারই আশ্রয়ে।

দৈবী প্রকৃতির ফলে
দৈবী মতিবশে চলে
অনন্য মনেতে জানি আমাকে অব্যয়

সততং কীর্ত্তয়ন্তো মাং যতন্তশ্চ দৃঢ়ব্রতাঃ।
নমস্যন্তশ্চ মাং ভক্ত্যা নিত্যযুক্তা উপাসতে ॥১৪

জ্ঞানযজ্ঞেন চাপ্যন্যে যজন্তো মামুপাসতে।
একত্বেন পৃথক্ত্বেন বহুধা বিশ্বতোমুখম্ ॥১৫

অন্য সব তত্ত্ব ব্যর্থ ব্রহ্মজ্ঞান পরমার্থ
আন্তরিক ভাবে ভজে অনাদি অক্ষয়। ১৩

পূজা জপ নাম গান
সংসারে যে জ্ঞানবান
নিত্য করি অনুষ্ঠান করেভবজয়।
ভক্তি ভরে নমস্কারে
মম উপাসনা করে
পরমার্থ জানি লভে সর্বত্র বিজয়। ১৪

ভিন্ন রুচি লোক তাই কেহ কর্ম যোগী
কেহ বা বিজ্ঞানযোগী সংসারে বৈরাগী
কেহ কেহ জ্ঞান যজ্ঞ আশ্রয়ে আমার
উপাসনা করি ধন্য মানস বিচার
করিয়া কেহবা আত্মা প্রত্যক্ষ স্বরূপ
পরমার্থ দর্শনার্থে অভিন্নাত্মরূপ
চিন্তা করি আমা স্মরি বিশ্বরূপ ময়
নানা পথে নানা মতে মম ভক্ত হয়। ১৫

অহং ক্রতুরহং যজ্ঞঃ স্বধাহহমহমৌষধম্ ।
মন্ত্রোহহমহমেবাজ্যমহমগ্নিরহং হুতম্ ॥১৬

পিতাহহমস্য জগতো মাতা ধাতা পিতামহঃ ।
বেদ্যং পবিত্রমোঙ্কার ঋক্ সাম যজুরেব চ ॥১৭

অগ্নিষ্টোম শ্রৌত যজ্ঞ স্মার্ত যজ্ঞ আমি
পঞ্চ মহা যজ্ঞ যাহা কৃতজ্ঞতা ভূমি ।
দেব ঋণ ঋষি পিতৃভূত ঋণ শোধে
পঞ্চ যজ্ঞ বলে বিজ্ঞ মানবে প্রবোধে ।
উপযুক্ততম পন্থা রূপে আমি জ্ঞান
মন্ত্র বা ঔষধ আমি আজ্য হোমস্থান ।
সর্বময় আমি বোধ উৎপন্ন হইলে
সর্ব লোক জয় হয় ইহ পর কালে । ১৬

জীবে কর্মফলদাতা একমাত্র আমি
পিতা মাতা পিতামহ সর্বত্রই আমি ।
আমিই পরম বেদ্য পরম ওঙ্কার
ঋগাদি নিখিল যজ্ঞ আমি সর্বসার ।
দৃশ্যাদৃশ্য সবই আমি আমিই সংসার
বুঝহ পরম ভক্ত করিয়া বিচার । ১৭

গতির্ভর্ত্তা প্রভুঃ সাক্ষী নিবাসঃ শরণং সুহৃৎ।
প্রভবঃ প্রলয়ঃ স্থানং নিধানং বীজমব্যয়ম্ ॥১৮

তপাম্যহমহং বর্ষং নিগৃহ্ণাম্যুৎসৃজামি চ।
অমৃতঞ্চৈব মৃত্যুশ্চ সদসচ্চাহমর্জ্জুন ॥১৯

ত্রৈবিদ্যা মাং সোমপাঃ পূতপাপা
যজ্ঞৈরিষ্ট্বা স্বর্গতিং প্রার্থয়ন্তে।
তে পুণ্যমাসাদ্য সুরেন্দ্রলোক-
মশ্নন্তি দিব্যান্ দিবি দেবভোগান্ ॥২০

আমি গতি আমি মতি আমি বাসস্থান
আমি কৃতাকৃত সাক্ষী সর্বত্র সমান
রক্ষা কর্তা আমি নিত্য পূর্ণ হিতকারী
স্রষ্টা ও সংহার কর্তা আমি সর্বোপরি ।
১৮

আমিই আদিত্যরূপ করি তাপ দান
জলরাশি আকর্ষিয়া পুনরায় দান
অমরে অমৃত আমি মরে মৃত্যুবান
স্থূল সূক্ষ্ম স্বরূপেতে সদা বিদ্যমান ।১৯

ঋগ যজু সামবেদে
ক্রিয়া কাণ্ড নির্বিবাদে
ধর্মানুষ্ঠানের ফলে করি সোমপান ।
শ্রৌত মার্গে থাকে যারা
পাপশূণ্য হয় তারা
দেবেন্দ্র অতিথি হয়ে লভেন সম্মান ।
মানবের অনাসাদ্য

তে তং ভুক্ত্বা স্বর্গলোকং বিশালং
ক্ষীণে পুণ্যে মর্ত্ত্যলোকং বিশন্তি।
এবং ত্রয়ীধর্ম্মমনুপ্রপন্না
গতাগতং কামকামা লভন্তে ॥২১

অনন্যাশ্চিন্তয়ন্তো মাং যে জনাঃ পর্য্যুপাসতে।
তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহম্ ॥২২

লভিয়া সুপ্রতিপাছ্য
দিব্যভোগ শূন্যরোগ লভে দিব্যস্থান।
২০

ত্রৈবিষ্ঠ বলিয়া যারা বিখ্যাত ভুবনে
কর্মমার্গে ধর্মফলে একনিষ্ঠ মনে
বিশাল স্বর্গীয় ভোগ
দীর্ঘ কাল করি যোগ
পুণ্যক্ষয়ে মর্ত্যলোকে পুণঃ আগমনে।
বাধ্য তাঁরা সুনিশ্চিত
বেদবাদে যারা স্থিত
যাতায়াত অব্যাহত কর্মানুসন্ধানে।২১

পরমাত্ম বোধে যিনি আমার সাধক
জগতে কিছুই তাঁর নহে নিরর্থক
নিত্য সমাহিত সেই সাধকের ঘরে
না থাকে যা এনে দেই
স্থিত রক্ষা করে।২২

যেঽপ্যন্যদেবতা ভক্তা যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ।
তেঽপি মামেব কৌন্তেয় যজন্ত্যবিধিপূর্ব্বকম্ ॥২৩

অহং হি সর্ব্বযজ্ঞানাং ভোক্তা চ প্রভুরেব চ।
ন তু মামভিজানন্তি তত্ত্বেনাতশ্চ্যবন্তি তে ॥২৪

যান্তি দেবব্রতা দেবান্ পিতৄন্ যান্তি পিতৃব্রতাঃ।
ভূতানি যান্তি ভূতেজ্যা
যান্তি মদ্‌যাজিনোঽপি মাম্ ॥২৫

কর্মবাদে সক্ত চিত্ত যে সাধকগণ
পুত্র বিত্ত সুখলাভে অনুরক্ত মন
অন্য দেবতার নিত্য করে আরাধনা
অজ্ঞাতে করিছে তারা আমারই সাধনা।
আবিধি পূর্বক সেই সাধনের ফলে
বঞ্চিত সাধক কিন্তু পরমার্থ বলে। ২৩

অজ্ঞতাই সংসারেতে আবৃতি কারণ
শ্রৌত স্মার্ত কর্মফলে আমিই শরণ
অন্যদের ভক্তগণে
যথার্থতা নিরূপণে
অসমর্থ তাই ভবে পুণরাগমন। ২৪

বিষয় বিশেষে অত্যাশক্তি ভিন্নমতি
বিভিন্ন দেবতা রূপে হয় দৃঢ় মতি
দেবতার্চনে লাভ হয় দেবভাব
সুনিশ্চিত কর্ম বাদে কর্মের প্রভাব।
পিতৃভক্ত পিতৃলোকে
ভূত ভক্ত বিনায়কে
চতুর্ভগিনী মাযকে ভূত ভাব পায়
সদাত্ম সাধকে লভে আত্ম ভাবাশ্রয়।
২৫

পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রযচ্ছতি ।
তদহং ভক্ত্যুপহৃতমশ্নামি প্রযতাত্মনঃ ॥২৬

যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ ।
যৎ তপস্যসি কৌন্তেয় তৎ কুরুষ্ব মদর্পণম্ ॥২৭

শুভাশুভফলৈরেবং মোক্ষ্যসে কর্ম্মবন্ধনৈঃ ।
সন্ন্যাসযোগযুক্তাত্মা বিমুক্তো মামুপৈষ্যসি ॥২৮

কামনা বিহীন যেই শুদ্ধ ভক্তগণ
পুষ্প পত্র ফল জল আমাকে অর্পণ
করেন সুভক্তিভরে
আমি তাহা শ্রদ্ধাভরে
সংযমীপুরুষদান করিহে গ্রহণ। ২৬

হে কৌন্তেয় যাহা কর দান তপ হোম
আহারাদি সব কিছু আমাতে অর্পণ
ব্রহ্মার্পণ জ্ঞানে ইহা অনুষ্ঠিত হলে
নিশ্চিত পরম লাভ ইহ পরকালে। ২৭

শুভাশুভ ফলান্বিত কর্মের বন্ধন
হইতে নিশ্চয় মুক্ত কর্ম সমর্পণ
আমাতে করিয়া, ভক্ত অনুরক্ত যেবা
জীবন কালেই মুক্ত হয় করি সেবা।
পুনরায় দেহপ্রাপ্তি না হয় তাহার
দেহান্তে সৎ স্বরূপেতে বিলয় তাহার।
২৮

সমোহহং সর্ব্বভূতেষু ন মে দ্বেষ্যোঽস্তি ন প্রিয়ঃ।
যে ভজন্তি তু মাং ভক্ত্যা ময়ি তে তেষু চাপ্যহম্ ॥২৯

অপি চেৎ সুদুরাচারো ভজতে মামনন্যভাক্।
সাধুরেব স মন্তব্যঃ সম্যগ্ব্যবসিতো হি সঃ ॥৩০

ক্ষিপ্রং ভবতি ধর্ম্মাত্মা শশ্বচ্ছান্তিং নিগচ্ছতি।
কৌন্তেয় প্রতিজানীহি ন মে ভক্তঃ প্রণশ্যতি ॥৩১

সর্বভূতে সমভাবে নিবাস আমার
দ্বেষ্য কিংবা প্রিয় কেহ এ নহে বিচার।
কিন্তু শুদ্ধ ভক্তিভরে
উপাসনা যেবা করে
আমি তার সে আমার এই তত্ত্ব সার।
২৯

যদি দুরাচার জন
সভক্তি করে ভজন
সাধু বলি তারে সদা করিও চিন্তন।
ভক্তিরই মাহাত্ম্য এটা
রাগ দ্বেষ নয় সেটা
সংকল্পে সাধুত্ব রক্ষা সাধক লক্ষণ। ৩০

জানিবে তাদৃশ জন
শীঘ্রই ধার্মিক হন
লভেন পরমা শান্তি নাহিক সংশয়।
ভক্তের বিনাশ নাই
করিও বিশ্বাস তাই

মাং হি পার্থ ব্যপাশ্রিত্য
যেঽপি স্যুঃ পাপযোনয়ঃ।
স্ত্রিয়ো বৈশ্যাস্তথা শূদ্রাস্তেঽপি
যান্তি পরাং গতিম্ ॥৩২

কিং পুনর্ব্রাহ্মণাঃ পুণ্যা ভক্তা রাজর্ষয়স্তথা।
অনিত্যমসুখং লোকমিমং প্রাপ্য ভজস্ব মাম্ ॥৩৩

অন্তরে বুঝিয়া পার্থ করিবে মনন।
প্রতিজ্ঞার সঙ্গে তথ্য কর বিতরণ।৩১

পাপজাতি যারা হয়
অন্ত্যজাদি জাতি চয়
কিম্বা স্ত্রী বৈশ্য শূদ্র শুদ্ধা ভক্তিবলে
আমার আশ্রয় লভি
যজ্ঞিগত যথা হবি
লভয়ে প্রকৃষ্ট গতি ব্যক্তিত্বের ফলে।
৩২

পুণ্যাত্ম ব্রাহ্মণ কথা
কি আর বলিব হেথা
সুভক্ত রাজর্ষিবৃন্দ আমাতে মিলায়।
এ তত্ত্ব ভাবিয়া মনে
মিলিবে আমার সনে
অনিত্য সংসারে এসে ভজহে আমায়।
৩৩

মন্মনা ভব মদ্ভক্তো মদ্‌যাজী মাং নমস্কুরু।
মামেবৈষ্যসি যুক্ত্বৈবমাত্মানং মৎপরায়ণঃ ॥৩৪

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু
ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জুনসংবাদে
রাজবিদ্যা রাজগুহ্যযোগো নাম
নবমোঽধ্যায়ঃ।

হও পার্থ মম ভক্ত সুকাল্যনভাগী
নমস্কার সহ হও যজ্ঞ অনুরাগী
যুক্ত যোগী হয়ে শেষে
আমাতে মিলিবে এসে
পরমাত্মা বলি মোরে লভে সব যোগী । ৩৪

রাজ বিদ্যা রাজগুহ্য যোগ শ্রীগীতার
অধ্যয়নে তিরোহিত জ্ঞানান্ধকার
আশ্চর্য ঐশ্বর্যযোগ নবমে বণিত
বেদাগ্নি শ্লোকের যোগে বিজ্ঞান সম্মত ।
এ সংসারে আত্মাহুত
দীন দাস পদানত
করহ দীনতা নাশ
প্রার্থনা নিয়ত ।

দশমোঽধ্যায়ঃ।

বিভূতি-যোগ

শ্রীভগবানুবাচ—

ভূয় এব মহাবাহো শৃণু মে পরমং বচঃ।
যত্তেঽহং প্রীয়মাণায় বক্ষ্যামি হিতকাম্যয়া।।১

ন মে বিদুঃ সুরগণাঃ প্রভবং ন মহর্ষয়ঃ।
অহমাদির্হি দেবানাং মহর্ষীনাঞ্চ সর্ব্বশঃ।।২

কহিলেন ভগবান
পার্থ কর অবধান
পুনর্বার মহাবাহো শুন মম বাণী।
প্রীতি অনুভবকারী
তুমি, আমি হিতকারী
তাই হিত কামনায় এ মঙ্গল ধ্বনি। ১

দেবতা মহর্ষিবৃন্দ লভেন পরমানন্দ
কিন্তু তারা না জানেন উদ্ভব আমার।
আমি দেব ঋষিদের
আদি কিন্তু সকলের
অনাদি অনন্তরূপী করিও বিচার। ২

যো মামজমনাদিঞ্চ বেত্তি লোকমহেশ্বরম্ ।
অসংমূঢ়ঃ স মর্ত্ত্যেষু সর্ব্ব পাপৈঃ প্রমুচ্যতে ॥ ৩

বুদ্ধির্জ্ঞানমসম্মোহঃ ক্ষমা সত্যং দমঃ শমঃ ।
সুখং দুঃখং ভবোঽভাবো ভয়ঞ্চাভয়মেব চ ॥ ৪

অহিংসা সমতা তুষ্টিস্তপো দানং যশোঽযশঃ ।
ভবন্তি ভাবা ভূতানাং মত্ত এব পৃথগ্ বিধাঃ ॥ ৫

আদি শূণ্য আমি হই
জন্মের অধীন নই
সর্বলোক মহেশ্বর কিবা মোর রূপ।
যে জানে বিশেষ ভাবে
মোহ শূন্য এই ভবে
সর্ব পাপ মুক্ত হয়ে লভয়ে স্বরূপ। ৩

হৃদয়ের সূক্ষ্ম তত্ত্ব
আত্ম পরমার্থ তথ্য
সম্মোহ বিহীন সত্যে প্রতিষ্ঠিত হয়ে,
অহিংসা সমতা তুষ্টি
লাভে ঘটে পরিপুষ্টি
তপস্যা দাতৃত্ব যশ অথবা অভয়ে।
এ সকল ভাব চয়
আমা হতে ভিন্ন নয়
মানবের কর্ম বশে জন্মে ভেদ লয়ে।
৪।৫

মহর্ষয়ঃ সপ্ত পূর্ব্বে চত্বারো মনবস্তথা।
মদ্ভাবা মানসা জাতা যেষাং লোক ইমাঃ প্রজাঃ॥ ৬

এতাং বিভূতিং যোগঞ্চ মম যো বেত্তিতত্ত্বতঃ।
সোঽবিকম্পেন যোগেন যুজ্যতে নাত্র সংশয়ঃ॥৭

অহং সর্ব্বস্য প্রভবো মত্তঃ সর্বং প্রবর্ত্ততে।
ইতি মত্বা ভজন্তে মাং বুধা ভাবসমন্বিতাঃ॥ ৮

মরীচি প্রভৃতি পুজ্যসপ্তর্ষি মণ্ডল
সনক সনন্দ আদি মনুজ সকল
চতুর্দশ মনু মম সংকল্প প্রভাবে
জন্মিয়া মদ্‌গত ভাবে
প্রভাবিত ব্রহ্মভাবে
সৃষ্ট এই জনগণে করেন সদ্ভাবে। ৬

যিনি এ বিভূতি যোগ তত্ত্বার্থ বিজ্ঞান
জন্ম জন্মান্তরে কর্ম বশে জ্ঞাত হন,
নিঃসংশয়ে তত্ত্ব জ্ঞানে স্থৈর্য লাভ করি
অবিকল যোগযুক্ত হন হরিস্মরি। ৭

আমি নিখিলের পিতা
আমা হতে সব হেথা
নিখিল ব্রহ্মাণ্ড হেতু আমি মাত্র হই।
এই ভাবি পণ্ডিতেরা
ভাব শুদ্ধ চিত্ত যারা
করেন ভজন মোর আমি তাতে রই।
৮

মচ্চিত্তা মদ্গতপ্রাণা বোধয়ন্তঃ পরস্পরম্ ।
কথয়ন্তশ্চ মাং নিত্যং তুষ্যন্তি চ রমন্তি চ ॥ ৯

তেষাং সততযুক্তানাং ভজতাং প্রীতিপূর্বকম্ ।
দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযান্তি তে ॥ ১০

ব্রহ্মজ্ঞানে মদ্‌গত চিত্ত
পরমালাপে নিত্য প্রসিক্ত
সংস্কৃত চিত্তে মদীয় সুতত্ত্বে
আত্মসর্পণ করেন সুভক্তে
যহি সৎ সঙ্গে গোষ্ঠি প্রসঙ্গে
পরমানন্দোচ্ছ্বাস তরঙ্গে। ৯

নিত্যযুক্ত অবস্থায় যাঁরা প্রেমভরে
অর্থিত্বাদি পরিহরি উপসনা করে
আমার পরম তত্ত্ব মন্ত্র তাহাদের
অভিগম্য হয় যাতে সে বুদ্ধি তাদের।
অমিই প্রদান করি সহজে যাহাতে
প্রেমিক সতত যুক্তা
পায়ে মোরে পেতে। ১০

তেষামেবানুকম্পার্থমহমজ্ঞানজং তমঃ।
নাশয়াম্যাত্মভাবস্থো জ্ঞানদীপেন ভাস্বতা ॥ ১১

অর্জ্জুন উবাচ—

পরং ব্রহ্ম পরং ধাম পবিত্রং পরমং ভবান্।
পুরুষং শাশ্বতং দিব্যমাদিদেবমজং বিভুম্ ॥ ১২

আহুস্ত্বামৃষয়ঃ সর্বে দেবর্ষির্নারদস্তথা।
অসিতো দেবলো ব্যাসঃ স্বয়ঞ্চৈব ব্রবীষি মে ॥ ১৩

সর্বমেতদৃতং মন্যে যন্মাং বদসি কেশব।
নহি তে ভগবন্ ব্যক্তিং বিদুর্দ্দেবা ন দানবাঃ ॥ ১৪

তাদৃশ প্রেমিক ভক্ত হৃদয়স্থ হয়ে
প্রোজ্বল বিজ্ঞানালোকে
আমি নিঃসংশয়ে
তাদেরি করুণা ভরে অজ্ঞানান্ধকার
বিনাশ করিয়া থাকি করি সুবিচার।
১১

অর্জুন কহিলা তথ্য উপলব্ধি করি
তুমি প্রভু সু পবিত্র ব্রহ্মরূপী হরি
তুমি চির চিরন্তন সত্য সনাতন
আদি দেব তুমি প্রভু নিত্য নিরঞ্জন।১২

বেদব্যাস ব্রহ্মাপুত্র নারদ প্রধান
অসিত দেবল সব মহর্ষি সন্তান
তোমার যথার্থ তত্ত্ব করেণ বর্ণন
স্বয়ং তুমিও তাহা কর সমর্থন।
এ সকলই সত্যজ্ঞান জন্মেছে আমার
দেবাসুর সৃষ্টি তথ্য
না জানে তোমার।　　১৩।১৪

স্বয়মেবাত্মনাত্মানং বেত্থ ত্বং পুরুষোত্তম।
ভূতভাবন ভূতেশ দেবদেব জগৎপতে॥ ১৫

বক্তুমর্হস্যশেষেণ দিব্যা হ্যাত্মবিভূতয়ঃ।
যাভির্বিভূতিভির্লোকানিমাংস্ত্বং ব্যাপ্য তিষ্ঠসি॥ ১৬

কথং বিদ্যামহং যোগিংস্ত্বাং সদা পরিচিন্তয়ন্।
কেষু কেষু চ ভাবেষু চিন্ত্যোঽসি ভগবন্ময়া॥ ১৭

বিস্তরেণাত্মনো যোগং বিভূতিঞ্চ জনার্দ্দন।
ভূয়ঃ কথয় তৃপ্তির্হি শৃণ্বতো নাস্তি মেঽমৃতম্॥ ১৮

হে পুরুষ শ্রেষ্ঠ তুমি নিজে নিজে জান
জগদীশ দেব দেব হে ভূত ভাবন। ১৫

স্বর্গীয় তোমার এই অমর বিভূতি
প্রকাশ করিছ আজ নিজেই সম্প্রতি
যে বিভূতি বলে প্রভো ব্রহ্মাণ্ড বিশাল
ব্যাপ্ত চরাচর দেব তুমি মহাকাল। ১৬

হে পরম যোগেশ্বর করি ধ্যান নিরন্তর
কেমনে জানিব তোমা ওহে ভগবান।
তব তত্ত্বে প্রকাশিতে
কিংস্বরূপে কি বস্তুতে
করি চিন্তা কিন্তু মনে করিব ধারণ?
১৭

আবার বলহে মোরে
বুঝি তোমা যেগেশ্বরে
অপূর্ব বৈভবে ঐ বিভূতি গোচরে।
বৈধ তুমি কি প্রকারে
বুঝাইয়া দাও মোরে
তব কথামৃতে মুগ্ধ ইচ্ছা শুনিবারে।১৮

শ্রীভগবানুবাচ—

হন্ত তে কথয়িষ্যামি দিব্যা হ্যাত্মবিভূতয়ঃ।
প্রাধান্যতঃ কুরুশ্রেষ্ঠ নাস্ত্যন্তো বিস্তরস্য মে ॥ ১৯

অহমাত্মা গুড়াকেশ সর্ব্বভূতাশয়স্থিতঃ ।
অহমাদিশ্চ মধ্যঞ্চ ভূতানামন্ত এব চ ॥ ২০

আদিত্যানামহং বিষ্ণুর্জ্যোতিষাং রবিরংশুমান্।
মরীচির্মরুতামস্মি নক্ষত্রাণামহং শশী ॥২১

শুনিয়া অর্জুন বাণী
কহিলেন চক্রপানি
শুন পার্থ বলি আত্ম বিভূতি কাহিনী।
হও রত একমনে
আমার যোগ সন্ধানে
অপূর্ব বিভূতি যোগ করহ শ্রবণ।
প্রধান ভাবেতে জান
অনন্ত বিভূতি জ্ঞান
আদর্শ রূপেতে শ্রেষ্ঠ আমাকেই মান। ১৯

আমি আদি আমি মধ্য অন্ত ব্রহ্মাণ্ডের
আত্মা আমি গুড়াকেশ
এ জীব বৃন্দের। ২০

আদিত্যগণের মধ্যে আমি বিষ্ণু হই
জোতিকেরমধ্যে আমি সূর্য ভিন্ন নই।
মরুৎগণের মধ্যে মরীচি স্বরূপ
নক্ষত্রগণের মধ্যে পূর্ণ শশিরূপ। ২১

বেদানাং সামবেদোঽস্মি দেবানামস্মি বাসবঃ।
ইন্দ্রিয়াণাং মনশ্চাস্মি ভূতানামস্মি চেতনা ॥২২

রুদ্রাণাং শঙ্করশ্চাস্মি বিত্তেশো যক্ষরক্ষসাম্।
বসূনাং পাবকশ্চাস্মি মেরুঃ শিখরিণামহম্ ॥২৩

পুরোধসাঞ্চ মুখ্যং মাং বিদ্ধি পার্থ বৃহস্পতিম্।
সেনানীনামহং স্কন্দঃ সরসামস্মি সাগরঃ ॥২৪

মহর্ষীণাং ভৃগুরহং গিরামস্ম্যেকমক্ষরম্।
যজ্ঞানাং জপযজ্ঞোঽস্মি স্থাবরাণাং হিমালয়ঃ ॥২৫

বেদ মধ্যে সামবেদ বাসব দেবেতে
ইন্দ্রিয়েতে মন আমি
চেতনা ভূতেতে। ২১

একাদশ রুদ্রমধ্যে আমি মহেশ্বর
কুবের বলিয়া জান যক্ষাদি ভিতর
শিখরি পর্বত মধ্যে মেরুশৃঙ্গ আমি
এ বিভূতি যোগ সার বুঝ পার্থ তুমি।
২৩

মন্ত্রী শ্রেষ্ঠ পুরোহিত মুখ্য বৃহস্পতি
সেনাপতি বরস্কন্দ কার্তিকেয় খ্যাতি।
জলাশয় বৃন্দ মধ্যে আমিই সাগর
ঐশ বিভূতির তথ্য বুঝ নিরন্তর। ২৪

মহর্ষিতে ভৃগু আর বাক্যে একাক্ষর
জান পার্থ যার নাম প্রণব অপর
যাগ মধ্যে জপযজ্ঞ শৈলে হিমালয়
দেবতাত্মা বলি চির যার পরিচয়। ২৫

অশ্বত্থঃ সর্ব্ববৃক্ষাণাং দেবর্ষীণাঞ্চ নারদঃ।
গন্ধর্ব্বাণাং চিত্ররথঃ সিদ্ধানাং কপিলো মুনিঃ ॥২৬

উচ্চৈঃশ্রবসমশ্বানাং বিদ্ধি মামমৃতোদ্ভবম্।
ঐরাবতং গজেন্দ্রাণাং নরাণাঞ্চ নরাধিপম্ ॥২৭

আয়ুধানামহং বজ্রং ধেনূনামস্মি কামধুক্।
প্রজনশ্চাস্মি কন্দর্পঃ সর্পানামস্মি বাসুকিঃ ॥২৮

অনন্তশ্চাস্মি নাগানাং বরুণো যাদসামহম্।
পিতৄণামর্য্যমা চাস্মি যমঃ সংযমতামহম্ ॥২৯

সর্ব বৃক্ষ মধ্যে আমি অশ্বত্থ প্রধান
দেবর্ষি গণের মধ্যে নারদ মহান।
গন্ধর্বেতে চিত্ররথ সিদ্ধেতে কপিল
সাংখ্য উপদেষ্টা যাতে প্রণত অখিল। ২৬

সাগর মন্থনোদ্ভূত উচ্চৈশ্রবানাম
অশ্ব রত্ন আমি পার্থ জানহ নিষ্কাম
গজ শ্রেষ্ঠ ঐরাবত আমি হই বটে
নর মধ্যে নরাধিপ মম নাম রটে। ২৭

অস্ত্র জাত মধ্যে আমি বজ্ররূপ ধরি
ধেনু মধ্যে কামধেনু বুঝহ বিচারি
প্রাণীর জনন শক্তি কামরূপ আমি
বাসুকীসর্পের মাঝে, জেন পার্থ তুমি।২৮

নাগলোকে সুপ্রসিদ্ধ অনন্তই আমি
জলধি দৈবত কুলে পশ্চিমাশাস্বামী।
বরুণ বলিয়া মোরে জানহ অর্জুন
পিতৃগণে অর্যমাখ্য যম সংযমন। ২৯

প্রহ্লাদশ্চাস্মি দৈত্যানাং কালঃ কলয়তামহম্।
মৃগাণাঞ্চ মৃগেন্দ্রোঽহং বৈনতেয়শ্চ পক্ষিণাম্ ॥৩০

পবনঃ পবতামস্মি রামঃ শস্ত্রভৃতামহম্।
ঝষাণাং মকরশ্চাস্মি স্রোতসামস্মি জাহ্নবী ॥৩১

সর্গাণামাদিরন্তশ্চ মধ্যং চৈবাহমর্জ্জুন।
অধ্যাত্মবিদ্যা বিদ্যানাং বাদঃ প্রবদতামহম্ ॥৩২

অক্ষরাণামকারোঽস্মি দ্বন্দ্বঃ সামাসিকস্য চ।
অহমেবাক্ষয়ঃ কালো ধাতাঽহং বিশ্বতোমুখঃ ॥৩৩

দানবে প্রহ্লাদরূপে জানিবে আমায়
কালরূপে জেন মোরে সংখ্যা গণনায়।
বন্য পশুমধ্যে সিংহ পক্ষীতে গরুড়
এই সত্য তথ্য বলি জানিবে নির্বূঢ়।
৩০

বেগবান মধ্যে আমি বায়ুরূপ ধরি
শস্ত্রধারি মধ্যে কিন্তু শ্রীরাম শ্রীহরি।
মৎস্য বৃন্দে মকরাখ্য গঙ্গার বাহন
নদীমধ্যে শ্রীজাহ্নবী আমি সপ্রমাণ।
৩১

সৃষ্টিতত্ত্বে আদি মধ্য অন্তরূপ ধরি
বিদ্যাবর্গে আধ্যাত্মিক বিদ্যাতে বিচারি
জল্পবাদ বিতণ্ডাদি তর্ক সিদ্ধান্তের
বাদ, তর্ক নির্ণয়ার্থে সারবাদার্থের। ৩২

অকার অক্ষর মধ্যে দ্বন্দ্ব সমাসেতে
আমিই অক্ষয় কাল বিধাতা রূপেতে।
৩৩

মৃত্যুঃ সর্ব্বহরশ্চাহমুদ্ভবশ্চ ভবিষ্যতাম্ ।
কীর্ত্তি শ্রীর্বাক্‌চ নারীণাং স্মৃতির্ম্মেধা ধৃতিঃ ক্ষমা ।।৩৪

বৃহৎ সাম তথা সাম্নাং গায়ত্রী ছন্দসামহম্ ।
মাসানাং মার্গশীর্ষোঽহমৃতূনাং কুসুমাকরঃ ।।৩৫

দ্যূতং ছলয়তামস্মি তেজস্তেজস্বিনামহম্ ।
জয়োঽস্মি ব্যবসায়োঽস্মি সত্ত্বং সত্ত্ববতামহম্ ।।৩৬

সর্বধ্বংসী মৃত্যু আমি ভবিষ্য-প্রভব
কীর্তি শ্রী বাক্ ক্ষমা ধৈর্য
স্মৃত্যাদি বৈভব। ৩৪

পরানন্দ ময় যাহা বৃহৎ সাম নাম
সাম বেদ মধ্যে আমি জান মুক্তিধাম।
ছন্দো বদ্ধ ঋক্ মন্ত্রে গায়ত্রী স্বরূপ
আমি পার্থ মাসে মার্গশীর্ষ প্রতিরূপ।
ষড় ঋতু মধ্যে আমি জানিবে বসন্ত
প্রতিপদে জ্ঞাত হও আমি যে অনন্ত।
৩৫

ছলনার প্রতিরূপ অক্ষক্রীড়া আমি
তেজস্বীর তেজরূপ ধ্রুব জান তুমি।
বিজয়ী গণের মধ্যে আমিই বিজয়
উদ্‌যোগিগণের মধ্যে মহাধ্যবসায়।
সাত্ত্বিক গণের মধ্যে আমি সত্ত্বগুণ
আমার শ্রেষ্ঠত্ব কথা চিন্তিও অর্জুন।
৩৬

বৃষ্ণীনাং বাসুদেবোঽস্মি পাণ্ডবানাং ধনঞ্জয়ঃ ।
মুনীনামপ্যহং ব্যাসঃ কবীনামুশনাঃ কবিঃ ॥৩৭

দণ্ডো দময়তামস্মি নীতিরস্মি জিগীষতাম্ ।
মৌনং চৈবাস্মি গুহ্যানাং জ্ঞানং জ্ঞানবতামহম্ ।৩৮

যচ্চাপি সর্ব্বভূতানাং বীজং তদহমর্জ্জুন ।
ন তদস্তি বিনা যৎ স্যান্ময়া ভূতং চরাচরম্ ॥৩৯

নান্তোঽস্তি মম দিব্যানাং বিভূতীনাং পরন্তপ ।
এষ তূদ্দেশতঃ প্রোক্তো বিভূতের্বিস্তরো ময়া । ৪০

যদু বংশে শ্রেষ্ঠ আমি বাসুদেবখ্যাত
পাণ্ডবের মধ্যে ধনঞ্জয় পরিচিত
মুনিমণ্ডলীর মধ্যে আমি বেদব্যাস
কবি মধ্যে শুক্রাচার্য করিও বিশ্বাস।
৩৭

শাসকের আমি দণ্ড জিগীষুর নীতি
গোপনীয়ে মৌন রূপী
তত্ত্বজ্ঞানে স্মৃতি।
বেদার্থ বিচার সিদ্ধ জ্ঞান আমি বটে
মোক্ষ বিষয়ক যাহা তত্ত্বজ্ঞেরা রটে।
৩৮

নিখিল ভূতের বীজ আমিই তত্ত্বতঃ
চরাচর আমি ভিন্ন কিছু না বস্তুতঃ।
৩৯

দিব্য বিভূতির পার্থ নাহি মম অন্ত
সংক্ষেপে কহিনু যোগ অনাদি অনন্ত।
৪০

যদ্‌যদ্বিভূতিমৎ সত্ত্বং শ্রীমদূর্জ্জিতমেব বা ।
তত্তদেবাবগচ্ছ ত্বং মম তেজোঽংশসম্ভবম্ ॥৪১

অথবা বহুনৈতেন কিং জ্ঞাতেন তবার্জ্জুন ।
বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগৎ ॥৪২

ঐশ্বর্য ও লক্ষ্মীযুক্ত
সুচির দৌর্বল্য মুক্ত
মম তেজঃ সমুদ্ভুত জানিবে নিশ্চয়।
এ বিভুতি যোগতত্ত্ব
জানে সত্য শুদ্ধসত্ত্ব
অতীব সংক্ষেপে ইহা বলিনু তোমায়।
৪১

অথবা এ বহুতথ্য
অনাদি অনন্ত সত্য
সবিস্তারে কিবা ফল হইবে জানিয়া।
আমার বৈরাজরূপ
যথার্থতঃ বিশ্বরূপ
একাংশে জগৎস্থিত লহ গো বুঝিয়া
৪২

ইতি শ্রীমহাভারতে শত সাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্ম পর্ব্বণি শ্রীমদ্ভগবদ্গীতা সূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদে বিভূতি যোগো নাম দশমোঽধ্যায়ঃ।

ভগবান বেদব্যাস দ্বৈপায়নকৃত
লক্ষ শ্লোকাত্মক মহাভারতান্তর্গত
ভীষ্মপর্বমধ্যস্থিত কৃষ্ণ মুখে বিনিঃসৃত
জ্ঞান কাণ্ড সু সঙ্গত কৃষ্ণার্জ্জুন বাদ।
বিভূতি যোগ সম্মত
এ সংবাদ প্রসংগত
তব শ্রীচরণামৃত পানে বড় সাধ।
এ বাসনা কর পূর্ণ
অতিশয় অবসন্ন
দিন গত প্রায় প্রভো নাশ অবসাদ।

একাদশোঽধ্যায়ঃ

বিশ্বরূপ দর্শনযোগ

অর্জ্জুন উবাচ—

মদনুগ্রহায় পরমং গুহ্যমধ্যাত্মসংজ্ঞিতম্ ।
যৎ ত্বয়োক্তং বচস্তেন মোহোঽয়ং বিগতো মম ১

ভবাপ্যয়ৌ হি ভূতানাং শ্রুতৌ বিস্তরশো ময়া ।
ত্বত্তঃ কমলপত্রাক্ষ মাহাত্ম্যমপি চাব্যয়ম্ ॥২

অর্জুন বিনয় ভরে
কহিলেন শ্রীকৃষ্ণেরে
অজ্ঞানজ দম্ভ মম হয়েছে বিনাশ।
মম অনুগ্রহ তরে
কহিলে যা কৃপা করে
গোপনীয় আত্ম তত্ত্ব করিয়ে প্রকাশ। ১

কমল নয়ন কৃষ্ণ
আমি প্রভো অতি তৃষ্ণ।
ভূতের উৎপত্তি লয় মাহাত্ম্য অব্যয়.
বলেছ যা কৃপা করে
শুনিলাম সবিস্তারে
সর্বতত্ত্ব পরমার্থ উপদেশ মোরে। ২

এবমেতদ্‌যথাত্থ ত্বমাত্মানং পরমেশ্বর ।
দ্রষ্টুমিচ্ছামি তে রূপমৈশ্বরং পুরুষোত্তম ॥৩

মন্যসে যদি তচ্ছক্যং ময়া দ্রষ্টুমিতি প্রভো ।
যোগেশ্বর ততো মে ত্বং দর্শয়াত্মানমব্যয়ম্ ॥৪

শ্রীভগবানুবাচ—

পশ্য মে পার্থ রূপাণি শতশোঽথ সহস্রশঃ ।
নানাবিধানি দিব্যানি নানাবর্ণাকৃতীনি চ ॥৫

যা বলিলে অতি সত্য পরম ঈশ্বর
হেরিতে ঐশ্বর রূপ
কৃপাময় বিশ্বরূপ
অতীব বাসনা চিত্তে জাগে নিরন্তর। ৩

সেরূপ দর্শনে যোগ্য যদি মনে কর
যোগেশ্বর তবে দরশনে কৃপা কর
দেখাও সে পরমাত্ম স্বরূপ তোমার
অব্যয় অক্ষয় যাহা মম অগোচর। ৪

অর্জুনে করুণা করি
কহিলেন শ্রীশ্রীহরি
নিরীক্ষণ কর মম অত্যদ্ভুত রূপ।
হে পার্থ হের এরূপ
সুবিখ্যাত বিশ্বরূপ
নানাবিধ দিব্যাকৃতি বর্ণময় রূপ। ৫

পশ্যাদিত্যান্ বসূন্ রুদ্রানশ্বিনৌ মরুতস্তথা ।
বহূন্যদৃষ্টপূর্ব্বাণি পশ্যাশ্চর্য্যাণি ভারত ॥৬

ইহৈকস্থং জগৎ কৃৎস্নং পশ্যাদ্য সচরাচরম্ ।
মম দেহে গুড়াকেশ যচ্চান্যদ্ দ্রষ্টুমিচ্ছসি ॥৭

একাদশাদিত্যগণ
সহ বসুরুদ্রগণ
অশ্বিন দ্বিতয় আর দেবতা মরুৎ
ঊনপঞ্চাশৎ সংখ্যা
শাস্ত্রীয় এ পরিসংখ্যা
দৃষ্টপূর্ব নহে যাহা আশ্চর্য অদ্ভুত।
হের হে ভারত শ্রেষ্ঠ
পাণ্ডুকুলবীর জ্যেষ্ঠ
আশ্চর্য্য এ বিশ্বরূপ তীব্র যোগোদ্ভুত।
৬

আমার এ বৈরাজ দেহে
নিখিল ব্রহ্মাণ্ড গেহে
চরাচর বিশ্বস্থিত পদার্থ নিচয়।
অন্য যা দেখিতে ইচ্ছা
যদি থাকে কোন পৃচ্ছা
দর্শনীয় মম দেহে জানিবে নিশ্চয়। ৭

ন তু মাং শক্যসে দ্রষ্টুমনেনৈব স্বচক্ষুষা।
দিব্যং দদামি তে চক্ষুঃ পশ্য মে যোগমৈশ্বরম্॥ ৮

সঞ্জয় উবাচ

এবমুক্ত্বা ততো রাজন্ মহাযোগেশ্বরো হরিঃ।
দর্শয়ামাস পার্থায় পরমং রূপমৈশ্বরম্॥৯

অনেকবক্ত্রনয়নমনেকাদ্ভুতদর্শনম্।
অনেকদিব্যাভরণং দিব্যানেকোদ্যতায়ুধম্॥১০

তোমার এ স্থূল নেত্রে বিশ্বরূপ মম
নারিবে হেরিতে পার্থ রূপ অনুপম
দেখিবার যোগ্য দিব্য বিজ্ঞান নয়ন
প্রদান করিনু এবে কর দরশন। ৮

সঞ্জয় কহেন পরে
ধৃতরাষ্ট্রে লক্ষ্য করে
পরমাত্মা যোগেশ্বর শ্রীহরি তখন,
"অপূর্ব ঐশ্বর রূপ
হের মম বিশ্বরূপ"
কহিলেন হে পাণ্ডব কর দরশন। ৯

অনেক আনন তায় অনেক নয়ন
অনেক অদ্ভুত রূপ দিব্য আভরণ
সমুদ্যত দিব্য অস্ত্রে বিভূষিত রূপ
শ্রীঅর্জুন দেখিলেন মহাবিশ্বরূপ। ১০

দিব্যমাল্যাম্বরধরং দিব্যগন্ধানুলেপনম্ ।
সর্ব্বাশ্চর্য্যময়ং দেবমনন্তং বিশ্বতোমুখম্ ॥১১

দিবি সূর্য্যসহস্রস্য ভবেদ্‌যুগপদুত্থিতা ।
যদি ভাঃ সদৃশী সা স্যাদ্ভাসস্তস্য মহাত্মনঃ ॥১২

তত্রৈকস্থং জগৎ কৃৎস্নং প্রবিভক্তমনেকধা
অপশ্যদ্দেবদেবস্য শরীরে পাণ্ডবস্তদা ১৩

দিব্য মাল্য দিব্য বস্ত্রে গন্ধানুলেপনে
সর্বাশ্চর্য বিশ্বমূর্তি হের স্বনয়নে।
সর্বাশ্চর্যময়রূপ
সর্বমুখ অপরূপ
কল্পনীয় নহে যাহা—হের স্বনয়নে।
১১

আকাশে সহস্র রবি সমুদিত হয়
যদি কভু এক কালে দিব্য প্রভাময়
এ বিশ্বরূপের তবে কিছুটা তুলনা
হতে পারে এইরূপ করিও ধারণা। ১২

সে বিরাট দেহ ভাণ্ডে
নিরতিশয় প্রকাণ্ডে
দেব পিতৃ মনুষ্যাদি প্রবিভক্ত ভাবে।
একত্রাবস্থিত সব
হেরি বিরাট বৈভব
অর্জুন বিস্মিত হন ঐশ্বর প্রভাবে।১৩

ততঃ স বিস্ময়াবিষ্টো হৃষ্টরোমা ধনঞ্জয়ঃ
প্রণম্য শিরসা দেবং কৃতাঞ্জলিরভাষত ॥১৪

অর্জ্জুন উবাচ—

পশ্যামি দেবাংস্তব দেব দেহে,
সর্ব্বাংস্তথা ভূতবিশেষসঙ্ঘান্
ব্রাহ্মাণমীশং কমলাসনস্থ-
মৃষীংশ্চ সর্ব্বানুরগাংশ্চ দিব্যান্ ॥১৫

অনেকবাহূদরবক্ত্র নেত্রং,
পশ্যামি ত্বাং সর্ব্বতোহনন্তরূপম্।
নান্তং ন মধ্যং ন পুনস্তবাদিং,
পশ্যামি বিশ্বেশ্বর বিশ্বরূপ ॥ ১৬

সে রূপ দর্শন করি
করযুগ যুক্ত করি
রোমাঞ্চিত দেহে নত অর্জুন তখন
বার বার নমস্কার করে অদ্ভুতআচারে
বলিতে লাগিল পার্থ অনুরাগ ভরে।
১৪

ওহে দেব তব দেহে
বিশ্বপদার্থ সমূহে
দেবর্ষি মনুজোরগ পৃথিবী কমলে।
সুমেরু কর্নিকাসনে
অবস্থিত পদ্মাসনে
সৃষ্টি কর্তৃ ব্রহ্মারূপে হেরিনু কৌশলে।
১৫

বিশ্বেশ্বর বিশ্বরূপ
হেরিতেছি অপরূপ
সর্বত্র অনেক বাহু উদর অনন্ত।
অনেক নয়ন বক্ত্র

কিরীটিনং গদিনং চক্রিণঞ্চ,
তেজোরাশিং সর্ব্বতো দীপ্তিমন্তম্।
পশ্যামি ত্বাং দুর্নিরীক্ষ্যং সমন্তা-
দ্দীপ্তানলার্কদ্যুতিমপ্রমেয়ম্ ॥ ১৭

ত্বমক্ষরং পরমং বেদিতব্যং
ত্বমস্য বিশ্বস্য পরং নিধানম্।
ত্বমব্যয়ঃ শাশ্বতধর্ম্মগোপ্তা,
সনাতনস্ত্বং পুরুষো মতো মে ॥ ১৮

বিশাল দেহে সর্ব্বত্র
আদি মধ্য নাহি হেরি
নাহি তব অন্ত।　　১৬

আরো হেরিতেছি তোমা
যাহার নাহি উপমা
তেজঃ পুঞ্জ স্বরূপেতে নিখিল ব্যাপক।
কিরীট ও গদাচক্র
যুক্ত-তুর্নিরীক্ষ-বক্ত্র
দীপ্ত রহি সূর্যসম দ্যুতি উদ্ভাসক। ১৭

অক্ষর পরম ব্রহ্ম
কেমনে জানিবে জিহ্ম
একমাত্র তুমি প্রভো জ্ঞাতব্য সংসারে।
বিশ্বের আশ্রয় তুমি
ধর্মের রক্ষণ ভূমি
তুমিই পরম ব্রহ্ম এ সিদ্ধ বিচারে। ১৮

অনাদিমধ্যান্তমনন্তবীর্য্য-
মনন্তবাহুং শশিসূর্য্যনেত্রম্ ।
পশ্যামি ত্বাং দীপ্তহুতাশবক্ত্রং,
স্বতেজসা বিশ্বমিদং তপন্তম্ ॥ ১৯

দ্যাবাপৃথিব্যোরিদমন্তরং হি,
ব্যাপ্তং ত্বয়ৈকেন দিশশ্চ সর্ব্বাঃ ।
দৃষ্ট্বাহদ্ভুতং রূপমুগ্রং তবেদং,
লোকত্রয়ং প্রব্যথিতং মহাত্মন্ ॥ ২০

অমী হি ত্বা সুরসঙ্ঘা বিশন্তি,
কেচিদ্ভীতাঃ প্রাঞ্জলয়ো গৃণন্তি ।
স্বস্তীত্যুক্ত্বা মহর্ষিসিদ্ধসঙ্ঘাঃ
স্তুবন্তি ত্বাং স্তুতিভিঃ পুষ্কলাভিঃ ॥ ২১

আদি মধ্য অন্ত বিহীন স্বভাব
সূর্য চন্দ্র সম নয়ন প্রভাব
দীপ্ত হুতাশন ও মুখ মণ্ডল
অনন্ত বাহুতে ব্যাপ্ত ভূমণ্ডল
স্বতেজঃ প্রভাবে তপ্ত ধরাতল
অত্যদ্ভুত রূপ হেরি অবিরল। ১৯

স্বর্গ মর্ত্য উভয়ের অন্তর প্রদেশ
তোমাদ্বারা পরিব্যাপ্ত হেরি কমলেশ
নিখিল দিগন্ত ব্যাপ্ত তোমার প্রভাবে
ব্যথিত ত্রিলোক তোমা
হেরি সেই ভাবে। ২০

এই হেরিতেছি তব বিশ্বাত্মক দেহে
বস্বাদি দেবতাবৃন্দ যেন নিঃসন্দেহে
প্রবেশ করিছে কেহ
কেহ বা কম্পিত দেহ
কেহ কেহ কৃতাঞ্জলি স্তুতি পরায়ণ
স্বস্তিবাদে ঋষি সঙ্ঘ আনন্দ মগন। ২১

রুদ্রাদিত্যা বসবো যে চ সাধ্যা,
বিশ্বেঽশ্বিনৌ মরুতশ্চোষ্মপাশ্চ ।
গন্ধর্ব্বযক্ষাসুরসিদ্ধসঙ্ঘা,
বীক্ষন্তে ত্বাং বিস্মিতাশ্চৈব সর্ব্বে ॥ ২২

রূপং মহৎতে বহুবক্ত্র নেত্রং
মহাবাহো বহুবাহূরুপাদম্ ।
বহূদরং বহুদংষ্ট্রাকরালং,
দৃষ্ট্বা লোকাঃ প্রব্যথিতাস্তথাঽহম্ ॥২৩

রুদ্র ও আদিত্য বসু সিদ্ধ সাধ্যগণ
বিশ্বদেব সহ স্বর্গ বৈদ্য মহাজন।
অশ্বিনী কুমারদ্বয় সহ পিতৃগণ
উষ্মপ গন্ধর্ব যক্ষ হাহা হুহুগণ।
অতীব বিস্ময়াবিষ্ট হইয়া তোমার
প্রত্যক্ষ করেন হেথা হেরি দয়াময়।

২২

এরূপ বিশাল
ওহে মহাকাল
বহু বক্ত্র নেত্র উরু বিশাল।
অনন্ত উদর
তুমি বিশ্বোদর
বিরাট দংষ্ট্রাময় করাল।
আজানুলম্বিত
বাহু সমন্বিত
ওহে বিশ্বরূপ তোমায় হেরি।
সর্ব জীবগণ

নভঃস্পৃশং দীপ্তমনেকবর্ণং,
ব্যাত্তাননং দীপ্তবিশালনেত্রম্ ।
দৃষ্ট্বা হি ত্বাং প্রব্যথিতান্তরাত্মা,
ধৃতিং ন বিন্দামি শমঞ্চ বিষ্ণো ॥২৪

দংষ্ট্রাকরালানি চ তে মুখানি,
দৃষ্টৈব কালানলসন্নিভানি ।
দিশো ন জানে ন লভে চ শর্ম্ম,
প্রসীদ দেবেশ জগন্নিবাস ॥২৫

আমিও এখন
না পারি রহিতে ধৈরয ধরি। ২৩

আকাশস্পর্শী তেজোময় রূপ
বিস্ফারিত মুখ বিবর কূপ
করি দরশন
বিশাল নয়ন
কম্পিত অন্তর আমি বিরূপ।
ধৈর্যহারা আমি
সত্য শান্তিকামী
অত্যদ্ভুতরূপ হেরিয়া হায়।
ওহে বিশ্বম্ভর
তুমি দামোদর
সর্বভাবে রক্ষা কর আমায়। ২৪

উগ্রদংষ্ট্রা যুক্ত তব বদন মণ্ডল
দেখিয়া কালাগ্নিতুল্য হয়েছি বিকল
দিগ্‌ভ্রান্ত এখন আমি মঙ্গল না হেরি
প্রসাদ-সুমুখ হও প্রভো দয়া করি।
২৫

অমী চ ত্বাং ধৃতরাষ্ট্রস্য পুত্রাঃ,
সর্ব্বে সহৈবাবনিপালসংঘৈঃ।
ভীষ্ম দ্রোণঃ সূতপুত্রস্তথাঽসৌ,
সহাস্মদীয়ৈরপি যোধমুখ্যৈঃ ॥২৬

বক্ত্রাণি তে ত্বরমাণা বিশন্তি,
দংষ্ট্রাকরালানি ভয়ানকানি।
কেচিদ্‌বিলগ্না দশনান্তরেষু,
সংদৃশ্যন্তে চূর্ণিতৈরুত্তমাঙ্গৈঃ ॥২৭

যথা নদীনাং বহবোঽম্বুবেগাঃ,
সমুদ্রমেবাভিমুখা দ্রবন্তি।
তথা তবামী নরলোকবীরা-
বিশন্তি বক্ত্রাণ্যভিবিজ্বলন্তি ॥২৮

ঐ সব ধৃতরাষ্ট্র পুত্রগণ সহ
সকল অরাতি পক্ষে অতি দুর্বিসহ
ভীষ্মদ্রোণ সূতপুত্র কর্ণের সহিত
আমাদের যোধ সনে মরনে মিলিত।
২৬

একি হেরি ওহে হরি
সর্ব চিন্তা পরিহরি
সত্বর গমনে তব ভীষণ আননে,
প্রবেশ করিছে হায়
দশনে মথিত কায়
বিচূর্নিত উত্তমাঙ্গ করি হায় হায়। ২৭

যেমন নদীর বেগ সমুদ্রের দিকে
প্রধাবিত দ্রুতবেগে সেরূপ এ লোকে
এই বীর পুরুষেরা সুতীব্র গতিতে
নানা মুখে প্রবিশিছে
প্রোজ্জ্বল ভাবেতে। ২৮

যথা প্রদীপ্তং জ্বলনং পতঙ্গা-
বিশন্তি নাশায় সমৃদ্ধবেগাঃ ।
তথৈব নাশায় বিশন্তি লোকা-
স্তবাপি বক্ত্রাণি সমৃদ্ধবেগাঃ ॥২৯

লেলিহ্যসে গ্রসমানঃ সমন্তা-
ল্লোকান্ সমগ্রান্ বদনৈর্জ্বলদ্ভিঃ ।
তেজোভিরাপূর্য্য জগৎ সমগ্রং
ভাসস্তবোগ্রাঃ প্রতপন্তি বিষ্ণো ॥৩০

আখ্যাহি মে কো ভবানুগ্ররূপো,
নমোঽস্তু তে দেববর প্রসীদ ।
বিজ্ঞাতুমিচ্ছামি ভবন্তমাদ্যং,
ন হি প্রজানামি তব প্রবৃত্তিম্ ॥৩১

যেমন পতঙ্গগণ মরণের তরে
জ্বলন্ত অগ্নিতে দ্রুত আত্মদান করে
তেমন বিনাশ তরে বিশ্বজনগণ
তব মুখে ক্ষিপ্র বেগে প্রধাবিত হন। ২৯

জ্বলন্ত বদন দ্বারা সমগ্র জগৎ
করি গ্রাস শ্রীনিবাস করেন লেহন
পরিপূর্ণ করি বিশ্ব প্রভো সুমহৎ
উগ্রতেজ করিতেছে তপ্ত জনগণ। ৩০

কে আপনি উগ্রমূর্তি বলুন আমায়
প্রসন্ন হউন দেব নমি আপনায়
জানিতে বাসনা আদি পুরুষ আপনি
উদ্দেশ্য বুঝিতে নারি ওহে চক্রপাণি। ৩১

শ্রীভগবানুবাচ—

কালোঽস্মি লোকক্ষয়কৃৎ প্রবৃদ্ধো,
লোকান্ সমাহর্ত্তুমিহ প্রবৃত্তঃ ।
ঋতেঽপি ত্বা ন ভবিষ্যন্তি সর্ব্বে,
যেঽবস্থিতাঃ প্রত্যনীকেষু যোধাঃ ॥৩২

তস্মাৎ ত্বমুত্তিষ্ঠ যশো লভস্ব,
জিত্বা শত্রূন্ ভুঙ্ক্ষ্ব রাজ্যং সমৃদ্ধম্ ।
ময়ৈবৈতে নিহতাঃ পূর্ব্বমেব,
নিমিত্তমাত্রং ভব সব্যসাচিন্ ॥ ৩৩

শ্রীশ্রীভগবান শুনি অর্জুনের কথা
বলিলেন অনুভবি মনোগত ব্যথা।
লোকক্ষয় হেতু মহা কালরূপী আমি
সংহারিতে সর্বলোক স্থির জেন তুমি।
তুমি বিনা এআহবে সমবেত সবে
যোদ্ধৃবর্গ হবে হত কেহ না রহিবে।

৩২

উঠ পার্থ অতএব যশোরাশি লভ
শত্রু জয় করি ভোগ কর এ বৈভব
সুসমৃদ্ধ রাজ্য ভোগ কর ধনঞ্জয়
আমা হতে হত এরা জানিবে নিশ্চয়।
সব্যসাচি তুমি মাত্র হও হে নিমিত্ত
বহু পূর্বে বিনিহত, কর স্থির চিত্ত।

৩৩

দ্রোণঞ্চ ভীষ্মঞ্চ জয়দ্রথঞ্চ,
কর্ণং তথাঽন্যানপি যোধবীরান্ ।
ময়া হতাংস্ত্বং জহি মা ব্যথিষ্ঠা,
যুধ্যস্ব জেতাসি রণে সপত্নান্ ॥৩৪

সঞ্জয় উবাচ

এতচ্ছ্রুত্বা বচনং কেশবস্য,
কৃতাঞ্জলির্বেপমানঃ কিরীটী ।
নমস্কৃত্বা ভূয় এবাহ কৃষ্ণং,
সগদ্গদং ভীতভীতঃ প্রণম্য ॥৩৫

দ্রোণ ভীষ্ম জয়দ্রথ কর্ণ মহাবীর
অন্য বীরগণ সনে যুদ্ধে রহ স্থির ।
আমা দ্বারা বিনিহত জানিবে ইহারা
হত্যার হেতুতে নাহি হ'য়ো আত্মহারা ।
তুমি জয়ী হবে রণে এ মোর বিধান
হও পার্থ শত্রুবধে যুদ্ধে আগুয়ান ।৩৪

সঞ্জয় কহিলা পরে
ধৃতরাষ্ট্রের গোচরে
যে যথার্থ তত্ত্ব বোধ সঞ্জয়ে সঞ্চিত
যথাযথ সর্বতথ্য হইল বর্ণিত ।
কেশবের এই বাক্য
শুনি হয়ে একবাক্য
অর্জুন কম্পিত চিত্ত একাগ্র তখন
পুনঃ কৃষ্ণে নমস্কারি
ভীত ভীত ভাব ধরি
গদ গদ ভাবে পার্থ করে নিবেদন ।
৩৫

অর্জ্জুন উবাচ—

স্থানে হৃষীকেশ তব প্রকীর্ত্ত্যা,
জগৎ প্রহৃষ্যত্যনুরজ্যতে চ।
রক্ষাংসি ভীতানি দিশো দ্রবন্তি;
সর্ব্বে নমস্যন্তি চ সিদ্ধসংঘাঃ ॥৩৬

অর্জুন কহেন পরে
অতি অনুরাগ ভরে
হৃষীকেশ তব নাম কীর্তনের ফলে,
জগৎ প্রহৃষ্ট হয়
চির অনুরাগ ময়
ভীত রাক্ষসেরা নানা দিকে দলে দলে,
দ্রুত পলায়ন করে
সিদ্ধগণ নমস্কারে
সম্বর্ধিত করে ইহা স্থান কালোচিত।
অতিশয় যুক্তি যুক্ত
মনে করে সব ভক্ত
এই তথ্য অতি সত্য কৃষ্ণ সমুচিত।

৩৬

কস্মাচ্চ তে ন নমেরন্ মহাত্মন্,
গরীয়সে ব্রহ্মণোঽপ্যাদিকর্ত্রে ।
অনন্ত দেবেশ জগন্নিবাস,
ত্বমক্ষরং সদসৎ তৎ পরং যৎ ॥৩৭

ত্বমাদিদেবঃ পুরুষঃ পুরাণ-
স্ত্বমস্য বিশ্বস্য পরং নিধানম্ ।
বেত্তাসি বেদ্যঞ্চ পরঞ্চ ধাম,
ত্বয়া ততং বিশ্বমনন্তরূপ ।।৩৮

বায়ুর্যমোঽগ্নির্ব্বরুণঃ শশাঙ্কঃ,
প্রজাপতিস্ত্বং প্রপিতামহশ্চ ।
নমো নমোস্তেঽস্তু সহস্রকৃত্বঃ,
পুনশ্চ ভূয়োঽপি নমো নমস্তে ॥৩৯

কি হেতু না করিবেক নমস্কার তোমা
মহাত্মন্ ত্রিজগৎ নিবাস আপনি
পিতামহ ব্রহ্মা হতে
গরীয়ান তুমি
আদি কর্তা তুমি প্রভো নাহিক সংশয়
হে অনন্ত দেব দেব তুমি সদসৎ
পরম অক্ষর তুমি তুমি সর্বময়। ৩৭
হে অনন্ত রূপ তুমি অনাদি পুরাণ
পরম পুরুষ তুমি বিশ্বাশ্রয় ধাম
নাহি জ্ঞাতা নাহি জ্ঞেয় পরম প্রবীণ
তোমা দ্বারা পরিব্যাপ্ত
এ বিশ্ব কল্যাণ। ৩৮

বায়ু যম বহ্নি জল শশাঙ্কও তুমি
কশ্যপাদি প্রজাপতি সকলই তুমি
তুমি পিতামহ ব্রহ্মা তাহারও জনক
নমি তোমা পুনঃ পুনঃ
ব্যামোহ নাশক।
৩৯

নমঃ পুরস্তাদথ পৃষ্ঠতস্তে,
নমোঽস্তু তে সর্ব্বত এব সর্ব্ব।
অনন্তবীর্য্যামিত বিক্রমস্ত্বং,
সর্ব্বং সমাপ্নোষি ততোঽসি সর্ব্বঃ ।।৪০

সখেতি মত্বা প্রসভং যদুক্তং,
হে কৃষ্ণ হে যাদব হে সখেতি।
অজানতা মহিমানং তবেদং,
ময়া প্রমাদাৎ প্রণয়েন বাপি ।।৪১

যচ্চাবহাসার্থমসৎকৃতোঽসি,
বিহারশয্যাসনভোজনেষু।
একোঽথবাপ্যচ্যুত তৎসমক্ষং,
তৎ ক্ষাময়ে ত্বামহমপ্রমেয়ম্ ৪২

ওহে, সর্ব ত্যজি গর্ব করি নমস্কার
সম্মুখে পশ্চাতে নমি আমি বারংবার
অসীম বিক্রমশালী তুমি সর্বময়
তুহি প্রভো সর্ব রূপ সকল বিস্ময়।

৪০

মহিমা না জানি কৃষ্ণ
আমি হয়ে অতি তৃষ্ণ
সখা বলি পুনঃ পুনঃ করি সম্বোধন
যাদব বলিয়া কত
ডাকিয়াছি জ্ঞান হত
প্রমাদে প্রণয় বশে না বুঝি তখন।

৪১

পরিহাসচ্ছলে নিত্য
অবজ্ঞা করেছি সত্য
বিহার ও শয্যাসনে শয়নে ভোজনে
সেই অপরাধ স্মরি
আমি অনুতপ্ত হরি

পিতাঽসি লোকস্য চরাচরস্য,
ত্বমস্য পূজ্যশ্চ গুরুর্গরীয়ান্।
ন ত্বৎসমোঽস্ত্যভ্যধিকঃ কুতোঽন্যো,
লোকত্রয়েঽপ্যপ্রতিমপ্রভাব ॥৪৩

তস্মাৎ প্রণম্য প্রণিধায় কায়ং,
প্রসাদয়ে ত্বামহমীশমীড্যম্।
পিতেব পুত্রস্য সখেব সখ্যুঃ,
প্রিয়ঃ প্রিয়ায়ার্হসি দেব সোঢ়ুম্ ॥৪৪

করজোড়ে ক্ষমা ভিক্ষা
করি তপ্ত মনে ॥৪২

ত্রিলোকের তুমি পিতা
চরাচরে তুমি ধাতা
নিখিলের পুজ্য গুরুতর গরীয়ান ।
তোমা হতে কেহ নাই
ত্রিলোকে দেখিতে পাই
অপ্রতিম শক্তিশালী পুরুষ প্রধান ।
৪৩

সেই হেতু নত কায়ে
প্রণমি তোমার পায়ে
বন্দনীয় তুমি, তব প্রসন্নতা তরে
পিতা যথা স্ব পুত্রেরে
সখা ও সখার তরে
প্রিয় প্রিয়া তরে ক্ষমা চিরদিন করে
তেমনি আমায় ক্ষমা কর দয়া করে ।
৪৪

অদৃষ্টপূর্বং হৃষিতোঽস্মি দৃষ্টবা,
ভয়েন চ প্রব্যথিতং মনো মে।
তদেব মে দর্শয় দেব রূপং
প্রসীদ দেবেশ জগন্নিবাস ॥৪৫

কিরীটিনং গদিনং চক্রহস্ত-
মিচ্ছামি ত্বাং দ্রষ্টুমহং তথৈব।
তেনৈব রূপেণ চতুর্ভুজেন,
সহস্রবাহো ভব বিশ্বমূর্ত্তে। ৪৬

হে দেব অদৃষ্ট পূর্ব
বিশ্বরূপ হেরি সর্ব
হৃষ্ট আমি কিন্তু বড় ভীতান্তঃ করণ।
তাই অতি ভীত চিত্ত
হয়েছে ব্যথিত সত্য
দেখাও সেরূপ পুনঃ ওহে জনার্দ্দন।
প্রসীদ পুরুষোত্তম
হে দেবেশ অনুপম
এ ভীষণ রূপ ত্যজ বিশ্ব নিকেতন।
৪৫

কিরীটি ও গদাযুক্ত চক্র সুদর্শনে
সুশোভিত তব সৌম্য মূর্তি দরশনে
বড় ইচ্ছা প্রাণে জাগে হে সহস্র বাহো
সেই চতুর্ভুজ রূপে সম্মুখেতে রহ। ৪৬

শ্রীভগবানুবাচ—

ময়া প্রসন্নেন তবার্জ্জুনেদং,
রূপং পরং দর্শিতমাত্মযোগাৎ।
তেজোময়ং বিশ্বমনন্তমাদ্যং,
যন্মে ত্বদন্যেন ন দৃষ্টপূর্ব্বম্ ।।৪৭

ন বেদযজ্ঞাধ্যয়নৈর্ন দানৈ-
র্ন চ ক্রিয়াভির্ন তপোভিরুগ্রৈঃ।
এবং রূপঃ শক্য অহং নৃলোকে,
দ্রষ্টুং ত্বদন্যেন কুরুপ্রবীর ।। ৪৮

শুনিয়া অর্জুন বাণী
ভগবান চক্রপাণি
কহিলেন শুন পার্থ আমার বচন।
আত্ম যোগাবলম্বনে
আমি সু প্রসন্ন মনে
তেজোময় বিশ্বরূপ দেখাইনু জেন।
এইরূপ তুমি ভিন্ন
দেখে নাই কেহ অন্য
অসীম অনন্ত বিশ্ব প্রতিরূপে হেন।

৪৭

বেদজ্ঞানে যজ্ঞধ্যানে কিম্বা মহাদানে
উগ্র তপোযোগে কিম্বা ধর্ম অনুষ্ঠানে
নরলোকে এইরূপ দেখে নাই কেহ
তুমি ভিন্ন কুরুশ্রেষ্ঠ নাহিক সন্দেহ।

৪৮

মা তে ব্যথা মা চ বিমূঢ়ভাবো,
দৃষ্ট্বা রূপং ঘোরমীদৃঙ্ মমেদম্ ।
ব্যপেতভীঃ প্রীতমনাঃ পুনস্ত্বং,
তদেব মে রূপমিদং প্রপশ্য ॥ ৪৯

সঞ্জয় উবাচ—

ইত্যর্জ্জুনং বাসুদেবস্তথোক্ত্বা
স্বকং রূপং দর্শয়ামাস ভূয়ঃ ।
আশ্বাসয়ামাস চ ভীতমেনং,
ভূত্বা পুনঃ সৌম্যবপুর্ম্মহাত্মা ॥ ৫০

অতীব ভীষণ রূপ হেরিয়া এ বিশ্বরূপ
বেদনা না রবে প্রাণে ওহে ধনঞ্জয়
হবে ব্যপগত ভয়
কহিলাম সুনিশ্চয়
সেই সৌম্যরূপ পুন হেরহে বিজয় ।৪৯

সঞ্জয় বলেন পরে
ধৃতরাষ্ট্রে শ্রদ্ধাভরে
অর্জুন-প্রার্থনা শুনি শ্রীকৃষ্ণ তখন
নিজ আবির্ভাব ক্ষণে চতুর্ভুজ দরশনে
আশা যে অর্জুন মনে করি অনুমান ।
দেখাইলা সেইরূপ
যাহা বৈষ্ণব স্বরূপ
দেখাইলা অপরূপ সর্বরূপবান ।
বিশ্বরূপ দরশনে
অর্জুনে ভয়ার্তমনে
সৌম্যমূর্তি প্রদর্শনে আশ্বাস প্রদানে

অর্জ্জুন উবাচ—

দৃষ্ট্বেদং মানুষং রূপং তব সৌম্য জনার্দ্দন।
ইদানীমস্মি সংবৃত্তঃ সচেতাঃ প্রকৃতিং গতঃ ॥ ৫১

শ্রীভগবানুবাচ—

সুদুর্দ্দর্শমিদং রূপং দৃষ্টবানসি যন্মম ॥
দেবা অপ্যস্য রূপস্য নিত্যং দর্শনকাঙ্ক্ষিণঃ ॥ ৫২

নাহং বেদৈর্ন তপসা না দানেন ন চেজ্যয়া।
শক্য এবংবিধো দ্রষ্টুং দৃষ্টবানসি মাং যথা ॥ ৫৩

অর্জুনও শান্তচিতে
নিরখিয়া চারিভিতে
অতি অনুরাগভরেকরে সুস্থ মনে ।৫০

তোমার মানব রূপ করি দরশন
পুনর্বার হইলাম কৃষ্ণ সচেতন । ৫১

ভগবান কহিলেন শুনহে অর্জুন
যে রূপ দেখিলে ইহা দুর্লভ দর্শন
এই বিশ্বরূপ পার্থ তুমি যা দেখিলে
চরিতার্থ হন হেরি বসু দেবদলে । ৫২

যেরূপ দেখিলে মম বেদ অধ্যয়নে
কঠোর তপস্যা যোগে যজ্ঞ অনুষ্ঠানে
কেহই দেখিতে নারে এই বিশ্বরূপ
দেবতারও সুদুর্দ্দর্শ আমার এরূপ ।৫৩

অর্জ্জুন উবাচ—

দৃষ্ট্বেদং মানুষং রূপং তব সৌম্য জনার্দ্দন।
ইদানীমস্মি সংবৃত্তঃ সচেতাঃ প্রকৃতিং গতঃ ॥ ৫১

শ্রীভগবানুবাচ—

সুদুর্দ্দর্শমিদং রূপং দৃষ্টবানসি যন্মম ॥
দেবা অপ্যস্য রূপস্য নিত্যং দর্শনকাঙ্ক্ষিণঃ ॥ ৫২

নাহং বেদৈর্ন তপসা ন দানেন ন চেজ্যয়া।
শক্য এবংবিধো দ্রষ্টুং দৃষ্টবানসি মাং যথা ॥ ৫৩

অর্জুনও শান্তচিতে
নিরখিয়া চারিভিতে
অতি অনুরাগভরেকরে সুস্থ মনে ।৫০

তোমার মানব রূপ করি দরশন
পুনর্বার হইলাম কৃষ্ণ সচেতন । ৫১

ভগবান কহিলেন শুনহে অর্জুন
যে রূপ দেখিলে ইহা দুর্লভ দর্শন
এই বিশ্বরূপ পার্থ তুমি যা দেখিলে
চরিতার্থ হন হেরি বসু দেবদলে । ৫২

যেরূপ দেখিলে মম বেদ অধ্যয়নে
কঠোর তপস্যা যোগে যজ্ঞ অনুষ্ঠানে
কেহই দেখিতে নারে এই বিশ্বরূপ
দেবতারও সুদুর্দ্দর্শ আমার এরূপ ।৫৩

ভক্ত্যা ত্বনন্যয়া শক্য অহমেবংবিধোঽর্জ্জুন।
জ্ঞাতুং দ্রষ্টুঞ্চ তত্ত্বেন প্রবেষ্টুঞ্চ পরন্তপ ॥ ৫৪

মৎকর্ম্মকৃন্মৎপরমো মদ্ভক্তঃ সঙ্গবর্জ্জিতঃ।
নির্ব্বৈরঃ সর্ব্বভূতেষু যঃ স মামেতিপাণ্ডব ॥ ৫৫

কি ভাবে পাইবে মোরে
এ প্রশ্ন করিলে
জানিও সম্ভব তাহা মাত্র ভক্তি বলে।
যে ভক্তির অধিকারী ভগবান বিনা
ঐন্দ্রিয়িক প্রচেষ্টায় কিছুই দেখে না।
শাস্ত্রদৃষ্টি দিয়া মাত্র অনন্য ভক্তেরা
আমাতে প্রবেশে শক্ত
নহে অপরেরা। ৫৪

আমাকে কে প্রাপ্ত হন
শোন হয়ে একমন
একমাত্র ভক্তজন অধিকারী হন।
সর্ব সঙ্গ পরি হরি
মদর্থে সৎ কর্ম কারী
মন্নিষ্ঠ মৎপরায়ণ অনাসক্ত মন
অতি প্রতিকূলাচারী
হলেও তাহা বিস্মরি।

ইতি শ্রীমহাভারতে শত সহস্র্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং ভীষ্ম পর্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূ—
পনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদে বিশ্বরূপ দর্শন
যোগো নাম একাদশোঽধ্যায়ঃ।

বৈর ভাব ত্যজে সাধু চরিত্র সজ্জন।
এ প্রকার জ্ঞানবান
সর্বত্র আমারে পান
যাহার কর্তব্য জ্ঞান সশাস্ত্র প্রমাণ। ৫৫

ইতি শ্রীমদ্ভগবৎ উপনিষদের বিশ্বরূপ
দর্শন যোগ নামক একাদশাধ্যায়।
ব্রহ্মার্পণ মন্ত্র বলি
স্মর হরি নামাবলি
দীন দাস কৃতাঞ্জলি শ্রীহরি চরণে।
অন্তে যেন না পাশরি
এই কৃপা করো হরি
শেষ ক্ষণে যেন হরি স্মরিবারে পারি।

দ্বাদশোঽধ্যায়ঃ

ভক্তি-যোগ

অর্জ্জুন উবাচ—

এবং সততযুক্তা যে ভক্তাস্ত্বাং পর্য্যুপাসতে।
যে চাপ্যক্ষরমব্যক্তং তেষাং কে যোগবিত্তমাঃ ॥ ১

শ্রীভগবানুবাচ—

ময্যাবেশ্য মনো যে মাং নিত্যযুক্তা উপাসতে।
শ্রদ্ধয়া পরয়োপেতাস্তে মে যুক্ততমা মতাঃ ॥ ২

সতত নিযুক্ত তব উপাসক যারা
কিম্বা এ অক্ষর ব্রহ্ম সাধক যাঁহারা
এই দুই মধ্যে কেবা যোগিশ্রেষ্ঠ হয়
কহ কৃষ্ণ কৃপা করি সব্যসাচী কয়। ১

অর্জুনের প্রশ্ন শুনি শ্রীশ্রীভগবান
কহিলেন শুন পার্থ হয়ে সাবধান
নিত্য যুক্ত অনুরক্ত সমর্পিত চিত
ঈদৃশ সাধক যুক্ত তম অভিমত। ২

যে ত্বক্ষরমনির্দ্দেশ্যমব্যক্তং পর্য্যুপাসতে।
সর্ব্বত্রগমচিন্ত্যঞ্চ কূটস্থমচলং ধ্রুবম্ ॥ ৩

সংনিয়ম্যেন্দ্রিয়গ্রামং সর্ব্বত্র সমবুদ্ধয়ঃ।
তে প্রাপ্নুবন্তিমামেব সর্ব্বভূতহিতে রতাঃ ॥ ৪

ক্লেশোঽধিকতরস্তেষামব্যক্তাসক্তচেতসাম্।
অব্যক্তা হি গতির্দুঃখং দেহবদ্ভিরবাপ্যতে ॥ ৫

সর্ব ভূতহিতে রত সমদর্শিগণ
জিতেন্দ্রিয় ব্রহ্মনিষ্ঠ সাধক সজ্জন
নির্গুণ অক্ষর ব্রহ্মে উপনীত হন।
যে সাধক অক্ষর ব্রহ্ম বিকার বর্জিত
কূটস্থ ও সর্বব্যাপী ভেদ বিরহিত
জ্ঞান নিষ্ঠ হয়ে নিত্য করেন ভজনা
সমধিক ক্লেশ সহি মম উপাসনা
করে অনায়াসে হয়
নির্গুণ সাধনা। ৩।৪

তাদৃশ নির্গুণ ব্রহ্ম আসক্ত যোগীর
সাধনায় ক্লেশাধিক্য ঘটে ইহা স্থির
দেহবান ব্যক্তিগণ অতি দুঃখ বশে
নির্গুণ ব্রহ্মেতে সিদ্ধি
প্রাপ্ত হেন শেষে। ৫

যে তু সর্ব্বাণি কর্ম্মাণি ময়ি সংন্যস্য মৎপরাঃ।
অনন্যেনৈব যোগেন মাং ধ্যায়ন্ত উপাসতে ॥ ৬

তেষামহং সমুদ্ধর্ত্তা মৃত্যুসংসার-সাগরাৎ।
ভবামি ন চিরাৎ পার্থ ময্যাবেশিতচেতসাম্ ॥ ৭

ময্যেব মন আধৎস্ব ময়ি বুদ্ধিং নিবেশয়।
নিবসিষ্যসি ময্যেব অত ঊর্দ্ধং ন সংশয়ঃ॥ ৮

অথ চিত্তং সমাধাতুং ন শক্নোষি ময়ি স্থিরম্।
অভ্যাসযোগেন ততো মামিচ্ছাপ্তুং ধনঞ্জয় ॥ ৯

যাঁরা কিন্তু সর্ব কর্ম ন্যস্ত করি সদা
অনন্য যোগেতে ধ্যান করেন সর্বদা
সহজ সরল চিত্ত ফলাকাঙ্ক্ষাহীন
সর্বজন সু সম্মত সাধক প্রবীন।
এতাদৃশ সাধকের উদ্ধার কারক
অচিরে আমিই পার্থ মৃত্যু নিবারক
আমাতে অর্পিত চিত্ত সাধকের ভার
স্বয়ং বহন করি ঘুচাতে সংসার। ৬।৭

আমাতেই কর পার্থ চিত্ত সমর্পণ
এ বুদ্ধি বিষয়াত্মিকা কর নিবেদন
এর ফলে অতঃপর দেহ অবসানে
আমাতে নিবাস জেন নিঃসংশয় মনে।
৮

চিত্ত সমাধানে যদি অসমর্থ হও
আমাকে সুস্থির ভাবে চিন্তা করি লও
অভ্যাস যোগের বলে ইচ্ছা কর পেতে
আমাকে অর্জুন শাস্ত্র—
প্রোক্ত যুক্তি মতে। ৯

অভ্যাসেঽপ্যসমর্থোঽসি মৎকর্ম্মপরমো ভব।
মদর্থমপি কর্ম্মাণি কুর্ব্বন্ সিদ্ধিমবাপ্স্যসি ॥ ১০

অথৈতদপ্যশক্তোঽসি কর্ত্তুং মদ্‌যোগমাশ্রিতঃ।
সর্ব্বকর্ম্মফলত্যাগং ততঃ কুরু যতাত্মবান্ ॥ ১১

শ্রেয়ো হি জ্ঞানমভ্যাসাজ্‌জ্ঞানাদ্ধ্যানং বিশিষ্যতে।
ধ্যানাৎ কর্ম্মফলত্যাগস্ত্যাগাচ্ছান্তিরনন্তরম্ ॥ ১২

এ অভ্যাস যোগাভ্যাসে হইলে অশক্ত
ভগবৎ প্রীতিকর কর্মে অনুরক্ত
হলে তবে, ক্রমে ভবে চিত্তশুদ্ধ হয়
এই ভাবে কৃষ্ণ প্রেমে মুক্তি লাভ হয়।

১০

ইহাতেও অসমর্থ হও যদি তুমি
একনিষ্ঠ হও আগে হইয়া সংযমী
সর্ব কর্ম ফলত্যাগ কর ধনঞ্জয়
এই ক্রমে সন্ন্যাসেতে অধিকারী হয়।

১১

অভ্যাস হইতে জ্ঞান শ্রেষ্ঠ চিরদিন
জ্ঞান হতে ধ্যান শ্রেষ্ঠ বলেন প্রবীন
সেই ধ্যান হতে শ্রেষ্ঠ কর্মফল ত্যাগ
তাই কর্মফল ত্যাগী হয় শান্তিভাগ।

১২

অদ্বেষ্টা সর্ব্বভূতানাং মৈত্রঃ করুণ এব চ।
নির্ম্মমো নিরহঙ্কারঃ সমদুঃখসুখঃ ক্ষমী ॥ ১৩

সন্তুষ্টঃ সততং যোগী যতাত্মা দৃঢ়নিশ্চয়ঃ।
ময্যর্পিতমনোবুদ্ধির্যো মদ্ ভক্তঃ স মে প্রিয়ঃ ॥ ১৪

যস্মান্নোদ্বিজতে লোকো লোকান্নোদ্বিজতে চ যঃ।
হর্ষামর্ষভয়োদ্বেগৈর্ম্মুক্তো যঃ স চ মে প্রিয়ঃ ॥ ১৫

সর্ব ভূতেদ্বেষ শূন্য বন্ধু ব্যবহার
সর্বত্র যাঁহার পার্থ কারুণ্য অপার
পক্ষান্তরে বিনির্মম নাহি অহঙ্কার
সুখ দুঃখে সমজ্ঞান ক্ষমা অবতার। ১৩

সমাহিত চিত্ত যিনি সংযত স্বভাব
সুদৃঢ় নিশ্চয় বুদ্ধি নিত্য দেব ভাব
মম প্রিয়তম পার্থ জেন সে সজ্জন
আমাতে অর্পিত চিত্ত
ভক্ত যেই জন। ১৪

যাহা হতে কোন লোক উদ্বিগ্ন না হয়
নিজে অনুদ্বিগ্ন সদা সে অকুতোভয়
হর্ষামর্ষা ভয়োদ্বিগ্ন নহে যেই জন
অতি প্রিয় বলি গণ্য নিশ্চয় সে জন।
১৫

অনপেক্ষঃ শুচির্দ্দক্ষ: উদাসীনো গতব্যথঃ।
সর্ব্বারম্ভপরিত্যাগী যো মদ্ভক্তঃ স মে প্রিয়ঃ ॥ ১৬

যো ন হৃষ্যতি ন দ্বেষ্টি ন শোচতি ন কাঙ্ক্ষতি।
শুভাশুভপরিত্যাগী ভক্তিমান্ যঃ স মে প্রিয়ঃ ॥ ১৭

সমঃ শত্রৌ চ মিত্রে চ তথা মানাপমানয়োঃ
শীতোষ্ণসুখদুঃখেষু সমঃ সঙ্গবিবর্জ্জিতঃ ॥ ১৮

তুল্যনিন্দাস্তুতির্মৌনী সন্তুষ্টো যেন কেনচিৎ।
অনিকেতঃ স্থিরমতির্ভক্তিমান্ মে প্রিয়ো নরঃ ॥ ১৯

রূপ রসে অনপেক্ষ বাহ্য অভ্যন্তরে
শুচি যেই ভক্তবর শোক নাহি করে
আকাঙ্ক্ষা বিহীন মন শুদ্ধ ভক্তি সার
শুভাশুভ পরিত্যাগী সে প্রিয় আমার
১৬

অভীষ্ট প্রাপ্তিতে অতি হৃষ্ট নাহি হয়
অনিষ্ট সম্পাতে দ্বেষ যাঁর নাহি রয়
নিরাকাঙ্ক্ষ যেই জন সর্ব কর্মত্যাগী
ভক্তি যুক্ত মম ভক্ত সংসার বৈরাগী ।১৭

শত্রু মিত্র নির্বিশেষে সম ব্যবহার
মান অপমান তুল্য নিকটে যাহার
সঙ্গহীন শীতোষ্ণাদি দ্বন্দ্বজ্ঞানহীন
নির্দিষ্ট নিবাস হীন সে ভক্ত প্রবীন ।১৮

নিন্দা স্তুতি তুল্য যার মৌনাবলম্বন
যে কোন ভাবেতে তুষ্ট স্থির বুদ্ধি জন
নিবাস বর্জিত ধীর সুস্থির স্বভাব
অতি প্রিয় জান পার্থ মম সেই ভাব ।
১৯

যে তু ধর্ম্মামৃতমিদং যথোক্তং পর্য্যুপাসতে।
শ্রদ্দধানা মৎপরমা ভক্তাস্তেঽতীব মে প্রিয়াঃ। ২০

ইতি শ্রীমহাভারতে শত সাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্ম পর্ব্বণি শ্রীমদ্ভগবদ্গীতা সূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদে ভক্তি-যোগো নাম দ্বাদশোঽধ্যায়ঃ।

যে সব সরল ভক্ত
আমাতেই অনুরক্ত
অমৃত সমান এই ধর্ম অনুষ্ঠান
শাস্ত্র যুক্তি অনুসারে
নিত্য অনুষ্ঠান করে
মন্নিষ্ঠ মৎ পরায়ণ সুপ্রিয় মহান। ২০

অতি প্রিয় ভক্ত যারা
ভবে ভাগ্যবান তারা
জ্ঞানহীন অতিদীন কি হবে উপায়
তুমি প্রভু দামোদর বিশ্বব্যাপী বিশ্বম্ভর
কৃপা করি এ দীনের করহ উপায়॥

ত্রয়োদশোঽধ্যায়ঃ

ক্ষেত্র-ক্ষেত্রজ্ঞ-বিভাগ-যোগ

অর্জ্জুন উবাচ—

প্রকৃতিং পুরুষঞ্চৈব ক্ষেত্রং ক্ষেত্রজ্ঞমেব চ।
এতদ্‌বেদিতুমিচ্ছামি জ্ঞানং জ্ঞেয়ঞ্চ কেশব ॥ ১

শ্রীভগবানুবাচ—

ইদং শরীরং কৌন্তেয় ক্ষেত্র মিত্যভিধীয়তে।
এতদ্ যো বেত্তি তং প্রাহুঃ ক্ষেত্রজ্ঞ ইতি তদ্‌বিদঃ ॥ ২

ত্রয়োদশাধ্যায়ে পার্থ
কহে কৃষ্ণ প্রতি
প্রকৃতি পুরুষ ক্ষেত্র ক্ষেত্রজ্ঞ বিবৃতি
জানিতে ইচ্ছুক আমি কহ দয়া করি
যাহাতে সহজে তথ্য বুঝিবারে পারি।
১

শ্রীকৃষ্ণ কহেন পার্থ কর অবধান
এই দেহ ক্ষেত্র নামে বুঝ বিদ্যমান।
হেন ক্ষেত্র তত্ত্ব যেই অনুভব করে
ক্ষেত্রজ্ঞ বলিয়া বিজ্ঞে বলেন তাহারে।
২

ক্ষেত্রজ্ঞঞ্চাপি মাং বিদ্ধি সর্ব্বক্ষেত্রেষু ভারত ॥
ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োর্জ্ঞানং যত্তজ্‌জ্ঞানং মতং মম ॥ ৩

তৎ ক্ষেত্রং যচ্চ যাদৃক্ চ যদ্‌বিকারি যতশ্চ যৎ।
স চ যো যৎপ্রভাবশ্চ তৎ সমাসেন মে শৃণু ॥ ৪

ঋষিভির্বহুধা গীতং ছন্দোভির্বিবিধৈঃ পৃথক্।
ব্রহ্মসূত্রপদৈশ্চৈব হেতুমদ্ভির্বিনিশ্চিতৈঃ ॥ ৫

সংসারে সকল ক্ষেত্রে ক্ষেত্রজ্ঞ স্বরূপ
আমাকে জানিও পার্থ আমি বিশ্বরূপ।
ক্ষেত্রে ও ক্ষেত্রজ্ঞ জ্ঞান পরমার্থ তত্ত্ব
আমার সম্মত ইহা চিরন্তন সত্য। ৩

শোন পার্থ এ যথার্থ তথ্য তত্ত্ব কথা
সে ক্ষেত্র কি ধর্মযুক্ত
অথবা বিকার পৃক্ত
যা হতে উৎপন্ন তাহা সে যথার্থ কথা।
যে রূপ প্রভাবান্বিত
যেবা শক্তি সমন্বিত
সংক্ষেপে বর্ণিব তাহা
ত্যজ চিন্তা বৃথা। ৪

ক্ষেত্র ক্ষেত্রজ্ঞ মাহাত্ম্য
যাহা পরমার্থ সত্য
সুপ্রাচীন ঋষি মুখে চির প্রকাশিত।
বেদের বিভিন্ন শাখা

মহাভূতান্যহঙ্কারো বুদ্ধিরব্যক্তমেব চ।
ইন্দ্রিয়াণি দশৈকঞ্চ পঞ্চ চেন্দ্রিয়গোচরাঃ ॥ ৬

ইচ্ছা দ্বেষঃ সুখং দুঃখং সঙ্ঘাতশ্চেতনা ধৃতিঃ।
এতৎ ক্ষেত্রং সমাসেন সবিকারমুদাহৃতম্ ॥ ৭

যোগে সত্যদর্শি-লেখা
যুক্তি সিদ্ধ ব্রহ্মসূত্র পদে বিনিশ্চিত। ৫

পঞ্চ তন্মাত্র সঙ্গত
পঞ্চ সূক্ষ্ম মহাভূত
সে মহাভূতের হেতু গুরু অহঙ্কার।
তাহার কারণ বুদ্ধি
(তার) হেতু সুপ্রকৃতি সিদ্ধি
দশেন্দ্রিয় সহ মন ইন্দ্রিয় বিচার। ৬

স্থূল বটে পঞ্চভূত
ইচ্ছা দ্বেষ সমুদ্ভূত
সুখ দুঃখ ধৃতি আর সংঘাত চেতনা।
ক্ষেত্রের সংক্ষিপ্ত রূপ
মনে হয় অপরূপ
বৈকারিক ইহা পার্থ করিও ধারনা। ৭

অমানিত্বমদম্ভিত্বমহিংসা ক্ষান্তিরার্জবম্ ।
আচার্য্যোপাসনং শৌচং স্থৈর্য্যমাত্মবিনিগ্রহঃ ॥ ৮

ইন্দ্রিয়ার্থেষু বৈরাগ্যমনহঙ্কার এব চ ।
জন্মমৃত্যুজরাব্যাধিদুঃখদোষানুদর্শনম্ ॥ ৯

অসক্তিরনভিষ্বঙ্গঃ পুত্রদারগৃহাদিষু ।
নিত্যঞ্চ সমচিত্তত্বমিষ্টানিষ্টোপপত্তিষু ॥ ১০

ময়ি চানন্যযোগেন ভক্তিরব্যভিচারিণী ।
বিবিক্তদেশসেবিত্বমরতির্জনসংসদি ॥ ১১

নিজের উৎকর্ষ সত্ত্বে আত্মশ্লাঘাহীন
দম্ভের অভাব হিংসা বর্জিত প্রবীন
ক্ষমা সরলতা শাস্ত্র সিদ্ধ সদাচার
মোক্ষমার্গে সুস্থিরতা সুসংযম সার । ৮

ইন্দ্রিয়ার্থে অনাসক্তি
চির কাম্য যার মুক্তি
জন্ম মৃত্যু জরা ব্যাধি দুখ দোষ জ্ঞান ।
৯

পুত্র স্ত্রী গৃহাদিগত
অত্যাসক্তি ব্যপগত
ইষ্টানিষ্টে তুল্যভাব জ্ঞানীর লক্ষণ । ১০

অন্যযোগ পরিহরি
ভক্তিপূর্ব আমা স্মরি
জনসঙ্গে রতিহীন মুক্তিকামিগণ । ১১

অধ্যাত্মজ্ঞাননিত্যত্বং তত্ত্বজ্ঞানার্থদর্শনম্।
এতজ্ জ্ঞানমিতি প্রোক্তমজ্ঞানং যদতোঽন্যথা ॥ ১২

জ্ঞেয়ং যৎ তৎ প্রবক্ষ্যামি যজ্ জ্ঞাত্বাঽমৃতমশ্নুতে।
অনাদিমৎ পরং ব্রহ্ম ন সৎ তন্নাসদুচ্যতে ॥ ১৩

আত্মজ্ঞানে অনুরাগী
নিত্য সংসার বিরাগী
জ্ঞানের স্বরূপ ইহা বুঝিও অন্তরে।
ইহা ভিন্ন ওহে পার্থ
জানিও সকলই ব্যর্থ
অজ্ঞানতা পরিপূর্ণ, বিজ্ঞ মনে করে।

১২

আদিহীন পরব্রহ্ম
জানিতে পারেনা জিহ্ম
সদসৎ প্রত্যয় শূণ্য
পরমাত্মা ভবে।
জ্ঞাতব্য সংসারে যাহা
তোমাকে বলিব তাহা
পরিজ্ঞাত হয়ে পার্থ অমৃত লভিবে
শাস্ত্রেতে আদিষ্ট ইহা নিশ্চয় জানিবে।

১৩

সর্ব্বতঃ পাণিপাদং তৎ সর্ব্বতোঽক্ষিশিরোমুখম্।
সর্ব্বতঃ শ্রুতিমল্লোকে সর্ব্বমাবৃত্য তিষ্ঠতি॥ ১৪

সর্ব্বেন্দ্রিয়গুণাভাসং সর্ব্বেন্দ্রিয়বিবর্জ্জিতম্।
অসক্তং সর্ব্বভৃচ্চৈব নির্গুণং গুণভোক্তৃ চ॥ ১৫

বহিরন্তশ্চ ভূতানামচরং চরমেব চ।
সূক্ষ্মত্বাৎ তদবিজ্ঞেয়ং দূরস্থং চান্তিকে চ তৎ॥ ১৬

সর্বদিকে হস্তপদ
নেত্রানন বিস্ময়দ
সর্বদিকে শ্রুতি যাঁর যিনি সর্বাবৃত ।১৪

সর্বেন্দ্রিয় গুণাভাস
নিরিন্দ্রিয় অবভাস
অসক্ত অথচ সর্ব ভূতের আস্পদ ।
ত্রিগুণ বর্জ্জিত যিনি
গুণ ভোক্তা বটে তিনি
গুরুগম্য তথ্য রম্য বুঝে আত্মজ্ঞানী ।
১৫

বাহিরে অন্তরে কিম্বা স্থাবরে জঙ্গমে
অতি সূক্ষ্ম হেতু অবিজ্ঞেয় সু সঙ্গমে ।
অজ্ঞের অপ্রাপ্য বলি অতিদুরে গত
জ্ঞানীর অনতিদুরে চির অবস্থিত । ১৬

অবিভক্তঞ্চ ভূতেষু বিভক্তমিব চ স্থিতম্।
ভূতভর্ত্তৃ চ তজ্‌জ্ঞেয়ং গ্রসিষ্ণু প্রভবিষ্ণু চ ॥ ১৭

জ্যোতিষামপি তজ্জ্যোতিস্তমসঃ পরমুচ্যতে।
জ্ঞানং জ্ঞেয়ং জ্ঞানগম্যং হৃদি সর্ব্বস্য ধিষ্ঠিতম্ ॥ ১৮

ইতি ক্ষেত্রং তথা জ্ঞানং জ্ঞেয়ঞ্চোক্তং সমাসতঃ।
মদ্ভক্ত এতদ্বিজ্ঞায় মদ্ভাবায়োপপদ্যতে ॥ ১৯

অবিভক্ত সর্বভূতে বিভক্তের ন্যায়
অবিস্থিত জ্ঞেয় ব্রহ্ম ব্রহ্মবিদে কয়
গ্রাস বা সংহারকর্তা একথা যেমন
সৃষ্টির কারণও তিনি প্রভাবও তেমন।
১৭

জ্যোতিঃ সমূহের তিনি
জ্যোতিষ্ক স্বরূপ
অজ্ঞানতা তমোষ্টতা অসংস্পৃষ্ট রূপ।
সকলের হৃদয়েতে জ্ঞান গম্য তিনি
অধিষ্ঠিত সেই জ্ঞেয় জানে সর্বজ্ঞানী।
১৮

ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞ জ্ঞেয় তত্ত্ব সংক্ষেপতঃ
বলিলাম পার্থ শোন হয়ে সমাহিত
আমার প্রকৃত ভক্ত এ তত্ত্ব-জানিত
আমার স্বরূপ লাভে হয় বিবেচিত।

১৯

প্রকৃতিং পুরুষঞ্চৈব বিদ্ধ্যনাদী উভাবপি।
বিকারাংশ্চ গুণাংশ্চৈব বিদ্ধি প্রকৃতিসম্ভবান্ ॥ ২০

কার্য্যকারণকর্ত্তৃত্বে হেতুঃ প্রকৃতিরুচ্যতে।
পুরুষঃ সুখদুঃখানাং ভোক্তৃত্বে হেতুরুচ্যতে ॥ ২১

পুরুষঃ প্রকৃতিস্থো হি ভুঙ্‌ক্তে প্রকৃতিজান্ গুণান্।
কারণং গুণসঙ্গোঽস্য সদসদ্‌যোনিজন্মসু ॥ ২২

প্রকৃতি পুরুষ দুয়ে অনাদি জানিবে
বৈকারিক সর্বভাব
গুণগত স্ব প্রভাব—
প্রকৃতি হইতে জাত ধারণা করিবে।

২০

কার্য ও কারণ রূপ
মায়া শক্তি অনুরূপ
হেতুরূপে সু বিখ্যাত তত্বজ্ঞ সমাজে।
জীব বা পুরুষ যিনি
সুখ দুঃখ ভোগে তিনি
হেতু বা কারণরূপে খ্যাত বিজ্ঞ মাঝে॥

২১

প্রকৃতিতে অবস্থিত ভোক্তাই পুরুষ
সুখ দু;খ মোহান্ধতা
প্রাকৃতিক দুর্বলতা
পুরুষেরই ভোগ্য জানে নিখিল মানুষ
সদসৎ জন্মলাভ

উপদ্রষ্টানুমন্তা চ ভর্তা ভোক্তা মহেশ্বরঃ।
পরমাত্মেতি চাপ্যুক্তো দেহেঽস্মিন্ পুরুষঃ পরঃ ॥ ২৩

উত্তম অধম ভাব—
গুণ সঙ্গ বশে ঘটে অনিবার্য ভাবে।
পুনর্জন্ম হয় নাশ
ঘটিলে কামনা নাশ
গুণে আত্ম ভাব বশে তাহারই প্রভাব।
২২

দেহেন্দ্রিয় মন বুদ্ধি সাক্ষীরূপে যিনি
শরীর ইন্দ্রিয় ক্ষেত্রে নহেক ব্যাপৃত
সুতরাং দ্রষ্টামাত্র শাস্ত্রমতে মানি
যথার্থ সর্বত্র সুব্যাপৃত প্রতিভাত
চিদাভাসাবিষ্ট যে চৈতন্য আত্মকৃত
এই হেতু পরমাত্মা ভর্তা প্রভুস্মৃত।
সুখ দুঃখ মোহাত্মক প্রত্যয় নিচয়
বুদ্ধি সম্বন্ধীয় যাহা যেন মনে হয়
আত্মগ্রস্ত অবস্থায় সংসারে প্রজাত
তাদৃশ আত্মাই হয় ভোক্তা প্রতিভাত।
ক্ষেত্রজ্ঞ ও ঈশ্বরের একত্ব বিধান

য এবং বেত্তি পুরুষং প্রকৃতিঞ্চ গুণৈঃ সহ।
সর্ব্বথা বর্ত্তমানোঽপি ন স ভূয়োঽভিজায়তে ॥ ২৪

ধ্যানেনাত্মনি পশ্যন্তি কেচিদাত্মানমাত্মনা।
অন্যে সাংখ্যেন যোগেন কর্ম্মযোগেন চাপরে। ২৫

মোক্ষের পরম হেতু এ সূক্ষ্ম প্রমাণ।
গীতাবলম্বনে কৃষ্ণ পার্থ সম্বাদেতে
ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞ যোগেব্যক্ত শাস্ত্রমতে।

২৩

পরম পুরুষ ব্রহ্ম স্বরূপ চিন্তন
সমর্থ যে হয় ভবে অতি বিজ্ঞজন
গুণ বা বিকার সঙ্গে
অবিদ্যা রূপ তরঙ্গে
আকণ্ঠ মজ্জিত হয়ে তাদৃশ সজ্জন
জ্ঞানাগ্নি বিদগ্ধ কর্ম না লভে জনম।

২৪

কোন কোন জ্ঞানীজনে
নিত্য ধ্যানাবলম্বনে
আত্মযোগে পরমাত্মা করেন দর্শন।
কেহ সাংখ্য জ্ঞান যোগে
কেহ বা সুকর্ম যোগে
শাস্ত্রোক্ত পদ্ধতি ক্রমে আত্ম সম্বেদন

অন্যে ত্বেবমজানন্তঃ শ্রুত্বঽন্যেভ্য উপাসতে ।
তেঽপি চাতিতরন্ত্যেব মৃত্যুং শ্রুতিপরায়ণাঃ ॥ ২৬

যাবৎ সঞ্জায়তে কিঞ্চিৎ সত্ত্বং স্থাবরজঙ্গমম্ ।
ক্ষেত্রক্ষেত্রজ্ঞসংযোগাৎ তদ্‌বিদ্ধি ভরতর্ষভ ॥ ২৭

করিতে সমর্থ হন
ভ্রান্ত কিন্তু কেহ নন
গন্তব্য পথের এটা বিভিন্ন ধরণ। ২৫

অন্যভাবে অন্যজনে
যাথার্থ্য না জেনে শুনে
গুরুবাদে সু বিশ্বস্ত ভক্তজন গণ
উপাসনা বিধিমতে
করি শ্রুতি স্মৃতি পথে
অনায়াসে মৃত্যু হতে সমুত্তীর্ণ হন।
২৬

জানিবে ভারত শ্রেষ্ঠ—
গুণি-গণন বরিষ্ঠ—
স্থাবর জঙ্গমাত্মক যা কিছু সংসারে।
ক্ষেত্র ক্ষেত্রজ্ঞ সংযোগে
সমুৎপন্ন বিশ্ব ভোগে
অতি সত্য এই তথ্য বিশ্ব চরাচরে।
২৭

সমং সর্ব্বেষু ভূতেষু তিষ্ঠন্তং পরমেশ্বরম্ ।
বিনশ্যৎস্ববিনশ্যন্তং যঃ পশ্যতি স পশ্যতি ॥ ২৮

সমং পশ্যন্ হি সর্ব্বত্র সমবস্থিতমীশ্বরম্ ।
ন হিনস্ত্যাত্মনাত্মানং ততো যাতি পরাং গতিম্ ।। ২৯

প্রকৃত্যৈব চ কর্ম্মাণি ক্রিয়মাণানি সর্ব্বশঃ ।
যঃ পশ্যতি তথাত্মানমকর্ত্তারং স পশ্যতি ।। ৩০

নশ্বর সকল ভূতে সমভাবে স্থিত
অবিনাশী পরমাত্ম দর্শনাভিমত।
হেন সত্য দৃষ্টি যার
প্রকৃত দর্শন তার—
গীতোক্ত যোগের সার সুবিজ্ঞ সম্মত
দিব্য জ্ঞান লাভে পার্থ হও দৃঢ়ব্রত। ২৮

যেহেতু সর্বত্র সমভাবে অবস্থিত
ব্রহ্মরূপ পরমাত্মা দর্শন নিরত।
আত্মজ্ঞানে দৃঢ়াসক্তি
হিংসায় আত্মানুরক্তি
ক্ষুণ্ণ নাহি হয় যার তত্ত্বজ্ঞ প্রধান
নিত্য শুদ্ধ বুদ্ধ মুক্ত পর পদ পান। ২৯

জগতে নিখিল কর্ম প্রকৃতির বশে
সম্পাদিত হয় নিত্য আত্ম পরিবেশে
আত্মা সদা অবিলিপ্ত
স্বয়ং সু পরিতৃপ্ত

যদা ভূতপৃথগ্‌ভাবমেকস্থমনুপশ্যতি।
তত এব চ বিস্তারং ব্রহ্ম সম্পদ্যতে তদা ॥ ৩১

অনাদিত্বান্নির্গুণত্বাৎ পরমাত্মাঽয়মব্যয়ঃ।
শরীরস্থোঽপি কৌন্তেয় ন করোতি ন লিপ্যতে ॥ ৩২

অকর্তা বলিয়া তায় যাহার দর্শন
সত্য দরশন তার হয় সম্পাদন।

৩০

যখন নিখিল ভূতে পার্থক্য দর্শন
আত্মায় বিলীন হয় (এ) তথ্য উদ্ঘাটন
করিতে সমর্থ জন
তার সত্য দরশন
ব্রহ্ম হতে সুবিস্তৃত এ বিশ্ব ভুবন
ব্রহ্ম প্রাপ্তি করস্থিত যাঁর এ দর্শন। ৩১

হে কুন্তী নন্দন শোন এ তত্ত্ব বচন
অনাদি নিগু´ন আত্মা চিরস্থির রন
দেহে থাকিলেও লিপ্ত
নহে কভু কর্মতৃপ্ত
সুতরাং নহে লিপ্ত কর্মের সংশ্রবে
অক্ষয় অব্যয় নিত্য চির সত্য ভবে।

৩২

যথা সর্ব্বগতং সৌক্ষ্ম্যাদাকাশং নোপলিপ্যতে।
সর্ব্বত্রাবস্থিতো দেহে তথাত্মা নোপলিপ্যতে ।। ৩৩

যথা প্রকাশয়ত্যেকঃ কৃৎস্নং লোকমিমং রবিঃ।
ক্ষেত্রং ক্ষেত্রী তথা কৃৎস্নং প্রকাশয়তি ভারত। ৩৪

সর্বগত মহাকাশ সূক্ষ্মতা বশতঃ
কিছুতেই লিপ্ত নহে সত্য স্বভাবতঃ
তথা আত্মা দেহস্থিত
থাকিয়াও ওতপ্রোত
নহে লিপ্ত পদ্মপত্রে জলের সমান
হেন আত্মবোধ হয় মুক্তির প্রমাণ।
৩৩

হে অর্জুন যথা এক রবি সর্ব লোক
প্রকাশ করয়ে তথা এই বিশ্ব লোক
পরমাত্মা ক্ষেত্রী বরে—
ক্ষেত্র প্রকাশিত করে—
প্রকাশ্যের যোগে নিজে নহে প্রকাশিত
উপনিষদের ইহা চূড়ান্ত সম্মত। ৩৪

ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োরেবমন্তরং জ্ঞানচক্ষুষা।
ভূতপ্রকৃতিমোক্ষঞ্চ যে বিদুর্যান্তি তে পরম্ ॥ ৩৫

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু
ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জুনসংবাদে
ক্ষেত্র ক্ষেত্রজ্ঞ বিভাগযোগো নাম
ত্রয়োদশোঽধ্যায়ঃ।

বিজ্ঞান নয়ন যোগে সত্য দরশন
আচার্যের উপদেশে সূক্ষ্ম নিরূপন
করিতে সমর্থ যারা
সত্ত্য ভেদ মুক্ত তারা
পরব্রহ্ম সত্য তত্ব জানেন যাঁহারা
নিঃশ্রেয়স জন্য তৃপ্তি লভেন তাঁহারা।
৩৫

ক্ষেত্র ক্ষেত্রজ্ঞ সংগত
সংবিভক্ত যোগ যত—
ত্রয়োদশে আলোচিত
ভক্ত মনো গত।
শ্রীহরি করুণা বশে কভু অজ্ঞানতা বশে
ভক্তের পতন নাহি ঘটে কোন কালে
হরিপদ সরোরুহ রেণু যার ভালে।

চতুর্দ্দশোঽধ্যায়ঃ।

গুণত্রয়বিভাগ-যোগ

শ্রীভগবানুবাচ—

পরং ভূয়ঃ প্রবক্ষ্যামি জ্ঞানানাং জ্ঞানমুত্তমম্।
যজ্‌জ্ঞাত্বা মুনয়ঃ সর্ব্বে পরাং সিদ্ধিমিতো গতাঃ॥ ১

ইদং জ্ঞানমুপাশ্রিত্য মম সাধর্ম্ম্যমাগতাঃ।
সর্গেঽপি নোপজায়ন্তে প্রলয়ে ন ব্যথন্তি চ॥ ২

অতঃপর ভগবান কহেন অর্জুনে
শোন পার্থ এ যাথার্থ্য সুবিশুদ্ধ মনে
দুর্বোধ্য এ ব্রহ্মতত্ত্ব সর্বজ্ঞানোত্তম.
যাহা লভি জ্ঞান যোগী প্রিয় মম হন।
১

এই জ্ঞান সমাশ্রয়ে যত মুণি গণ
আমার স্বরূপ তত্ত্ব অবগত হন
সৃষ্টিকালে জন্মলাভ না হয় কখন
প্রলয়ে বিলীন আর কভু নাহি হন।
২

মম যোনির্মহদ্‌ব্রহ্ম তস্মিন্ গর্ভং দধাম্যহম্।
সম্ভবঃ সর্ব্বভূতানাং ততো ভবতি ভারত ॥ ৩

সর্ব্বযোনিষু কৌন্তেয় মূর্ত্তয়ঃ সম্ভবন্তি যাঃ।
তাসাং ব্রহ্ম মহদ্‌যোনিরহং বীজপ্রদঃ পিতা ॥ ৪

ব্রহ্মাণ্ড সৃষ্টির তথ্য চির অমলিন
প্রকৃতি পুরুষ যোগে সৃষ্টি চিরদিন
মহৎ নামিকা ত্রিগুণাত্মিকা
প্রকৃতি আমার যোগ সাধন
ক্ষেত্র রূপেতে বিদিত জগতে—
ভুত সৃষ্টি বীজ করি বপন।
(করি) আদি গর্ভাধান জানিও প্রমাণ
আমিই এসব করি বিধান।
তাহা হতে হয় ভুত সমুদয়
হে ভারত কর সমবধান।

৩

যত মূর্তিএ জগতে তাহার জননী
মহতী ত্রিগুণাত্মিকা ব্রহ্ম স্বরূপিণী
বীজ প্রদ পিতা আমি সৃষ্ট চরাচরে
ধারণা করিও পার্থ বিশুদ্ধ অন্তরে।

৪

সত্ত্বং রজস্তম ইতি গুণাঃ প্রকৃতিসম্ভবাঃ ।
নিবধ্নন্তি মহাবাহো দেহে দেহিনমব্যয়ম্ ।। ৫

তত্র সত্ত্বং নির্ম্মলত্বাৎ প্রকাশকমনাময়ম্ ।
সুখসঙ্গেন বধ্নাতি জ্ঞানসঙ্গেন চানঘ ।। ৬

রজো রাগাত্মকং বিদ্ধি তৃষ্ণাসঙ্গসমুদ্ভবম্ ।
তন্নিবধ্নাতি কৌন্তেয় কর্ম্মসঙ্গেন দেহিনম্ ।

নিত্য শুদ্ধ বুদ্ধ মুক্ত আত্মার বন্ধন
কেমনে সম্ভব তবে শুনহে কারণ—
সত্ত্ব রজ তমোগুণ প্রকৃতি সম্ভূত—
অব্যয় আত্মাতে বদ্ধ এ তত্ত্ব অদ্ভুত।
৫

গুণত্রয় মধ্যে সত্ত্ব গুণ সুনির্মল
উপদ্রব বিবর্জিত প্রকাশ উজ্জ্বল
আমি জ্ঞানী আমি গুণী এই জ্ঞান বশে
আবদ্ধ আত্মাও বদ্ধ অহমিকা বশে।
৬

রজোগুণ অনুরাগ মৌলিক কারণে
তৃষ্ণা ও আসক্তি আর সহজাবরণে
কর্মাসক্তি বশে আত্মা জড়িত যখন
জীবরূপে সংসারেতে অনুগত হন।
৭

তমস্ত্বজ্ঞানজং বিদ্ধি মোহনং সর্ব্বদেহিনাম্ ।
প্রমাদালস্যনিদ্রাভিস্তন্নিবধ্নাতি ভারত ॥ ৮

সত্ত্বং সুখে সঞ্জয়তি রজঃ কর্ম্মণি ভারত ।
জ্ঞানমাবৃত্য তু তমঃ প্রমাদে সঞ্জয়ত্যুত ॥ ৯

রজস্তমশ্চাভিভূয় সত্ত্বং ভবতি ভারত ।
রজঃ সত্ত্বং তমশ্চৈব তমঃ সত্ত্বং রজস্তথা ॥ ১০

অজ্ঞানাবরনে যুক্ত তমোগুণ সদা
জীবের মোহন হেতু জানিবে সর্বদা
অনবধানতা আর আলস্য নিদ্রায়
তমোগুণ প্রকাশিত নিত্যমূঢ়তায়। ৮

সত্বই অনন্ত সুখে করে সক্ত জনে
রজোগুণ কর্মমাত্রে সর্বান্তঃকরণে
করে যুক্ত তমোগুণ অজ্ঞানে প্রমাদে
মুগ্ধ করে মানবেরে পার্থ পদে পদে
৯

রজোগুণ ও তমোগুণে অভিভূত করি
ঘটিবে নিশ্চয় পার্থ প্রাবল্য সত্বেরই
সত্ব অভিভূত করি দীপ্তি রাজসের
সত্বরজঃ এই ভাবে বৃদ্ধি তামসের। ১০

সর্ব্বদ্বারেষু দেহেঽস্মিন্ প্রকাশ উপজায়তে।
জ্ঞানং যদা তদা বিদ্যাদ্‌বিবৃদ্ধং সত্ত্বমিত্যুত ॥ ১১

লোভঃ প্রবৃত্তিরারম্ভঃ কর্ম্মণামশমঃ স্পৃহা।
রজস্যেতানি জায়ন্তে বিবৃদ্ধে ভরতর্ষভ ॥ ১২

অপ্রকাশোঽপ্রবৃত্তিশ্চ প্রমাদো মোহ এব চ।
তমস্যেতানি জায়ন্তে বিবৃদ্ধে কুরুনন্দন ॥ ১৩

সর্বদ্বারে এই দেহে হয় প্রকাশিত
বিশিষ্ট বিজ্ঞানালোক মালিন্য বর্জিত
তখনই বুঝিবে শুদ্ধ সত্ত্বের উদয়
উদ্ভাসিত করে জীবে এ তথ্য নিশ্চয়।

১১

হে ভারত শ্রেষ্ঠ শোন রাজসিক ভাবে
কর্মেতে উদ্যম আর বিষম স্বভাবে
প্রবৃত্তি ঘটায় ইহা জানিবে নিশ্চয়
রজোগুণে প্রধানতঃ লোভের উদয়।

১২

হে কুরু নন্দন পার্থ জানিবে নিশ্চয়
তমোগুণ প্রভাবেই হয় বুদ্ধি ক্ষয়
প্রমাদ আলস্য নিদ্রা নিন্দনীয় যাহা
শ্লৈষ্মিক গুণের বৃদ্ধি তামসিক তাহা।

১৩

যদা সত্ত্বে প্রবৃদ্ধে তু প্রলয়ং যাতি দেহভৃৎ।
তদোত্তমবিদাং লোকানমলান্ প্রতিপদ্যতে ॥ ১৪

রজসি প্রলয়ং গত্বা কর্ম্মসঙ্গিষু জায়তে ॥
তথা প্রলীনস্তমসি মূঢ়যোনিষু জায়তে ॥ ১৫

কর্ম্মণঃ সুকৃতস্যাহুঃ সাত্ত্বিকং নির্ম্মলং ফলম্।
রজসস্তু ফলং দুঃখমজ্ঞানং তমসঃ ফলম্ ॥ ১৬

প্রবর্ধিত সত্ত্বগুণে দেহ অবসানে
উত্তমা বিমলা গতি নিত্য পুণ্য যানে।
জীবের মরণকাল চির সাক্ষী তার
যাহাতে স্বভাব সিদ্ধ গুণের বিচার।
১৪

কর্মাসক্ত জীবলোকে জন্ম পরিশেষে
বর্ধিত রাজসগুণে দেহের বিনাশে
প্রবৃদ্ধ তামসভাবে দেহ অবসানে
পশ্বাদি বিমূঢ় যোনি লভে নীচ মনে।
১৫

সাত্ত্বিক কর্মের ফল অতি সুনির্মল
রাজস কর্মেতে দুঃখ ভোগ অবিরল
তমোগুণে অজ্ঞানতা নিন্দনীয় ফল
কহেন পণ্ডিতগণ জান অবিকল। ১৬

সত্ত্বাৎ সঞ্জায়তে জ্ঞানং রজসো লোভ এব চ।
প্রমাদমোহৌ তমসো ভবতোঽজ্ঞানমেব চ ॥ ১৭

ঊর্দ্ধং গচ্ছন্তি সত্ত্বস্থা মধ্যে তিষ্ঠন্তি রাজসাঃ।
জঘন্যগুণবৃত্তস্থা অধোগচ্ছন্তি তামসাঃ ॥ ১৮

নান্যং গুণেভ্যঃ কর্ত্তারং যদা দ্রষ্টাঽনুপশ্যতি।
গুণেভ্যশ্চ পরং বেত্তি মদ্ভাবং সোঽধিগচ্ছতি ॥ ১৯

রজোগুণ ও সত্ত্বগুণে পরাভূত করি
সত্ত্বের প্রভাব বৃদ্ধি হইবে যাহারি
মুক্তি মার্গে সুনির্মল বৃত্তির বিকাশ
হইলে বুঝিবে ইহা সত্ত্বেরই প্রকাশ।
রজোগুণ প্রভাবেতে কর্মে অতি লোভ
কর্মাভাবেনিত্য নিত্য বৃদ্ধি পায় ক্ষোভ।
মত্ততা ও বিমুগ্ধতা তমোগুণে হয়
অজ্ঞানতা তামসিক জনের নিশ্চয়। ১৭

সত্ত্বের প্রভাবে নর উর্ধ্বগতি লভে
মাধ্যমিক গতি লাভ রাজস প্রভাবে।
অতীব জঘন্ত বৃত্তি তামসিক জনে
অধঃপাত যার ফল বলে বিজ্ঞগণে।১৮

দ্রষ্টা যবে গুণত্রয় হইতে অপর
কর্তা বলি না দেখেন হইয়া মৎপর
গুণাতীত সর্বসাক্ষী আত্মদর্শী জন
আমার স্বরূপ তাঁর হয় দরশন। ১৯

গুণানেতানতীত্য ত্রীন্ দেহী দেহসমুদ্ভবান্।
জন্মমৃত্যুজরাদুঃখৈর্বিমুক্তোঽমৃতমশ্নুতে ॥ ২০

অর্জ্জুন উবাচ—

কৈর্লিঙ্গৈস্ত্রীন্ গুণানেতানতীতো ভবতি প্রভো ॥
কিমাচারঃ কথং চৈতাংস্ত্রীন্ গুণানতিবর্ত্ততে ॥ ২১

শ্রীভগবানুবাচ—

প্রকাশঞ্চ প্রবৃত্তিঞ্চ মোহমেব চ পাণ্ডব।
ন দ্বেষ্টি সংপ্রবৃত্তানি ন নিবৃত্তানি কাঙ্ক্ষতি ॥ ২২

দেহোৎপত্তির হেতুভূত অবিদ্যা মিশ্রিত
গুণত্রয় অতিক্রম করি জীব যত
জীবন্মুক্ত হয়ে যায় ব্রহ্মানন্দ ময়
অমৃতত্বময় মোক্ষে অধিকারী হয়। ২০

এই গূঢ় তত্ত্ব কথা শুনি ধনঞ্জয়
কৃষ্ণেরে সম্বোধি কহে কহ দয়াময়।
কহ প্রভো কৃপা করি কি লক্ষণ তার
গুণাতীত ব্রহ্মজ্ঞের কিরূপ আচার
কি প্রকারে গুণত্রয় অতীত মানব
জানিতে বাসনা বল কহ হে মাধব।
২১

পরমাত্মা ভগবান
অর্জুনে দামিয়া জ্ঞান
ব্রহ্মতত্ত্ব উপদেশ করিলা তখন।
যে প্রশ্ন করিলা পার্থ
তাহার যথার্থ তত্ত্ব
বলিব তোমায় বৎসো কর অবধান।

উদাসীনবদাসীনো গুণৈর্যো ন বিচাল্যতে।
গুণা বর্ত্তন্ত ইত্যেবং যোঽবতিষ্ঠতি নেঙ্গতে॥ ২৩

সমদুঃখসুখঃ স্বস্থঃ সমালোষ্ট্রাশ্মকাঞ্চনঃ।
তুল্যপ্রিয়াপ্রিয়ো ধীরস্তুল্যনিন্দাত্মসংস্তুতিঃ॥ ২৪

সেই জন সত্যভক্ত
আমাতেই অনুরক্ত
গুণের স্বভাবে মোহ প্রকাশিত ভাবে।
বিদ্বেষ না রহে তার
অবসর আকাঙ্খার
না রাখিয়া গুণাতীত তিনি সর্বভাবে।
২২

উদাসীন ব্যক্তি যথা কোন পক্ষে নাই
প্রকৃত তত্ত্ব বিজ্ঞানী সমদর্শী তাই
অবিচল ভাবে তাই কূটস্থ বিজ্ঞানে
আত্মভাবে অবস্থিত আত্মানুসন্ধানে।
২৩

সুখে দুঃখে সমভাবে রাগ দ্বেষ হীন
মৃৎপিণ্ডে প্রস্তরে স্বর্ণে ভেদজ্ঞানহীন
প্রিয় ও অপ্রিয়ে যিনি তুল্যজ্ঞানীজন
গুণাতীত নিন্দাস্তুতি সমতা দর্শন।
২৪

মানাপমানয়োস্তুল্যস্তুল্যো মিত্রারিপক্ষয়োঃ।
সর্ব্বারম্ভপরিত্যাগী গুণাতীতঃ স উচ্যতে ॥ ২৫

মাঞ্চ যোঽব্যভিচারেণ ভক্তিযোগেন সেবতে।
স গুণান্ সমতীত্যৈতান্ ব্রহ্মভূয়ায় কল্পতে ॥ ২৬

ব্রহ্মণো হি প্রতিষ্ঠাঽহমমৃতস্যাব্যয়স্য চ।
শাশ্বতস্য চ ধর্ম্মস্য সুখস্যৈকান্তিকস্য চ ॥ ২৭

সম্মান ও অপমানে যিনি নির্বিকার
মিত্রামিত্রে রহে যাঁর সম ব্যবহার।
জীবন ধারনোচিত কর্মকারী যিনি
জানিবে নিশ্চয় হন গুনাতীত তিনি।
২৫

আমাকেই যেই ভক্ত ঐকান্তিক ভাবে
ভক্তি সহকারে ধর্ম পথে মনে ভাবে
তাদৃশ অব্যভিচারী ভক্তিমান মম
ব্রহ্মভাবে উপনীত জ্ঞান নিষ্ঠোত্তম।
২৬

নিশ্চয় জানিবে পার্থ প্রত্যগাত্মরূপে
অবস্থান সর্বক্ষেত্রে আমার স্বরূপে
নির্বিকল্প ব্রহ্ম যাহা অমৃত অব্যয়
সনাতন ধর্মজন্য সুখের আশ্রয়।
সবিকল্প সোপাধিক ব্রহ্মরূপী আমি
ধর্মযোগী এ যাথার্থ্য বুঝে অন্তর্যামী।

ইতি শ্রীমহামহাভারতে শত সাহস্র্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং ভীষ্ম পর্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূ—
পনিষৎস্থ ব্রহ্মবিষ্ঠায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদে গুণত্রয়বিভাগ
যোগো নাম চতুর্দ্দশোহধ্যায়ঃ।

নির্বিকল্প সবিকল্প সর্বভাবে আমি
ইহাই যথার্থ তথ্য জান পার্থ তুমি।
২৭

তাপত্রয় মুক্তিহেতু
সংসার সমুদ্র সেতু
গুণাতীত ব্রহ্মভাবে করে সুপ্রকাশ
সংসার বাসনা শূন্য
হয়ে কবে হবে ধন্য
তোমার চরণাশ্রয়ে ভাবে দীন দাস।

পঞ্চদশোঽধ্যায়ঃ

পুরুষোত্তমযোগ

শ্রীভগবানুবাচ—

ঊর্দ্ধমূলমধঃশাখমশ্বত্থং প্রাহুরব্যয়ম্।
ছন্দাংসি যস্য পর্ণানি যস্তং বেদ স বেদবিৎ ॥ ১

অধশ্চোর্দ্ধং প্রসৃতাস্তস্য শাখা, গুণপ্রবৃদ্ধা বিষয়প্রবালাঃ
অধশ্চমূলান্যনুসন্ততানি, কর্ম্মানুবন্ধীনিমনুষ্যলোকে ॥ ২

বেদাদি আধ্যাত্মশাস্ত্র উর্ধ্বমূল তরু
অব্যক্ত যে মায়া শক্তি ব্রহ্মকল্প তরু
নিম্নদিকে মহদাদি অহংকার শাখা
অনাদি সংসার রূপে বিস্তৃত প্রশাখা।
ক্ষণস্থায়ী এ সংসার বৃক্ষ বলি যার,
বর্ণনা করেন বিজ্ঞ অশ্বত্থ আকার
বেদের যে কর্মকাণ্ড পত্র স্থানপাতী
বেদবিৎ তিনি ইহা যাঁর স্থিরা মতি।
১

সংসার অশ্বত্থবৃক্ষে
জানিও প্রকৃত পক্ষে
বিষয় প্রবাল যার বর্ধিত ত্রিগুণে
নিম্ন উর্ধ্ব সর্বদেশে
সে অপূর্ব পরিবেশে

ন রূপমস্যেহ তথোপলভ্যতে
নান্তো ন চাদির্ন চ সংপ্রতিষ্ঠা।
অশ্বত্থমেনং সুবিরূঢ়মূল-
মসঙ্গশস্ত্রেন দৃঢ়েন ছিত্ত্বা ॥ ৩

ততঃ পদং তৎ পরিমার্গিতব্যং,
যস্মিন্ গতা ন নিবর্ত্তন্তি ভূয়ঃ।
তমেব চাদ্যং পুরুষং প্রপদ্যে
যতঃ প্রবৃত্তিঃ প্রসৃতা পুরাণী ॥ ৪

সে মহাবৃক্ষের শাখা সুবিস্তৃত রয়
নিম্নলোকে কর্মমূল প্রসারিত হয়। ২

সাধারণ সংসারীরা ইহার স্বরূপ
বুঝিতে পারেনা এর অত্যদ্ভুত রূপ
আদি মধ্য কিম্বা সম্যক অবস্থিতি কাল
রূপকারোপিত এই অশ্বত্থ বিশাল
বদ্ধমূল সংসারের বৃক্ষ ছেদ করি
অসঙ্গাস্ত্র যোগে ইহা কহেন শ্রীহরি।
অতঃপর পরপদ যাহা ব্রহ্মময়
সুভক্তের পক্ষে অন্বেষণ যোগ্য হয়। ৩

যে পদ প্রাপ্তির পর পুণরাগমন
হয়না নিশ্চিত তার কর অন্বেষণ।
যাহাতে এ পুরাতন সংসার প্রবাহ
আদ্য মহা পুরুষের রহি আজ্ঞাবহ।
৪

নির্ম্মানমোহা জিতসঙ্গদোষা
আধ্যাত্মনিত্যা বিনিবৃত্তকামাঃ।
দ্বন্দ্বৈর্বিমুক্তাঃ সুখদুঃখসংজ্ঞৈ-
র্গচ্ছন্ত্যমূঢ়াঃ পদমব্যয়ং তৎ ।। ৫

ন তদ্ভাসয়তে সূর্য্যো ন শশাঙ্কো ন পাবকঃ।
যদ্ গত্বা ন নিবর্ত্তন্তে তদ্ধাম পরমং মম ।। ৬

মমৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতনঃ।
মনঃষষ্ঠানীন্দ্রিয়াণি প্রকৃতিস্থানি কর্ষতি ।। ৭

শরীরং যদবাপ্নোতি যচ্চাপ্যুৎক্রামতীশ্বরঃ।
গৃহীত্বৈতানি সংযাতি বায়ুর্গন্ধানিবাশয়াৎ ।। ৮

অহঙ্কার অবিবেক বর্জিত সাধক
বাসনা বর্জিত জ্ঞানী আত্মবিশোধক
সুখ দুঃখ দ্বন্দ্ব মুক্ত আত্মজ্ঞ সজ্জন
নিশ্চয় এই পরব্রহ্ম পদপ্রাপ্ত হন। ৫

সূর্য চন্দ্র অগ্নি তেজ প্রকাশিতে নারে
যেথায় গমনে পুনঃ না আসে সংসারে
সেই যে পরম স্থান জানিবে আমার
চিত্তে যাহা মুনিগণ হৃদে অনিবার। ৬

আমারই ভগ্নাংশ মাত্র জীব সমুদয়
পায় মোরে, আত্মা যবে
দেহ ছাড়ি যায়।
প্রকৃতিতে স্থিত মন অন্যেন্দ্রিয় সহ
স্থূল দেহ ছাড়ে তাহা হইলে দুর্বহ। ৭

বায়ু যথা পুষ্প হতে গন্ধ নিয়ে যায়
জীবাত্মা তেমন অন্তে দেহান্তরে ধায়।
পূর্ব দেহ হতে মন পঞ্চ জ্ঞানেন্দ্রিয়
আকর্ষণ করি লয় যাহা অতি প্রিয়। ৮

শ্রোত্রং চক্ষুঃ স্পর্শনঞ্চ রসনং ঘ্রাণমেব চ।
অধিষ্ঠায় মনশ্চায়ং বিষয়ানুপসেবতে ॥ ৯

উৎক্রামন্তং স্থিতং বাপি ভুঞ্জানং বা গুণান্বিতম্।
বিমূঢ়া নানুপশ্যন্তি পশ্যন্তি জ্ঞানচক্ষুষঃ ॥ ১০

যতন্তো যোগিনশ্চৈনং পশ্যন্ত্যাত্মন্যবস্থিতম্।
যতন্তোঽপ্যকৃতাত্মানো নৈনং পশ্যন্ত্যচেতসঃ ॥ ১১

দেহস্থ জীবাত্মা কিন্তু বিষয় সম্ভোগ
চক্ষুকর্ণ নাসা ত্বক জিহ্বাতে সংযোগ
করিয়া রূপাদি পঞ্চ মানসিক বলে
উপভোগ করে ইহা সর্ব শাস্ত্রে বলে।

৯

দেহান্তরে গতিশীল কিম্বা অবস্থিত
অথবা বিষয় ভোগে রত অবিরত
কিম্বা যে ত্রিগুণাধীনে সুখ দুঃখ যত
ঈদৃশ আত্মার তত্ত্ব জ্ঞানে সুপণ্ডিত।
মূঢ় কিন্তু চির ভ্রান্ত আত্ম পরিচয়ে
মায়া মোহ বিজড়িত ভবে মোহ-ময়ে।

১০

যত্নশীল যোগিগণ বুদ্ধিস্থ আত্মায়
সাক্ষীরূপে জ্ঞানযোগে দেখিবারে পায়
অবিবেক চিত্ত যেবা যদি যত্ন করে
তথাপি এ আত্মদৃষ্টি করিতে না পারে।

১১

যদাদিত্যগতং তেজো জগদ্ভাসয়তেঽখিলম্ ॥
যচ্চন্দ্রমসি যচ্চাগ্নৌ তত্তেজো বিদ্ধি মামকম্ ॥ ১২

গামাবিশ্য চ ভূতানি ধারয়াম্যহমোজসা ।
পুষ্ণামি চৌষধীঃ সর্ব্বাঃ সোমো ভূত্বা রসাত্মকঃ ॥ ১৩

অহং বৈশ্বানরো ভূত্বা প্রাণিনাং দেহমাশ্রিতঃ ।
প্রাণাপানসমাযুক্তঃ পচাম্যন্নং চতুর্ব্বিধম্ ॥ ১৪

সূর্যগত যেই তেজ আসিল জগতে
প্রভাসিত হ'য়ে যাহা রহে চন্দ্রমাঝে
অগ্নিতে যে তেজরাশি জানিবে নিশ্চয়
সে সবই আমারি তেজ শাস্ত্রসিদ্ধ হয়।

১২

ঐশী শক্তি বশে মহা শক্তির প্রভাবে
প্রবেশি এ বিশ্বমাঝে পরমাত্ম ভাবে
চরাচর ভূতগণে করিছে ধারণ—
রসাত্মক চন্দ্ররূপে করি সম্পোষণ
ওষধি বা জীবাহার্য যবাদি নিচয়
পুষ্ট করি যার ফলে জীবস্থিতি হয়।

১৩

জীবদেহে পরিপাকে অগ্নিরূপ হয়ে
করি পাক চর্ব্য চোষ্য আর লেহ্য পেয়ে
প্রাণ ও অপান বায়ুর সংযোগে নিয়ত
জীবস্থিতি কার্য আমি করিছে সতত

১৪

সর্ব্বস্য চাহং হৃদি সন্নিবিষ্টো
মত্তঃ স্মৃতির্জ্ঞানমপোহনঞ্চ।
বেদৈশ্চ সর্ব্বৈরহমেব বেদ্যো,
বেদান্তকৃদ্বেদবিদেব চাহম্ ॥ ১৫

দ্বাবিমৌ পুরুষৌ লোকে ক্ষরশ্চাক্ষর এব চ।
ক্ষরঃ সর্ব্বাণি ভূতানি কূটস্থোঽক্ষর উচ্যতে ॥ ১৬

ব্রহ্ম হতে কীটাবধি জীব দেহাশ্রয়ে
আমি কিন্তু আছি সর্ব জীবের হৃদয়ে
আমা হতে সকলের স্মৃতি সংবিধান
উৎপন্ন ও বিলোপ ঘটে আমারি সমান
চতুর্বেদ প্রতিপাদ্য পরব্রহ্ম আমি
বেদান্তার্থ সম্প্রদায় প্রবর্ত্তক আমি।
বেদবিদ্ বলি মোরে জানে জ্ঞানীজন
সর্ব কর্মাধ্যক্ষতাই বলে সর্বজন। ১৫

দুইটি পুরুষ ক্ষর অক্ষর নামেতে
সুপ্রসিদ্ধ চিরদিন আর্য শাস্ত্র মতে।
প্রত্যক্ষাদি প্রমাণেতে অনুমিত হয়
মায়া শক্তি বীজ হতে 'ক্ষর' যে জন্মায়।
ক্ষরই বিনাশ যোগ্য বিকার কারণ
অক্ষর বা অবিনাশী কূটস্থিত হন। ১৬

উত্তমঃ পুরুষস্ত্বন্যঃ পরমাত্মেত্যুদাহৃতঃ।
যো লোকত্রয়মাবিশ্য বিভর্ত্ত্যব্যয় ঈশ্বরঃ॥ ১৭

যস্মাৎক্ষরমতীতোঽহমক্ষরাদপি চোত্তমঃ।
অতোঽস্মি লোকে বেদে চ প্রথিতঃ পুরুষোত্তমঃ॥ ১৮

যো মামেবমসংমূঢ়ো জানাতি পুরুষোত্তমম্।
স সর্ব্ববিদ্ভজতি মাং সর্ব্বভাবেন ভারত॥ ১৯

ক্ষর ও অক্ষর এই পুরুষ ব্যতীত
পরমাত্মা নামে খ্যাত পুরুষ সম্মত
যিনি এ ত্রিলোক ব্যাপী সর্ব ভাবাবিষ্ট
ভূর্ভুবঃস্বঃ ত্রিভুবন পালক অভীষ্ট।
১৭

অশ্বত্থ নামক মায়া সংসার বৃক্ষের
ক্ষর রূপে প্রতিভাত রূপ ঈশ্বরের
অতীত জানিবে আমি পার্থ ধনুর্ধর
অক্ষর হতেও আমি পুরুষ প্রবর
ভক্তজনে সু প্রথিত আমি চিরতরে
বেদেতে পুরুষোত্তম সবার অন্তরে।
১৮

স্থূল সূক্ষ্ম কারণাখ্য দেহের বিচারে
অহং ভাব পরিত্যজি কথিত প্রকারে
পরব্রহ্ম রূপে মোরে চিত্ত সমর্পিয়া
করেন ভজনা বিজ্ঞ মদ্গত হইয়া। ১৯

ইতি গুহ্যতমং শাস্ত্রমিদমুক্তং ময়াঽনঘ।
এতদ্‌বুদ্ধা বুদ্ধিমান্ স্যাৎ কৃতকৃত্যশ্চ ভারত ॥ ২০

ইতি শ্রীমহাভারতে শত সাহস্র্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং ভীষ্ম পর্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূ—
পনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদে পুরুষোত্তম
যোগো নাম পঞ্চদশোঽধ্যায়ঃ।

এই গুহ্যতম তত্ত্ব বলিনু তোমায়
এ তত্ত্ব জানিয়া বিজ্ঞ কৃত কৃত্য হয়
সব কর্ম আত্মজ্ঞানে সমাপ্তি ঘটিলে
এ জন্মের সফলতা সর্ব শাস্ত্র বলে।

২০

...কর প্রভো নর জন্ম সফল আমার
প্রণিপাত বিনা কিছু নাহিত দিবার।
তোমা ধ্যান তোমা জ্ঞান হইব কখন
কবে হবে এ দাসের চিত্ত সমর্পণ॥

ষোড়শোঽধ্যায়ঃ

দৈবাসুর সম্পদ্ বিভাগযোগ

শ্রীভগবানুবাচ—

অভয়ং সত্ত্বসংশুদ্ধির্জ্ঞানযোগব্যবস্থিতিঃ।
দানং দমশ্চ যজ্ঞশ্চ স্বাধ্যায়স্তপ আর্জ্জবম্ ॥ ১

অর্জুনে বলেন কৃষ্ণ ব্রহ্ম সনাতন।
দৈব বা সাত্ত্বিক ভাবে জন্ম যাহাদের
অভয়াদি গুপ্তচর তাদের ভূষণ।
গুরু বেদান্তাদি বাক্যে সন্দেহ হীনতা
গুরূক্ত ধার্মিক কর্মে নিত্যানুষ্ঠানতা
ভব ভয় দূর করে যে তত্ত্ব বিচারে
বীর ধর্মী সত্ত্বনিষ্ঠ সেইত সংসারে।
থাকেনা বঞ্চনা বুদ্ধি সত্ত্বাশ্রয়ী জনে
অভ্যস্ত সাত্ত্বিক যোগী মিথ্যার বর্জনে।
জ্ঞান যোগে স্থিরমতি ইন্দ্রিয় দমনে
পাত্রে দান বিশেষত্ব সত্ত্বনিষ্ঠ মনে
পঞ্চ মহাযজ্ঞ তাঁর নিত্য অনুষ্ঠেয়
সহজ সরল ভাব সদা অনুমেয়।
১

অহিংসা সত্যমক্রোধস্ত্যাগঃ শান্তিরপৈশুনম্ ।
দয়া ভূতেষ্বলোলুপ্তং মার্দ্দবং হ্রীরচাপলম্ ॥ ২

তেজঃ ক্ষমা ধৃতিঃ শৌচমদ্রোহো নাতিমানিতা ।
ভবন্তি সম্পদং দৈবীমভিজাতস্য ভারত ॥ ৩

দম্ভো দর্পোঽভিমানশ্চ ক্রোধঃ পারুষ্যমেব চ ।
অজ্ঞানং চাভিজাতস্য পার্থ সম্পদমাসুরীম্ ॥ ৪

অহিংসা ও সত্যনিষ্ঠা ক্রোধের বর্জন
ত্যাগী তিনি শান্তিকামী
পিশুনতাহীন।
দীনে দয়া লোভ শূণ্য স্বভাব নির্মল
কুচিন্তা বিমুখ সুধী চির অচঞ্চল। ২

তেজঃ ক্ষমা ধৈর্যবান শৌচাচার শীল
অভিমান বিবর্জিত শুদ্ধ অনাবিল
জন্ম সিদ্ধ গুণচয় ষড়বিংশ সংখ্যক
সাত্বিক জনের ফলে বিজ্ঞান পোষক। ৩

শোন পার্থ পরমার্থ জন্ম যাহাদের
আসুরী সম্পদ মাঝে দৈতেয় ভাবের
দম্ভ দর্প অভিমান ক্রোধ পরুষতা
নিজস্ব স্বভাবসিদ্ধ মোহ অজ্ঞানতা। ৪

দৈবী সম্পদ্বিমোক্ষায় নিবন্ধায়াসুরী মতা।
মা শুচঃ সম্পদং দৈবীমভিজাতোঽসি পাণ্ডব ॥ ৫

দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন্ দৈব আসুর এব চ।
দৈবো বিস্তরশঃ প্রোক্ত আসুরং পার্থ মে শৃণু ॥ ৬

প্রবৃত্তিঞ্চ নিবৃত্তিঞ্চ জনা ন বিদুরাসুরাঃ।
ন শৌচং নাপি চাচারো ন সত্যং তেষু বিদ্যতে ॥

দেবত্ব বৈভব হয় মুক্তির নিদান
বন্ধনের হেতুভূত আসুর নিদান
তোমার শোকের হেতু কিছু মাত্র নাই
নব ভাবে জন্ম তব সুস্পষ্ট জানাই

৫

দেবের স্বভাব আর আসুরিক ভাব
দু প্রকারে বিবেচিত মানবীয় ভাব
দৈব ভাব সবিস্তারে হইল বর্ণিত
আসুর ভাবের কথা শোন পৃথাসুত

৬

অসুর স্বভাব যারা
কভু নাহি পারে তারা
ধর্ম পথে কভু যেতে
কিম্বা অধর্ম ছাড়িতে।
নাহি শৌচ সদাচার অবিশুদ্ধ কদাচার
তাদের স্বভাব সিদ্ধ দ্বেষ-ধর্ম পথে।

অসত্যমপ্রতিষ্ঠং তে জগদাহুরনীশ্বরম্ ।
অপরস্পরসম্ভূতং কিমন্যৎ কামহৈতুকম্ ॥ ৮

এতাং দৃষ্টিমবষ্টভ্য নষ্টাত্মানোঽল্পবুদ্ধয়ঃ ।
প্রভবন্ত্যুগ্রকর্ম্মাণঃ ক্ষয়ায় জগতোঽহিতাঃ ॥ ৯

কামমাশ্রিত্য দুষ্পূরং দম্ভমানমদান্বিতাঃ ।
মোহাদ্ গৃহীত্বাঽসদ্গ্রাহান্ প্রবর্ত্তন্তেঽশুচিব্রতাঃ ॥ ১০

আসুর ভাবেতে মত্ত ঈশ্বর নহেক সত্য
এইরূপ মতবাদ প্রকাশিত করে
দৈত্য ভাবাবিষ্ট জন ঈশ্বর বিমুখমন
কামবশে জন্মলাভ বিবেচনা করে। ৮

লোকায়তিক এমতে
নষ্টদৃষ্টি সত্য পথে
পরলোকে অবিশ্বাসী অধর্ম প্রবণ
এ সংসারে উগ্রকর্মা অনিষ্ট হেতু কুকর্মা
জগৎ বিনাশে করে জনম গ্রহণ। ৯

দুষ্প্রাপ্য কামনা পূর্ণ সত্ত্বভাব করি চূর্ণ
দম্ভমান মদান্বিত আসুরস্বভাব
নিত্য বিচিত্ততা অশুচিতা ভাব
জগৎ ধ্বংসের হেতু ভগ্ন করে ধর্ম সেতু
নিরন্তর পাপ পূর্ণ ধর্মাধর্ম জ্ঞান শূণ্য
ধ্বংস পথ যাত্রী রূপে পাপিষ্ঠ স্বভাব।
১০

চিন্তামপরিমেয়াঞ্চ প্রলয়ান্তামুপাশ্রিতাঃ।
কামোপভোগপরমা এতাবদিতিনিশ্চিতাঃ ॥ ১১

আশাপাশশতৈর্ব্বদ্ধাঃ কামক্রোধপরায়ণাঃ।
ঈহন্তে কামভোগার্থমন্যায়েনার্থসঞ্চয়ান্ ॥ ১২

ইদমদ্য ময়া লব্ধমিদং প্রাপ্স্যে মনোরথম্।
ইদমস্তীদমপি মে ভবিষ্যতি পুনর্ধনম্ । ১৩

আজীবন কর্মভোগে পরমার্থ সুখযোগে
এধারণা বশবর্ত্তী তামসিক জন।
আশাপাশ শত বদ্ধ স্বধর্ম নীতি বিরুদ্ধ
অন্যায় অর্জিত অর্থে বাসনা পূরণ।

১১

কাম্য ভোগ্য বস্তু ভোগ
নিন্দ্য বিষয় সম্ভোগ
সংসারে অবশ্য কার্য এ স্থির বিশ্বাস
করে যারা অনুদিন অধর্ম মলিন দীন
পাপ কার্যে সদালীন শেষে হাহুতাশ।

১২

এটা লাভ আজি হল
ভবিষ্যতে এসকল
এতধন আছে মম এই দম্ভ ভরে
হইয়া আশার দাস ভোগে পূর্ণ অভিলাষ
ধনী মানী হব শুধু ভাবয়ে অন্তরে।

১৩

অসৌ ময়া হতঃ শত্রুর্হনিষ্যে চাপরানপি।
ঈশ্বরোঽহমহং ভোগী সিদ্ধোঽহং বলবান্ সুখী। ১৪

আঢ্যোঽভিজনবানস্মি কোঽন্যোঽস্তি সদৃশো ময়া।
যক্ষ্যে দাস্যামি মোদিষ্য ইত্যজ্ঞানবিমোহিতাঃ॥ ১৫

আমি এই শত্রু হন্তা
অপরের আমি নিহন্তা
আমিই ঈশ্বর ভোগী সুখী নিরন্তর।
কৃতকৃত্য সিদ্ধ আমি
আমি বলবান স্বামী
ইহকাল সর্বস্বের কলুষ অন্তর।

১৪

ধনাঢ্য সুউচ্চ বংশে জনম আমার
আমিই কুলীন শ্রেষ্ঠ ধারণা যাহার
যাগ যজ্ঞ অনুষ্ঠানে বিশ্বের কল্যান
করিতে আমার তুল্য
কে বুঝে আমার মূল্য
এই দম্ভে জ্ঞানহারা নাহি আত্মজ্ঞান।
যজ্ঞাদি করিব আমি পরমানন্দ স্বামী
এ ধারণা মূর্খোচিত সে মুগ্ধ অজ্ঞান।

অনেকচিত্তবিভ্রান্তা মোহজালসমাবৃতাঃ।
প্রসক্তাঃ কামভোগেষু পতন্তি নরকেঽশুচৌ ॥ ১৬

আত্মসম্ভাবিতাঃ স্তব্ধা ধনমানমদান্বিতাঃ।
যজন্তে নামযজ্ঞৈস্তে দম্ভেনাবিধিপূর্ব্বকম্ ॥ ১৭

অহঙ্কারং বলং দর্পং কামং ক্রোধঞ্চ সংশ্রিতাঃ।
মামাত্মপরদেহেষু প্রদ্বিষন্তোঽভ্যসূয়কাঃ ॥ ১৮

আসুর স্বভাব রক্ত বিমূঢ় কুকর্মাসক্ত
সংকল্পে বিক্ষুব্ধ চিত্ত মোহজালাবৃত
নিদারুণ কাম ভোগে
নিপীড়িত ভব রোগে
অশুচি নরক যোগে থাকে মোহস্থিত।
১৬

ধন জন যৌবন গর্বিত চিত্তে
সংযম বর্জিত লোভী-পর-বিত্তে
নাম প্রচারণ কারণ ধর্মা
নিরবধি বিধি বর্জন হত কর্মা।
১৭

সজ্জনের সাধু কার্যে দোষ প্রদর্শনে
সদাচার পরিহরি অহঙ্কৃত মনে
স্বদেহে না পর দেহে
আত্মরূপী আমি
নিপীড়িত হই নিত্য-কামি দেহগামী।
১৮

তানহং দ্বিষতঃ ক্রূরান্ সংসারেষু নরাধমান্ ।
ক্ষিপাম্যজস্রমশুভানাসুরীষ্বেব যোনিষু ॥ ১৯

আসুরীংযোনিমাপন্না মূঢ়া জন্মনি জন্মনি ।
মামপ্রাপ্যৈব কৌন্তেয় ততো যান্ত্যধমাং গতিম্ । ২০

ত্রিবিধং নরকস্যেদং দ্বারং নাশনমাত্মনঃ ।
কামঃ ক্রোধস্তথা লোভস্তস্মাদেতত্ত্রয়ং ত্যজেৎ ॥ ২১

ধর্মাধর্ম ফলদাতা আত্মরূপী আমি
সৎপথ বিদ্বেষী ক্রূর পাপ পথ গামী
দুষ্টগণে শিক্ষাদানে হিংস্রাদি যোনিতে
অজস্র নিক্ষেপ করি পার্থ নিখিলতে।
১৯

শুনহে অর্জুন সেই মূঢ় জনগণ
আমালাভে অসমর্থ দ্বেষ পরায়ণ
অধোগতি প্রাপ্ত হয় জনমে জনমে
ততোধিক নীচ জন্ম
লভে ক্রমে ক্রমে। ২০

কাম ক্রোধ লোভ এরা নরকের দ্বার
ত্রিবিধ বিবিধ রূপে দুষ্ট কর্ম সার।
এ দ্বারে প্রবেশ ফলে ধর্মের সাধন
চিররুদ্ধ হয় তার কর্তব্য বর্জন। ২১

এতৈর্বিমুক্তঃ কৌন্তেয় তমোদ্বারৈস্ত্রিভির্নরঃ।
আচরত্যাত্মনঃ শ্রেয়স্ততো যাতি পরাং গতিম্ ॥ ২২

যঃ শাস্ত্রবিধিমুৎসৃজ্য বর্ত্ততে কামকারতঃ।
ন স সিদ্ধিমবাপ্নোতি ন সুখং ন পরাং গতিম্ ॥ ২৩

তস্মাচ্ছাস্ত্রং প্রমাণং তে কার্য্যাকার্য্যব্যবস্থিতৌ।
জ্ঞাত্বা শাস্ত্র বিধানোক্তং কর্ম্ম কর্ত্তুমিহার্হসি ॥ ২৪

তামস নরকদ্বার ত্রিবিধ ত্যজিয়া
আত্ম জ্ঞানাশ্রয়ে শ্রেয় প্রাপ্ত হয় গিয়া
তার ফলে পরাগতি প্রাপ্ত হয় নরে
হে কৌন্তেয় এই তথ্য দেখ চিন্তা করে
২২

শাস্ত্র বিধি পরিহার করি যেই জন
কামাচারী হয়ে মূঢ় করে বিচরণ
সিদ্ধি লাভ কোন কার্যে হয়না তাহার
পরাগতি কিম্বা সুখ না হয় তাহার।
২৩

কার্যাকায বিচারণে শাস্ত্র বিধি মান
চরদিন সুপ্রবীন ধর্ম সপ্রমান।
শাস্ত্রবিধি জানি পার্থ কর্ম আচরণে
হইবে প্রবৃত্ত তুমি স্বধর্ম সাধনে। ২৪

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু
ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জুনসংবাদে
দৈবাসুর সম্পদ্বিভাগযোগো নাম
ষোড়শোহধ্যায়ঃ ।

শাস্ত্রে স্থির মতি যেন রহে দামোদর
চরণে দাসানুদাস প্রার্থে নিরন্তর
শাস্ত্রই প্রমান এই বেদসিদ্ধ বাণী
সংসার বিজয়ে মাত্র অমোঘাস্ত্র জানি
দৈবাসুর সম্পদের সদ্বিভাগ মানি ॥

সপ্তদশোঽধ্যায়ঃ

শ্রদ্ধাত্রয়-বিভাগ-যোগ

অর্জ্জুন উবাচ—

যে শাস্ত্রবিধিমুৎসৃজ্য যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ।
তেষাং নিষ্ঠা তু কা কৃষ্ণ সত্ত্বমাহো রজস্তমঃ ॥ ১

শ্রীভগবানুবাচ—

ত্রিবিধা ভবতি শ্রদ্ধা দেহিনাং সা স্বভাবজা।
সাত্ত্বিকী রাজসী চৈব তামসী চেতি তাং শৃণু ॥ ২

অর্জুন কহেন কৃষ্ণ কহ কৃপা করি
শ্রদ্ধান্বিত যে সাধক শাস্ত্র পরিহরি
কেবল আদর্শ রক্ষা করিবার আশে
যজ্ঞাদির অনুষ্ঠান করে মুক্তি আশে
তাহার কিরূপ গতি হয় পরিণামে
সাত্ত্বিক বা রাজসিক তামসিক ক্রমে ?

১

কহিলেন ভগবান অর্জুনে তখন
তব প্রশ্নোত্তর বাণী শুন দিয়া মন
নরের ত্রিবিধা শ্রদ্ধা হয় যথার্থতঃ
সত্ত্ব রজঃ তমঃ ভেদে জান স্বভাবত।

২

সত্ত্বানুরূপা সর্ব্বস্য শ্রদ্ধা ভবতি ভারত।
শ্রদ্ধাময়োঽয়ং পুরুষো যো যচ্ছ্রদ্ধঃ স এব সঃ ॥ ৩

যজন্তে সাত্ত্বিকা দেবান্ যক্ষরক্ষাংসি রাজসাঃ।
প্রেতান্ ভূতগণাংশ্চান্যে যজন্তে তামসা জনাঃ ॥ ৪

অশাস্ত্রবিহিতং ঘোরং তপ্যন্তে যে তপো জনাঃ।
দম্ভাহঙ্কারসংযুক্তাঃ কামরাগবলান্বিতাঃ ॥ ৫

স্থ সংস্কৃত সত্ব অনুসারে শ্রদ্ধা যার
সেইরূপ বুদ্ধি বৃত্তি ঘটিবে তাহার
সেই জীব শ্রদ্ধাময় শাস্ত্রের বচন
যে যেরূপ সে সেরূপ কহে বিজ্ঞ জন।
৩

সাত্বিকেরা দেবতার করেন যজন
যক্ষ রক্ষ সেবা করে রাজসিক জন
ভুত প্রেত পুজা করে তামসিক যারা
মদমত্ত মনোভাবে ভরপুর তারা।৪

দম্ভ অহঙ্কারাবেশে
মগ্ন কামনার রসে
ধন গর্বী পুরুষেরা রিপু বশংগত
অসীম দৈহিক ক্লেশ
স্বীকার করি অশেষ
দেহস্থ আমারে ক্লেশ প্রদানে নিয়ত।
৫

কর্শয়ন্তঃ শরীরস্থং ভূতগ্রামমচেতসঃ।
মাঞ্চৈবান্তঃশরীরস্থং তান্ বিদ্ধ্যাসুরনিশ্চয়ান্ ॥ ৬

আহারস্ত্বপি সর্ব্বস্য ত্রিবিধো ভবতি প্রিয়ঃ।
যজ্ঞস্তপস্তথা দানং তেষাং ভেদমিমং শৃণু ॥ ৭

আয়ুঃসত্ত্ববলারোগ্যসুখপ্রীতিবিবর্দ্ধনাঃ।
রস্যাঃ স্নিগ্ধাঃ স্থিরা হৃদ্যা আহারাঃ সাত্ত্বিকপ্রিয়াঃ।

কট্বম্ললবণাত্যুষ্ণতীক্ষ্ণরুক্ষবিদাহিনঃ।
আহারা রাজসস্যেষ্টা দুঃখশোকাময়প্রদাঃ ॥ ৯

এইরূপ আচরণ করে যেই জন
আসুর সম্মত চেষ্টা কহে বিজ্ঞজন
৬

ত্রিবিধ আহার্য দ্রব্য ত্রিবিধ লোকের
প্রীতিপদ হয় ভিন্ন ভিন্ন মানবের
সাত্ত্বিকাদি গুণ ভেদে যজ্ঞ তপোদান
রুচি ভেদে ভিন্ন ভিন্ন কর অবধান।
৭

যে আহারে আয়ু বৃদ্ধি সত্ত্ব উপচয়
উদ্যম ও বলবৃদ্ধি সুখ প্রীতিময়
স্নিগ্ধ ও সরস খাদ্য পুষ্টি বৃদ্ধি কর
সাত্ত্বিক আহার সত্ত্ব গুণি-রুচিকর। ৮

দুঃখ শোক রোগবৃদ্ধি যে আহারে ঘটে
অতি উষ্ণ কটু তীব্র প্রদাহীতাবটে
এরূপ আহার কিন্তু রাজসিক প্রিয়
সত্ত্বের বিরোধী ইহা সাত্ত্বিক-অপ্রিয়।
৯

যাতযামং গতরসং পূতি পর্যুষিতঞ্চ যৎ।
উচ্ছিষ্টমপি চামেধ্যং ভোজনং তামসপ্রিয়ম্ ॥ ১০

অফলাকাঙ্ক্ষিভির্যজ্ঞো বিধিদিষ্টো য ইজ্যতে।
যষ্টব্যমেবেতি মনঃ সমাধায় স সাত্ত্বিকঃ ॥ ২১

অভিসন্ধায় তু ফলং দম্ভার্থমপি চৈব যৎ।
ইজ্যতে ভরতশ্রেষ্ঠ তং যজ্ঞং বিদ্ধি রাজসম্ । ১২

বিরস দুর্গন্ধযুক্ত মন্দ পক্ক যাহা
পর্যুর্যসিক্ত ভুক্তশিষ্ট অশাস্ত্রীয় তাহা
আহার্য তামস জনের অতিপ্রিয় হয়
এরূপ আহার নিত্য দুঃখ কষ্টময়। ১০

ফলের আকাঙ্ক্ষা হীন
সাত্ত্বিক বিনয়ী দীন
কর্তব্য বুদ্ধিতে করে যজ্ঞ অনুষ্ঠান
সাত্ত্বিক সে অনুষ্ঠান
দম্ভের নাহিক স্থান
এই কার্য আর্যোচিত লভয়ে সম্মান।
১১

ফলের প্রত্যাশা করি কিম্বা দম্ভ ভরে
যে যজ্ঞের অনুষ্ঠান রাজস আচারে
সে সব ধর্মের কার্য
জানিবে তা অনিবার্য
রাজসিক ভাবাবিষ্ট বুঝহ সন্ধান।
১২

বিধিহীনমসৃষ্টান্নং মন্ত্রহীনমদক্ষিণম্ ।
শ্রদ্ধাবিরহিতং যজ্ঞং তামসং পরিচক্ষতে ॥ ১৩

দেবদ্বিজগুরুপ্রাজ্ঞপূজনং শৌচমার্জ্জবম্ ।
ব্রহ্মচর্য্যমহিংসা চ শারীরং তপ উচ্যতে ॥ ১৪

অনুদ্বেগকরং বাক্যং সত্যং প্রিয়হিতঞ্চ যৎ ।
স্বাধ্যায়াভ্যাসনঞ্চৈব বাঙ্ময়ং তপ উচ্যতে ॥ ১৫

শাস্ত্র বিধি বিবর্জিত অমন্ত্র শ্রদ্ধা-রহিত
দক্ষিণা বিহীন যজ্ঞ তামসিক তাহা
ইহকাল পরকালে সুফলদ কোন কালে
নাহি হয় তমো ময় ধর্ম কর্ম যাহা। ১৩
(অমন্ত্র বলিয়া তাহা করিবে নিশ্চয়
স্বর বর্ণ শুদ্ধিতে যা উচ্চারিত নয়।

দেবতা ব্রাহ্মণ গুরু প্রাজ্ঞ জনার্চন
শৌচাচার ব্রহ্মচর্য অহিংসাচরণ
সরলতা মনস্বিতা তপস্যা দৈহিক
শারীরিক তপ ইহা অতীব সাত্বিক।
১৪

অনুদ্বেগ কর বাক্য সত্য প্রিয় হিত
স্বাধ্যায়ের সু অভ্যাস তপ বাক্য গত।
১৫

মনঃপ্রসাদঃ সৌম্যত্বং মৌনমাত্মবিনিগ্রহঃ।
ভাবসংশুদ্ধিরিত্যেতৎ তপো মানসমুচ্যতে॥ ১৬

শ্রদ্ধয়া পরয়া তপ্তং তপস্তৎ ত্রিবিধং নরৈঃ।
অফলাকাঙ্ক্ষিভির্যুক্তৈঃ সাত্ত্বিকং পরিচক্ষতে ॥ ১৭

মানসিক তপস্যার শুন তত্ত্ব কথা
যাহার প্রভাবে নর হয় গত ব্যথা
মানসিক প্রসন্নতা
ভাবশুদ্ধি ও সৌম্যতা
মৌনাবলম্বনে হয় নষ্ট অসত্যতা
মানসিক এ তপস্যা আনে সরলতা।

১৬

সাত্ত্বিক তপস্যা বলি জানিবে তাহারে
যে তপস্যা অনুষ্ঠিত শ্রদ্ধা সহকারে।
ফলাকাঙ্ক্ষা বিরহিত
যে তপস্যা আচরিত
কায় মনো বাক্যযোগে অতি শুদ্ধাচারে
অতীব সাত্ত্বিক তপ জানিবে তাহারে।

১৭

সৎকারমানপূজার্থং তপো দম্ভেন চৈব যৎ।
ক্রিয়তে তদিহ প্রোক্তং রাজসং চলমধ্রুবম্ ॥ ১৮

মূঢ়গ্রাহেণাত্মনো যৎ পীড়য়া ক্রিয়তে তপঃ।
পরস্যোৎসাদনার্থং বা তৎ তামসমুদাহৃতম্ ॥ ১৯

সর্বত্র সৎকার আশা
অভিনন্দন প্রত্যাশা
মনেতে প্রবলা যাঁর দর্প অহংকার,
সে রাজস তপস্যায়
কদাচিৎ ফল পায়
বিজ্ঞ সামাজিক মাঝে নাহি তার মান
রজোগুণে সংসারেতে আসক্তি প্রধান।
১৮

দুরাকাঙ্ক্ষা বশে নিত্য শরীর পীড়িত
করিয়া যে পরোচ্ছেদ বাসনা চালিত
উগ্রতপ অনুষ্ঠান তাহা তামসিক
নিন্দনীয় সে তপস্যা নহে মানুষিক।
দৈত্যোচিত এ তপস্যা দেবত্ব পীড়ক
তমোগুণ প্রবলতা সত্ত্ব বিনাশক। ১৯

দাতব্যমিতি যদ্দানং দীয়তেঽনুপকারিণে।
দেশে কালে চ পাত্রে চ তদ্দানং সাত্ত্বিকং স্মৃতম্ ॥ ২০

যত্তু প্রত্যুপকারার্থং ফলমুদ্দিশ্য বা পুনঃ।
দীয়তে চ পরিক্লিষ্টং তদ্দানং রাজসং স্মৃতম্ ॥ ২১

অদেশকালে যদ্দানমপাত্রেভ্যশ্চ দীয়তে।
অসৎকৃতমবজ্ঞাতং তৎ তামসমুদাহৃতম্ ॥ ২২

অবশ্য কর্তব্য দান এই বুদ্ধি বশে
অনুপকারীকে দান মনের হরষে
সু পাত্র বিচার করি যেই দান করে
পুণ্যস্থানে পুণ্যদিনে সত্ত্ব ব্যবহারে
তাহাই সাত্ত্বিক দান সর্ব সুখকর
'দানমেকং কলৌ যুগে' মূল শাস্ত্রস্মর। ২০

যে দান প্রদান করি মনে কষ্ট হয়
ফলোদ্দেশ্যে যেই দান অনুষ্ঠিত হয়
অথবা প্রত্যুপকার প্রত্যাশায় দান
সত্ত্বোচিত নহে তাহা রাজসিক দান। ২১

অতি অপকৃষ্ট দান তমোভাব ময়
দেশ কাল পাত্র যাতে বিবেচিত নয়।
সৎকার বিহীন দান
যাহে নাহিক সম্মান
অবজ্ঞাত ভাবে যার হয় অনুষ্ঠান
দানের অধম তাহা তামস প্রধান। ২২

ওঁ তৎসদিতি নির্দ্দেশো ব্রহ্মণস্ত্রিবিধঃ স্মৃতঃ।
ব্রাহ্মণাস্তেন বেদাশ্চ যজ্ঞাশ্চ বিহিতাঃ পুরা ॥ ২৩

তস্মাদোমিত্যুদাহৃত্য যজ্ঞদানতপঃক্রিয়াঃ।
প্রবর্ত্তন্তে বিধানোক্তাঃ সততং ব্রহ্মবাদিনাম্ ॥ ২৪

ব্রহ্মের ত্রিবিধ নাম বৈদিক নির্দেশ
ওঁ পদে ব্রহ্মবোধ তত্ত্বমসি তৎ
'সদেব সৌম্যেদমিতি' এই চির সৎ
যাজ্ঞিক ব্রাহ্মণ গণ মহার্থ বচনে
ওঁ তৎসৎ উচ্চারণে সর্ব অনুষ্ঠানে।
২৩

বেদজ্ঞ ব্রাহ্মণ গণ যজ্ঞ তপঃদান
ওঁ এই মন্ত্র সহ সর্ব অনুষ্ঠান
বৈদিক নির্দেশ মত
ব্রহ্মজ্ঞ দ্বিজেন্দ্র যত
বেদ বিধি অনুসারে—
বৈধ শাব্দিক বিচারে—
সর্ব ধর্ম কর্ম যাতে সু সম্পন্ন হয়
করিবেন বিধানত ইহাই আশয়। ২৪

তদিত্যনভিসন্ধায় ফলং যজ্ঞতপঃক্রিয়াঃ।
দানক্রিয়াশ্চ বিবিধাঃ ক্রিয়ন্তে মোক্ষকাঙ্ক্ষিভিঃ ।। ২৫

সদ্ভাবে সাধুভাবে চ সদিত্যেতৎ প্রযুজ্যতে।
প্রশস্তে কর্ম্মণি তথা সচ্ছব্দঃ পার্থ যুজ্যতে ॥ ২৬

ব্রহ্মের বাচক 'তৎ' পদ উচ্চারিয়া
আকাঙ্ক্ষা বিহীন মনে মুক্তিপথে গিয়া
মুমুক্ষু সাধক যোগী যজ্ঞদান ক্রিয়া
পূর্ণানন্দ স্বরূপেতে সর্ব অনুষ্ঠান
ব্রহ্মার্পণ বোধে সর্ব বৈদিক বিধান।

২৫

সদ্ভাব ও সাধুভাব সম্পাদন তরে
সদ্ব্রহ্ম বাচক শব্দ নিত্য ব্যবহারে
সৎ কর্মের প্রশস্ততা প্রখ্যাপন তরে
হে পার্থ এ 'সৎ' শব্দ ব্যবহার করে।

২৬

যজ্ঞে তপসি দানে চ স্থিতিঃ সদিতি চোচ্যতে ।
কর্ম্ম চৈব তদর্থীয়ং সদিত্যেবাভিধীয়তে ॥ ২৭

ভগবান কৃষ্ণচন্দ্র
পূর্ণ ব্রহ্মরূপ স্বতন্ত্র
ব্রহ্মের বাচক শব্দ শক্তির প্রভাবে
অসাত্ত্বিকে সাত্ত্বিকতা
শব্দব্রহ্মে তাত্ত্বিকতা
প্রকাশ করেন ব্রহ্ম বাচক বচনে—
অচ্ছিদ্রাদি ধারণাদি
অপসৃত বৈগুণ্যাদি
বৈদিক অপূর্ব সত্য তথ্য প্রকাশনে।
পূর্ণ ব্রহ্ম অভিপ্রায়
অনেকে বুঝেনা হায়
তাই সবিস্তারে ব্যাখ্যা
আসে প্রয়োজনে
এ তত্ত্ব প্রয়োগ শিষ্ট ব্রহ্মজ্ঞেরা জানে।
সৎ শব্দ প্রয়োগ ফলে
সত্ত্বময় সর্ব কালে
যজ্ঞ দান তপঃ কর্ম—হয় নিয়ন্ত্রিত
অনুষ্ঠিত কর্ম হয় সদভিসন্ধিত। ২৭

অশ্রদ্ধয়া হুতং দত্তং তপস্তপ্তং কৃতঞ্চ যৎ।
অসদিত্যুচ্যতে পার্থ ন চ তৎ প্রেত্য নো ইহ ॥ ২৮

আস্তিকতা নাহি যার
সর্ব অনুষ্ঠান তার
শ্রদ্ধা বিরহিত ভাবে
যাহা অনুষ্ঠিত।
যজ্ঞ কিম্বা দান তপ
শুন পার্থ পরন্তপ
ইহ কিম্বা পরকালে সৎ কিছু নয়
সৎ প্রাপ্তির তাহা বিরুদ্ধ
মূলত যাহা না শুদ্ধ
ভাব বৈগুণ্যের ফলে বিপরীত হয়
শ্রদ্ধাহীন সর্বকর্ম নিস্ফল নিশ্চয়।

২৮

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং ভীষ্মপর্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু
ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জুনসংবাদে
শ্রদ্ধাত্রয় বিভাগযোগো নাম
সপ্তদশোঽধ্যায়ঃ।

শ্রদ্ধাত্রয় সন্বিভাগে
প্রায়শ্চিত্তে যোগে যাগে
ভগবদ্ বাক্যামৃত আকণ্ঠ পুরিয়া
জীবেরে করাও পান তত্ত্বমসি ভগবান
অদিনে অধীনে পদে
দিবে নাকি স্থান ?
তুমি ভিন্ন গতি নাই
কৃতাঞ্জলি পুটে তাই
প্রার্থনা চরণে নাশ দেহাত্মাভিমান

অষ্টাদশোঽধ্যায়ঃ।

মোক্ষ যোগ

অর্জ্জুন উবাচ—

সন্ন্যাসস্য মহাবাহো তত্ত্বমিচ্ছামি বেদিতুম্।
ত্যাগস্য চ হৃষীকেশ পৃথক্ কেশিনিসূদন ॥ ১

শ্রীভগবানুবাচ—

কাম্যানাং কর্ম্মণাং ন্যাসং সন্ন্যাসং কবয়ো বিদুঃ।
সর্ব্বকর্ম্মফলত্যাগং প্রাহুস্ত্যাগং বিচক্ষণাঃ ॥ ২

ভগবদ্‌গীতারূপে মহোপনিষদে
অষ্টাদশাধ্যায়ত্রকাক্ষর যোগ বাদে
নিখিল বেদার্থ সার বর্ণিত শ্রীমুখে
পূর্ণ ব্রহ্ম সনাতন কর্তৃক ভূলোকে।
মোক্ষ অধিকারী কেবা
জিজ্ঞাসে অর্জুন
মহাবাহো হৃষিকেশ হে কেশি সূদন
সন্ন্যাসের প্রকৃত তত্ত্ব ত্যাগের মাহাত্ম্য
বিশেষ ভাবেতে বল সেই তথ্য সত্য।
১

অর্জুনের প্রতি প্রীতিমান নারায়ণ
সন্ন্যাস যোগের তত্ত্ব কহিলা তখন
সর্ব কর্ম ফলত্যাগ জানিবে সন্ন্যাস
ক্রান্তদর্শী পণ্ডিতেরা করেন বিশ্বাস।
২

ত্যাজ্যং দোষবদিত্যেকে কর্ম্ম প্রাহুর্ম্মনীষিণঃ।
যজ্ঞদানতপঃকর্ম্ম ন ত্যাজ্যমিতি চাপরে ॥ ৩

নিশ্চয়ং শৃণু মে তত্র ত্যাগে ভরতসত্তম।
ত্যাগো হি পুরুষব্যাঘ্র ত্রিবিধঃ সংপ্রকীর্ত্তিতঃ ॥ ৪

যজ্ঞদানতপঃ কর্ম্ম ন ত্যাজ্যং কার্য্যমেব তৎ।
যজ্ঞো দানং তপশ্চৈব পাবনানি মনীষিণাম্ ॥ ৫

কোন মনীষীর মতে ত্যাজ্য কর্ম সব
দোষের আকর কর্ম এমত বিভব
অথবা কাহারো মতে কর্ম ত্যাজ্য নয়
যজ্ঞ দান তপস্যাদি বৈধ যাহা হয়। ৩

হে ভরত-বংশ-মণি অভিমত মম
অবহিত চিত্তে শোন যাহা অনুপম
সাত্ত্বিক ও রাজসিক তামসিক ভেদে
ত্যাগের ত্রিবিধ ভেদ
নির্ধারিত বেদে। ৪

যজ্ঞ দান তপস্যাদি কর্ম সমুদয়
সত্যই কর্তব্য ইহা ত্যাজ্য কভু নয়
এই তিন কর্ম জেনো পবিত্র কারক
মনীষীর ধর্ম রাজ্যে নিশ্চয় ধারক।
৫

এতান্যপি তু কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা ফলাণি চ।
কর্ত্তব্যানীতি মে পার্থ নিশ্চিতং মতমুত্তমম্ ॥ ৬

নিয়তস্য তু সন্ন্যাসঃ কর্ম্মণো নোপপদ্যতে।
মোহাৎ তস্য পরিত্যাগস্তামসঃ পরিকীর্ত্তিতঃ ॥ ৬

দুঃখমিত্যেব যৎ কর্ম্ম কায়ক্লেশভয়াৎ ত্যজেৎ।
স কৃত্বা রাজসং ত্যাগং নৈব ত্যাগফলং লভেৎ ॥ ৮

এই সব কর্ম কিন্তু কর্ম ফল ত্যজি
করণীয় আমি পার্থ স্থির চিত্তে বুঝি
ইহা মোর সুচিন্তিত হয় অভিমত
এই যার তথ্য পার্থ চিরাহু মোদিত।
৬

নিত্য কর্ম ত্যাগ করা উচিত না হয়
মোহ বশে ত্যাগ করা তামস নিশ্চয়।
৭

দুঃখকর মনে করি দেহ ক্লেশ ভয়ে
কর্ম ত্যাগ অনুকূল নহে ভব জয়ে
রজো গুণ কার্য তাহা
সে ত্যাগ করিয়া
ত্যাগ ফল নাহি পাবে দেখহ বুঝিয়া।
৮

কার্য্যমিত্যেব যৎ কর্ম্ম নিয়তং ক্রিয়তেঽর্জ্জুন।
সঙ্গং ত্যক্ত্বা ফলঞ্চৈব স ত্যাগঃ সাত্ত্বিকো মতঃ॥ ৯

ন দ্বেষ্ট্যকুশলং কর্ম্ম কুশলে নানুষজ্জতে।
ত্যাগী সত্ত্বসমাবিষ্টো মেধাবী ছিন্নসংশয়ঃ। ১০

ন হি দেহভৃতা শক্যং ত্যক্তুং কর্ম্মাণ্যশেষতঃ।
যস্তু কর্ম্মফলত্যাগী স ত্যাগীত্যভিধীয়তে॥ ১১

ফলেতে আসক্তি আর কামনা ত্যজিয়া
অবশ্য কর্তব্য জ্ঞানে কর্ম অনুষ্ঠান
প্রকৃত সাত্ত্বিক তাহা রাখহ জানিয়া
"কর্ম ত্যাগো বিধীয়তে" এমত প্রমাণ।
৯

সত্ত্ব গুণ অধিষ্ঠিত পুরুষ প্রবর
ত্যাগশীল যোগীজন করেন সত্তর।
অশুভ কর্মেতে দ্বেষ,
কুশলে অভিনিবেশ
না থাকে তাদৃশ জনে, সম সর্বস্তর
প্রকৃত সাত্ত্বিক ভাব স্মরি নিরন্তর। ১০

দেহবান অভিমানী
হলেও প্রকৃত জ্ঞানী
অখিল কর্মের ত্যাগে না হন সমর্থ
কর্মফল পরিত্যাগী
সেজন প্রকৃত ত্যাগী
সাত্ত্বিকতা না থাকিলে সকলই ব্যর্থ।
১১

অনিষ্টমিষ্টং মিশ্রঞ্চ ত্রিবিধং কর্ম্মণঃ ফলম্ ।
ভবত্যত্যাগিনাং প্রেত্য ন তু সন্ন্যাসিনাং ক্বচিৎ ॥ ১২

পঞ্চৈমানি মহাবাহো কারণানি নিবোধ মে ।
সাঙ্খ্যে কৃতান্তে প্রোক্তানি সিদ্ধয়ে সর্ব্বকর্ম্মণাম্ ॥ ১৩

অধিষ্ঠানং তথা কর্ত্তা করণঞ্চ পৃথগ্বিধম্ ।
বিবিধাশ্চ পৃথক্ চেষ্টা দৈবঞ্চৈবাত্র পঞ্চমম্ ॥ ১৪

শরীর-বাঙ্মনোভির্যৎ কর্ম্ম প্রারভতে নরঃ ।
ন্যায্যং বা বিপরীতং বা পঞ্চৈতে তস্য হেতবঃ ॥ ১৫

অনভীষ্ট পশুজন্ম ইষ্টই দেবত্ব
মিশ্র মানব জন্ম ইহা নিত্য সত্য
আত্মজ্ঞান বিহীনেরই হেন জ্ঞান হয়
প্রকৃত জ্ঞানীর কাছে ইহা কিছু নয়।
১২

কর্মকাণ্ডের অন্ত সাংখ্য বেদান্ত সম্মত
এ পঞ্চ প্রকার কর্ম হয় নিরূপিত
আমার নিকটে এর তাত্ত্বিক বিচার
অবগত হও পার্থ বেদান্তের সার।
১৩

দেহ অহঙ্কার বুদ্ধি সর্বেন্দ্রিয় মন
প্রাণাদি বিবিধ কার্য দৈব নিবন্ধন
পঞ্চম দৈবত ইষ্ট কর্ম সাধনের
সোপান সমূহ মধ্যে শ্রেষ্ঠ মানবের।
১৪

দেহ মন বাক্য যোগে আচরিত কর্ম
ভাল মন্দ যাহা কিছু পঞ্চ সার মর্ম।
১৫

তত্রৈবং সতি কর্ত্তারমাত্মানং কেবলন্তু যঃ।
পশ্যত্যকৃতবুদ্ধিত্বান্ন স পশ্যতি দুর্ম্মতিঃ॥ ১৬

যস্য নাহঙ্কৃতো ভাবো বুদ্ধির্যস্য ন লিপ্যতে।
হত্বাপি স ইমাল্লোঁকান্ ন হন্তি ন নিবধ্যতে॥ ১৭

জ্ঞানং জ্ঞেয়ং পরিজ্ঞাতা ত্রিবিধা কর্ম্মচোদনা।
করণং কর্ম্ম কর্ত্তেতি ত্রিবিধঃ কর্ম্মসংগ্রহঃ॥ ১৮

যদিও এরূপ হয় তথাপি যে জন
অকর্তাকে কর্তারূপে করেন দর্শন
সেজন দুর্মতি পার্থ শুদ্ধ দরশন
তাদৃশ অজ্ঞান জনে না ঘটে কখন। ১৬

অহংকার বশে হয় কর্তৃত্বাভিমান
নাহি যার সর্ব ভাবে ঘটে সমজ্ঞান।
কর্মে সেত নহে লিপ্ত
সদা আত্ম পরিতৃপ্ত
নিখিল জীবের বধে নহে পাপবান
নিমিত্ত কারণ ছাড়া নহে অন্যজ্ঞান। ১৭

জ্ঞান জ্ঞেয় জ্ঞাতা এই তিনের মিলন
ক্রিয়ারম্ভ বিষয়েতে এ তিনই কারণ
ক্রিয়ার আশ্রয় পার্থ কর্তা কর্ম হেতু
আত্মা লিপ্ত নহে তাই
বলে সে নির্হেতু। ১৮

জ্ঞানং কর্ম্ম চ কর্ত্তা চ ত্রিধৈব গুণভেদতঃ ।
প্রোচ্যতে গুণসংখ্যানে যথাবচ্ছৃণু তান্যপি ॥ ১৯

সর্ব্বভূতেষু যেনৈকং ভাবমব্যয়মীক্ষতে ।
অবিভক্তং বিভক্তেষু তজ্জ্ঞানং বিদ্ধি সাত্ত্বিকম্ ॥ ২০

কপিলোক্ত সাংখ্য শাস্ত্রে
তত্ত্ব সংখ্যাক্রমে
সিদ্ধান্তিত হয় গুণ সংখ্যা অনুক্রমে।
সেই সাংখ্যমতে জ্ঞান কর্ম কর্তাভেদে
উক্ত এ প্রকারত্রয় পার্থ গুণ ভেদে।
যথার্থ রূপেতে তদ্‌গত ভেদে শোন
সাত্ত্বিক রাজসিক আর
তামসিক জান। ১৯

যে জ্ঞান প্রভাবে নরে
একত্ব দর্শন করে
সর্ব ভূতে অবিভক্ত অক্ষর অব্যয়
অব্যক্ত হইতে ব্যক্ত স্থাবরাদি প্রবিভক্ত
একার্থ যথার্থ জ্ঞানে সত্ত্ব পরিচয়। ২০

পৃথক্ত্বেন তু যজ্জ্ঞানং নানাভাবান্ পৃথগ্বিধান্।
বেত্তি সর্ব্বেষু ভূতেষু তজ্জ্ঞানং বিদ্ধি রাজসম্॥ ২১

যৎ তু কৃৎস্নবদেকস্মিন্ কার্য্যে সক্তমহৈতুকম্।
অতত্ত্বার্থবদল্পঞ্চ তৎ তামসমুদাহৃতম্॥ ২২

নিয়তং সঙ্গরহিতমরাগদ্বেষতঃ কৃতম্।
অফলপ্রেপ্সুনা কর্ম্ম যৎ তৎ সাত্ত্বিকমুচ্যতে॥ ২৩

প্রতি জীবে ভিন্ন জ্ঞান
করে আত্মানুসন্ধান
পরপর বিলক্ষণ নানাভাবে যাহা
যত জীব তত শিব
ভিন্ন ভিন্ন ভাবে জীব
নিশ্চয় জানিবে পার্থ রাজসিক তাহা। ২১

তামসিক সেই জ্ঞান নিশ্চয় জানিবে
কোন দেহে প্রতিমাতে থাকেন ঈশ্বর
অন্যত্র ঈশ্বর নাই, ইহা যারা ভাবে
সে ভাবনা তামসিক, কহে বিজ্ঞবর। ২২

ফলে অভিলাষহীন
অনাসক্ত চিরদিন
বৈধ যাগ দান হোম নিত্য কর্ম যত
বিশ্ব কল্যাণের তাহা
হেতুভূত হয় যাহা
ঈশ্বরের প্রীতিকর সত্ত্বনিষ্ঠ ব্রত। ২৩

যৎ তু কামেপ্সুনা কর্ম্ম সাহঙ্কারেণ বা পুনঃ।
ক্রিয়তে বহুলায়াসং তদ্রাজসমুদাহৃতম্॥ ২৪

অনুবন্ধং ক্ষয়ং হিংসামনপেক্ষ্য চ পৌরুষম্।
মোহাদারভ্যতে কর্ম্ম যৎ তৎ তামসমুচ্যতে॥ ২৫

মুক্তসঙ্গোহনহংবাদী ধৃত্যুৎসাহসমন্বিতঃ।
সিদ্ধ্যসিদ্ধ্যোর্নির্বিকারঃ কর্ত্তা সাত্ত্বিক উচ্যতে॥ ২৬

অহঙ্কারী ফলাকাঙ্ক্ষী সাধন নিরত
কৃচ্ছ্র সাধ্য ধর্মকার্যে যুক্ত বুদ্ধিগত
সে সবই রাজস কর্ম জানিও নিশ্চয়
সাত্বিকের তাহা কভু অভিমত নয়।
:২৪

অবিবেক বশে সেই কর্ম সমুদয়
যোগ্যতা বিচারহীন করি ধনক্ষয়
আচরণ করে ধর্ম কিছু না বুঝিয়া মর্ম
ধর্মাধর্ম জ্ঞানহীনের অনুষ্ঠান চয়
তামসিক কর্মরূপে পরিচিত হয়। ২৫

যিনি ফলে অনাসক্ত
ধৈর্য ও উদ্যম যুক্ত
সাফল্যে বা অসাফল্যে
যিনি সমজ্ঞান।
সাধকের শিরোমণি
সর্বে সমজ্ঞান। ২৬

রাগী কর্ম্মফলপ্রেপ্সুর্লুব্ধো হিংসাত্মকোঽশুচিঃ।
হর্ষশোকান্বিতঃ কর্ত্তা রাজসঃ পরিকীর্ত্তিতঃ।। ২৭

অযুক্তঃ প্রাকৃতঃ স্তব্ধঃ শঠো নৈষ্কৃতিকোঽলসঃ।
বিষাদী দীর্ঘসূত্রী চ কর্ত্তা তামস উচ্যতে ॥ ২৮

বুদ্ধের্ভেদং ধৃতেশ্চৈব গুণতস্ত্রিবিধং শৃণু।
প্রোচ্যমানমশেষেণ পৃথক্ত্বেন ধনঞ্জয় ॥ ২৯

বিষয় বাসনাযুক্ত
ভোগে চির অনুরক্ত
পরদ্রব্যে অভিলাষী সর্ব শৌচহীন
ইষ্টানিষ্ট হর্ষ শোক
বিশিষ্ট যেসব লোক
রাজসিক কর্তা তারা বিষয় মলিন।
২৭

বিষয় বিক্ষিপ্ত চিত্ত নহে সমাহিত
অসংস্কৃত জ্ঞানশীল স্বার্থ বশংগত
অনম্র বঞ্চক আর দীর্ঘ সূত্রী যত
স্তব্ধ ভাব কর্তা যারা তামস কীর্তিত।
২৮

সত্ত্ব রজঃ তমোগুণ ভেদ অনুসারে
বুদ্ধি ও ধৃতির ভেদ ঘটে ত্রিপ্রকারে
অশেষ প্রকারে ইহা পৃথক ভাবেতে
বলিব বুঝিয়া লও নিঃসংশয় চিতে।
২৯

প্রবৃত্তিঞ্চ নিবৃত্তিঞ্চ কার্য্যাকার্য্যে ভয়াভয়ে।
বন্ধং মোক্ষঞ্চ যা বেত্তি বুদ্ধিঃ সা পার্থ সাত্ত্বিকী॥ ৩০

যয়া ধর্ম্মমধর্ম্মঞ্চ কার্য্যঞ্চাকার্য্যমেব চ।
অযথাবৎ প্রজানাতি বুদ্ধিঃ সা পার্থ রাজসী॥ ৩১

অধর্ম্মং ধর্ম্মমিতি যা মন্যতে তমসাবৃতা।
সর্ব্বার্থান্ বিপরীতাংশ্চ বুদ্ধিঃ সা পার্থ তামসী॥ ৩২

সংসারে আসক্তি দোষ অনাসক্তি গুণ
যে বুদ্ধি বিষয়ীভূত বন্ধন মোচন
প্রবৃত্তি ও নিবৃত্তি বোধ যে প্রকারে হয়
তাহাই সাত্ত্বিকী বুদ্ধি জানিবে নিশ্চয়
৩০

অবশ্য কর্তব্য কর্ম
অকর্তব্য কর্ম মর্ম
শর্মাশর্ম ধর্মাধর্ম যে বুদ্ধি বুঝে না
তাহাই রাজসী মতি
বুদ্ধিরও বিচিত্রা গতি
সংসারের দুঃখ শোক ইহারই ঘটনা।
৩১

ধর্মেতে অধর্ম জ্ঞান
অধর্মে ধর্মের ভান
তমোগুণ প্রভাবেই বিপরীত ভাবে।
বন্ধনের হেতুভূত
পাপবুদ্ধি সমুদ্ভূত
অধঃপাতে নিয়ে যায় তামস স্বভাবে।
৩২

ধৃত্যা যয়া ধারয়তে মনঃপ্রাণেন্দ্রিয়ক্রিয়াঃ।
যোগেনাব্যভিচারিণ্যা ধৃতিঃ সা পার্থ সাত্ত্বিকী ॥ ৩৩

যয়া তু ধর্ম্মকামার্থান্ ধৃত্যা ধারয়তেঽর্জ্জুন।
প্রসঙ্গেন ফলাকাঙ্ক্ষী ধৃতিঃ সা পার্থ রাজসী ॥ ৩৪

যয়া স্বপ্নং ভয়ং শোকং বিষাদং মদমেব চ।
ন বিমুঞ্চতি দুর্ম্মেধা ধৃতিঃ সা পার্থ তামসী ॥ ৩৫

সমাধির অনুকূল যে ধৃতি প্রভাবে
মন প্রাণ ইন্দ্রিয়ের ক্রিয়া বৈধভাবে
কার্যাকার্য বিচারিয়া শাস্ত্র পথে চলে
তাহাই সাত্ত্বিকী ধৃতি
আর্য জ্ঞানে বলে। ৩৩

যেই ধৃতি গুণ যোগে ধর্ম অর্থ কাম
ত্রিবর্গ সাধনে পূর্ণ হবে মনস্কাম
এ ধারণা সর্বকালে যার ফলে ঘটে
ফলাকাঙ্ক্ষা যোগে তাহা
রাজসিকী বটে। ৩৪

সংসার বন্ধনে দুঃখ শোক ভয় মদ
অবসাদ বিষণ্ণতা নিত্য ক্লেশ প্রদ
দুর্ভাবনা পরিত্যাগে অসমর্থ যাহা
ধৃতি বলি জানিয়াছ তামসিকী তাহা।
৩৫

সুখং ত্বিদানীং ত্রিবিধং শৃণু মে ভরতর্ষভ।
অভ্যাসাদ্ রমতে যত্র দুঃখান্তঞ্চ নিগচ্ছতি ॥ ৩৬

যত্তদগ্রে বিষমিব পরিণামেঽমৃতোপমম্ ।
তৎ সুখং সাত্ত্বিকং প্রোক্তমাত্মবুদ্ধিপ্রসাদজম্ ॥ ৩৭

বিষয়েন্দ্রিয়সংযোগাদ্ যত্তদগ্রেঽমৃতোপমম্।
পরিণামে বিষমিব তৎসুখং রাজসং স্মৃতম্ ॥ ৩৮

হে ভারত শ্রেষ্ঠ এবে করহ শ্রবণ
ত্রিবিধ সুখের পুণঃ শুদ্ধ বিবরণ
যাহার অভ্যাসে নব প্রীতি লাভ করে
যে সুখ সাত্বিক জনে বিমুক্তি বিতরে

৩৬

প্রথমে যে সুখ বিষতুল্য মনে হয়
পরিণামে যাহা হয় অমৃত নিশ্চয়
তাহাই সাত্বিক সুখ বুদ্ধি প্রসন্নতা
লাভ হয় যার ফলে জানিও সর্বদা।

৩৭

বিষয়ে ইন্দ্রিয় যোগে যে সুখে প্রথমে
মানবে অমৃতাস্বাদ প্রদানে প্রথমে
পরিণামে বিষতুল্য যাহা মনে হয়
তাহাই রাজস সুখ জানিবে নিশ্চয়।

৩৮

যদগ্রে চানুবন্ধে চ সুখং মোহনমাত্মনঃ।
নিদ্রালস্যপ্রমাদোত্থং তৎ তামসমুদাহৃতম্ ॥ ৩৯

ন তদস্তি পৃথিব্যাং বা দিবি দেবেষু বা পুনঃ।
সত্ত্বং প্রকৃতিজৈর্মুক্তং যদেভিঃ স্যাৎ ত্রিভির্গুণৈঃ ॥ ৪০

ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং শূদ্রাণাঞ্চ পরন্তপ।
কর্ম্মাণি প্রবিভক্তানি স্বভাবপ্রভবৈর্গুণৈঃ ॥ ৪১

সদসৎ বোধ আর বিবেক নাশক
আদি অন্তে বিষময় দুষ্কৃতি কারক
নিদ্রালস্য প্রমাদাদি উদ্ভূত যাহার
তামসিক সুখনাশ জানিবে তাহার।

৩৯

পৃথিবীতে কিম্বা স্বর্গে হেন কিছু নাই
প্রাণী বা অপ্রাণী মধ্যে বুঝিবে তাহাই
ত্রিগুণের সাম্যাবস্থা প্রকৃতি বিমুক্ত
গুণগত বন্ধনের পাশ সুবিমুক্ত।

৪০

ওহে পরন্তপ পার্থ
বুঝিও এ পরমার্থ
যা হতে পরম স্বার্থ জগতের ঘটে
এক দেহে চারি অংশ
স্বস্কন্ধেমানব বংশ
ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র নাম রটে।৪১

শমো দমস্তপঃ শৌচং ক্ষান্তিরার্জবমেব চ ॥
জ্ঞানং বিজ্ঞানমাস্তিক্যং ব্রহ্মকর্ম্ম স্বভাবজম্ ॥ ৪২

স্বাভাবিক গুণযোগে
ত্রিগুণ কর্ম্ম সংযোগে
প্রত্যেকের কর্ম্মভেদ চির স্থিরীকৃত
আন্তর ইন্দ্রিয় জয়
শম পরিচিত রয়
বাহিরের চক্ষু কর্ণ প্রভৃতির জয়,
দম নামে পরিচিত
তপস্যায় বিশ্বহিত
কায় মনোবাক্যে তাহা করণীয় হয়।
অন্ত র্বহি শৌচাচার
ক্ষমা সরলতা আর
শাস্ত্র সিদ্ধ তত্ত্বজ্ঞান ঈশ্বরে বিশ্বাস
স্বভাবত এই কর্ম্ম
ব্রাহ্মণের নিত্য ধর্ম্ম
বিশ্বের পরম কর্ম্ম যাতে অনিবার।৪২

শৌর্যং তেজো ধৃতির্দাক্ষ্যং যুদ্ধে চাপ্যপলায়নম্ ।
দানমীশ্বরভাবশ্চ ক্ষাত্রং কর্ম্ম স্বভাবজম্ ॥ ৪৩

শৌর্য সহকারে ধৈর্য
সাহসিক অনিবার্য
সম্মুখ সমরে প্রাণ ভয়ে পলায়ন
ক্ষত্রিয় স্বভাব নয়
স্বাভাবিক যুদ্ধ জয়
দান প্রবণতা আর স্বধর্ম পালন।
আস্তিকতা সহকারে
ক্ষত্রিয় বিশ্ব সংসারে
নিত্য অনুষ্ঠান করে স্বভাব সঞ্জাত।
কর্ম হয় ক্ষত্রিয়ের
সুকল্যান এ বিশ্বের
চিরস্থির জ্ঞান বীর স্বধর্ম সম্মত। ৪৩

কৃষিগৌরক্ষ্যবাণিজ্যং বৈশ্যকর্ম্ম স্বভাবজম্।
পরিচর্য্যাত্মকং কর্ম্ম শূদ্রস্যাপি স্বভাবজম্॥ ৪৪

কৃষি কার্যে অন্নযোগ
বিশ্ববাসী করে ভোগ
গো রক্ষনে আয়ু বৃদ্ধি জীবের যাহতে
বাণিজ্যে অর্থ সঙ্গতি
ঈশ্বরেতে শুদ্ধমতি
স্বাভাবিক বৈশ্য কর্ম জান ধর্মমতে।
শূদ্র স্বভাবজ কর্ম
রক্ষিত যাহাতে ধর্ম
শাস্ত্র মর্ম পরিজ্ঞাত পণ্ডিতের মতে।
যে কার্য্যে বিশ্বের শান্তি
তাহাতে নাহিক ভ্রান্তি
সর্বজন পরিচর্যা সম্ভব ইহাতে। ৪৪

স্বে স্বে কর্ম্মণ্যভিরতঃ সংসিদ্ধিং লভতে নরঃ।
স্বকর্ম্মনিরতঃ সিদ্ধিং যথা বিন্দতি তচ্ছৃণু॥ ৪৫

যতঃ প্রবৃত্তির্ভূতানাং যেন সর্ব্বমিদং ততম্‌।
স্বকর্ম্মণা তমভ্যর্চ্য সিদ্ধিং বিন্দতি মানবঃ॥ ৪৬

ত্রিগুণ সূক্ষ্ম বিচারে
সৃষ্ট জীব চরাচরে
সৃষ্টিতে বৈরাজ দেহে গুণ পরিচয়
ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য
শূদ্র মৌলিকত্তা বশ্য
এ বিশ্ব ব্রহ্মাণ্ড যাতে নিয়মিত রয় ।

৪৫

যাহা হতে জীবধর্ম
প্রবৃত্তি নিখিল কর্ম
বিশ্ব ব্যাপ্ত নিত্য ধর্ম শর্মের নিদান ।
নিজকর্মে অনুষ্ঠান
করিয়া প্রকৃত জ্ঞান
লভিয়া বিমুক্তি পায় ইহা সপ্রমান ।

৪৬

শ্রেয়ান্ স্বধর্ম্মো বিগুণঃ পরধর্ম্মাৎ স্বনুষ্ঠিতাৎ।
স্বভাবনিয়তং কর্ম্ম কুর্ব্বন্নাপ্নোতি কিল্বিষম্ ॥ ৪৭

সহজং কর্ম্ম কৌন্তেয় সদোষমপি ন ত্যজেৎ।
সর্ব্বারম্ভা হি দোষেণ ধূমেনাগ্নিরিবাবৃতাঃ ॥ ৪৮

অসক্তবুদ্ধিঃ সর্ব্বত্র জিতাত্মা বিগতস্পৃহঃ।
নৈষ্কর্ম্মসিদ্ধিং পরমাং সন্ন্যাসেনাধিগচ্ছতি ॥ ৪৯

মুখ বাহু উরু পাদ সম্ভব মানব
বর্ণাশ্রম অধিকারী কালক্রমে সব
স্বধর্ম নিরত যারা নিত্য অনুষ্ঠানে
বৈগুণ্য থাকেবা যদি যে কোন কারণে
তথাপি নিশ্চয় সিদ্ধি জানিবে অর্জুন
পরধর্ম হতে কিন্তু বুঝ দিয়া মন। ৪৭

জন্মগত সহজাত স্বজাতীয় কর্ম
দোষ মুক্ত মনে হয় না বুঝিয়া মর্ম
তথাপি জানিবে তাহা বর্জ্জণীয় নহে
অগ্নিতে ধুমের ন্যায় কর্মাবৃত রহে।
৪৮

সমস্ত বিষয়ে যেবা আসক্তি বর্জিত
ভোগ স্পৃহা নাহি যার নিয়ত সংযত
কর্ম সংন্যাসের দ্বারা পরমার্থ লাভ
করিতে পারেন তার সর্বত্রই শুভ।৪৯

সিদ্ধিং প্রাপ্তো যথা ব্রহ্ম তথাপ্নোতি নিবোধ মে।
সমাসেনৈব কৌন্তেয় নিষ্ঠা জ্ঞানস্য যা পরা॥ ৫০

বুদ্ধ্যা বিশুদ্ধয়া যুক্তো ধৃত্যাত্মানং নিয়ম্য চ।
শব্দাদীন্ বিষয়াংস্ত্যক্ত্বা রাগদ্বেষৌ ব্যুদস্য চ॥ ৫১

বিবিক্তসেবী লঘ্বাশী যতবাক্‌কায়মানসঃ।
ধ্যানযোগপরো নিত্যং বৈরাগ্যং সমুপাশ্রিতঃ॥ ৫২

সিদ্ধি প্রাপ্ত স্থ সন্ন্যাসী
যে নিষ্ঠা প্রভাবে
ব্রহ্মজ্ঞানে অধিকারী হয়েন যে ভাবে
সংক্ষেপে সে সব তথ্য হও অবগত
জ্ঞান নিষ্ঠা পরাকাষ্ঠা জানিবে সতত।
৫০

বিশুদ্ধ বুদ্ধির যোগে ধৈর্য সহকারে
শরীর ইন্দ্রিয়গণে বশীভুত করি
শব্দাদি বিষয় যেবা পরিহার করে
রাগ দ্বেষ ত্যজি যোগী
জ্ঞানে অধিকারী। ৫১

নির্জনে সাধনাসক্ত স্বল্পাহারী জন
বাক কায় মনোবৃত্তি করি সংযমন
বৈরাগ্য সাধনকারী নিত্য ধ্যান রত
ব্রহ্মজ্ঞানে অধিকারী সদা সত্যব্রত।
৫২

অহঙ্কারং বলং দর্পং কামং ক্রোধং পরিগ্রহম্ ।
বিমুচ্য নির্ম্মমঃ শান্তো ব্রহ্মভূয়ায় কল্পতে ॥ ৫৩

ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি ।
সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাম্ ॥ ৫৪

ভক্ত্যা মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ত্বতঃ ।
ততো মাং তত্ত্বতো জ্ঞাত্বা বিশতে তদনন্তরম্ ॥ ৫৫

অহংকার বল দর্প কাম ক্রোধগণে
ত্যজি সর্ব পরিগ্রহ অতি শুদ্ধ মনে
মমত্ব বন্ধন হীন শান্ত পরিবেশে
ব্রহ্মজ্ঞানে অধিকারী হয় অবশেষে।
৫৩

ব্রহ্মানন্দ অনুভবি প্রসন্ন হৃদয়
সুখ দুঃখে সমজ্ঞানী পরানন্দ ময়
সর্ব ভূতে সমজ্ঞান আমাগত প্রাণ
আমাতে প্রগাঢ় ভাবে হন ভক্তিমান।
৫৪

বিজ্ঞান লক্ষণ ভক্তি সহকারে যিনি
সর্বোপাধি শূণ্য আমি শাস্ত্র ধর্ম মানি
আমার স্বরূপজ্ঞান ঘটে যেই ক্ষণে
তদ্ভাবে সচ্চিদানন্দ পূর্ণ ব্রহ্মজ্ঞানে।৫৫

সর্ব্বকর্ম্মাণ্যপি সদা কুর্ব্বাণো মদ্ব্যপাশ্রয়ঃ।
মৎপ্রসাদাদবাপ্নোতি শাশ্বতং পদমব্যয়ম্ ॥ ৫৬

চেতসা সর্ব্বকর্ম্মাণি ময়ি সংন্যস্য মৎপরঃ।
বুদ্ধিযোগমুপাশ্রিত্য মচ্চিত্তঃ সততং ভব ॥ ৫৭

মচ্চিত্তঃ সর্ব্বদুর্গাণি মৎপ্রসাদাৎ তরিষ্যসি।
অথ চেৎ ত্বমহঙ্কারান্ন শ্রোষ্যসি বিনঙ্ক্ষ্যসি ॥ ৫৮

আমার শরণাগত ভক্ত মহাজন
আমার প্রসাদে পদ লভে সনাতন
সর্ব কর্ম অনুষ্ঠানে নাহি টলে মতি
কর্ম ফল হতে তাঁর ঘটে অব্যাহতি।

৫৬

বিবেক বুদ্ধির যোগে
বর্জিয়া বিষয় ভোগে
সর্ব কর্ম কর ন্যাস আমাতে অর্জুন
আমাতে অর্পিয়া মন অনন্য শরণ
আমাগত একচিত্ত হও অনুক্ষণ। ৫৭

মদ্‌গত চিত্ত যদি হও ধনঞ্জয়
নিখিল দুর্গতি পার হইবে নিশ্চয়
দাম্ভিকতা বশে যদি এ কথা না শোন
বিনাশ নিশ্চিত সত্য ইহা খাঁটি জেন।

৫৮

যদহঙ্কারমাশ্রিত্য ন যোৎস্য ইতি মন্যসে।
মিথ্যৈষ ব্যবসায়স্তে প্রকৃতিস্ত্বাং নিযোক্ষ্যতি ॥ ৫৯

স্বভাবজেন কৌন্তেয় নিবদ্ধঃ স্বেন কর্ম্মণা।
কর্ত্তুং নেচ্ছসি যন্মোহাৎ করিষ্যস্যবশোঽপি তৎ ॥ ৬০

ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হৃদ্দেশেঽর্জ্জুন তিষ্ঠতি।
ভ্রাময়ন্ সর্ব্বভূতানি যন্ত্রারূঢ়ানি মায়য়া ॥ ৬১

যেই অহঙ্কার বশে যুদ্ধ না করিব
বলিতেছ মুখে ইহা ব্যর্থ হবে সব।
এ নিশ্চয় রক্ষা তব হবে অসম্ভব
ক্ষত্রিয় প্রকৃতি তব করাবে এ সব।
৫৯

যে কার্য করিতে ইচ্ছা না কর অর্জুন
মোহ বশে না বুঝিয়া লওগো জানিয়া
স্বভাবতা কর্মবশে তদুচিত গুণ
করাবে তোমার দ্বারা অবশ করিয়া।
৬০

সর্ব ভুত হৃদি ক্ষেত্রে পরম ঈশ্বর
হে অর্জুন বিরাজিত আছেন সর্বদা
সর্বজীবে যন্ত্রারূঢ় করি নিরন্তর
ঘুরান মোহিত করি দেহবানে সদা।
৬১

তমেব শরণং গচ্ছ সর্ব্বভাবেন ভারত।
তৎপ্রসাদাৎ পরাং শান্তিং স্থানং প্রাপ্স্যসি
শাশ্বতম্ ॥৬২

ইতি তে জ্ঞানমাখ্যাতং গুহ্যাদ্ গুহ্যতরং ময়া।
বিমৃশ্যৈতদশেষেণ যথেচ্ছসি তথা কুরু ॥ ৬৩

সর্ব্বগুহ্যতমং ভূয়ঃ শৃণু মে পরমং বচঃ।
ইষ্টোঽসি মে দৃঢ়মিতি ততো বক্ষ্যামি তে হিতম্ ॥৬৪

তাহার শরণাগত সর্বভাবে হও
ঈশ্বরেচ্ছা বিরোধিতে তুমি শক্ত নও
তাঁর কৃপালাভে শান্তি লভিবে নিশ্চয়
শান্তিময় নিত্যধাম যাহে স্থির রয়।

৬২

গুপ্ত হতে গুপ্ততম সার তত্ত্ব জ্ঞান
বলিনু তোমাকে পার্থ তুমি বুদ্ধিমান
সবিশেষ বিবেচনা করি বন্ধুবর
যাহা ইচ্ছা কর তাহা বলিনু বিস্তর।

৬৩

সর্বাপেক্ষা গুহ্যতম এ বাক্য আমার
করহ শ্রবণ পার্থ সর্ব শাস্ত্র সার
অতি প্রিয় ইষ্টজন হিত কামনায়
এই সার তত্ত্বকথা বলিনু আবার। ৬৪

মন্মনা ভব মদ্ভক্তো মদ্‌যাজী মাং নমস্কুরু।
মামেবৈষ্যসি সত্যং তে প্রতিজানে প্রিয়োঽসি মে ॥ ৬৫

সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ ॥ ৬৬

ইদন্তে নাতপস্কায় নাভক্তায় কদাচন।
ন চাশুশ্রূষবে বাচ্যং ন চ মাং যোঽভ্যসূয়তি ॥ ৬৭

পরমাত্মা আমি পার্থ এই তত্ত্বজ্ঞানে
আমাগত চিত্ত হয়ে আমার ভজনে
চিত্ত সমর্পিয়া যাগ যজ্ঞ আরাধনে
হও রত সু প্রণত স্থিত আত্মজ্ঞানে
প্রতিজ্ঞা করিনু পার্থ তুমি প্রিয় মম
আমাকে লভিবে সত্য সুসিদ্ধান্ত মম।
৬৫

সর্ব ধর্ম মতবাদ করি পরিহার
একমাত্র আমাকেই করহ আশ্রয়
সর্ব পাপ মুক্তি দিয়ে মুক্তি অধিকার
প্রদানিব তোমা
শোক করোনা নিশ্চয়। ৬৬

এ পরম ধর্ম তথ্য
আমার বর্ণিত সত্য
বলিওনা যেই জন ধর্ম জ্ঞান হীন।
অনুষ্ঠানে শ্রদ্ধাহীন

য ইদং পরমং গুহ্যং মদ্ভক্তেষ্বভিধাস্যতি।
ভক্তিং ময়ি পরাং কৃত্বা মামেবৈষ্যত্যসংশয়ঃ ॥ ৬৮

ন চ তস্মান্মনুষ্যেষু কশ্চিন্মে প্রিয়কৃত্তমঃ।
ভবিতা ন চ মে তস্মাদন্যঃ প্রিয়তরো ভুবি ॥ ৬৯

ভক্তিহীন অতিদীন
শ্রবনেচ্ছা বিবর্জিত অসূয়া প্রবীন।

৬৭

এ গীতা শাস্ত্রার্থ তত্ত্ব
যাঁহারা আমার ভক্ত
তাঁদের নিকটে যিনি করেন প্রকাশ
নিঃসংশয়ে লভি শক্তি
আমাতে হইবে ভক্তি
ঘটিবে পরমা মুক্তি রাখ এ বিশ্বাস।

৬৮

এ মনুষ্য কুলে মম
তাহা হতে প্রিয়তম
নাই, ইহা সত্য বলি জানিবে নিশ্চয়।
ইহাতে সন্দেহ নাই
পুনঃ পুনঃ বলি তাই
ভক্তি বিনা নাই মুক্তি ইহা নিঃসংশয়।

৬৯

অধ্যেষ্যতে চ য ইমং ধর্ম্ম্যং সংবাদমাবয়োঃ।
জ্ঞানযজ্ঞেন তেনাহমিষ্টঃ স্যামিতি মে মতিঃ॥ ৭০

শ্রদ্ধাবাননসূয়শ্চ শৃণুয়াদপি যো নরঃ।
সোঽপি মুক্তঃ শুভাল্লোঁকান্ প্রাপ্নুয়াৎ
পুণ্যকর্ম্মণাম্ ॥ ৭১

শুদ্ধ মনে শুদ্ধচিতে আমরা দুজনে
যে সংবাদ আলোচনা করিনু এক্ষনে
এ ধর্ম সন্মত মোক্ষ যোগান্ত সংগ্রহ
অধ্যয়ন করে যেবা ত্যাজি দুরাগ্রহ
সেই মাত্র জ্ঞান যোগে আত্মরূপী আমি
ইষ্ট অনুকুল নিত্য হই অন্তর্যামী। ৭০

এ বড় আশার বাণী
পুর্ণ ব্রহ্মোদ্ভব মানি
সংসারে আকুল প্রাণী শুনি কুল পায়
বলিলেন ভগবান
যাতে ব্রহ্মাণ্ড কল্যাণ
কৃষ্ণার্জুন সম্বাদেতে মুক্তিপ্রদ জ্ঞান।
যোগের যথার্থ তত্ত্ব
শ্রবণ করে যে সত্য
উপযুক্ত পাত্র মুখে পায় পুণ্য স্থান।
অনুজ্ঞের অধ্যয়ন বিনা শ্রবণ মনন
পুণ্যাত্মার লভ্যস্থান মুক্ত অভিযান।
সার্থক হইবে সত্য

কচ্চিদেতৎ শ্রুতং পার্থ ত্বয়ৈকাগ্রেণ চেতসা ।
কচ্চিদজ্ঞানসম্মোহঃ প্রনষ্টস্তে ধনঞ্জয় ॥ ৭২

ইহাই যথার্থ তথ্য
পুনঃ পুনঃ স্মরণীয় বিমুক্তি প্রমাণ। ৭১

আচার্যের ধর্ম ইহা
উপদেশ দিনু যাহা
শিষ্য বুঝিল কি তাহা জিজ্ঞাসিয়া জানা
সে ধর্ম অনুস্মরণে
গুরু জিজ্ঞাসেন অর্জুনে
'কচ্চিদেতশ্রুতং পার্থ' করিতে ধারণা।
'শাধি মাং' বলিয়া ভক্ত
হইয়াছ অনুরক্ত
আত্ম যোগাবলম্বনে বলিনু যে কথা
শুনিয়াছ কি একাগ্র
চিত্ত যুক্ত হয়ে ব্যগ্র
বিশ্বরূপ দর্শনেও আছে কি সন্দেহ।
না বুঝিলে সত্য বল
শিষ্য জ্ঞানার্থী সকল
আবার বুঝাব আমি ঘুচাব সন্দেহ।৭২

অর্জ্জুন উবাচ—

নষ্টো মোহঃ স্মৃতির্লব্ধা ত্বৎপ্রসাদান্ময়াচ্যুত ।
স্থিতোঽস্মি গতসন্দেহঃ করিষ্যে বচনং তব ॥ ৭৩

সঞ্জয় উবাচ

ইত্যহং বাসুদেবস্য পার্থস্য চ মহাত্মনঃ ।
সংবাদমিমমশ্রৌষমদ্ভুতং রোমহর্ষণম্ ॥ ৭৪

কৃতার্থতা অনুস্মরি হরিরে কহিলা হরি
হরি হরি পদস্মরি আনন্দ মগন
সর্ব মোহ নষ্ট মম এ করুণা অনুপম
জন্মান্তর ধ্রুবাস্মৃতি মায়া পরিহরি,
জন্মিয়াছে কৃপাময়
আর কোন নাহি ভয়
তোমার আদেশ কার্যে পরিণত করি।
দিও স্থান চরণান্তে
প্রার্থনা ও প্রদ প্রান্তে
অভ্রান্ত সিদ্ধান্ত যেন ভ্রম
নাহি করি। ৭৩

গীতারম্ভে ধৃতরাষ্ট্র প্রশ্নোত্তর দানে
জ্ঞান নেত্র সঞ্জয়ের সমাপ্তি বচনে
প্রকাশিত মহাসত্য
পার্থ কৃষ্ণবাদ তথ্য
সঞ্জয় কহেন দেব প্রত্যক্ষত শ্রুত
এই রোম-হর্ষপ্রদ কহিনু অদ্ভুত। ৭৪

ব্যাসপ্রসাদাৎ শ্রুতবানিমং গুহ্যমহং পরম্ ।
যোগং যোগেশ্বরাৎ কৃষ্ণাৎ সাক্ষাৎ কথয়তঃ স্বয়ম্ ॥৭৫

রাজন্ সংস্মৃত্য সংস্মৃত্য সংবাদমিমমদ্ভুতম্ ।
কেশবার্জ্জুনয়োঃ পুণ্যং হৃষ্যামি চ মুহুর্মুহুঃ ॥ ৭৬

তচ্চ সংস্মৃত্য সংস্মৃত্য রূপমত্যদ্ভুতং হরেঃ ।
বিস্ময়ো মে মহান্ রাজন্
হৃষ্যামি চ পুনঃ পুনঃ ॥ ৭৭

বেদব্যাস অনুগ্রহে
শুনিলাম যে আগ্রহে
এ তত্ত্ব পরম গুহ্য নিজকৃষ্ণ মুখে
জ্ঞান দৃষ্টি-প্রদ হরি
নিয়ত শ্রীপদ স্মরি
এই ভগবদ্ বাণী আত্যন্তিক সুখে।
৭৫

স্মরি পুণঃ পুণঃ ভূপ শ্রীহরির মহারূপ
অত্যদ্ভুত যাহা ভবে বিমুক্তি স্বরূপ।
শ্রীকেশব ও অর্জুনের অদ্ভুত সংবাদ
স্মরি অপগত মম নিখিল বিষাদ। ৭৬

হৃষ্ট তাই পুণঃ পুনঃ করি নিবেদন
মহারাজ তুষ্ট মনে করুন শ্রবণ।
মহারাজ ধৃতরাষ্ট্র চিন্তনীয় তব রাষ্ট্র
অধর্মের পক্ষপাতে সার্থপ্রদ নয়। ৭৭

যত্র যোগেশ্বরঃ কৃষ্ণো যত্র পার্থো ধনুর্দ্ধরঃ।
তত্র শ্রীর্বিজয়ো ভূতির্ধ্রুবা নীতির্মতির্মম ॥ ৭৮

যেথা কৃষ্ণ যোগেশ্বর
যেথা পার্থ ধনুর্ধর
অভ্যুদয় শ্রীবিজয় সেথায় নিশ্চয়।
ইহা মম সুনিশ্চিত হে রাজন অভিমত
অব্যভিচারিণী নীতি করি নিবেদন।
অষ্টাদশাধ্যায়ী গীতা
কৃষ্ণ মুখ বিনিঃসৃতা
এখানেই সুসমাপ্তা হোক ব্রহ্মার্পণ ॥৭৮

ইতি শ্রীমহাভারতে শত সাহস্র্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং ভীষ্ম পর্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূ—
পনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদে মোক্ষযোগো নাম
অষ্টাদশোঽধ্যায়ঃ ॥
ইতি শ্রীমদ্ভগবদ্গীতা সমাপ্তা ।

ওঁ তৎ সৎ

আনন্দময়ী স্বরূপা
গীতা জ্ঞান ব্রহ্মরূপা
ভুক্তি মুক্তি বিধায়িনী
বিদিত ভুবনে।
অষ্টাদশ গীতা সার
মুক্তাচয়ে গাঁথি হার
পরাব শ্রীহরি কণ্ঠে
বাসনা প্রাণের।
হইবে সার্থক কভু
স্বপ্নেও ভাবিনি প্রভু
ব্রহ্মার্পণমস্তু শেষ
বাসনা দীনের॥

ওঁ তৎসৎ

শ্রীশ্রীগীতামাহাত্ম্যম্

ওঁ নমো ভগবতে বাসুদেবায়

ধরোবাচ

ভগবন্ পরমেশান ভক্তিরব্যভিচারিণী।
প্রারব্ধং ভুজ্যমানস্য কথং ভবতি হে প্রভো॥ ১

ওঁ নমো ভগবতে বাসুদেবায়

কহিলেন ধরা দেবী
কেমনে তোমারে সেবি
প্রারব্ধের ভোগকারী বিশ্বজনগণ,
হে বিষ্ণো পরমেশ্বর
কহ দেব বিশ্বম্ভর
কেমনে লভিবে ভক্তি সেবি শ্রীচরণ।
কহ দেব কৃপা করে
কিবা আচরণ করে
অব্যভিচারিণী ভক্তি লভি মুক্ত হন। ১

শ্রীবিষ্ণুরুবাচ

প্রারব্ধং ভুজ্যমানো হি গীতাভ্যাসরতঃ সদা।
স মুক্তঃ স সুখী লোকে কর্মণা নোপলিপ্যতে॥ ২

মহাপাপাতিপাপানি গীতাধ্যানং করোতি চেৎ।
কচিৎ স্পর্শং ন কুর্বন্তি নলিনীদলমম্বুবৎ॥ ৩

শ্রীবিষ্ণু কহেন পার্থে
না হইয়া অন্ধ স্বার্থে
প্রারব্ধের ভোগকারী গীতাভ্যাসী জন,
মায়া মুক্ত শ্রেষ্ঠ সুখী
সংসার সুখ বিমুখী
কোন কালে পুণ্যফলে কর্মলিপ্ত নন।
কমলিনী দলগত
জলের স্বভাব মত
ইহ পরকালে মহা সুখী সেই জন। ২

মহাপাপ অতিপাপ
করি এলে অনুতাপ
একমাত্র গীতাধ্যানে সব যায় দূরে—
পদ্ম পত্র গত জল
সম স্পর্শে না কেবল
কোন অংশে পাপরাশি
গীতা স্মৃতি ভরে। ৩

গীতায়াঃ পুস্তকং যত্র যত্র পাঠঃ প্রবর্ত্ততে।
তত্র সর্বাণি তীর্থানি প্রয়াগাদীনি তত্র বৈ ॥ ৪

সর্বে দেবাশ্চ ঋষয়ো যোগিনঃ পন্নগাশ্চ যে।
গোপালা গোপিকা বাপি নারদোদ্ধবপার্ষদৈঃ।
সহায়ো জায়তে শীঘ্রং যত্র গীতা প্রবর্ত্ততে ॥ ৫

যত্র গীতাবিচারশ্চ পঠনং পাঠনং শ্রুতম্।
তত্রাহং নিশ্চিতং পৃথ্বি নিবসামি সদৈব হি ॥ ৬

গীতার পুস্তক যেথা
হয় পাঠ নিত্য সেথা
প্রয়াগাদি তীর্থরাজি আবির্ভূত হয়।
সর্বতীর্থ সমাগম
একথা আগমনিগম
করেন ঘোষণা সত্য কিছু মিথ্যা নয়। ৪

নিখিল দেবতাগণে
পন্নগ ও যোগী জনে
নারদ উদ্ধব আর পার্ষদ সহিতে,
সকলে সহায় হয়
একথা ত সুনিশ্চয়
গীতাশ্রয়ে সর্ব পাপ মুক্তি শাস্ত্র মতে। ৫

শ্রীশ্রীগীতা বিচারনা
শ্রীগীতা সুপ্রচারণা
পঠন পাঠন আর শ্রবন মনন,
যেথায় নিয়ত হয়

গীতাশ্রয়েঽহং তিষ্ঠামি গীতা মে চোত্তমং গৃহম্ ।
গীতাজ্ঞানমুপাশ্রিত্য ত্রীন্ লোকান্ পালয়াম্যহম্ ॥ ৭

গীতা মে পরমা বিদ্যা ব্রহ্মরূপা ন সংশয়ঃ ।
অর্ধমাত্রাক্ষরা নিত্যা সাঽনির্বাচ্যপদাত্মিকা ॥ ৮

চিদানন্দেন কৃষ্ণেন প্রোক্তা স্বমুখতোঽর্জুনম্ ।
বেদত্রয়ী পরানন্দা তত্ত্বার্থজ্ঞানসংযুতা ॥ ৯

এটা সত্য সুনিশ্চয়
আমি পৃথ্বি নিত্য বাস করি
স্থির জেন। ৬

গীতাজ্ঞান সমাশ্রয়ে ত্রিলোক পালন
করি আমি গীতা মোর উত্তম ভবন
গীতাবলম্বনে মম অবস্থান সদা
গীতাই পরম রত্ন জানিবে সর্বদা। ৭

গীতা মোর পরাবিদ্যা অর্ধমাত্রাক্ষরা
অনির্বাচ্য পদাত্মিকা গীতাজ্ঞানই পরা।
ইহাতে সংশয় নাই
অতি সত্য জেন তাই
নিখিল শাস্ত্রের সার গীতা গ্রন্থে ভরা
চিদানন্দময়ী গীতা কৃষ্ণ প্রীতি পরা।৮

পরাৎপর ব্রহ্মরূপী কৃষ্ণ মুখ হতে
বেদত্রয়ী রূপাগীতা যোগ যুক্তি মতে
অতি গূঢ় তত্ত্ব সমন্বিতাগীতা সার
অর্পিলা শ্রীভগবান করিয়া বিচার। ৯

যোঽষ্টাদশ জপেন্নিত্যং নরো নিশ্চলমানসঃ।
জ্ঞানসিদ্ধিং স লভতে ততো যাতি পরং পদম্ । ১০

পাঠেঽসমর্থঃ সম্পূর্ণে ততোঽর্ধং পাঠমাচরেৎ।
তদা গোদানজং পুণ্যং লভতে নাত্র সংশয়ঃ॥ ১১

ত্রিভাগং পঠমানস্তু গঙ্গাস্নানফলং লভেৎ।
ষড়ংশং জপমানস্তু সোমযাগফলং লভেৎ । ১২

সুনিবিষ্ট চিত্তে যেবা অষ্টাদশাধ্যায়ী
গীতা গ্রন্থ নিত্য পাঠ করে কৃষ্ণাশ্রয়ী।
সুনিশ্চল মনোবল
সমন্বিত অবিকল
ব্রাহ্মীস্থিতি লাভ তার গীতা জ্ঞানময়ী
'ন স পুণরাবর্ততে' সর্বত্র বিজয়ী। ১০

সম্পূর্ণ পাঠে সমর্থ
না হইলে বুঝি অর্থ
অর্ধাংশ করিলে পাঠ গোদানের ফল।
নিঃসংশয়ে লাভ হয়
এ কথা অসত্য নয়
পাঠে অধিকারী সত্য নিতান্ত বিরল। ১১

গীতার ত্রিভাগ যেবা নিত্য পাঠ করে
গঙ্গাস্নান ফল লাভ অবশ্যই করে
ষড়ংশ গীতার জপ যেই জন করে
সৌম্য যাগ ফল নিত্য
লভে সেই নরে। ১২

একাধ্যায়ন্তু যো নিত্যং পঠতে ভক্তিসংযুতঃ।
রুদ্রলোকমবাপ্নোতি গণো ভূত্বা বসেচ্চিরম্॥ ১৩

অধ্যায়মেকপাদং বা নিত্যং যঃ পঠতে নরঃ।
স যাতি নরতাং যাবন্মন্বন্তরং বসুন্ধরে॥ ১৪

গীতায়াঃ শ্লোকদশকং সপ্ত পঞ্চ চতুষ্টয়ম্।
দ্বৌ ত্রীনেকং তদর্ধং বা শ্লোকানাং যঃ পঠেন্নরঃ। ১৫

চন্দ্রলোকমবাপ্নোতি বর্ষাণামযুতং ধ্রুবম্।
গীতাপাঠসমাযুক্তো মৃতো মানুষতাং ব্রজেৎ॥ ১৬

প্রতিদিন মাত্র এক অধ্যায় পঠন
ভক্তিযুত চিত্ত লয়ে করে যেই জন
রুদ্রলোকে বাসে তার অধিকার হয়
শিবানুরের মধ্যে তার পরিচয়। ১৩

চতুর্থাংশ অধ্যায়ের কিম্বা পাঠকার
মন্বন্তর কাল নরত্বের অধিকারী।
অয়ি বসুন্ধরে, ইহা জানিবে সুস্থির
গীতার অপূর্ব শক্তি জানে সর্ব ধীর।
১৪

দশ কিম্বা সপ্ত পঞ্চ করিলে পঠন
অথবা তিন
কিম্বা দুই এক করি অধ্যয়ন
অর্দ্ধশ্লোক পাঠকারী লভিবে নিশ্চয়
চন্দ্রলোক এই কথা আর্যশাস্ত্র কয়।
অযুত বর্ষের তরে গীতাধ্যায়ী জন
প্রকৃত মানব রূপে পরিচিত হন।
১৫।১৬

গীতাভ্যাসং পুনঃ কৃত্বা লভতে মুক্তিমুত্তমাম্ ।
গীতেত্যুচ্চারসংযুক্তো ম্রিয়মাণো গতিং লভেৎ ॥ ১৭

গীতার্থশ্রবণাসক্তো মহাপাপযুতোঽপি বা ।
বৈকুণ্ঠং সমবাপ্নোতি বিষ্ণুনা সহ মোদতে ॥ ১৮

গীতার্থং ধ্যায়তে নিত্যং কৃত্বা কর্ম্মাণি ভূরিশঃ ।
জীবন্মুক্তঃ স বিজ্ঞেয়ো দেহান্তে পরমং পদম্ ॥ ১৯

উত্তম বিমুক্তি লাভ
গীতাভ্যাসের এ প্রভাব
পুণঃ পুণঃ গীতাধ্যায়ী করিবে নিশ্চয় ।
গীতা বাক্য উচ্চারণে
পরমাগতি মরণে
নিঃসন্দেহে এ বিশ্বাসে মুক্তি করে রয় ।
১৭

গীতার প্রকৃত অর্থ
শ্রবণ পরম স্বার্থ
হেন জ্ঞান উপচিত যেই নরে হয়
মহাপাপী যদি হয়
নাহি থাকে কোন ভয়
বিষ্ণু সহ প্রমোদিত বৈকুণ্ঠ আলয় । ১৮

বহু কর্ম অনুষ্ঠান
করি করে গাতাধ্যান
সে কিন্তু জীবন্মুক্ত নিশ্চয় জানিবে ।
দেহান্তে পরম স্থান

গীতামাশ্রিত্য বহবো ভূভুজো জনকাদয়ঃ।
নির্ধূতকল্মষা লোকে গীতা যাতাঃ পরং পদম্ ॥ ২০

গীতায়াঃ পঠনং কৃত্বা মাহাত্ম্যং নৈব যঃ পঠেৎ।
বৃথা পাঠো ভবেৎ তস্য শ্রম এব হ্যুদাহৃতঃ ॥ ২১

এতন্মাহাত্ম্যসংযুক্তং গীতাভ্যাসং করোতি যঃ।
স তৎ ফলমবাপ্নোতি দুর্লভাং গতিমাপ্নুয়াৎ ॥ ২২

লাভ হয় দিব্যজ্ঞান
ইহা নিত্য স্থির সত্য
শ্রীগীতা প্রভাবে। ১৯

রাজর্ষি জনক আদি
বহু রাজা নিরবধি
গীতাশ্রিত হয়ে হন মহাপুণ্যবান।
সর্বপাপ পরিহরি
অন্তরে স্মরি শ্রীহরি
তদ্বিষ্ণোঃ পরম্ং পদং
অন্তকালে পান। ২০

গীতাপাঠ করি যেবা মাহাত্ম্য না পড়ে
বৃথা পাঠে ব্যর্থ শ্রম বহু আড়ম্বরে।২১

শ্রীকৃষ্ণ ধরণীগত সংবাদ ক্রমেতে
গীতাভ্যাসে শুভ ফল
সদ্ গতি অন্তেতে। ২২

স্থত উবাচ

মাহাত্ম্যমেতদ্ গীতায়া ময়া প্রোক্তং সনাতনম্ ।
গীতান্তে চ পঠেদ্ যস্তু তদুক্তং তৎ ফলং লভেৎ ।। ২৩

ইতি শ্রীশ্রীগীতামাহাত্ম্যং সমাপ্তম্

কহিলেন শ্রীশ্রীসূত
গীতার মাহাত্ম্যপূত
পূর্বে বলিয়াছি আমি পুরাতনী কথা।
গীতা পাঠ করি শেষে
এ মাহাত্ম্য পরিশেষে
শাস্ত্রোক্ত পাঠের ফল লভে যথা তথা।
ধরা বিষ্ণু সম্বাদোক্ত
গতার মাহাত্ম্যতত্ত্ব
সু সমাপ্ত ব্রহ্মার্পণমস্তু নিরন্তর
পদ্য অনুবাদ যোগে
বাঞ্ছা শ্রীচরণ যোগে
ভবাম্বুধি পারে যেতে কাঁদে যে অন্তর।
হে অনন্ত দয়া সিন্ধো
কর পার দীনবন্ধো
অন্ধকার করি নাশ ওহে দামোদর।
বিষ্ণু পাদোদ্ভবা গঙ্গা

মুক্তি যাহে মণিসঙ্গা
চির অনুকূল হও দাসে দামোদর। ২৩
ব্যোম ঋষি শ্রীচন্দ্র মানে
সন্ বঙ্গাব্দ প্রমাণে
মেষগ ভাস্করে বেদ অক্ষিমিত দিনে
ভারতের অন্তর্গত পদ্যানুবাদে সমাপ্ত
দ্বিজকৃতপূর্ণব্রহ্মে হইল অর্পিত।
নিখিল মানবচিত্ত পূর্ণানন্দে হোক যুক্ত
নিতান্ত দীনের আশা
বিশ্বপ্রেম ভালবাসা
পরব্রহ্মে হোক লীন সুপরিসমাপ্ত।

ওঁ তৎ সৎ